ওঁ নমঃ পরমদেবতায়ৈ

# শ্রীশ্রীচণ্ডী

( মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়ন-প্রণীত-
মার্কণ্ডেয়পুরাণান্তর্গতা )

পণ্ডিতপ্রবর—
**শ্রীমৎ কৃষ্ণচন্দ্র স্মৃতিতীর্থ-**
কৃতয়া সুপ্রভাখ্যয়া টীকয়া তদনুরূপ-
বঙ্গানুবাদেন চ সমেতা

ষষ্ঠ সংস্করণ

১৩৪৭, আশ্বিন

মূল্য ১৲ এক টাকা

প্রকাশক—
শ্রীমনোজ ভট্টাচার্য্য
৩৮ নং হরমোহন ঘোষ লেন, কলিকাতা

প্রাপ্তিস্থান—
হরিহর লাইব্রেরী
২৯, কর্ণওয়ালিস ষ্ট্রীট্, কলিকাতা

ভাগবত প্রেস
প্রিণ্টার—শ্রীপরমেশ্বর কর
৩৪ নং হরমোহন ঘোষ লেন, কলিকাতা

# ভূমিকা

প্রায় দশ বৎসর পূর্ব্বে শ্রীশ্রীদেবীমাহাত্ম্য চণ্ডীর একটি সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশ করিবার একান্ত স্পৃহা প্রণোদিত হওয়ায় প্রথমে মূল, তৎপরে অন্বয়, তৎপরে গোপালচক্রবর্ত্তীর টীকা এবং সর্ব্বশেষে অনুবাদ দিয়া উহা মুদ্রিত করিতে আরম্ভ করি। প্রায় ৫ ফর্ম্মা মুদ্রিত হইলে দেবী ও মহাসুরের মহাসমরের পর্য্যালোচনা করিতে করিতে ইউরোপীয় মহাসমর উপস্থিত হয়। এইভাবে এত দীর্ঘকাল সমর চলিতেছিল যে, তখন মনে হইয়াছিল—"পঞ্চ বর্ষসহস্রাণি বাহুপ্রহরণো বিভুঃ" অর্থাৎ বাহুযুদ্ধেই পাঁচ হাজার বৎসর অতিক্রামিত হইয়াছিল। তাদৃশ যুদ্ধে দেশ বেশ ব্যতিব্যস্ত হইতে লাগিল এবং ক্রমশঃ কাগজ ও মুদ্রাযন্ত্রাদি দুর্ম্মূল্য ও দুষ্প্রাপ্য হইতে লাগিল; বাধ্য হইয়া আমাদের এ কার্য্যও বন্ধ রহিল; তাহার ফলে বহু পরিশ্রম ও অর্থব্যয় বিফলে চলিয়া গেল। পরে নানারূপ চেষ্টার ফলে মুদ্রাযন্ত্রের অনেকটা সুবিধা করিয়া লইলাম, ইতোমধ্যে ঐরূপ চণ্ডী দুই একখানি বাহির হইল, এইজন্য পূর্ব্বমুদ্রিত চণ্ডীর শৈলী পরিত্যাগ করিলাম এবং মনে মনে চিন্তা করিলাম যে, প্রাচীন সংস্কৃত টীকায় ব্যাকরণের বিচার ও অন্যান্য প্রাপঙ্কিক বহু বিষয় সন্নিবিষ্ট আছে; বর্ত্তমান যুগের ক্ষীণশক্তি লোকের তাদৃশ বিচার-বহুল টীকাদি পাঠে অনেকেরই অধিকার ও অবসর নাই; যাহা প্রকৃত বস্তু, তাহার কথঞ্চিৎ উপলব্ধি করিতে পারিলেই যথেষ্ট, এইজন্য গোপালচক্রবর্ত্তী ও অন্যান্য

বহু প্রাচীন টীকাকারগণের ব্যাখ্যার সার সঙ্কলন করিয়া "সুপ্রভা" নামে একটি তাৎপর্য্য প্রতিশব্দযুক্ত টীকা রচনা করিয়া চণ্ডীর এই অভিনব সংস্করণ প্রকাশ করিলাম। আশা করি, বিদ্বন্মণ্ডলী ইহাতে তৃপ্ত হইবেন। সংস্কৃতভাষায় যাঁহাদের তাদৃশ অধিকার নাই, তাঁহারা যাহাতে টীকার সমস্ত বিষয় অবগত, হইতে পারেন সেইজন্য ঠিক টীকানুযায়ী একটি অনুবাদ দেওয়া হইয়াছে, তদ্ভিন্ন ঋগ্বেদোক্ত দেবীসূক্ত, দেবীসূক্তের সায়ণভাষ্য ও তাহার অনুবাদ এবং অর্গল, কীলক ও দেবীকবচ অনুবাদের সহিত সন্নিবিষ্ট হইল। আমরা বহু প্রাচীন ও নবীন পুস্তক অনুসন্ধান করিয়া ইহাতে কতকগুলি অতিরিক্ত বিষয় সন্নিবিষ্ট করিলাম। চণ্ডী পুরশ্চরণ, রাত্রিসূক্ত, শাপোদ্ধার, উৎকীলন, সপ্তশতীন্যাস, রহস্য-ত্রয়, কাত্যায়নীতন্ত্র-সম্মত পুটিত চণ্ডীপাঠের প্রয়োগ ও সঙ্কল্পাদি এ গ্রন্থে সন্নিবেশিত হইল। এত বিষয় সন্নিবেশ সংযুক্ত চণ্ডী ইতঃপূর্ব্বে আর মুদ্রিত হয় নাই বলিয়াই আমাদের ধারণা। সংস্কৃতভাষায় যাঁহারা তাদৃশ অধিকারী নহেন, তাঁহারা যাহাতে ক্ষুণ্ণ না হন, সেইজন্য প্রত্যেক বিষয়ের বঙ্গানুবাদ দেওয়া হইয়াছে। বিশেষতঃ ইহার পাদটীকায় (ফুট্‌নোটে) বহু নূতন বিষয়ের সন্নিবেশ হইয়াছে; এ বিষয়ে যাঁহারা অনুসন্ধিৎসু, তাঁহারা ইহার সাহায্যে বহু উপকার বোধ করিবেন। ইহাতে রহস্য প্রকরণের যে সমস্ত বিষয়ের সন্নিবেশ হইয়াছে, তাহা অনেকের পক্ষে বেশ নূতন হইবে বলিয়াই মনে হয়।

শ্রীশ্রীমার্কণ্ডেয় পুরাণান্তর্গত দেবীমাহাত্ম্য চণ্ডী সম্পাদন অতি কঠিন

কাজ, বিশেষ ভক্তিমান্ না হইলে ইহা সম্পাদন করা সুকঠিন, মাদৃশ বিদ্যা বুদ্ধি ও ভক্তিহীন ব্যক্তির পক্ষে ইহা অতীব দুঃসাধ্য; তবে অপরাধ ভঞ্জন প্রার্থনার মধ্যে একটি শ্লোক আছে—

মাত্রাপদশ্লোক-বিসর্গবিন্দুন্যূনাধিকা যে মম পাঠদোষাঃ।
অন্যেঽপি দোষাস্তব দেবি সহ্যা, যতোঽহমজ্ঞো জনিতস্ত্বয়ৈব" ॥

অর্থাৎ হে মাতঃ! আমার সমস্ত পাঠদোষ তুমি ক্ষমা করিবে, কারণ আমার মত অজ্ঞ ব্যক্তিরও তুমিই উৎপাদিকা। তদনুসারে আমিও এই বলিয়া অন্তরে শান্তিস্থাপন করিব যে, আমার ন্যায় অজ্ঞ ব্যক্তির অন্তরে অন্তর্য্যামিণী দেবী যে ভাবে যাহা স্ফুরণ করাইয়াছেন, আমা কর্ত্তৃক তাহাই স্ফুরিত হইয়াছে। ইতি

৩৮ নং হরমোহন ঘোষ লেন,
সংস্কৃত বিদ্যালয়, কলিকাতা
২৬শে ভাদ্র, ১৩৩৫

শ্রীকৃষ্ণচন্দ্র দেবশর্ম্মা

## ষষ্ঠ সংস্করণের বিজ্ঞাপন

পঞ্চম সংস্করণের পুস্তক নিঃশেষিত হওয়ায় এই সংস্করণ প্রকাশিত হইল। স্বর্গীয় পিতৃদেব-প্রসাদপ্রদত্ত বস্তুজাত রক্ষার জন্য আমরা সর্ব্বদা সযত্ন। সংশোধন সম্বন্ধে আমরা যথাসাধ্য যত্ন করিয়াছি, যদি কিছু ত্রুটী ঘটিয়া থাকে, তাহা আমাদের অযোগ্যতার পরিচায়ক। ইতি।

১লা আশ্বিন
সন ১৩৪৭

বিনীত—
প্রকাশক

# অতিরিক্ত-বিষয়-সন্নিবেশক্রম

প্রথমাংশে—

চণ্ডীবিবরণম্
ষট্‌-সংবাদ-কথা
দেবীচরিততত্ত্বম্
শ্লোকসংখ্যা
চণ্ডীপাঠফলম্
চণ্ডীপাঠপ্রণালী
চণ্ডীপূজাবিধিঃ
নবার্ণমন্ত্রঃ
উৎকীলনমন্ত্রঃ
শাপোদ্ধারঃ
অর্গলা
কীলকম্
কবচম্
রাত্রিসূক্তম্
ঋষ্যাদিন্যাসঃ

শেষাংশে—

দেবীসূক্তম্
দেবীসূক্তপাঠানন্তরপাঠ্যম্
প্রাধানিকরহস্যম্
বৈকৃতিকরহস্যম্
মূর্ত্তিরহস্যম্
সম্পুটপ্রকাশঃ
সম্পুটচণ্ডীপাঠসঙ্কল্পঃ
চণ্ডীপুরশ্চরণম্

# চণ্ডীর বিবরণ

## ১ম অধ্যায়—মধুকৈটভ বধ।

স্বারোচিষ মনুর অধিকার কালে চৈত্র-বংশ-সম্ভূত রাজা সুরথ পুত্রবৎ প্রজা প্রতিপালন করিতেন, তিনি কোলা নামক তদীয় অন্যতম রাজধানী ধ্বংসকারী যবনরাজগণ কর্ত্তৃক আক্রান্ত ও পরাভূত হন। পরে নিজ রাজধানীতে আসিয়া হৃতাধিপত্য বশতঃ মৃগয়াচ্ছলে একটি অশ্বে আরোহণ পূর্ব্বক বনে গমন করেন। তখন তিনি বনমধ্যে অতি রমণীয় মেধস মুনির আশ্রম দেখিতে পাইলেন।

সেই আশ্রমের পরম রমণীয় শোভা দর্শন করিয়া রাজা সুরথ প্রীত হইলেন; তথায় সমস্ত হিংস্রজন্তু হিংসাবৃত্তিশূন্য। রাজা সেই আশ্রমের চতুঃপার্শ্বে ইতস্ততঃ ভ্রমণ করিতেছেন এবং মনে ভাবিতেছেন আমার পূর্ব্বপুরুষাদি পালিত রাজধানী আমার দুর্ব্বৃত্ত অমাত্যগণ ধর্ম্মতঃ প্রতি-পালন করিতেছে কিনা এবং আমার মদস্রাবী হস্তী শত্রুর বশীভূত হইয়া কিরূপ আছে, আমার ব্যয়শীল অমাত্যগণ আমার দুঃখসঞ্চিত ধনরত্ন ব্যয় করিয়া কোষাগার শূন্য করিতেছে। রাজা এইরূপ ও অন্য নানারূপ চিন্তা করিতেছেন, এমন সময়ে সেই বনে সমাধি নামক একজন বণিকের সহিত তাঁহার সাক্ষাৎ হয়, ঐ বণিক্ও অনেক অর্থাদি সঞ্চয় করিয়া-ছিলেন; কিন্তু স্ত্রীপুত্রাদি তাহা আত্মসাৎ করিয়া তাঁহাকে বিতাড়িত করিয়াছে, তাই তিনি বনে আসিয়াছেন। রাজা ও বণিক্ উভয়েরই হৃদয়ের বেদনা একরূপ, উভয়ে সম্মিলিত হইয়া পরস্পর কথোপকথন আরম্ভ করেন যে, যাহারা পিতৃস্নেহ ও পতিস্নেহ ত্যাগ করিয়া আমাদিগকে

বিতাড়িত করিয়াছে, তাহাদের মায়ায় আমাদের প্রাণ কাঁদিয়া আকুল হয় কেন? উভয়ে পরামর্শ করিয়া ইহার কারণ অনুসন্ধানের জন্য সেই আশ্রমে মেধস ঋষির নিকট উপস্থিত হন এবং প্রণিপাতপূর্ব্বক ঋষির চরণ-প্রান্তে হৃদয়ের বেদনা বিজ্ঞাপিত করেন। ঋষি বলিলেন—তোমাদের জ্ঞান অতি অল্প, যাহারা প্রকৃত জ্ঞানী তাহাদের চিত্তও মহামায়া বলপূর্ব্বক মোহে নিক্ষিপ্ত করেন, তোমাদের আর কথা কি?

রাজা ও বণিক্ জিজ্ঞাসা করিলেন,—মহামায়া কে? কোথায় তাঁহার উৎপত্তি এবং তাঁহার কার্য্যই বা কিরূপ? ঋষি বলিলেন, তিনি নিত্যা, তাঁহার জন্মাদি কিছুই নাই, তথাপি তাঁহার লীলা ও রূপ যৎকিঞ্চিৎ আমি বর্ণনা করিতেছি, শ্রবণ কর।

"যখন প্রলয়কালে সমস্ত পৃথিবী জলময় ছিল, তখন কারণার্ণবে ভাসমান বিষ্ণুর কর্ণ হইতে মল নির্গত হয় এবং সেই মল হইতে মধু ও কৈটভ-নামে প্রবলপরাক্রান্ত দুই অসুর উৎপন্ন হইয়া দেবগণকে পীড়িত করে; এদিকে বিষ্ণু তখন যোগনিদ্রায় নিদ্রিত; সমস্ত দেবগণ অসুরবধের জন্য ব্রহ্মার সহিত বিষ্ণুর নিকটে গেলেন এবং যোগনিদ্রারূপিণী মহামায়ার স্তব আরম্ভ করিলেন। এ অধ্যায়ে ব্রহ্মাদিকৃত মহামায়াস্তোত্র অতি উপাদেয় দার্শনিক সিদ্ধান্ত; অনুসন্ধিৎসুগণ তাহা গ্রন্থমধ্যে অনুসন্ধান করিবেন।

দেবগণের স্তবে তুষ্টা মহাদেবী যোগনিদ্রা বিষ্ণুর নেত্র ত্যাগ করিলে বিষ্ণু দেবতাগণের দুঃখের কারণ অবগত হইয়া মধু ও কৈটভকে বধ করিতে উদ্যত হইলেন, বাহুযুদ্ধেই পাঁচ হাজার বৎসর অতীত হইল, পরে সন্তুষ্ট হইয়া মধু ও কৈটভ মাহামায়ার মোহে মুগ্ধ হইয়া বিষ্ণুকে

বলিল—আমরা যুদ্ধে তোমার প্রতি সন্তুষ্ট হইয়াছি, তুমি বর লও। বিষ্ণু বলিলেন,—তোমরা আমার বধ্য হইবে, আমি এই বর চাহি; অসুরদ্বয় সমগ্র পৃথিবী জলমগ্ন দেখিয়া বলিল—"যে স্থান জলহীন, এরূপ স্থলে আমরা তোমার বধ্য হইতে পারি"। ভগবান্ বলিলেন—তথাস্তু, এই বলিয়া নিজ জঘনে রাখিয়া অসুরদ্বয়কে বধ করিয়া দেবতাদিগকে রক্ষা করিলেন।

## ২য় অধ্যায়—মহিষাসুর-সৈন্যবধ

পুরাকালে মহিষাসুর নামে এক দৈত্য একশত বৎসর পর্য্যন্ত দেবগণের সহিত যুদ্ধ করিয়া ইন্দ্রত্ব কাড়িয়া লইল, ইন্দ্রাদি দেবগণ ধরাধামে মর্ত্ত্য-বাসীর ন্যায় বিচরণ করিতে লাগিলেন। দেবগণ দুঃখে ব্রহ্মাকে লইয়া শিব ও বিষ্ণুর নিকটে উপস্থিত হইলেন, অসুরবৃত্তান্ত শ্রবণ করিয়া ক্রোধে শিব ও বিষ্ণু ভ্রুকুটিপূর্ণ মুখ বিস্তার করিলেন, তাহাতে অসীম তেজঃ-পুঞ্জ নিষ্ক্রামিত হইল, ক্রমে সমস্ত দেবগণেরও তেজ নিষ্ক্রান্ত হয় এবং জলন্ত পর্ব্বতের ন্যায় তেজঃ-পুঞ্জ স্ত্রীমূর্ত্তিতে পরিণত হয়, শম্ভুর তেজে মুখ, বিষ্ণুর তেজে বাহু, যমতেজে কেশ, ব্রহ্মার তেজে পাদ, সূর্য্যের তেজে অঙ্গুলী ইত্যাদিরূপে সেই স্ত্রীমূর্ত্তি গঠিত হয় এবং দেবতাগণ নিজ নিজ শক্তি ও অস্ত্রশস্ত্র দ্বারা তাঁহাকে ভূষিত করেন। শিব শূল, বিষ্ণু চক্র, বরুণ শঙ্খ, হুতাশন শক্তি ও অন্যান্য দেবগণ নানাবিধ অস্ত্রশস্ত্র দেন, এই ভাবে জগন্মোহিনী শক্তিমূর্ত্তির সৃষ্টি হয়।

সিংহস্কন্ধারূঢ়া দেবী দেবতার পরমশত্রু মহিষাসুরের সৈন্যগণের সহিত মহাযুদ্ধ আরম্ভ করেন। দেবী একাকিনী এবং অসুরসৈন্য অসংখ্য; এজন্য দেবী নিশ্বাস ত্যাগ করিলেন, সেই নিশ্বাস হইতে

বহু শত প্রমথ উৎপন্ন হইল, প্রমথগণও অস্ত্রশস্ত্রে পরিবৃত হইয়া যুদ্ধ আরম্ভ করে। দেবীযুদ্ধ অতি ভয়ানক, সেই যুদ্ধে মহিষাসুরের সৈন্যগণ নিহত হয়।

## তৃতীয় অধ্যায়—মহিষাসুর বধ

দেবী ও প্রমথগণের যুদ্ধে মহিষাসুর অত্যন্ত ব্যতিব্যস্ত হইয়া পড়িল প্রথমে মহিষাকার ধারণ, তৎপরে সিংহাকার ও মহাগজাকার এবং পুনর্ব্বার মহিষদেহ ধারণ করিয়া মায়াবী মহিষাসুর দেবীর সহিত মহাযুদ্ধ করিয়া পরিশেষে দেবীর অস্ত্রে নিহত হইল।

## চতুর্থ অধ্যায়—শক্রাদি-স্তুতি

মহিষাসুর বধে দেবগণ পরম সন্তুষ্ট হইলেন এবং দেবীর বহুবিধ স্তব করিলেন। দেবী সন্তুষ্ট হইয়া দেবতাগণকে রক্ষা করিবেন বলিয়া আশ্বাস দিলেন। ইহার নাম শক্রাদি মাহাত্ম্য; ইহা অতি উপাদেয়, বুভুৎসুগণ চণ্ডীর মধ্যে ইহা সম্যক্‌রূপে বুঝিয়া লইবেন।

## পঞ্চম অধ্যায়—দেবী ও দূতের কথোপকথন

পুরাকালে শুম্ভ ও নিশুম্ভ নামক দুই প্রবল পরাক্রমশালী দৈত্য ইন্দ্রের ইন্দ্রত্ব কাড়িয়া লওয়ায় পূর্ব্ববর অনুসারে দেবগণ হিমালয়ে যাইয়া দেবীর নানাবিধ স্তুতি করেন, স্তবে তুষ্টা দেবী দেবগণকে অভয় দেন, এরূপ অবস্থায় শুম্ভ ও নিশুম্ভের ভৃত্য চণ্ড ও মুণ্ড দেবীর ভুবনমোহিনী মূর্ত্তি দর্শন করিয়া দৈত্যরাজ শুম্ভ ও নিশুম্ভকে বলিল,—আপনারা ইহাকে স্ত্রীরূপে গ্রহণ করুন।

ইহা শ্রবণ করিয়া শুম্ভ ও নিশুম্ভ সুগ্রীবনামা দূতকে প্রেরণ করেন

এবং দূত শুম্ভ ও নিশুম্ভকে পতিত্বে বরণ করিতে দেবীকে অনুরোধ করে। দেবী বলিলেন,—আমার সহিত যুদ্ধে জয়ী হইতে না পারিলে আমি তাহাকে পতিপদে বরণ করিতে পারিব না, ইহা আমার পূর্ব্ব প্রতিজ্ঞা। দৈত্যরাজ ইহা শ্রবণ করিয়া ধূম্রলোচনকে বলপূর্ব্বক দেবীকে আনয়ন করিতে পাঠাইলেন, তথায় দেবী হুঙ্কারে ধূম্রলোচনকে বধ করিলেন, ইহা ৬ষ্ঠ অধ্যায়ে বর্ণিত। ৭ম অধ্যায়ে দৈত্যরাজ চণ্ড ও মুণ্ডকে যুদ্ধার্থ প্রেরণ করেন এবং দেবীযুদ্ধে তাহারা নিহত হয়। অষ্টম অধ্যায়ে দৈত্যরাজের প্রধান সৈন্য রক্তবীজের সহিত দেবীর যুদ্ধ; এই যুদ্ধ অত্যন্ত বৈচিত্রময়, পাঠক চণ্ডীর মধ্যে তাহা অবগত হইবেন। ৯ম অধ্যায়ে নিশুম্ভ ও ১০ম অধ্যায়ে শুম্ভ বধ। ১১শ অধ্যায়ে ইন্দ্রাদি দেবগণ কর্ত্তৃক দেবীর স্তুতি, ১২শ অধ্যায়ে ভগবতীর আশ্বাসবাক্য প্রদান এবং ১৩শ অধ্যায়ে রাজা সুরথ ও সমাধি বৈশ্য দেবীর অর্চ্চনা করিয়া সান্নিধ্যলাভ ও বরলাভ করেন, ইহা বর্ণিত আছে।

রাজা সুরথ ও সমাধি বৈশ্য দেবীর আরাধনায় কৃতকৃত্য হইলেন ইহাই দেবীমাহাত্ম্য। এই দেবীমাহাত্ম্যের অনুশীলন করিলে ত্রিবিধ তাপ চিরতরে অন্তর্হিত হয়, তাই এই দেবীমাহাত্ম্যের এত গৌরব। আমরা যথামতি দেবীমাহাত্ম্যের কিঞ্চিৎ আলোচনা করিলাম।

## ষট্ সংবাদ-কথা

ব্যাসশিষ্য জৈমিনি সমগ্র মহাভারত পাঠ করিয়া কতিপয় বিষয়ে সন্দিহান হন। সন্দেহভঞ্জনার্থ বেদব্যাসের নিকট যান, তাঁহার অবসর না হওয়ায় মার্কণ্ডেয়ের নিকটে গমন করিয়া বক্তব্যের অবতারণা করেন, মার্কণ্ডেয় বলিলেন—তোমার সহিত এত কথা কহিতে আমার অবকাশ

নাই, অতএব বিন্ধ্যাচলে যাও, চারিটী মুনিপুত্র পিতৃশাপে পিঙ্গাখ্য, বিরাধ, সুপুত্র ও সুমুখ নামে পক্ষিযোনি প্রাপ্ত হইয়াছে এবং তপঃপ্রভাবে পূর্ব্বস্মৃতিও তাহাদের বিলুপ্ত হয় নাই, তাহারা মনুষ্যের ন্যায় কথা কহিতে সমর্থ, তাহাদিগকে জিজ্ঞাসা কর, তোমার প্রশ্নের উত্তর পাইবে।

ইহা শ্রবণ করিয়া জৈমিনি বিন্ধ্যাচলে গমন করিলেন এবং ঐ পক্ষি-চতুষ্টয়ের নিকটে নিজ বক্তব্য উত্থাপিত বলিলেন।

পক্ষিগণ পৃষ্ট বিষয়ের যথাযথ উত্তর করিলেন এবং প্রসঙ্গতঃ নিম্নরূপে সৃষ্টি-প্রকরণ করিলেন।

তেতাল্লিশ লক্ষ দুই হাজার বৎসরে চারিযুগ, চারিযুগে দেবতার একযুগ, এইরূপ হাজার দৈবযুগই এক এক সৃষ্টির পরিমাণ কাল। অর্থাৎ প্রতি সৃষ্টিতে এক হাজার বার সত্য, ত্রেতা দ্বাপর ও কলিকাল হয়। প্রতি সৃষ্টিতে ১৪জন মনু সৃষ্টির অধিপতি হন। এই সকল মনুর অধিকারকে এক এক মন্বন্তর কহে। ১ম মনু স্বায়ম্ভুব, ২য় স্বারোচিষ, ৩য় ঔত্তম, ৪র্থ তামস, ৫ম রৈবত, ৬ষ্ঠ চাক্ষুষ, ৭ম বৈবস্বত, ৮ম সাবর্ণি, ৯ম দক্ষসাবর্ণি, ১০ম ব্রহ্মসাবর্ণি, ১১শ রুদ্রসাবর্ণি, ১২শ ধর্ম্মসাবর্ণি, ১৩শ রৌচ্য এবং ১৪শ ভৌত্য।

সম্প্রতি সপ্তম মন্বন্তরের অষ্টাবিংশযুগ অর্থাৎ সপ্তম বা বৈবস্বতমন্বন্তরের অষ্টাবিংশ যুগের কলিযুগ, এই কলির শেষে তাহার অষ্টাবিংশ যুগ শেষ হইবে। এইরূপ আরও ৪৩ দৈব যুগ গত হইলে অর্থাৎ ৪৩ বার সত্য ত্রেতা দ্বাপর ও কলি গত হইলে বৈবস্বত মনুর অধিকার বিচ্যুত হইবে। তারপরে অষ্টম মন্বন্তর আরম্ভ হইবে, এই সময়েই সাবর্ণি-মনুর অধিকার। সেই সাবর্ণি পূর্ব্বজন্মে সুরথ রাজা ছিলেন, পরে দেবীর আরাধনায়

তাঁহারই অনুগ্রহে সূর্য্যের ঔরসে সবর্ণার গর্ভে তিনি জন্মগ্রহণ করেন। বৈবস্বত মন্বন্তর গত হইলে তিনিই অষ্টম মনু হইবেন, দেবীর নিকট এই বর পাইয়াছেন। দ্বিতীয় মনু স্বারোচিষ, তাঁহার জ্যেষ্ঠপুত্র চৈত্র ; এই চৈত্র-বংশে সুরথের জন্ম, এই সুরথ রাজার প্রতি যে ভাবে দেবী কৃপা করিয়াছিলেন, তাহার ইতিবৃত্তে এই গ্রন্থ পরিপূর্ণ। এই দেবীমাহাত্ম্য সর্ব্বপ্রথম মেধস মুনি রাজা সুরথ ও সমাধি-বৈশ্যকে বলেন, তৎপরে ইহা মার্কণ্ডেয় মুনি ভাগুরিকে কহিয়াছেন, তৎপরে পক্ষিগণ তাহাই জৈমিনিকে কহিয়াছেন। এজন্য (১) মেধা, (২) সুরথ ও সমাধি, (৩) মার্কণ্ডেয়, (৪) ভাগুরি, (৫) পক্ষিচতুষ্টয়, (৬) জৈমিনি। ইহাই ষট্‌সংবাদকথা। প্রত্যেক দেবীতত্ত্ব-জ্ঞানেচ্ছু ব্যক্তির ইহা অবগত হওয়া উচিত, এজন্য অতি সংক্ষেপে আমরা ইহার আলোচনা করিলাম।

## দেবীচরিত-তত্ত্ব

এই দেবীমাহাত্ম্যে তিনটি চরিত আছে ; প্রথম চরিতে মধুকৈটভবধ (১), দ্বিতীয়চরিতে মহিষাসুরবধ (২), তৃতীয়চরিতে শুম্ভ ও নিশুম্ভবধ (৩); এই তিনটি চরিতকে শাস্ত্রকারগণ তিন ব্যাহৃতিরূপে ব্যাখ্যা করিয়াছেন, প্রথম চরিতে "ভূঃ" এই ব্যাহৃতির ছন্দ গায়ত্রী, দেবতা মহাকালী, অগ্নি তত্ত্বস্বরূপ। দ্বিতীয়ের ব্যাহৃতি "ভুবঃ" ইহার ছন্দ উষ্ণিক্‌, দেবতা মহালক্ষ্মী, বায়ু তত্ত্বস্বরূপ। তৃতীয়ের ব্যাহৃতি "স্বঃ" ইহার ছন্দ অনুষ্টুপ্‌ দেবতা মহাসরস্বতী, সূর্য্য তত্ত্বস্বরূপ হইয়াছে।

প্রথম চরিতে বিষ্ণু কর্ত্তৃক নিহত মধু ও কৈটভের মেদ দ্বারা প্রলয়-মগ্ন মেদিনীমণ্ডল উদ্ধৃত হইয়াছিল, এজন্য প্রথম চরিতের ঋষি ব্রহ্মা সৃষ্টিকর্ত্তা, দেবতা মহাকালী।

দ্বিতীয়ে দেবগণের তেজঃপুঞ্জের সমষ্টি দেবীরূপে মহিষাসুরকে বধ করিয়া জগৎ পালন করিয়াছেন, এজন্য ইহার ঋষি পালনকর্ত্তা বিষ্ণু, দেবতা মহালক্ষ্মী অন্নাদি দ্বারা পালনকারিণী।

তৃতীয়ে দেবী কৌষিকীমূর্ত্তিতে আবির্ভূতা, তৎশরীরসম্ভূতা শিবদূতী শুম্ভ ও নিশুম্ভকে সংহার করিয়াছেন, এজন্য ইহার ঋষি রুদ্র সংহারকর্ত্তা, মহাসরস্বতী দেবতা জ্ঞানদাত্রী; জ্ঞানবলেই সংসার নাশ হয়, তাই সংহারের ঋষি রুদ্র ও অধিষ্ঠাত্রী দেবতা সরস্বতী।

## শ্লোক-সংখ্যা

চণ্ডীর অপর নাম সপ্তশতী, কারণ ইহাতে সাতশত শ্লোক আছে।

| | | | |
|---|---|---|---|
| ১ম অধ্যায়ে | ১০৩ | ৮ম অধ্যায়ে | ৬৩ |
| ২য় অধ্যায়ে | ৭০ | ৯ম অধ্যায়ে | ৪১ |
| ৩য় অধ্যায়ে | ৪৪ | ১০ম অধ্যায়ে | ৩২ |
| ৪র্থ অধ্যায়ে | ৪২ | ১১শ অধ্যায়ে | ৫৫ |
| ৫ম অধ্যায়ে | ১২৯ | ১২শ অধ্যায়ে | ৪১ |
| ৬ষ্ঠ অধ্যায়ে | ২৪ | ১৩শ অধ্যায়ে | ২৯ |
| ৭ম অধ্যায়ে | ২৭ | | |

মোট—৭০০ সাতশত

# চণ্ডীপাঠফলম্

সংবৎসর প্রদীপে—

মাহাত্ম্যং ভগবত্যাস্তু পুরাণাদিষু কীর্ত্তিতম্।
পঠেদ্বা শৃণুয়াদ্বাপি সর্ব্বকামসমৃদ্ধয়ে॥

বারাহীতন্ত্রে—চণ্ডীপাঠ ফলং দেবি শৃণুষ্ব গদতো মম। একাবৃত্ত্যাদি-পাঠানাং প্রত্যহং পঠতাং নৃণাম্॥ সঙ্কল্প্য পূজ্যাং সম্পূজ্য ন্যস্তাঙ্গেষু মনূন্ সকৃৎ। পশ্চাদ্ বলিপ্রদানেন ফলমাপ্নোতি মানবঃ॥ উপসর্গোপ-শান্ত্যর্থং ত্রিরাবৃত্তং পঠেন্নরঃ। গ্রহদোষোপশান্ত্যর্থং পঞ্চাবৃত্তং বরাননে॥ মহাভয়ে সমুৎপন্নে সপ্তাবৃত্তমুদীরয়েৎ। নবাবৃত্ত্যা ভবেচ্ছান্তির্বাজপেয়ফলং লভেৎ॥ রাজবশ্যায় ভূত্যৈ চ রুদ্রাবৃত্তমুদীরয়েৎ। অর্কাবৃত্ত্যা কাম্য-

---

সম্বৎসরপ্রদীপে উক্ত আছে যে, মানবগণ কামনাসিদ্ধি ও মঙ্গললাভের নিমিত্ত পুরাণাদিতে কীর্ত্তিত দেবীর মাহাত্ম্য পাঠ (অনধিকারিগণ শ্রবণ) করিবে। "বারাহীতন্ত্রে" এইরূপ কথিত হইয়াছে,—হে দেবি! আমি চণ্ডীপাঠের ফল বলিতেছি শ্রবণ কর। সঙ্কল্পপূর্ব্বক ন্যাসাদি সহকারে পূজা করিয়া একবার মাত্র চণ্ডীপাঠ করিলে এবং বলিপ্রদান করিলে নিশ্চয়ই কামনা সিদ্ধি হইয়া থাকে। এইরূপ উপদ্রব শান্তির জন্য তিন বার পাঠ করিবে। হে বরাননে! গ্রহশান্তির নিমিত্ত পঞ্চাবৃত্ত পাঠ করা কর্ত্তব্য। মহাভয় উপস্থিত হইলে সপ্তাবৃত্ত পাঠ করিবে। নবাবৃত্ত পাঠে শান্তি ও "বাজপেয়" নামক যজ্ঞের ফল লাভ হয়। রাজাকে বশীভূত

সিদ্ধির্বৈরিনাশশ্চ জায়তে ॥ মন্বাবৃত্ত্যা রিপুর্বশ্যস্তথা স্ত্রীবশ্যতা-মিয়াৎ। সৌখ্যং পঞ্চদশাবৃত্ত্যা শ্রিয়মাপ্নোতি মানবঃ॥ কলাবৃত্ত্যা পুত্রপৌত্রধনধান্যাগমং বিদুঃ। রাজভীতিবিনাশায় বৈরস্যোচ্চাটনায় চ॥ কুর্য্যাৎ সপ্তদশাবৃত্তং তথাষ্টাদশকং প্রিয়ে। মহাব্রণবিমোক্ষায় বিংশাবৃত্তং পঠেন্নরঃ॥ পঞ্চবিংশাবর্ত্তনাচ্চ ভবেদ্ বন্ধবিমোক্ষণম্। সঙ্কটে সমনুপ্রাপ্তে দুশ্চিকিৎস্যভয়ে সদা॥ জাতিধ্বংসে কুলোচ্ছেদে আয়ুষো নাশ আগতে। বৈরিবৃদ্ধৌ ব্যাধিবৃদ্ধৌ ধননাশে তথা ক্ষয়ে॥ তথৈব ত্রিবিধোৎপাতে তথা চৈবাতিপাতকে। কুর্য্যাদ্ যত্নাৎ শতাবৃত্তং ততঃ সম্পদ্যতে শুভম্॥ বিপদস্তস্য নশ্যন্তি ততো যাতি পরাং গতিম্। ধিয়ো বৃদ্ধিঃ

---

করিবার নিমিত্ত এবং বিভূতিলাভের জন্য একাদশাবৃত্তি পাঠ করিবে। দ্বাদশাবৃত্তিতে কাম্যসিদ্ধি এবং শত্রুনাশ হয়। চতুর্দ্দশাবৃত্তিতে শত্রু এবং দুষ্টা স্ত্রী বশীভূত হয়। পঞ্চদশাবৃত্তি পাঠে মনুষ্যগণ মিত্রতা এবং সম্পদ্‌লাভ করিয়া থাকে। ষোড়শাবৃত্তিতে পুত্র, পৌত্র, ধনধান্যাদির অভ্যুদয় হয়। রাজভয়বিনাশার্থ সপ্তদশাবৃত্তি, শত্রুর উচ্চাটনার্থ অষ্টাদশাবৃত্তি এবং মহাব্রণ অর্থাৎ দুষ্ট ব্রণাদির (কার্ব্বঙ্কল) শান্তির নিমিত্ত বিংশাবৃত্তি পাঠ করিবে। পঞ্চবিংশাবৃত্তি পাঠে কারামুক্তি হয়। সঙ্কট সময়ে, অসাধ্যরোগ উৎপন্ন হইলে, জাতিধ্বংস বা কুলধ্বংসের উপক্রমে আয়ুষ্কালের নাশ উপস্থিত হইলে, শত্রুবৃদ্ধি বা ব্যাধিবৃদ্ধি হইলে, সঞ্চিত ধনের নাশ সম্ভাবনায়, অবনতি সময়ে, আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক এই ত্রিবিধ উৎপাত উপস্থিত হইলে, অথবা অতিপাতকাদি অনুষ্ঠিত হইলে যত্নসহকারে যথাবিধি শতাবৃত্তি চণ্ডী পাঠ করিবে। তাহা হইলে পূর্ব্বোক্ত বিপদ্ দূরীভূত হইয়া মঙ্গল লাভ হইবে। যে ব্যক্তি শতাবৃত্তি চণ্ডীপাঠ

শতাবৃত্ত্যা রূপবৃদ্ধিস্তথাপরা ॥ মনসা চিন্তিতং দেবি সিধ্যেদষ্টোত্তরা-চ্ছতাৎ। শতাশ্বমেধযজ্ঞানাং ফলমাপ্নোতি সুব্রতে ॥ সহস্রাবর্ত্তনা-ল্লক্ষ্মীরাবৃণোতি স্বয়ং স্থিরা। প্রাপ্তো মনোরথান্ কামান্ নরো মোক্ষমবা-প্নুয়াৎ ॥ যথাশ্বমেধঃ ক্রতুষু দেবানাঞ্চ যথা হরিঃ। স্তবানামপি সর্ব্বেষাং তথা সপ্তশতীস্তবঃ ॥ অথবা বহুনোক্তেন কিমন্যেন বরাননে। চণ্ড্যাঃ শতাবৃত্তপাঠাৎ সর্ব্বাঃ সিধ্যন্তি সিদ্ধয়ঃ ॥

---

করে, তাহার সমস্ত বিপদ্ নাশ, শ্রীবৃদ্ধি ও রূপবৃদ্ধি হয় এবং অন্তে সেই ব্যক্তি পরম গতি লাভ করে। অষ্টোত্তর শতাবৃত্তি পাঠে মনোবাসনা পরিপূর্ণ হয়। হে সুব্রতে! সহস্রাবৃত্তি পাঠ করিলে শতাশ্বমেধ যজ্ঞের ফল লাভ হয় এবং লক্ষ্মী স্বয়ং আসিয়া চিরকালের জন্য তাহাকে আশ্রয় করেন এবং সেই ব্যক্তি যথেচ্ছ সুখভোগ করিয়া অন্তে মোক্ষপ্রাপ্ত হয়। যেরূপ যজ্ঞসমূহের মধ্যে অশ্বমেধ শ্রেষ্ঠ, যেমন দেবগণের মধ্যে শ্রীহরি শ্রেষ্ঠ, তদ্রূপ স্তবসমূহের মধ্যে সপ্তশতী (চণ্ডী) স্তবই শ্রেষ্ঠ। হে বরাননে! অধিক কি বলিব, শতাবৃত্তি চণ্ডী পাঠে সমস্ত সিদ্ধিই লাভ হইয়া থাকে।

# চণ্ডীপাঠ-প্রণালী *

আধারে স্থাপয়িত্বা তু পুস্তকং বাচয়েৎ ততঃ।
হস্তসংস্থাপনাৎ দেবি নিহন্ত্যর্দ্ধফলং যতঃ॥
যাবন্ন পূর্য্যতেঽধ্যায়স্তাবন্ন বিরমেৎ পঠন্।
যদি প্রমাদাদধ্যায়ে বিরামো ভবতি প্রিয়ে॥
পুনরধ্যায়মারভ্য পঠেৎ সর্ব্বং মুহুস্ততঃ।
অনুক্রমং পঠেদ্দেবি শিরঃকম্পাদিকং ত্যজেৎ॥
ন মানসং পঠেৎ স্তোত্রং বাচিকন্তু প্রশস্যতে।
হুনেৎ প্রদীপিতে বহ্নৌ তিলধান্যাদিতণ্ডুলান্।
ধর্ম্ম-কামার্থসংসিদ্ধ্যৈ মোক্ষার্থী পায়সং হুনেৎ॥

## গ্রন্থনিয়মঃ

ন স্বয়ং লিখিতং স্তোত্রং নাব্রাহ্মণলিপিং পঠেৎ।
ন চ স্বয়ং কৃত্য স্তোত্রং তথান্যেন চ যৎকৃতম্।
যতঃ কলৌ প্রশংসন্তি ঋষিভির্ভাষিতং তু যৎ॥

---

* পবিত্র ও একাগ্রচিত্তে পূর্ব্বমুখে বা উত্তরমুখে উপবিষ্ট হইয়া বিশুদ্ধ উচ্চারণ পূর্ব্বক অর্থবোধ সহকারে চণ্ডী পাঠ করিতে হয়। পাঠকালে অন্যমনস্ক হইতে বা অন্য কথা কহিতে নাই এবং অধ্যায় শেষ না হওয়া পর্য্যন্ত বিশ্রাম করিতে নাই। দৈবাৎ তাহা ঘটিলে পুনরায় অধ্যায়ের প্রথম হইতে পাঠ করিতে হয়। মাহাত্ম্যগ্রন্থ হস্তে রাখিয়া পাঠ করিতে নাই। পাঠের পূর্ব্বে সঙ্কল্প করিয়া দেবীর পূজা করিবে। স্বয়ং পাঠে অসমর্থ হইলে বৃত ব্রাহ্মণ দ্বারা পাঠ করাইবে।

## লেখন-প্রকারঃ

মুদ্রালিপিঃ স্বরলিপির্লিপির্লেখনিসম্ভবা।
গুণ্ডিকাঘূণসম্ভূতা লিপয়ঃ পঞ্চধা স্মৃতাঃ॥
এতাভির্লিপিভির্ব্যাপ্তা ধরিত্রী শুভদা হর।
শিল্পাদিনির্ম্মিতং যচ্চ পাঠ্যং ধার্য্যঞ্চ সর্ব্বদা॥

## পাঠকনিয়মঃ

জিতেন্দ্রিয়ান্ সদাচারান্ কুলীনান্ সত্যবাদিনঃ।
ব্যুৎপন্নাংশ্চণ্ডিকাপাঠরতান্ লজ্জাদয়াবতঃ॥
এতাদৃগ্লক্ষণোপেতান্ ব্রাহ্মণান্ বৃণুয়াৎ সদা॥
গীতী শীঘ্রী শিরঃকম্পী স্বয়ংলিখিতপাঠকঃ॥
অনর্থজ্ঞোঽল্পকণ্ঠশ্চ ষড়েতে পাঠকাধমাঃ॥

# চণ্ডী-পূজা বিধি।

জিতেন্দ্রিয় সাধক কৃতনিত্যক্রিয় হইয়া আচমন, শিখাবন্ধন, তিলক-ধারণ, বিষ্ণুস্মরণ ও গন্ধাদির অর্চ্চনা করিয়া শালগ্রাম চক্রে বা জলে গন্ধাদি দ্বারা গণেশ, নারায়ণ, গুরু, আদিত্যাদি নবগ্রহ, ব্রাহ্মণ ও সূর্য্যের পূজা করিয়া অর্ঘ্য লইয়া "ওঁ সূর্য্যভট্টারকায় নমঃ" মন্ত্রে সূর্য্যকে অর্ঘ্য দিবেন, তৎপরে যথাবিধি স্বস্তিবাচনপূর্ব্বক সঙ্কল্প করিবেন। যথা,—বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (পরার্থে—অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য) সর্ব্বাপচ্ছান্তি-পূর্ব্বক-মনোঽভীষ্টসিদ্ধিকামঃ (শ্রীচণ্ডিকাপ্রীতিকামঃ বা) শ্রীকৃষ্ণদ্বৈপায়নাভিধান-মহর্ষি-বেদব্যাস-*-প্রোক্ত-জয়াখ্য-মার্কণ্ডেয়-পুরাণান্তর্গত-"ওঁসাবর্ণিঃ

---

* যাঁহারা বেদবিভাগ করিয়াছিলেন, তাঁহাদিগকে বেদব্যাস বলে। অষ্টাদশ পুরাণাদির রচয়িতা বেদব্যাসের অপর নাম শ্রীকৃষ্ণ, তিনি দ্বীপে জন্মগ্রহণ করেন বলিয়া তাঁহার অপর নাম "দ্বৈপায়ন"। শ্রীকৃষ্ণ অনেক; তন্মধ্যে শ্রীকৃষ্ণদ্বৈপায়ন বলিলে উক্ত ব্যক্তি ভিন্ন অন্য কাহাকেও বুঝায় না। অষ্টাদশ পুরাণ, রামচরিত (রামায়ণ), বিষ্ণুধর্ম্ম, শিবধর্ম্ম, সৌরধর্ম্ম, মহাভারত ও ধর্ম্মশাস্ত্র—ইহাদের নাম জয়। যথা ভবিষ্যে—"অষ্টাদশ পুরাণানি রামস্য চরিতং তথা। বিষ্ণুধর্ম্মাদিশাস্ত্রাণি শিবধর্ম্মাশ্চ ভারত॥ কার্ষ্ণঞ্চ পঞ্চমো বেদো যন্মহাভারতং স্মৃতম্। সৌরাশ্চ ধর্ম্মা রাজেন্দ্র নারদোক্তা মহীপতে। জয়েতি নাম এতেষাং প্রবদন্তি মনীষিণঃ॥"

সূর্য্য-তনয়-ইত্যাদি-সাবর্ণির্ভবিতা মনুরিত্যন্তং সকৃৎ * দেবীমাহাত্ম্যমহং পঠিষ্যে" ( পরার্থে—পঠিষ্যামি )।

সঙ্কল্পানন্তর ( ঘটে পূজা করিতে হইলে এই সময়ে তান্ত্রিক ঘট স্থাপন করিবে ) তান্ত্রিক আচমন, সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, করশুদ্ধি, ভূতাপসারণ ভূতশুদ্ধি ও মতৃকান্যাসাদি করিয়া "হ্রীং"মন্ত্রে প্রাণায়ামত্রয় করত ঋষ্যাদি-ন্যাস, মাহাত্ম্যন্যাস, করন্যাস ও অঙ্গন্যাস করিবে। ঋষ্যাদিন্যাস যথা—"অস্য সপ্তশতীস্তোত্রস্য নারদ ঋষির্গায়ত্রীচ্ছন্দো দক্ষিণামূর্ত্তির্দেবতা হ্রীং বীজং স্বাহা শক্তির্মমেষ্টসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ।" মস্তকে—"ওঁ নারদায় ঋষয়ে নমঃ।" মুখে—"ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ"। হৃদয়ে—"ওঁ দক্ষিণামূর্ত্তি-দেবতায়ৈ নমঃ। গুহ্যে—"ওঁ হ্রীং বীজায় নমঃ"। পাদদ্বয়ে—"ওঁ স্বাহা শক্তয়ে নমঃ।"

মাহাত্ম্যন্যাস।—ব্রহ্মরন্ধ্রে—"মধুকৈটভবধমাহাত্ম্যায় নমঃ"। সীমন্তে—"মহিষাসুরসৈন্যবধমাহাত্ম্যায় নমঃ"। ভ্রূমধ্যে—"মহিষাসুরবধমাহাত্ম্যায় নমঃ"। নেত্রে—"শক্রাদিস্তুতিমাহাত্ম্যায় নমঃ"। মুখে—"দেব্যা দূতসংবাদমাহাত্ম্যায় নমঃ"। কর্ণে—"ধূম্রলোচনবধমাহাত্ম্যায় নমঃ"। হৃদয়ে—"চণ্ডমুণ্ডবধমাহাত্ম্যায় নমঃ।" নাভিতে—"রক্তবীজবধমাহাত্ম্যায় নমঃ"। লিঙ্গে—"নিশুম্ভবধমাহাত্ম্যায় নমঃ।" গুহ্যে—"শুম্ভবধমাহাত্ম্যায় নমঃ।" জানুদ্বয়ে—"দেবস্তুতিমাহাত্ম্যায় নমঃ।" গুল্ফে—"ফলশ্রুতি-মাহাত্ম্যায় নমঃ। পাদে—"বরদানমাহাত্ম্যায় নমঃ।"

করাঙ্গন্যাস।—"যন্মোহো জ্ঞানিনোরপি অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ।

---

* দুইরূপ, তিনরূপ ইত্যাদি পাঠের সম্বন্ধে "সকৃৎ" পদের স্থলে দ্বিঃ ত্রিঃ চতুঃ, পঞ্চকৃত্বঃ ইত্যাদি বলিতে হইবে।

নিদ্রাং ভগবতীং তর্জ্জনীভ্যাং স্বাহা। জয়েতি দেবাশ্চ মুদা মধ্যমাভ্যাং বষট্। আজঘান ভুজে সব্যে অনামিকাভ্যাং হুং। হতে তস্মিন্ মহাবীর্য্যে কনিষ্ঠাভ্যাং বৌষট্। নীতা দিবং রিপুগণা অস্ত্রায় ফট্।" তৎপরে "যন্মোহো জ্ঞানিনোরপি হৃদয়ায় নমঃ" ইত্যাদি মন্ত্রে অঙ্গন্যাস করিবে। অথবা "হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ হ্রীং তর্জ্জনীভ্যাং স্বাহা ইত্যাদি।" এবং "হ্রাং" হৃদয়ায় নমঃ" ইত্যাদি মন্ত্রে করাঙ্গন্যাস করিবে। পরে "হ্রীং" মন্ত্রে সাতবার ব্যাপকন্যাস করিয়া কূর্ম্মমুদ্রাযোগে সচন্দন রক্তপুষ্প লইয়া দেবীর ধ্যান করিবে। ধ্যান যথা।—ওঁ মধ্যে সুধাব্ধি-মণিমণ্ডপ-রত্নবেদী,-সিংহাসনোপরিগতাং পরিপীতবর্ণাম্। পীতাম্বরাং কনকমাল্যবিভূষিতাঙ্গীং, দেবীং স্মরামি ধৃতমুদ্গরবৈরিজিহ্বাম্॥ অথবা—"ওঁ বিদ্যুদ্দামসমপ্রভাং মৃগপতিস্কন্ধস্থিতাং ভীষণাং, কন্যাভিঃ করবাল-খেট-বিলসদ্ধস্তাভিরাসেবিতাম্। হস্তৈশ্চক্রধরালি-খেট-বিশিখাংশ্চাপং গুণং তর্জ্জনীং, বিভ্রাণামনলাত্মিকাং শশিধরাং দুর্গাং ত্রিনেত্রাং ভজে॥" অথবা—ওঁ বন্ধুককুসুমাভাসাং পঞ্চমুণ্ডাধিবাসিনীম্। স্ফুরচ্চন্দ্রকলা-রত্ন-মুকুটাং মুণ্ডমালিনীম্॥ ত্রিনেত্রাং রক্তবসনাং পীনোন্নতঘটস্তনীম্। পুস্তকঞ্চাক্ষমালাঞ্চ বরঞ্চাভয়কং ক্রমাৎ। দধতীং সংস্মরেন্নিত্যমুত্তরাম্নায়-মানিতাম্।"

এইরূপে ধ্যান করিয়া নিজমস্তকে পুষ্প দিয়া মানসোপচারে পূজা করিয়া বিশেষার্ঘ্য স্থাপন করিবে। তৎপরে পুনরায় পুষ্প লইয়া ধ্যান করিয়া সেই পুষ্প ঘটে বা পুস্তকে দিয়া আবাহন করিবে। ( শালগ্রামে বা জলে পূজা করিলে আবাহন করিবে না। ) আবাহন যথা—

ওঁ হ্রীং, চণ্ডিকে দেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ ; ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ; ইহ

সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব ; অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ ; অথবা মূল উচ্চারণপূর্ব্বক "দক্ষিণামূর্ত্তিদেবতে ইহাগচ্ছাগচ্ছ" ইত্যাদি রূপে আবাহন করিবে, পরে কৃতাঞ্জলিপূর্ব্বক পাঠ করিবে। ওঁ দেবেশি ভক্তিসুলভে পরিবার-সমন্বিতে। যাবত্ত্বাং পূজয়িষ্যামি তাবত্ত্বং সুস্থিরা ভব ॥"

তৎপরে গণেশাদি দেবতার পূজাপূর্ব্বক পুনরায় দেবীর ধ্যান করিয়া "ওঁ হ্রীং স্বাহা ওঁ এতৎ আসনং ওঁ শ্রীদক্ষিণামূর্ত্তয়ে নমঃ।" অথবা "হ্রীং ওঁ চণ্ডিকায়ৈ নমঃ" মন্ত্রে দেবীর যথাশক্তি উপচারে পূজা করিবে। অনন্তর "ওঁ আবরণদেবতাভ্যো নমঃ" মন্ত্রে আবরণ দেবতার যথোপচারে পূজা করিয়া—"ওঁ চণ্ডিকায়ৈ বিদ্মহে ত্রিপুরায়ৈ ধীমহি তন্নো গৌরী প্রচোদয়াৎ" এই গায়ত্রী অথবা মূলমন্ত্র ১০দশ বার জপ করিয়া পাঁচ বার পুষ্পাঞ্জলি দিবে।

তৎপরে আধারে পুস্তক স্থাপন করিয়া "ওঁ দেবীমাহাত্ম্য-পুস্তকায় নমঃ" মন্ত্রে পঞ্চোপচারে পুস্তকের পূজা করিয়া নবার্ণ মন্ত্র ১০৮ * বার জপ করিয়া জপ সমর্পণ পূর্ব্বক উৎকীলন মন্ত্র জপ ও শাপোদ্ধার মন্ত্র জপ করিয়া "হ্রীং" মন্ত্রে প্রাণায়াম করিয়া পাঠ করিবে। চণ্ডীপাঠের অগ্রে যথাক্রমে অর্গলস্তোত্র, কীলক, কবচ, রাত্রিসূক্ত, ঋষ্যাদিন্যাস ও "নারায়ণং নমস্কৃত্য" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া দেবীমাহাত্ম্য পাঠ করিবে। একদিনে ২।৩ রূপ পাঠ করিলে দেবীসূক্ত প্রভৃতি একবার পাঠ করিলেই হইবে। প্রত্যেক অধ্যায়ের শেষে ঘণ্টাবাদন করিবে। সর্ব্বশেষ শ্লোকটী দুইবার পাঠ করিয়া দেবীসূক্ত পাঠ ও নবার্ণমন্ত্রজপ পূর্ব্বক এক গণ্ডূষ জল লইয়া "ওঁ গুহ্যাতিগুহ্য-গোপ্ত্রী ত্বং" ইত্যাদি মন্ত্রে

* শতমাদৌ শতঞ্চান্তে জপেন্মন্ত্রং নবাক্ষরম্।
লক্ষং জপেন্মূলমন্ত্রং সর্ব্বকামার্থসিদ্ধয়ে ॥

দেবীর বামহস্তের উদ্দেশে জলগণ্ডূষ ত্যাগ করিবে। অনন্তর সমর্থ হইলে দেবীর রহস্যত্রয় পড়িয়া "যদক্ষরং" ইত্যাদি মন্ত্রে প্রার্থনা, তৎপরে "হ্রীং" মন্ত্রে প্রাণায়াম করিয়া আরতি ও প্রণাম করিবে। তৎপরে দক্ষিণাদান, অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্যসমাধান এবং ঘট স্থাপন করিয়া থাকিলে "ওঁ চণ্ডিকে দেবি ক্ষমস্ব" ইত্যাদি মন্ত্রে ঘট বিসর্জ্জন করিবে।

তৎপরে সংহারমুদ্রা দ্বারা ঘট হইতে একটি পুষ্প লইয়া আঘ্রাণ করিতে করিতে দেবীকে মনোমধ্যে স্থাপ্য মনে করিয়া হস্ত প্রক্ষালন পূর্ব্বক ঈশানকোণে ভূমিতে ত্রিকোণ মণ্ডল অঙ্কন করিয়া "ওঁ শোষিকায়ৈ নমঃ" মন্ত্রে তদুপরি কিঞ্চিৎ নির্ম্মাল্য রাখিবে।

## নবার্ণ-মন্ত্রঃ

যথা—ওঁ ঐঁ হ্রীঁ ক্লীঁ হ্লীঁ হ্রীঁ ক্লীঁ নমঃ।

অথবা— ঐঁ হ্রীঁ ক্লীঁ চামুণ্ডায়ৈ বিচ্চে।

## উৎকীলনমন্ত্রঃ

ওঁ শ্রীঁ ক্লীঁ হ্রীঁ চণ্ডিকে উৎকীলনং কুরু কুরু স্বাহা।

## শাপোদ্ধারঃ

হ্রীঁ ইত্যাচম্য ওঁ নমশ্চণ্ডিকায়ৈ ইতি প্রণম্য হ্রৌঁ হ্রূঁ হ্রীঁ শ্রীঁ শ্রীঁ ব্রীঁ ছূঁ ঐঁ ক্রঁ হ্রীঁ ক্রীঁ হূঁ হ্রূঁ গ্লৌঁ ঐঁ ক্লীঁ শ্রীঁ হ্রীঁ হ্রীঁ হ্রূঁ হ্রূঁ হ্সৌঃ ক্রীঁ রাঁ স্ত্রীঁ হ্রীঁ ক্রীঁ ঐঁ ক্লীঁ সৌঁ ক্লীঁ হ্রীঁ ক্লীঁ ওঁ ওঁ স্বাহা। ওঁ ক্লঃ ক্লীঁ হংস ফট্ বৌষট্ স্বাহা। ওঁ ওঁ ওঁ হৌঁ হৌঁ হৌঁ হ্রৌঁ হ্রৌঁ হ্রৌঁ হূঁ হূঁ হূঁ স্বাহা। হূঁ হ্রীঁ হ্রীঁ হ্রৌঁ ওঁ ক্লঃ স্বাহা। ওঁ হ্রীঁ হূঁ স্বাহা। হৌঁ নমঃ শিবায় স্বাহা।

## অথবা

ওঁ হ্রীঁ ক্লীঁ শ্রীঁ ক্রীঁ ক্রীঁ চণ্ডিকে দেবি শাপানুগ্রহং কুরু কুরু স্বাহা।—এই মন্ত্র একবার পাঠ করিবে।

# অর্গলস্তোত্রম্

## ওঁ নমশ্চণ্ডিকায়ৈ

জয় ত্বং দেবি চামুণ্ডে জয় ভূতাপসারিণি।
জয় সর্ব্বগতে দেবি কালরাত্রি নমোঽস্তু তে ॥ ১
জয়ন্তী মঙ্গলা কালী ভদ্রকালী কপালিনী।
দুর্গা শিবা ক্ষমা ধাত্রী স্বাহা স্বধা নমোঽস্তু তে ॥ ২

অনুবাদ।—হে দেবি চামুণ্ডে! তোমার জয় হউক, হে দেবি! তুমি ভূতাপসারিণী অর্থাৎ সর্ব্বভূতজননী; তুমি সর্ব্বভূতে অবস্থিত বলিয়া সর্ব্বগতা, তুমি প্রলয়কালে ভূতসংহারিণী, অতএব হে কালরাত্রি! তোমায় নমস্কার করি ॥ ১ ॥ হে দেবি! তুমি সর্ব্বোৎকৃষ্টা বলিয়া জয়ন্তী, ভক্তগণের জন্মমরণাদিরূপ 'মঙ্গ' গ্রহণ কর বলিয়া, তুমি মঙ্গলা অর্থাৎ মোক্ষদায়িনী; সংহারকালে সর্ব্বসংহারিণী বলিয়া তুমি কালী; ভক্তগণের ভদ্র (মঙ্গল) দায়িনী বলিয়া তুমি ভদ্রকালী। প্রত্যেক জগৎপ্রপঞ্চ (অথবা ব্রহ্মাদির কপাল) হস্তে ধারণ করিয়া নৃত্য কর বলিয়া তুমি কপালিনী। ভক্তগণ বহুকষ্টে তোমায় লাভ করেন বলিয়া দুঃখপ্রাপ্যা; অতএব তুমিই দুর্গা। হে দেবি! সর্ব্বজীবের অপরাধ ক্ষমা কর বলিয়া তুমিই ক্ষমা; তুমিই শিবা (চিৎস্বরূপা); সর্ব্বজীবকে ধারণ কর বলিয়া তুমিই ধাত্রী; তুমিই স্বাহা (দেবপোষিণী); তুমিই স্বধা

মধুকৈটভবিধ্বংসি-বিধাতৃবরদে নমঃ।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি ॥ ৩
মহিষাসুর-নির্ণাশ-বিধাত্রি বরদে নমঃ।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি ॥ ৪
ধূম্রনেত্রবধে দেবি ধর্ম্মকামার্থদায়িনি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি ॥ ৫
রক্তবীজবধে দেবি চণ্ড-মুণ্ড বিনাশিনি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি ॥ ৬
নিশুম্ভশুম্ভ-নির্ণাশি ত্রৈলোক্যশুভদে নমঃ।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি ॥ ৭

(পিতৃপোষিণী); হে দেবি! তোমায় নমস্কার করিতেছি ॥ ২ ॥ হে মধুকৈটভনাশিনি! মধুকৈটভ-নাশের জন্য ব্রহ্মা তোমায় স্তব করিলে তুমি তাঁহাকে বর প্রদান করিয়া তাঁহার যেরূপ অভীষ্ট পূরণ করিয়াছিলে, হে বিধাতৃবরদে! সেইরূপ আমার নমস্কারে প্রসন্না হইয়া আমায় রূপ (পরমাত্মবস্তু), জয় (বেদজ্ঞান বা তত্ত্বজ্ঞান) ও তত্ত্বজ্ঞানজন্য যশ প্রদান কর এবং কামক্রোধাদি শত্রুনাশ কর ॥ ৩ ॥ হে মহিষাসুরনাশিনি! হে বিধাত্রি! হে বরদে! আমার নমস্কারে প্রসন্না হইয়া আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর ॥ ৪ ॥ হে ধূম্রলোচননাশিনি! হে ধর্ম্মকামার্থদায়িনি! আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর ॥ ৫ ॥ হে চণ্ডমুণ্ডবিনাশিনি!

বন্দিতাঙ্ঘ্রি যুগে দেবি সর্ব্বসৌভাগ্যদায়িনি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ৮
অচিন্ত্য-রূপ-চরিতে সর্ব্ব-শত্রু-বিনাশিনি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ৯
নতেভ্যঃ সর্ব্বদা ভক্ত্যা চাপর্ণে দুরিতাপহে।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ১০
স্তুবদ্ভ্যো ভক্তিপূর্ব্বং ত্বাং চণ্ডিকে ব্যাধিনাশিনি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ১১
চণ্ডিকে সততং যুদ্ধে জয়ন্তি পাপনাশিনি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ১২

হে রক্তবীজঘাতিনি! আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর॥ ৬॥ হে নিশুম্ভ শুম্ভ-নাশিনি! হে ত্রৈলোক্যের মঙ্গলদায়িনি! আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর॥ ৭॥ হে দেবি! ব্রহ্মাদি দেবগণ তোমার চরণযুগল সতত বন্দনা করিয়া থাকেন; তুমি সকলের সৌভাগ্যদায়িনী; অতএব আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর॥ ৮॥ হে দেবি! তোমার রূপ ও চরিত্র অচিন্ত্য, হে সর্ব্বশত্রুবিনাশিনি! আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর॥ ৯॥ হে অপর্ণে! হে বিঘ্নবিধ্বংসিনি! যাহারা ভক্তিসহকারে সতত তোমায় নমস্কার করে, তুমি তাহাদিগকে রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর॥১০॥ হে চণ্ডিকে! হে ব্যাধিনাশিনি! যাহারা

বিধেহি দেবি কল্যাণং বিধেহি বিপুলাং শ্রিয়ম্ ।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি ॥ ১৩
বিধেহি দ্বিষতাং নাশং বিধেহি বলমুচ্চকৈঃ ।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি ॥ ১৪
সুরাসুর-শিরোরত্ন-নিঘৃষ্ট-চরণাম্বুজে ।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি ॥ ১৫
বিদ্যাবন্তং যশস্বন্তং লক্ষ্মীবন্তঞ্চ মাং কুরু ।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহ দ্বিষো জহি ॥ ১৬
দেবি প্রচণ্ড-দোর্দ্দণ্ড-দৈত্যদর্প-নিসূদিনি ।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি ॥ ১৭

ভক্তিপূর্ব্বক তোমার স্তব করে, তুমি তাহাদিগকে রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর ॥ ১১ ॥ হে চণ্ডি! তুমি যুদ্ধে সতত জয়শালিনী, হে পাপনাশিনি! তুমি রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর ॥ ১২ ॥ হে দেবি! প্রণত জনগণের কল্যাণ সম্পাদন কর, বিপুল ঐশ্বর্য্য প্রদান কর, রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর ॥ ১৩ ॥ হে দেবি! আমার কামক্রোধাদি শত্রু বিনাশ কর, আমায় বিপুলবলশালী কর, আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর ॥ ১৪ ॥ হে দেবি! সুরাসুরের শিরোরত্নে তোমার চরণারবিন্দ ভূষিত হইয়াছে; আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর ॥ ১৫ ॥ হে দেবি! আমায় বিদ্যাবান্, যশস্বী ও শ্রীমান্

প্রচণ্ড-দৈত্যদর্পঘ্নে চণ্ডিকে প্রণতায় মে।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি ॥ ১৮
চতুর্ভুজে চতুর্ব্বক্ত্র-সংস্তুতে পরমেশ্বরি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি ॥ ১৯
কৃষ্ণেন সংস্তুতে দেবি শশ্বদ্ভক্ত্যা সদাম্বিকে।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি ॥ ২০
হিমাচল-সুতা-নাথ-সংস্তুতে পরমেশ্বরি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি ॥ ২১
ইন্দ্রাণীপতি-সদ্ভাব-পূজিতে পরমেশ্বরি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি ॥ ২২

কর, রূপ, ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর ॥ ১৬ ॥ হে দেবি! তুমি স্বীয় প্রচণ্ড বাহুদণ্ডে দৈত্যগণের দর্প নাশ করিয়া থাক; অতএব হে দৈত্যদর্পবিনাশিনি! আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর ॥ ১৭ ॥ হে প্রচণ্ড-দৈত্যদর্পঘাতিনি! আমি প্রণত, আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর ॥১৮॥ হে চতুর্ভুজে! হে ব্রহ্মবন্দ্যে! হে পরমেশ্বরি! আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর ॥ ১৯ ॥ হে অম্বিকে! শ্রীকৃষ্ণ ভক্তিসহকারে সর্ব্বদা তোমার স্তব করিয়া থাকেন, হে কৃষ্ণবন্দ্যে! আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর ॥ ২০ ॥ হে পরমেশ্বরি! স্বয়ং উমাকান্ত তোমার স্তব করিয়া থাকেন, অতএব হে শিববন্দ্যে! আমায় রূপ, জয় ও যশ প্রদান

দেবি ভক্তজনোদ্দাম-দত্তানন্দোদয়েঽম্বিকে।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি ॥ ২৩
ভার্য্যাং মনোরমাং দেহি মনোবৃত্ত্যনুসারিণীম্।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি ॥ ২৪
তারিণি দুর্গ-সংসার-সাগরস্যাচলোদ্ভবে।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি ॥ ২৫
ইদং স্তোত্রং পঠিত্বা তু মহাস্তোত্রং পঠেন্নরঃ।
সপ্তশতীং সমারাধ্য বরমাপ্নোতি দুর্লভম্ ॥ ওঁ ॥ ২৬

॥ * ॥ ইত্যর্গলস্তোত্রম্ ॥ * ॥

কর এবং শত্রুনাশ কর ॥ ২১ ॥ হে পরমেশ্বরি! শচীপতি ইন্দ্র ভক্তিসহকারে (সর্ব্বদা) তোমার স্তুতি করিয়া থাকেন; অতএব হে ইন্দ্রারাধ্যে! আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর ॥ ২২ ॥ হে দেবি! তুমি ভক্তগণকে অবিরত আনন্দধারা প্রদান করিয়া থাক; হে অম্বিকে! আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর ॥ ॥২৩॥ হে দেবি! আমার স্বীয় চিত্তানুবর্ত্তিনী মনোরমা ভার্য্যা প্রদান কর এবং রূপ, জয় ও যশ প্রদান কর, শত্রুনাশ কর ॥ ২৪ ॥ হে দুর্গমসংসার-সাগর পারকারিণি! হে গিরিসুতে! আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শত্রুনাশ কর ॥ ২৫ ॥ মনুষ্য এই স্তব পাঠ করিয়া সপ্তশতীস্তব পাঠপূর্ব্বক দেবীর পূজা করিলে দুর্লভ বর প্রাপ্ত হয় ॥ ২৬

॥ * ॥ অর্গলানুবাদ সমাপ্ত ॥ * ॥

# অথ কীলকস্তবঃ

## মার্কণ্ডেয় উবাচ

ওঁ বিশুদ্ধজ্ঞানদেহায় ত্রিবেদী-দিব্যচক্ষুষে।
শ্রেয়ঃপ্রাপ্তি-নিমিত্তায় নমঃ সোমার্দ্ধধারিণে ॥ ১
সর্ব্বমেতদ্ বিজানীয়ান্মন্ত্রাণামপি কীলকম্।
সোঽপি ক্ষেমমবাপ্নোতি সততং জপ্যতৎপরঃ ॥ ২
সিধ্যন্ত্যুচ্চাটনাদীনি কর্ম্মাণি সকলান্যপি।
এতেন স্তুবতাং দেবীং স্তোত্রবৃন্দেন ভক্তিতঃ ॥ ৩
ন মন্ত্রো নৌষধং তস্য ন কিঞ্চিদপি বিদ্যতে।
বিনা জপ্যেন সিধ্যেত্তু সর্ব্বমুচ্চাটনাদিকম্ ॥ ৪

অনুবাদ।—( শিষ্যগণের প্রশ্নে ) মহর্ষি মার্কণ্ডেয় বলিলেন—বিশুদ্ধজ্ঞান যাঁহার মূর্ত্তি-স্বরূপ, বেদত্রয় চক্ষুঃস্বরূপ, আমি মঙ্গলের জন্য সেই চন্দ্রশেখরকে প্রণাম করি ॥ ১ ॥ এই মন্ত্রগুলি সপ্তশতী মন্ত্রসমূহের কীলক ( প্রতিবন্ধক ) স্বরূপ ; যিনি ইহা সতত জপ করেন, তিনি মঙ্গল লাভ করেন ॥ ২ ॥ জপ না করিলেও কেবলমাত্র এই সপ্তশতীস্তোত্র পাঠ দ্বারা যে ব্যক্তি দেবীর স্তব করিবে, তাহার উচ্চাটনাদি সমস্ত কর্ম্মেই সিদ্ধি লাভ হইবে, এ বিষয়ে সিদ্ধিলাভের উপযোগী অন্য কোন মন্ত্র

সমগ্রাণ্যপি সেৎস্যন্তি লোকে শঙ্কামিমাং হরঃ।
কৃত্বা নিমন্ত্রয়ামাস সর্ব্বমেবমিদং শুভম্ ॥
স্তোত্রং বৈ চণ্ডিকায়াস্তু তচ্চ গুহ্যং চকার সঃ ॥ ৫
স প্রাপ্নোতি স্বপুণ্যেন তাং যথাবন্নিমন্ত্রিণাম্।
সোঽপি ক্ষেমমবাপ্নোতি সর্ব্বমেব ন সংশয়ঃ ॥ ৬
কৃষ্ণায়াং বা চতুর্দ্দশ্যামষ্টম্যাং বা সমাহিতঃ।
দদাতি প্রতিগৃহ্লাতি নান্যথৈষা প্রসীদতি ॥ ৭
ইত্থংরূপেণ কীলেন মহাদেবেন কীলিতম্।
যো নিষ্কীলাং বিধায়ৈনাং চণ্ডীং জপতি নিত্যশঃ।
স সিদ্ধঃ সগণঃ সোঽথ গন্ধর্ব্বো জায়তে ধ্রুবম্ ॥ ৮

ঔষধ বা যোগাদি অনুষ্ঠান নাই; (সুতরাং অনায়াসসাধ্য এই উপায়ে জগতে দুর্জ্জন ব্যক্তি দ্বারা অনিষ্ট হইতে পারে) এই আশঙ্কায় মহেশ্বর সমগ্র সপ্তশতী স্তবকে এই কীলক দ্বারা গোপনীয় করিয়া রাখিয়াছিলেন ॥ ৩—৫ ॥ যে ব্যক্তি কৃষ্ণপক্ষের অষ্টমীতে বা চতুর্দ্দশীতে অনন্যচিত্ত হইয়া যথাবিধি ইহা পাঠ করে বা শ্রবণ করে, তাহার প্রতি দেবী প্রসন্না হইয়া থাকেন এবং তাহার সর্ব্ববিধ মঙ্গল লাভ হয়। অন্য কোন প্রকারেই দেবী প্রসন্না হন না ॥ ৬।৭ ॥ এইরূপে মহাদেব দ্বারা কীলিত এই সপ্তশতী স্তবকে যে ব্যক্তি (কীলকস্তব পাঠদ্বারা) নিষ্কীলক করিয়া প্রত্যহ পাঠ করে, তাহার সিদ্ধিলাভ হয় এবং সেই ব্যক্তি গন্ধর্ব্ব স্বরূপ হইয়া দেবীগণমধ্যে পরিগণিত হয়। তাহার সমস্ত বিষয়ে

ন চৈবাপাটবং তস্য ভয়ং ক্বাপি ন জায়তে।
নাপমৃত্যুবশং যাতি মৃতে চ মোক্ষমাপ্নুয়াৎ ॥ ৯
জ্ঞাত্বা প্রারভ্য কুর্ব্বীত হ্যকুর্ব্বাণো বিনশ্যতি।
ততো জ্ঞাত্বৈব সম্পূর্ণমিদং প্রারভ্যতে বুধৈঃ ॥ ১০
সৌভাগ্যাদি চ যৎকিঞ্চিদ্দৃশ্যতে ললনাজনে।
তৎ সর্ব্বং তৎপ্রসাদেন তেন জপ্যমিদং সদা ॥ ১১
শনৈস্তু জপ্যমানেঽস্মিন্ স্তোত্রে সম্পত্তিরুচ্চকৈঃ।
ভবত্যেব সমগ্রাপি ততঃ প্রারভ্যমেব তৎ ॥ ১২
ঐশ্বর্য্যং তৎপ্রসাদেন সৌভাগ্যারোগ্যমেব চ।
শত্রুহানিঃ পরো মোক্ষঃ স্তূয়তে সা ন কিং জনৈঃ ॥১৩

নিপুণতা জন্মে, কোনও বস্তু হইতে ভয় হয় না, তাহার অপমৃত্যু ঘটে না এবং মরণান্তে মোক্ষ লাভ হইয়া থাকে ॥ ৮।৯ ॥ এই কীলক স্তব জ্ঞাত হইয়া পাঠ ও পরে সপ্তশতী স্তব ( চণ্ডী ) পাঠ করিবে, অন্যথা সেই ব্যক্তি বিনষ্ট হইবে; অতএব পণ্ডিতগণ ইহা ( কীলক ) সম্পূর্ণরূপে জ্ঞাত হইয়াই চণ্ডী পাঠ করিয়া থাকেন ॥ ১০ ॥ স্ত্রীলোকগণের মধ্যে সৌভাগ্যাদি যাহা কিছু (গুণ) দেখা যায়, তৎ সমস্তই দেবীর প্রসাদে লাভ হইয়া থাকে; অতএব এই কীলক সর্ব্বদা পাঠ করা কর্ত্তব্য ॥ ১১ ॥ এই কীলক সুস্পষ্টভাবে পাঠ করিলে সম্পূর্ণরূপে মহাসম্পদ্ লাভ হয়, অতএব ইহা প্রথমে পাঠ করিবে ॥ ১২ ॥ ( যেহেতু ) দেবীর প্রসাদে ঐশ্বর্য্য, সৌভাগ্য ও আরোগ্যলাভ এবং শত্রুক্ষয় ও নির্ব্বাণ মুক্তিলাভ

চণ্ডিকাং হৃদয়েনাপি যঃ স্মরেৎ সততং নরঃ।
হৃদ্যং কামমবাপ্নোতি হৃদি দেবী সদা বসেৎ ॥ ১৪
অগ্রতোঽমুং মহাদেব-কৃতং কীলকবারণম্।
নিষ্কীলঞ্চ তথা কৃত্বা পঠিতব্যং সমাহিতৈঃ ॥ ১৫

॥ * ॥ ওঁ ॥ ইতি কীলকস্তবঃ ॥ * ॥

হইয়া থাকে, (অতএব) মনুষ্যগণ সেই দেবীকে কেননা স্তব করিবে ॥১৩ যে মনুষ্য দেবী চণ্ডিকাকে হৃদয়ে স্মরণ করে, সম্পূর্ণরূপে তাহার কামনা সিদ্ধ হয় এবং দেবী সর্ব্বদা তাঁহার হৃদয়ে বাস করেন ॥ ১৪ ॥ কীলকের ( দ্বাররোধক অর্গলের ) বারণ ( উদ্ঘাটন ) স্বরূপ মহাদেব-কৃত এই কীলক অগ্রে পাঠপূর্ব্বক সপ্তশতী স্তবকে নিষ্কীল ( উন্মুক্ত ) করিয়া একমনে পাঠ করিবে ॥ ১৫

॥ * ॥ ইতি কীলকস্তবানুবাদ ॥ * ॥

# অথ কবচম্

## মার্কণ্ডেয় উবাচ

ওঁ যদ্ গুহ্যং পরমং লোকে সর্ব্বরক্ষাকরং নৃণাম্ ।
যন্ন কস্যচিদাখ্যাতং তন্মে ব্রূহি পিতামহ ॥ ১

## ব্রহ্মোবাচ

অস্তি গুহ্যতমং বিপ্র সর্ব্বভূতোপকারকম্ ।
দেব্যাস্তু কবচং পুণ্যং তচ্ছৃণুষ্ব মহামুনে ॥ ২
প্রথমং শৈলপুত্রীতি দ্বিতীয়ং ব্রহ্মচারিণী ।
তৃতীয়ং চণ্ডঘণ্টেতি কুষ্মাণ্ডেতি চতুর্থকম্ ॥ ৩
পঞ্চমং স্কন্দমাতেতি ষষ্ঠং কাত্যায়নী তথা ।
সপ্তমং কালরাত্রীতি মহাগৌরীতি চাষ্টমম্ ॥ ৪

অনুবাদ।—মহর্ষি মার্কণ্ডেয় ব্রহ্মাকে জিজ্ঞাসা করিলেন,—হে ব্রহ্মন্! জগতে যাহা অতি গোপনীয় ও মানবের দুঃখনিবারক এবং যাহা কাহারও কর্তৃক অভিহিত হয় নাই, তাহা আমাকে উপদেশ করুন ॥ ১
ব্রহ্মা মার্কণ্ডেয়ের আগ্রহাতিশয্যে আনন্দিত হইয়া তাঁহাকে বলিলেন, হে মহামুনে! মানবগণের দুঃখনিবারক পুণ্যপ্রদ দেবীকবচ জগতে অতি গোপনীয়; অধুনা আমি তাহা কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর ॥ ২ ॥
[ মহামায়া জগতে নানাবিধ মূর্ত্তিতে নববিধ নামে পূজিত হইয়া

নবমং সিদ্ধিদাত্রীতি নবদুর্গাঃ প্রকীর্ত্তিতাঃ।
উক্তান্যেতানি নামানি ব্রহ্মণৈব মহাত্মনা ॥ ৫
অগ্নিনা দহ্যমানাস্তু শত্রুমধ্যগতা রণে।
বিষমে দুর্গমে চৈব ভয়ার্ত্তাঃ শরণং গতাঃ ॥ ৬
ন তেষাং জায়তে কিঞ্চিদশুভং রণসঙ্কটে।
আপদং ন চ পশ্যন্তি শোকদুঃখভয়ঙ্করীম্।
যৈস্তু ভক্ত্যা স্মৃতা নিত্যং তেষামৃদ্ধিঃ প্রজায়তে ॥ ৭
প্রেতসংস্থা চ চামুণ্ডা বারাহী মহিষাসনা।
ঐন্দ্রী গজসমারূঢ়া বৈষ্ণবী গরুড়াসনা ॥ ৮

থাকেন; ব্রহ্মা প্রথমেই মূর্ত্তিসমূহের নাম কীর্ত্তন করিতেছেন;—] মহাত্মা ব্রহ্মা বেদে দেবীর যে নামসমূহ কীর্ত্তন করিয়াছিলেন, তাহা এই—১ম "শৈলপুত্রী"; ২য় "ব্রহ্মচারিণী"; ৩য় "চন্দ্রঘণ্টা"; ৪র্থ "কুষ্মাণ্ডা"; ৫ম "স্কন্দমাতা" ৬ষ্ঠ "কাত্যায়নী"; ৭ম "কালরাত্রী"; ৮ম "মহাগৌরী"; ৯ম "সিদ্ধিদাত্রী"; এই নবনামেই জগদ্ধাত্রী দুর্গা বেদাদিশাস্ত্রে অভিহিত হইয়াছেন ॥ ৩—৫ ॥ যাহারা অগ্নিদগ্ধ ও রণে শত্রুপীড়িত হইয়া দেবীর শরণাপন্ন হয়, আর যাহারা বিষম সঙ্কটে ভয়-পীড়িত হইয়া দেবীর শরণাপন্ন হয়, তাহাদের যুদ্ধে বা সঙ্কটে কিছুমাত্র অশুভ উপস্থিত হয় না এবং তাহাদের দুঃখ-শোকজড়িত বিপদ্‌ও ঘটে না, যাহারা ভক্তিপূর্ব্বক দেবীর স্মরণ করে, তাহাদের ঐশ্বর্য্যাদি বৃদ্ধি প্রাপ্ত হয় ॥ ৬।৭ ॥ প্রেতবাহনা চামুণ্ডা, মহিষবাহনা বারাহী, গজারূঢ়া

নারসিংহী মহাবীর্য্যা শিবদূতী মহাবলা ।
মাহেশ্বরী বৃষরূঢ়া কৌমারী শিখিবাহনা ॥ ৯
ব্রাহ্মী হংস-সমারূঢ়া সর্ব্বাভরণভূষিতা ।
লক্ষ্মীঃ পদ্মাসনা দেবী পদ্মহস্তা হরিপ্রিয়া ॥ ১০
শ্বেতরূপধরা দেবী ঈশ্বরী বৃষবাহনা ।
ইত্যেতা মাতরঃ সর্ব্বাঃ সর্ব্বযোগ-সমন্বিতাঃ ॥ ১১
নানাভরণ-শোভাঢ্যা নানারত্নোপশোভিতাঃ ।
শ্রেষ্ঠৈশ্চ মৌক্তিকৈঃ সর্ব্বা দিব্যহারপ্রলম্বিভিঃ ॥ ১২
ইন্দ্রনীলৈর্ম্মহানীলৈঃ পদ্মরাগৈঃ সুশোভনৈঃ ।
দৃশ্যন্তে রথমারূঢ়া দেব্যঃ ক্রোধসমাকুলাঃ ॥ ১৩
শঙ্খং চক্রং গদাং শক্তিং হলঞ্চ মুসলায়ুধম্
খেটকং তোমরঞ্চৈব পরশুং পাশমেব চ ॥ ১

ঐন্দ্রী, গরুড়বাহনা বৈষ্ণবী, মহাবীর্য্যা, নারসিংহী, শক্তিশালিনী শিবদূতী, বৃষারূঢ়া মাহেশ্বরী, ময়ূরবাহনা কৌমারী, হংসারূঢ়া সর্ব্বাভরণ-ভূষিতা ব্রাহ্মী, পদ্মহস্তা পদ্মাসনা হরিপ্রিয়া, শ্বেতবর্ণা বৃষবাহনা ঈশ্বরী, সর্ব্বকর্ম্মসুনিপণা এই মাতৃগণ বিবিধভূষণে নানাবিধ রত্নে দিব্যহার-গ্রথিত সর্ব্বশ্রেষ্ঠ মুক্তাফলকে সুশোভন পদ্মরাগ, মহানীল ও ইন্দ্রনীলে সুশোভিত হইয়া রথারূঢ়া হইয়াছেন ; তাঁহাদের বদনমণ্ডলে ক্রোধ পরি-লক্ষিত হইতেছে ॥৮—১৩॥ তাঁহারা দৈত্যগণের নাশের জন্য ও ভক্তগণের অভয়ের জন্য এবং দৈত্যপীড়িত দেবগণের মঙ্গলের নিমিত্ত শঙ্খ, চক্র,

কুন্তায়ুধঞ্চ খড়্গঞ্চ শার্ঙ্গায়ুধমনুত্তমম্ ।
দৈত্যানাং দেহনাশায় ভক্তানামভয়ায় চ ।
ধারয়ন্ত্যায়ুধানীত্থং দেবানাঞ্চ হিতায় বৈ ॥ ১৫
নমস্তেঽস্তু মহারৌদ্রে মহাঘোরপরাক্রমে ।
মহাবলে মহোৎসাহে মহাভয়-বিনাশিনি ।
ত্রাহি মাং দেবী দুষ্প্রেক্ষ্যে শত্রূণাং ভয়বর্দ্ধিনি ॥ ১৬
প্রাচ্যাং রক্ষতু মামৈন্দ্রী আগ্নেয্যামগ্নিদেবতা ।
দক্ষিণে চৈব বারাহী নৈঋর্ত্যাং খড়্গধারিণী ॥ ১৭
প্রতীচ্যাং বারুণী রক্ষেদ্ বায়ব্যাং বায়ুদেবতা ।
উদীচ্যাং দিশি কৌবেরী ঐশান্যাং শূলধারিণী ॥ ১৮
ঊর্দ্ধে ব্রাহ্মী চ মাং রক্ষেদধস্থাদ্ বৈষ্ণবী তথা ।
এবং দশ দিশো রক্ষেচ্চামুণ্ডা শববাহনা ॥ ১৯

গদা, শক্তি, হল, মুসল, খেটক, তোমর, পরশু, পাশ, কুন্ত, খড়্গ ও সর্ব্বোৎকৃষ্ট ধনুঃ ধারণ করিয়াছেন ॥ ১৪ ॥ ১৫ ॥ হে মহারুদ্রশক্তিরূপিণি ! মহাপরাক্রমশালিনি ! মহাসত্ত্বময়ে ! দেবি ! তুমি মহাবলধারিণী, তোমার রূপ সুদুর্দ্দর্শ ; তুমি শত্রুগণের ভয় বর্দ্ধন ও ( ভক্তগণের ) মহাভয় দূর করিয়া থাক ; ( অতএব ) তোমাকে নমস্কার করি ॥ ১৬ ॥ দেবী ঐন্দ্রী আমার পূর্ব্বদিকে, অগ্নিদেবতা অগ্নিকোণে, বারাহী দক্ষিণে, খড়্গধারিণী নৈঋর্তকোণে, বারুণী পশ্চিমে, বায়ুদেবতা বায়ুকোণে, কৌবেরী উত্তরে, শূলধারিণী ঈশানে, ব্রাহ্মী ঊর্দ্ধদেশে, বৈষ্ণবী অধোদেশে, এইরূপে

জয়া মামগ্রতঃ পাতু বিজয়া পাতু পৃষ্ঠতঃ।
অজিতা বামপার্শ্বে তু দক্ষিণে চাপরাজিতা ॥ ২০
শিখাং মে দ্যোতিনী রক্ষেদুমা মূর্দ্ধ্নি ব্যবস্থিতা।
মালাধরী ললাটে চ ভ্রুবোর্ম্মধ্যে যশস্বিনী ॥ ২১
নেত্রয়োশ্চিত্রনেত্রা চ যমঘণ্টা তু পার্শ্বকে।
শঙ্খিনী চক্ষুষোর্ম্মধ্যে শ্রোত্রয়োর্দ্বারবাসিনী ॥ ২২
কপোলৌ কালিকা রক্ষেৎ কর্ণমূলে চ শঙ্করী।
নাসিকায়াং সুগন্ধা চ উত্তরৌষ্ঠে চ চর্চ্চিকা ॥ ২৩
অধরে চামৃতা চৈব জিহ্বায়াঞ্চ সরস্বতী।
দন্তান্ রক্ষতু কৌমারী কণ্ঠমধ্যে তু চণ্ডিকা ॥ ২৪
ঘণ্টিকাং চিত্রঘণ্টা চ মহামায়া চ তালুকে।
কামাখ্যা চিবুকং রক্ষেদ্ বাচং মে সর্ব্বমঙ্গলা ॥২৫

শববাহনা চামুণ্ডাদেবী আমার দশ দিক্ রক্ষা করুন ॥ ১৭—১৯ ॥ জয়াদেবী আমার সম্মুখভাগ, বিজয়া পৃষ্ঠদেশ, অজিতা বামপার্শ্ব, অপরাজিতা দক্ষিণ পার্শ্ব রক্ষা করুন। ( এইরূপে ) দ্যোতিনী আমার শিখা, উমা মস্তক, মালাধরী ললাট, যশস্বিনী ভ্রূযুগলের মধ্য, চিত্রনেত্রা নয়নদ্বয়, যমঘণ্টা পার্শ্বদেশ, শঙ্খিনী চক্ষুর্দ্বয়ের মধ্য ( তারকা ), দ্বারবাসিনী কর্ণদ্বয়, কালিকা গণ্ডযুগল, শঙ্করী কর্ণমূল, সুগন্ধা নাসিকা, চর্চ্চিকা ওষ্ঠ, অমৃতা অধর, সরস্বতী জিহ্বা, কৌমারী দন্তপঙ্ক্তি, চণ্ডিকা কণ্ঠমধ্য, চিত্রঘণ্টা অগ্রজিহ্বা ( আল্‌জিভ ), মহামায়া তালুদেশ, কামাখ্যা

গ্রীবায়াং ভদ্রকালী চ পৃষ্ঠবংশে ধনুর্দ্ধরী।
নীলগ্রীবা বহিঃকণ্ঠে নলিকাং নলকূবরী ॥ ২৬
খড়্গধারিণ্যুভৌ স্কন্ধৌ বাহূ মে বজ্রধারিণী।
হস্তয়োর্দ্দণ্ডিনী রক্ষেদম্বিকা চাঙ্গুলীস্তথা ॥ ২৭
নখান্ স্থরেশ্বরী রক্ষেৎ কুক্ষৌ রক্ষেন্নরেশ্বরী।
স্তনৌ রক্ষেন্মহাদেবী মনঃ শোকবিনাশিনী ॥ ২৮
হৃদয়ে ললিতা দেবী উদরে শূলধারিণী।
নাভৌ চ কামিনী রক্ষেদ্ গুহ্যং গুহ্যেশ্বরী তথা ॥ ২৯
মেঢ্রং রক্ষতু দুর্গন্ধা পায়ুং মে গুহ্যবাসিনী।
কট্যাং ভগবতী রক্ষেদূরূ মে ঘনবাহনা ॥ ৩০
জঙ্ঘে মহাবলা রক্ষেজ্জানূ মাধবনায়িকা।
গুল্ফয়োর্নারসিংহী চ পাদপৃষ্ঠে চ কৌষিকী ॥ ৩১

চিবুক ( দাড়ি ), সর্ব্বমঙ্গলা বাক্য, ভদ্রকালী গ্রীবাদেশ ( ঘাড় ), ধনুর্দ্ধরী মেরুদণ্ড, নীলগ্রীবা কণ্ঠের বহির্ভাগ, নলকূবরী কণ্ঠনালী, খড়্গধারিণী স্কন্ধদ্বয়, বজ্রধারিণী বাহুদ্বয়, দণ্ডিনী হস্তযুগল, অম্বিকা অঙ্গুলিসমূহ, স্থরেশ্বরী নখনিচয়, নরেশ্বরী বাহুমূল, মহাদেবী স্তনদ্বয়, শোকবিনাশিনী অন্তঃকরণ, ললিতা দেবী হৃদয় ( বক্ষঃ ), শূলধারিণী উদর, কামিনী নাভি, গুহ্যেশ্বরী গুহ্যদেশ ( মলদ্বার ), দুর্গন্ধা মেঢ্র ( জননেন্দ্রিয় ), গুহ্যবাসিনী পায়ু ( মলদ্বারের অভ্যন্তরভাগ ), ভগবতী কটিদেশ ( কোমর ), ঘনবাহনা উরুদ্বয়, মহাবলা জঙ্ঘাদ্বয়, মাধবনায়িকা জানুযুগল, নারসিংহী গুল্ফদ্বয়

পাদাঙ্গুলীঃ শ্রীধরী চ তলং পাতাল-বাসিনী।
নখান্ দংষ্ট্রাকরালী চ কেশাংশ্চৈবোর্দ্ধকেশিনী॥ ৩২
রোমকূপাণি কৌমারী ত্বচং যোগেশ্বরী তথা।
রক্তং মাংসং বসাং মজ্জামস্থি মেদশ্চ পার্ব্বতী॥ ৩৩
অন্ত্রাণি কালরাত্রী চ পিত্তঞ্চ মুকুটেশ্বরী।
পদ্মাবতী পদ্মকোষে কক্ষে চূড়ামণিস্তথা॥ ৩৪
জ্বালামুখী নখজ্বালামভেদ্যা সর্ব্বসন্ধিষু।
শুক্রং ব্রহ্মাণী মে রক্ষেচ্ছায়াং ছত্রেশ্বরী তথা॥ ৩৫
অহঙ্কারং মনো বুদ্ধিং রক্ষেন্মে ধর্ম্মধারিণী।
প্রাণাপানৌ তথা ব্যানমুদানঞ্চ সমানকম্॥ ৩৬
বজ্রহস্তা তু মে রক্ষেৎ প্রাণান্ কল্যাণশোভনা।
রসে রূপে চ গন্ধে চ শব্দে স্পর্শে চ যোগিনী॥ ৩৭
সত্ত্বং রজস্তমশ্চৈব রক্ষেন্নারায়ণী সদা।
আয়ূ রক্ষতু বারাহী ধর্ম্মং রক্ষতু বৈষ্ণবী॥ ৩৮

(গোড়ালি), কৌষিকী পদদ্বয়ের পৃষ্ঠদেশ, শ্রীধরী পদাঙ্গুলিসমূহ, পাতাল-বাসিনী পদতল, দংষ্ট্রাকরালী পদনখসমূহ, ঊর্দ্ধকেশিনী কেশসমূহ, কৌমারী লোমকূপসমূহ, যোগেশ্বরী ত্বক্, পার্ব্বতী রক্ত, মাংস, বসা, মজ্জা, অস্থি ও মেদ, কালরাত্রী অন্ত্রসমূহ, মুকুটেশ্বরী পিত্ত, পদ্মাবতী পদ্মকোষ (ফুস্ফুস্), চূড়ামণি কফ, জ্বালামুখী নখের দীপ্তি, অভেদ্যা সমস্ত সন্ধিস্থান

যশঃ কীর্ত্তিঞ্চ লক্ষ্মীঞ্চ সদা রক্ষতু বৈষ্ণবী।
গোত্রমিন্দ্রাণী মে রক্ষেৎ পশূন্ রক্ষেচ্চ চণ্ডিকা ॥ ৩৯
পুত্রান্ রক্ষেন্মহালক্ষ্মীর্ভার্য্যাং রক্ষতু ভৈরবী।
ধনেশ্বরী ধনং রক্ষেৎ কৌমারী কন্যকাং তথা ॥ ৪০
মার্গং ক্ষেমঙ্করী রক্ষেদ্ বিজয়া সর্ব্বতঃ স্থিতা।
রক্ষাহীনঞ্চ যৎ স্থানং বর্জ্জিতং কবচেন তু।
তৎ সর্ব্বং রক্ষ মে দেবি দুর্গে দুর্গাপহারিণি ॥ ৪১
সর্ব্বরক্ষাকরং পুণ্যং কবচং সর্ব্বদা জপেৎ।
ইদং রহস্যং বিপ্রর্ষে ভক্ত্যা তব ময়োদিতম্ ॥ ৪২
দেব্যাস্তু কবচেনৈবমরক্ষিততনুঃ সুধীঃ।
পাদমেকং ন গচ্ছেত্তু যদীচ্ছেচ্ছুভমাত্মনঃ ॥ ৪৩

ব্রহ্মাণী শুক্র, ছত্রেশ্বরী ছায়া, ধর্ম্মধারিণী অহঙ্কার মন এবং বুদ্ধি, কল্যাণ-শোভনা বজ্রহস্তা প্রাণ-অপান-ব্যান-উদান-সমান ভেদে পঞ্চ প্রাণবায়ু, যোগিনী রূপ, রস, গন্ধ, স্পর্শ ও শব্দ, নারায়ণী সত্ত্ব, রজঃ ও তমঃ, বারাহী আয়ুঃ, বৈষ্ণবী ধর্ম্ম, যশ, কীর্ত্তি এবং লক্ষ্মী, ইন্দ্রাণী গোত্র, চণ্ডিকা গবাদি পশুসমূহ, মহালক্ষ্মী পুত্রসমূহ, ভৈরবী ভার্য্যা, ধনেশ্বরী ধন, কৌমারী কন্যা, ক্ষেমঙ্করী গন্তব্যপথ এবং বিজয়া সর্ব্বত্রই রক্ষা করুন। হে দুঃখনাশিনি! দুর্গে! আমার যে যে স্থান কবচ দ্বারা রক্ষিত হয় নাই, তৎ সমস্তই তুমি রক্ষা কর ॥ ২০—৪১ ॥ হে বিপ্রর্ষে! আমি তোমার ভক্তিতে আকৃষ্ট হইয়া এই গোপনীয় কবচ বলিলাম; সর্ব্বরক্ষাকর পুণ্যদায়ক এই কবচ

কবচেনাবৃতো নিত্যং যত্র যত্রাবতিষ্ঠতে।
তত্র তত্রার্থলাভঃ স্যাদ্ বিজয়ঃ সার্ব্বকালিকঃ ॥ ৪৪
যং যং চিন্তয়তে কামং তং তমাপ্নোতি লীলয়া।
পরমৈশ্বর্য্যমতুলং প্রাপ্নোত্যবিকলঃ পুমান্ ॥ ৪৫
নির্ভয়ো জায়তে মর্ত্ত্যঃ সংগ্রামেষ্বপরাজিতঃ।
ত্রৈলোক্যে চ ভবেৎ পূজ্যঃ কবচেনাবৃতঃ পুমান্ ॥৪৬
ইদং তু দেব্যাঃ কবচং দেবানামপি দুর্ল্লভম্।
যঃ পঠেৎ প্রয়তো নিত্য ত্রিসন্ধ্যং শ্রদ্ধয়ান্বিতঃ ॥ ৪৭
দেবী বশ্যা ভবেত্তস্য ত্রৈলোক্যে চাপরাজিতঃ।
জীবেদ্ বর্ষশতং সাগ্রমপমৃত্যু-বিবর্জ্জিতঃ ॥ ৪৮

সর্ব্বদা জপ করিবে। মঙ্গলকামী সুধীগণ এই কবচের দ্বারা আত্মরক্ষা না করিয়া একপাদ গমন করিবেন না ॥ ৪২।৪৩ ॥ এই কবচ দ্বারা রক্ষিত হইয়া যে যে স্থানে যাইবে, তাহার সেই সেই স্থানেই অভীষ্ট লাভ এবং সর্ব্বদা বিজয় লাভ হইবে ॥ ৪৪ ॥ মনুষ্যগণ ইহা দ্বারা সম্পূর্ণভাবে পরমৈশ্বর্য্য লাভ করিতে পারিবে এবং অনায়াসেই ইচ্ছানুরূপ ফল লাভ করিবে ॥ ৪৫ ॥ এই কবচ দ্বারা রক্ষিত মনুষ্য নির্ভয় হইয়া যুদ্ধে জয়লাভ করিবে এবং ত্রৈলোক্যে পূজিত হইবে ॥ ৪৬ ॥ যে ব্যক্তি ত্রিসন্ধ্যায় শ্রদ্ধাসহকারে একান্তমনে দেবগণেরও দুর্ল্ভ এই কবচ পাঠ করিবে, দেবী তাহার বশীভূত হইবেন, সেই ব্যক্তি ত্রিলোকমধ্যে অজেয় হইয়া সম্পূর্ণ আয়ুঃ ভোগ করিবে, তাহার অপমৃত্যু হইবে না ॥ ৪৭।৪৮ ॥

নশ্যন্তি ব্যাধয়ঃ সর্ব্বে লূতা-বিস্ফোটকাদয়ঃ।
স্থাবরং জঙ্গমং বাপি কৃত্রিমং বাপি যদ্ বিষম্ ॥ ৪৯
অভিচারাণি সর্ব্বাণি মন্ত্রযন্ত্রাণি ভূতলে।
ভূচরাঃ খেচরাশ্চৈব কুলজাশ্চোপদেশজাঃ ॥ ৫০
সহজাঃ কুলিকা নাগা ডাকিনী শাকিনী তথা।
অন্তরীক্ষচরা ঘোরা ডাকিন্যশ্চ মহারবাঃ ॥ ৫১
গ্রহভূত-পিশাচাশ্চ যক্ষ-গন্ধর্ব্ব-রাক্ষসাঃ।
ব্রহ্মরাক্ষস-বেতালাঃ কুষ্মাণ্ডা ভৈরবাদয়ঃ ॥
নশ্যন্তি দর্শনাত্তস্য কবচেনাবৃতো হি যঃ ॥ ৫২
মানোন্নতির্ভবেদ্রাজ্ঞস্তেজোবৃদ্ধিঃ পরা ভবেৎ।
যশোবৃদ্ধির্ভবেৎ পুংসাং কীর্ত্তিবৃদ্ধিশ্চ জায়তে ॥ ৫৩
তস্মাজ্জপেৎ সদা ভক্ত্যা কবচং কামদং মুনে।
জপেৎ সপ্তশতীং চণ্ডীং কৃত্বা কবচমাদিতঃ ॥
নির্ব্বিঘ্নেন ভবেৎ সিদ্ধিশ্চণ্ডীজপ-সমুদ্ভবা ॥ ৫৪

যে ব্যক্তি এই কবচ দ্বারা রক্ষিত হয়, তাহার দুষ্টব্রণাদি সমস্ত ব্যাধি বিনষ্ট হয়, তাহার প্রতি প্রযুক্ত স্থাবর জঙ্গমাদি বিষ, উচ্চাটনাদি সমস্ত অভিচার কিংবা সমস্ত মন্ত্রতন্ত্র বিনষ্ট ও বিফল হয়। গ্রহ, ভূত, পিশাচ, ডাকিনী, যোগিনী, ব্রহ্মরাক্ষস, বেতাল, কুষ্মাণ্ড, ভৈরবাদি ভূচর ও খেচর, যাবতীয় অপদেবতা সমূহ তাহার দর্শন মাত্রেই

যাবদ্ভূমণ্ডলং ধত্তে সশৈলবনকাননম্‌।
তাবত্তিষ্ঠতি মেদিন্যাং জপকর্ত্তুর্হি সন্ততিঃ ॥ ৫৫
দেহান্তে পরমং স্থানং যৎ সুরৈরপি দুর্ল্লভম্‌।
সম্প্রাপ্নোতি মনুষ্যোঽসৌ মহামায়াপ্রসাদতঃ ॥ ৫৬
তত্র গচ্ছতি ভক্তোঽসৌ পুনরাগমনং ন হি।
লভতে পরমং স্থানং শিবেন সমতাং ব্রজেৎ ॥ ৫৭
ওঁ ॥ ইতি শ্রীহরিহরব্রহ্ম-বিরচিতং দেব্যাঃ কবচম্‌
সমাপ্তম্‌ ॥

পলায়ন করে ॥ ৪৯—৫২ ॥ যেহেতু এই কবচ দ্বারা রাজসমীপে মানোন্নতি এবং তেজঃ, যশঃ ও কীর্ত্তি বৃদ্ধি হইয়া থাকে, অতএব হে মুনে! অভীষ্টদায়ক এই কবচ ভক্তিভাবে সদা পাঠ করিবে। প্রথমে এই কবচ পাঠপূর্ব্বক সপ্তশতী পাঠ করিলে চণ্ডীপাঠোক্ত ফলের সিদ্ধি লাভ হইয়া থাকে ॥ ৫৩৷৫৪ ॥ যে পর্য্যন্ত পর্ব্বত কাননাদি সহ এই ভূমণ্ডল বিদ্যমান থাকিবে তাবৎকাল পর্য্যন্ত জপকারী ব্যক্তি মহামায়ার অনুগ্রহে দেহান্তে দেবগণেরও অগম্য পরমলোক প্রাপ্ত হইয়া শিবের সাযুজ্য লাভ করিবেন এবং তাঁহার মর্ত্ত্যধামে পুনরাগমন হইবে না ॥ ৫৫—৫৭

॥ * ॥ হরিহরব্রহ্মবিরচিত দেবীকবচের অনুবাদ সমাপ্ত ॥ * ॥

# অথ রাত্রিসূক্তম্

রাত্রীতি সূক্তস্য কুশিকঋষিরাত্রির্দেবতা, গায়ত্রীচ্ছন্দঃ, শ্রীজগদম্বা-প্রীত্যর্থে সপ্তশতীপাঠাদৌ জপে বিনিয়োগঃ।

ওঁ রাত্রী ব্যখ্যদায়তী পুরুত্রা দেব্যক্ষভিঃ।
বিশ্বা অধি শ্রিয়োঽধিত ॥ ১
ওর্বপ্রা অমর্ত্ত্যা নিবতো দেব্যুদ্বতঃ।
জ্যোতিষা বাধতে তমঃ ॥ ২
নিরু স্বসারমস্কৃতোষসং দেব্যায়তী।
অপেদু হাসতে তমঃ ॥ ৩
সা নো অদ্য যস্যা বয়ং নিতে যামন্ন্যবিক্ষ্মহি।
বৃক্ষেণ বসতিং বয়ঃ ॥ ৪
নি গ্রামাসো অবিক্ষত নিপদ্বন্তো নিপক্ষিণঃ।
নিশ্যেনাসশ্চিদর্থিনঃ ॥ ৫
যাবয়া বৃক্যং বৃকং যবয়স্তেনমূর্ম্ম্যে।
অথা নঃ সুতরা ভব ॥ ৬
উপ মা পেপিশত্তমঃ কৃষ্ণঃ ব্যক্তমস্থিত।
উষ ঋণেব যাতয় ॥ ৭
উপ তে গা ইবাকারং বৃণীষ্ব দুহিতর্দিবঃ
রাত্রি স্তোমং ন জিগ্যুষে ॥ ৮

॥ * ॥ ইতি রাত্রিসূক্তম্ ॥ *

[ ২ ] ওঁ রাত্রিং প্রপদ্যে পুনর্ভূং ময়োভুং কন্যাং শিখণ্ডিনীং পাশহস্তাং যুবতীং কুমারিণীমাদিত্যঃ শ্রীঃ চক্ষুষেবাস্তঃ প্রাণায় সোমো গন্ধায়াপঃ স্নেহায় মনোঽ-নুজ্ঞায় পৃথিব্যৈ শরীরম্।

( পৌরাণং সূক্তঞ্চ—"বিশ্বেশ্বরীং জগদ্ধাত্রী"মিত্যারভ্য "বোধশ্চ ক্রিয়-তামস্য হন্তমেতৌ মহাসুরৌ" ইত্যন্তং প্রথমমাহাত্ম্যে দ্রষ্টব্যম্ )।

ইতি রাত্রিসূক্তম্।

## ঋষ্যাদিন্যাসঃ

প্রথমচরিতস্য ব্রহ্মাঋষিঃ। মহাকালী দেবতা। গায়ত্রীচ্ছন্দঃ। নন্দা শক্তিঃ। রক্তদন্তিকা বীজম্। অগ্নিস্তত্ত্বম্। ঋগ্‌বেদস্বরূপম্। শ্রীমহাকালীপ্রীত্যর্থং প্রথম-চরিতজপে বিনিয়োগঃ।

ধ্যানং—

ওঁ খড়্গং চক্রগদেষু-চাপ-পরিঘান্ শূলং ভুশুণ্ডীং শিরঃ,
শঙ্খং সন্দধতীং করৈস্ত্রিনয়নাং সর্ব্বাঙ্গভূষাবৃতাম্।
যামস্তৌচ্ছয়িতে হরৌ কমলজো হন্তুং মধুং কৈটভং
নীলাশ্মদ্যুতিমাস্য-পাদদশকাং সেবে মহাকালীকাম্॥

মধ্যমচরিতস্য বিষ্ণুঋষিঃ। মহালক্ষ্মীর্দেবতা। উষ্ণিক্-ছন্দঃ। শাকম্ভরী শক্তিঃ। দুর্গা বীজম্। বায়ুস্তত্ত্বম্।

যজুর্ব্বেদস্বরূপম্। মহালক্ষ্মীপ্রীত্যর্থং মধ্যম-চরিতজপে বিনিয়োগঃ।

ধ্যানং—

ওঁ অক্ষস্রক্‌পরশুং গদেষুকুলিশং পদ্মং ধনুঃ কুণ্ডিকাং,
দণ্ডং শক্তিমসিঞ্চ চর্ম্ম জলজং ঘণ্টাং সুরাভাজনম্।
শূলং পাশসুদর্শনে চ দধতীং হস্তৈঃ প্রসন্নাননাং,
সেবে সৈরিভমর্দ্দিনীমিহ মহালক্ষ্মীং সরোজস্থিতাম্॥

উত্তরচরিতস্য রুদ্রঋষিঃ। মহাসরস্বতী দেবতা। অনুষ্টুপ্ ছন্দঃ। ভীমা শক্তিঃ। ভ্রামরী বীজম্। সূর্য্যস্তত্ত্বম্। সামবেদস্বরূপম্। মহাসরস্বতীপ্রীত্যর্থম্ উত্তরচরিতজপে বিনিয়োগঃ।

ধ্যানং—

ঘণ্টাশূলহলানি শঙ্খমুসলে চক্রং ধনুঃ সায়কং,
হস্তাব্জৈর্দধতীং ঘনান্তবিলসচ্ছীতাংশু-তুল্যপ্রভাম্।
গৌরীদেহসমুদ্ভবাং ত্রিজগতামাধারভূতাং মহা,-
পূর্ব্বামত্র সরস্বতীমনুভজেচ্ছুম্ভাদিদৈত্যার্দ্দিনীম্॥
ওঁ নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীঞ্চৈব ততো জয়মুদীরয়েৎ॥

# শ্রীশ্রীচণ্ডী

## ॥ ওঁ নমশ্চণ্ডিকায়ৈ ॥

মার্কণ্ডেয় উবাচ ॥ ১

ওঁ সাবর্ণিঃ সূর্য্যতনয়ো যো মনুঃ কথ্যতেঽষ্টমঃ ।
নিশাময় তদুৎপত্তিং বিস্তরাদ্গদতো মম ॥ ২

টীকা ।—মার্কণ্ডেয়ঃ ( মৃকণ্ডোরপত্যং পুমান্, সপ্তকল্পান্তজীবনঃ তন্নামা মহর্ষিঃ ) উবাচ ( কথয়ামাস, ভাগুরিমিতি শেষঃ ) ॥ ১ ॥ [ ময়া ] যঃ অষ্টমঃ মনুঃ ( কিঞ্চিদধিকদিব্যৈকসপ্ততিযুগাত্মক-কালাধিপতিঃ ) কথ্যতে ( কথয়িষ্যতে, বর্ত্তমানসামীপ্যে লট্ ), [ সঃ ] সূর্য্যতনয়ঃ ( সূর্য্যস্য পুত্রঃ ) সাবর্ণিঃ ( সবর্ণায়াঃ অপত্যং পুমান্ ) ; বিস্তরাদ্ গদতঃ ( বিস্তরমুপন্যস্য কথয়তঃ ) মম ( মত্তঃ সকাশাৎ, মমেত্যব্যয়ং পঞ্চম্যর্থেঽত্র ষষ্ঠী ) তদুৎপত্তিম্ ( উৎপত্তেঃ ক্রিয়াত্বেন শ্রবণাসম্ভবাৎ লক্ষণয়া তৎ-প্রকাশকমাখ্যানং তস্য জন্মবৃত্তান্তমিত্যর্থঃ ) নিশাময় ( শৃণু, অত্র নিশময় ইতি বক্তব্যে ছান্দসো হ্রস্বাভাবঃ, 'শম লক্ষ আলোচনে' ইত্যস্য রূপং বা ) ॥ ২

অনুবাদ ।—মার্কণ্ডেয় ( ভাগুরিকে ) বলিলেন—যিনি অষ্টম

মহামায়ানুভাবেন * যথা মন্বন্তরাধিপঃ ।
স বভূব মহাভাগঃ সাবর্ণিস্তনয়ো রবেঃ ॥ ৩

মনু বলিয়া কথিত হইয়া থাকেন, তিনি সূর্য্যনন্দন সাবর্ণি ; [অধুনা] আমার নিকট তাঁহার জন্ম-বৃত্তান্ত শ্রবণ করুন ; আমি সবিস্তারে তাহা কীর্ত্তন করিতেছি ॥ ১-২

টীকা ।—সঃ মহাভাগঃ ( ভগানাম্ ঐশ্বর্য্যাদীনাং সমূহঃ ভাগঃ, মহান্ অসাধারণো ভাগো যস্য সঃ ) সাবর্ণিঃ ( সবর্ণাপুত্রঃ ) মহামায়ানুভাবেন ( মহামায়া ঈশ্বরশক্তিঃ তস্যা অনুভাবঃ ইদমিত্থং ভবতু ইতীচ্ছা, তয়া ) রবেঃ ( সূর্য্যস্য ) তনয়ঃ [ সন্ ] যথা ( যেন প্রকারেণ ) মন্বন্তরাধিপঃ বভূব ( কিঞ্চিদধিকদিব্যৈকসপ্ততিযুগাত্মককালাধিপতাং লেভে,

---

* মহামায়া ।—সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা প্রকৃতিঃ, অঘটনঘটনপটীয়স্ত্বাৎ সৈব মায়া, 'মায়াস্তু প্রকৃতিং বিদ্যা'দিতি শ্রুতেঃ। তস্যা মহত্ত্বঞ্চ পুরুষাধিষ্ঠিতত্বং, পুরুষনিষ্ঠাত্মাভিমানবিষয়ত্বমিতি যাবৎ। সা চ স্ববৈভবাদভৌতিকং রূপং দধতী দুর্গাদিনামভিরভিধীয়তে, জগদুপাদানত্বাজ্জগন্মাতেতি জগদম্বেতি জগদ্ধাত্রীত্যাদিনা চ ব্যপদিশ্যতে। অত এবোক্তং "হেতুঃ সমস্তজগতাং ত্রিগুণাপি দোষৈ"রিত্যাদি। যদ্বা, মায়া তু প্রাগুক্তলক্ষণা, তস্যা মহত্ত্বং নাম ঈশ্বরসহিতত্বং, প্রকৃতিসহিতেশ্বরো বা মহামায়াশব্দার্থঃ। যদ্বা, মায়া নাম অদৃষ্টসমষ্টিঃ সা চ সত্ত্বাদিভেদেন ত্রিধা, ইষ্টফলমাত্রহেতুরদৃষ্টং সত্ত্বং, মিশ্রফলহেতুরদৃষ্টং রজঃ, অনিষ্টফলহেতুরদৃষ্টং তমঃ, পরমাত্মা চেশ্বরঃ, যাবদদৃষ্টসহিতপরমাত্মৈব মহামায়াপদার্থঃ।

অত্র ভাবিনি ভূতত্বারোপঃ যোগ্যতামাত্রপরামর্শাৎ ) [ তথা নিশাময়েতি পূর্ব্বেণান্বয়ঃ ] ॥ ৩

অনুবাদ।—সেই মহাভাগ সূর্য্যনন্দন সাবর্ণি, মহামায়ার * প্রসাদে সূর্য্যের ঔরসে সবর্ণার গর্ভে জন্মগ্রহণ করিয়া যেরূপে মন্বন্তরের ঃ আধিপত্য লাভ করিতে সমর্থ হইলেন, [ তাহা শ্রবণ করুন ] ॥ ৩

* সাম্যাবস্থাপ্রাপ্ত গুণত্রয়কে প্রকৃতি বলে। এই প্রকৃতিই অঘটন-ঘটনপটীয়সী বলিয়া শ্রুতি প্রভৃতিতে "মায়া" নামে প্রখ্যাত। ভক্ত সাধক সাধনার বলে দেহাদিতে আত্মাভিমান ত্যাগ করিয়া ধীরে ধীরে মুক্তির পথে অগ্রসর হন। কুম্ভকার যেমন স্বদেহকে আত্মা বলিয়া অভিমান করে, কিন্তু ঘটাদিতে আত্মাভিমান করে না, সেইরূপ জীব দেহাদিতে আত্মাভিমান ত্যাগ করিয়া যে প্রকৃতিকেই আত্মা বলিয়া অভিমান করে, তিনিই প্রকৃত্যভিমানিনী অঘটনপটীয়সী দেবী মহামায়া; ইনিই ভক্তগণের অদৃষ্টানুসারে অভৌতিক রূপ ধারণ করিয়া দুর্গাদিনামে অভিহিত হইয়া থাকেন, আবার বিশ্ব-কারণ বলিয়া জগন্মাতা জগদম্বা জগদ্ধাত্রী বলিয়াও প্রখ্যাত হইয়াছেন।

ঃ চারি লক্ষ বত্রিশ হাজার বৎসরে সত্য, ত্রেতা দ্বাপর, কলি এই চারিযুগ হয়। এই চারিযুগে দেবতাদিগের একযুগ। এইরূপ একহাজার দৈবযুগই এক-এক সৃষ্টির পরিমাণ-কাল। প্রত্যেক সৃষ্টিতে ১৪ জন করিয়া মনু অর্থাৎ সৃষ্টির অধিপতি হন; সুতরাং এক এক মনুর অধিকার-কাল কিঞ্চিদধিক দৈব ৭১ যুগ। ঐ সকল মনুর অধিকারকালকে 'মন্বন্তর' বলে। তন্মধ্যে ১ম মনু স্বায়ম্ভুব, ২য় স্বরোচিষ, ৩য় ঔত্তম ( উত্তমজ বা ঔত্তমি ) ৪র্থ তামস, ৫ম রৈবত, ৬ষ্ঠ চাক্ষুষ, ৭ম বৈবস্বত, ৮ম সাবর্ণি,

স্বারোচিষেঽন্তরে পূর্ব্বং চৈত্রবংশসমুদ্ভবঃ।
সুরথো নাম রাজাঽভূৎ সমস্তে ক্ষিতিমণ্ডলে ॥ ৪

টীকা।—পূর্ব্বং (পূর্ব্বস্মিন্ কালে) স্বারোচিষে (স্বারোচিষঃ দ্বিতীয়মনুঃ, তদধিকারাবচ্ছিন্নঃ কালঃ স্বারোচিষঃ তস্মিন্) অন্তরে (মন্বন্তরে) সমস্তে (জম্বুপ্লক্ষাদিসপ্তদ্বীপাবচ্ছিন্নে) ক্ষিতিমণ্ডলে (পৃথিব্যাং) চৈত্রবংশসমুদ্ভবঃ (চৈত্রো নাম স্বারোচিষমনোর্জ্যেষ্ঠপুত্রঃ তস্য বংশে সমুদ্ভবো যস্য সঃ) সুরথঃ নাম রাজা অভূৎ ॥ ৪

অনুবাদ।—পূর্ব্বকালে স্বরোচিষ * নামক দ্বিতীয় মনুর অধিকার সময়ে জম্বুপ্লক্ষপ্রভৃতি সপ্ত মহাদ্বীপ-পরিবেষ্টিত পৃথিবীমণ্ডলে চৈত্রবংশ-সম্ভূত সুরথ নামে এক নৃপতি ছিলেন ॥ ৪

---

৯ম দক্ষসাবর্ণি, ১০ম ব্রহ্মসাবর্ণি, ১১শ রুদ্রসাবর্ণি, ১২শ ধর্ম্মসাবর্ণি, ১৩শ রৌচ্য এবং ১৪শ ভৌত্য।

সম্প্রতি সপ্তম মনু বৈবস্বতের অষ্টাবিংশ যুগের কলিযুগ চলিতেছে। এই কলির অবসান হইলে এবং আরও ৪৩ দৈব যুগ গত হইলে তাঁহার অধিকার কাল শেষ হইবে। অনন্তর অষ্টম মনু সাবর্ণির অধিকার আরম্ভ হইবে।

* কলি নামক গন্ধর্ব্বের ঔরসে বরূথিনী নাম্নী অপ্সরার গর্ব্ভে স্বরোচিষ জন্মগ্রহণ করেন। এই গন্ধর্ব্ব বরূথিনীর অভিলষিত তেজস্বী ব্রাহ্মণের রূপ ধারণ করিয়া তাঁহার সহিত মিলিত হইয়াছিলেন; ফলে স্বরোচিষের আকার সেই ব্রাহ্মণের অনুরূপ হইয়াছিল। সেই স্বরোচিষের ঔরসে মৃগরূপধারিণী অভিশপ্তা বনদেবতার গর্ব্ভে স্বারোচিষ

তস্য পালয়তঃ সম্যক্ প্রজাঃ পুত্রানিবৌরসান্ ।
বভূবুঃ শত্রবো ভূপাঃ কোলাবিধ্বংসিনস্তথা ॥ ৫
তস্য তৈরভবদ্‌যুদ্ধমতিপ্রবলদণ্ডিনঃ ।
ন্যূনৈরপি স তৈর্যুদ্ধে কোলাবিধ্বংসিভির্জিতঃ ॥ ৬

টীকা। [তস্য মহামায়াপ্রসাদহেতুং রাজ্যচ্যুতিমাহ]—ঔরসান্ ( ধর্ম্মপত্ন্যাং স্ববীর্য্যজাতান্ ) পুত্রান্ ইব [ অত্র "স্ত্রীব গচ্ছতি ষণ্ডোঽয়"-মিতিবৎ লিঙ্গভেদেঽপি দৃষ্টান্তঃ ] সম্যক্ ( নীতিশাস্ত্রানুসারেণ ) প্রজাঃ পালয়তঃ তস্য ( সুরথস্য ) [ যাদৃশা ভূপাঃ ] কোলাবিধ্বংসিনঃ ( কোলা নাম তদীয়রাজধানী তৎপ্রমথনশীলাঃ ; যদ্বা কোলান্ শূকরান্ বিধ্বংসিতুং খাদিতুং শীলং যেষাং তে যবনা ইত্যর্থঃ ), তথা ( তাদৃশাঃ ) ভূপাঃ ( নৃপতয়ঃ ) শত্রবঃ বভূবুঃ ॥ ৫

অনুবাদ।—[ মহামায়ার কৃপালাভের নিমিত্তই যে সুরথের রাজ্যচ্যুতি ঘটিয়াছিল, তাহাই বলিতেছেন ] যে সময়ে তিনি ( সুরথ ) ঔরসপুত্র নির্ব্বিশেষে প্রজাগণকে নীতিশাস্ত্রানুসারে প্রতিপালন করিতেছিলেন, সেই সময়ে কোলাবিধ্বংসী যবন ভূপতিগণ তাঁহার শত্রু হইয়াছিল ॥ ৫

---

মনুর জন্ম ; তাঁহার পিতৃদত্ত নাম দ্যুতিমান্। স্বরোচিষের পুত্র বলিয়া তাঁহার অপর নাম স্বারোচিষ। তিনিই দ্বিতীয় মন্বন্তরের অধিপতি। চৈত্র, কিম্পুরুষ প্রভৃতি রাজগণ দ্বিতীয় মনু স্বারোচিষের পুত্র। এই চৈত্র রাজার বংশে সুরথের জন্ম। 'চৈত্রাঃ কিম্পুরুষাদ্যাশ্চ সুতাস্তস্য মহাত্মনঃ। সপ্তাসী সুমহাবীর্য্যাঃ পৃথিবীপালকাশ্চ তে ॥"

ততঃ স্বপুরমায়াতো নিজদেশাধিপোঽভবৎ।
আক্রান্তঃ স মহাভাগস্তৈস্তদা প্রবলারিভিঃ ॥ ৭

টীকা।—অতিপ্রবলদণ্ডিনঃ ( অতিপ্রবলানপি দণ্ডয়িতুং শীলং যস্য তথাভূতস্য ) তস্য ( রাজ্ঞঃ সুরথস্য ) তৈঃ ( কোলাবিধ্বংসিভিঃ সহ যুদ্ধম্ অভবৎ ) সঃ ( সুরথঃ ) ন্যূনৈঃ অপি ( জাতিগুণধর্ম্মৈশ্বর্য্য-সাধনাদিমর্য্যাদয়া সুরথাৎ হীনৈঃ অপি ) তৈঃ কোলাবিধ্বংসিভিঃ ( পূর্ব্বোক্তযবননৃপতিভিঃ ) যুদ্ধে ( ছলযুদ্ধে ) জিতঃ ( পরাভূতঃ ) [অত্র তৈরিত্যনেন কোলাবিধ্বংসিনাং প্রাপ্তাবপি পুনরুপাদানং তদুচিতচ্ছল-যুদ্ধেন সুরথপরাজয়সূচনায় ] ॥ ৬

অনুবাদ।—সেই কোলাবিধ্বংসী ভূপতিগণের সহিত অতি প্রবলেরও শাসনকর্ত্তা সুরথের যুদ্ধ বাধিয়াছিল ; তাহারা জাতি, ধর্ম্ম ও ঐশ্বর্য্যমর্য্যাদায় সুরথ অপেক্ষা কম হইলেও তিনি তাহাদের যুদ্ধে পরাভূত হইয়াছিলেন। [ শ্লোকস্থ "তৈঃ" পদের দ্বারা পূর্ব্বোক্ত কোলা-বিধ্বংসিগণ পরামৃষ্ট হইলেও অন্যায় যুদ্ধে সুরথের পরাজয় সূচনার জন্যই পুনরায় "কোলাবিধ্বংসিভিঃ"পদ প্রযুক্ত হইয়াছে, ইহা বুঝিতে হইবে]॥৬

টীকা।—ততঃ ( পরাজয়ানন্তরং ) মহাভাগঃ ( অসাধারণৈশ্বর্য্য-শালী ) সঃ (সুরথঃ) তৈঃ ( পূর্ব্বোক্তৈঃ ) তদা ( তদানীং ) প্রবলারিভিঃ (প্রবলবলবদ্ভিঃ শত্রুভিঃ কোলাবিধ্বংসিভিঃ) আক্রান্তঃ (অভিভূতপ্রায়ঃ) স্বপুরং ( নিজরাজধানীম্ ) আয়াতঃ [ সন্ ] নিজদেশাধিপঃ ( মূল-রাষ্ট্রাধিপঃ ) অভবৎ ॥ ৭

অনুবাদ।—অনন্তর অসাধারণ ঐশ্বর্য্যশালী সেই সুরথ প্রবল শত্রু কর্ত্তৃক আক্রান্ত ও পরাভূত হইয়া, নিজরাজধানীতে প্রত্যাগমন

অমাত্যৈর্ব্বলিভির্দ্দুষ্টৈর্দুর্ব্বলস্য দুরাত্মভিঃ।
কোষো বলঞ্চাপহৃতং তত্রাপি স্বপুরে ততঃ ॥ ৮
ততো মৃগয়াব্যাজেন হৃতস্বাম্যঃ স ভূপতিঃ।
একাকী হয়মারুহ্য জগাম গহনং বনম্ ॥ ৯

পূর্ব্বক ( কেবলমাত্র ) নিজদেশের আধিপত্য লইয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ৭

টীকা।—তত্র ( তস্মিন্ ) স্বপুরেঽপি (নিজরাজধান্যামপি) দুষ্টৈঃ ( অনুচিতরাগদ্বেষপরিপ্লুতৈঃ ) দুরাত্মভিঃ ( নিন্দিতস্বভাবৈঃ, রাজ্যলোভাক্রান্তৈরিত্যর্থঃ ) বলিভিঃ ( শক্তিমদ্ভিঃ ) অমাত্যৈঃ ( মন্ত্রিপ্রভৃতিভিঃ ) ততঃ ( তস্য, সার্ব্ববিভক্তিকস্তসিঃ ) দুর্ব্বলস্য ( ক্ষীণশক্তেঃ রাজ্ঞঃ সুরথস্য ) কোষঃ ( ধনাগারঃ ) [অপহৃতঃ] বলঞ্চ ( হস্ত্যশ্বাদি চকারাৎ রাষ্ট্রাদিকমপি ) অপহৃতম্ ( আত্মসাৎকৃতম্ ) ॥ ৮

অনুবাদ।—রাজ্যলোভী রাজদ্রোহী প্রবল অধর্ম্মাচারী দুরাত্মা সচিববৃন্দ সেই রাজপুরীমধ্যেও দুর্ব্বল নৃপতি সুরথের ধনভাণ্ডার, হস্ত্যশ্ব প্রভৃতি এবং রাজ্যাদি আত্মসাৎ করিতে লাগিল ॥ ৮

টীকা।—ততঃ ( সর্ব্বস্বাপহরণানন্তরং ) সঃ ভূপতিঃ (সুরথঃ) হৃতস্বাম্যঃ ( হৃতাধিপত্যঃ সন্ ) হয়ম্ ( অশ্বম্ ) আরুহ্য মৃগয়াব্যাজেন ( মৃগয়াচ্ছলেন ) একাকী ( সজাতীয়সহায়রহিতঃ ) গহনম্ ( অতিদুর্গমং বনম্ ( অরণ্যং ) জগাম ( গতবান্ ) ॥ ৯

অনুবাদ।—প্রবল শত্রু কর্ত্তৃক রাজার সর্ব্বস্ব অপহৃত হইলে তিনি মৃগয়াছলে একাকী অশ্বে আরোহণ করিয়া অতি দুর্গম অরণ্যে গমন করিলেন ॥ ৯

স তত্রাশ্রমমদ্রাক্ষীদ্ দ্বিজবর্য্যস্য মেধসঃ।
প্রশান্তশ্বাপদাকীর্ণং মুনিশিষ্যোপশোভিতম্ ॥ ১০
তস্থৌ কঞ্চিৎ স কালঞ্চ মুনিনা তেন সৎকৃতঃ।
ইতশ্চেতশ্চ বিচরংস্তস্মিন্ মুনিবরাশ্রমে ॥ ১১
সোঽচিন্তয়ত্তদা তত্র মমত্বাকৃষ্টচেতনঃ ॥ ১২

টীকা।—সঃ ( সুরথঃ ) তত্র ( নিবিড়ারণ্যে ) দ্বিজবর্য্যস্য (দ্বিজশ্রেষ্ঠস্য ) মেধসঃ ( মেধোনাম্নঃ ঋষেঃ ) প্রশান্তশ্বাপদাকীর্ণং ( প্রশান্তৈঃ পরস্পরহিংসারহিতৈঃ ব্যাঘ্রাদিভিঃ ব্যাপ্তং ) মুনিশিষ্যোপশোভিতং ( বিদ্যাভ্যাসনিরতশিষ্যৈঃ উপশোভিতম্ ) আশ্রমং ( তপোবনম্ ) অদ্রাক্ষীৎ ( দৃষ্টবান্ ) ॥ ১০

অনুবাদ।—সুরথ সেই নিবিড় অরণ্যমধ্যে দ্বিজশ্রেষ্ঠ মেধস্ ঋষির শান্তস্বভাব হিংস্রসঙ্কুল মুনিশিষ্য-শোভিত আশ্রম দেখিতে পাইলেন ॥১০

টীকা।—সঃ ( সুরথঃ ) তেন ( মুনিনা মেধসা ) সৎকৃতঃ (পাদ্যাদিভিঃ অভ্যর্থিতঃ ) ইতশ্চ ইতশ্চ ( নানাস্থানেষু ) বিচরন্ ( বিচরণং কুর্ব্বন্ ) তস্মিন্ মুনিবরাশ্রমে ( মুনিবরস্য মেধসঃ তপোবনে ) কঞ্চিৎ কালঞ্চ [ ব্যাপ্য, চকারঃ পাদপূরণে ] তস্থৌ ( স্থিতবান্ ) ॥ ১১

অনুবাদ।—সুরথ ঋষিবর মেধস কর্ত্তৃক পূজিত হইয়া সেই মুনিশিষ্যশোভিত আশ্রমে ইতস্ততঃ ভ্রমণ করিয়া কিয়ৎকাল অবস্থান করিলেন ॥ ১১

টীকা।—মমত্বাকৃষ্টচেতনঃ ( মমত্বেন মমেত্যভিমানেন আকৃষ্টা বশীকৃতা চেতনা বিবেকবতী বুদ্ধির্যস্য সঃ, তত্র মমেতি ষষ্ঠ্যন্তপ্রতিরূপক-

মৎপূর্ব্বৈঃ পালিতং পূর্ব্বং ময়া হীনং পুরং হি তৎ।
মদ্ভৃত্যৈস্তৈরসদ্বৃত্তৈর্ধর্ম্মতঃ পাল্যতে ন বা॥ ১৩
ন জানে সপ্রধানো মে শূরহস্তী সদামদঃ।
মম বৈরিবশং যাতঃ কান্ ভোগানুপলপ্স্যতে॥ ১৪

মবায়ম্) সঃ (সুরথঃ) তদা (তস্মিন্ কালে) তত্র (মেধসঃ আশ্রমে) অচিন্তয়ৎ (চিন্তাং কৃতবান্)॥ ১২

অনুবাদ।—সুরথ সেই সময়ে সেই আশ্রমে মমতায় আকৃষ্ট-চিত্ত হইয়া চিন্তা করিতে লাগিলেন॥ ১২

টীকা।—[চিন্তামেবাহ,—সার্দ্ধৈশ্চতুর্ভিঃ] মৎপূর্ব্বৈঃ (মদীয়-প্রাচীন-পুরুষৈঃ চৈত্রাদিভিঃ) [যৎ] পালিতং (রক্ষিতং) তৎ পুরং (নগরং) ময়া (সুরথেন) পূর্ব্বম্ (ইতঃ প্রাক্) হি (নিশ্চিতং) হীনং (পরিত্যক্তং), অসদ্বৃত্তৈঃ (অসচ্চরিত্রৈঃ) তৈঃ (পূর্ব্বোক্তৈঃ) মদ্-ভৃত্যৈঃ (মম সেবকৈঃ অমাত্যাদিভিঃ) ধর্ম্মতঃ (ন্যায়েন) [তৎ পুরং] পাল্যতে (রক্ষ্যতে) ন বা? [ইতি বিতর্কঃ]॥ ১৩

অনুবাদ।—[সুরথের কি চিন্তা; তাহাই সাড়ে চারিটী শ্লোকে নিরূপণ করিতেছেন] যে নগর আমার পূর্ব্বপুরুষ চৈত্রাদি কর্ত্তৃক রক্ষিত ছিল, তাহাই আমি ইতঃপূর্ব্বে পরিত্যাগ করিয়াছি [আমার অভাবে] মদীয় অসচ্চরিত্র ভৃত্যগণ ধর্ম্মানুসারে তাহা পালন করিতেছে কি না?॥ ১৩

টীকা।—মে (মম) সপ্রধানঃ (মহামাত্রসহিতঃ) সদামদঃ (সদা সর্ব্বদা মদো দানং যস্য সঃ) শূরহস্তী (মহাবলো হস্তী) মম বৈরি-

যে মমানুগতা নিত্যং প্রসাদধনভোজনৈঃ।
অনুবৃত্তিং ধ্রুবং তেঽদ্য কুর্ব্বন্ত্যন্যমহীভৃতাম্ ॥ ১৫
অসম্যগ্ব্যয়শীলৈস্তৈঃ কুর্ব্বদ্ভিঃ সততং ব্যয়ম্।
সঞ্চিতঃ সোঽতিদুঃখেন ক্ষয়ং কোষো গমিষ্যতি ॥ ১৬

বশং যাতঃ (বৈরিবশবর্ত্তী সন্) কান্ ভোগান্ (তণ্ডুলাদীন্) উপলপ্স্যতে (প্রাপ্স্যতি) [ইতি] ন জানে (ন অবগতোঽস্মি) ॥ ১৪

অনুবাদ।—আমার সেই সতত মদস্রাবী মহাবল হস্তী ও তদীয় মহামাত্র (মাহুত) আমার শত্রুগণের বশবর্ত্তী হইয়া কীদৃশ ভোগ্য (তণ্ডুলাদি) লাভ করিবে, ইহা তো জানি না ॥ ১৪

টীকা।—যে (জনাঃ) প্রসাদধনভোজনৈঃ (প্রসাদস্তুষ্ট্যা দানং, ধনং বেতনং, ভোজনং প্রতিদিনদেয়ং ভক্ষ্যদ্রব্যং, এতৈঃ হেতুভিঃ) নিত্যং (সর্ব্বদা) মম অনুগতাঃ (সেবকাঃ) [আসন্], তে (জনাঃ) ধ্রুবং (বিতর্কে) অন্যমহীভৃতাম্ (অন্যভূপানাম্) অনুবৃত্তিং (সেবাং) কুর্ব্বন্তি ॥ ১৫

অনুবাদ।—যাহারা আমার প্রসাদে পারিতোষিক, ধন ও আহারীয় দ্রব্য লাভ করিয়া নিত্য আমার সেবা করিত, নিশ্চয়ই আজ তাহারা (দীনভাবে) অন্য ভূপালগণের অনুবৃত্তি (সেবা) করিতেছে ॥ ১৫

টীকা।—অতিদুঃখেন (অত্যন্তকষ্টসহকারেণ) [ময়া] সঞ্চিতঃ (পুঞ্জীকৃতঃ) সঃ কোষঃ (সঞ্চিতধনম্) অসম্যগ্ব্যয়শীলৈঃ (দ্যূতমদ্যাদ্য-ধর্ম্মবিষয়ব্যয়কারিভিঃ) [অতএব] সততং ব্যয়ং কুর্ব্বদ্ভিঃ তৈঃ (অমাত্যাদি-হেতুভিঃ) ক্ষয়ং (নাশং) গমিষ্যতি (প্রাপ্স্যতি) ॥ ১৬

এতচ্চান্যচ্চ সততং চিন্তয়ামাস পার্থিবঃ।
তত্র বিপ্রাশ্রমাভ্যাসে বৈশ্যমেকং দদর্শ সঃ॥ ১৭
স পৃষ্টস্তেন কস্ত্বং ভো হেতুশ্চাগমনেঽত্র কঃ।
সশোক ইব কস্মাত্ত্বং দুর্ম্মনা ইব লক্ষ্যসে॥ ১৮

অনুবাদ।—আমি অত্যন্ত কষ্টসহকারে যে ধনরাশি সঞ্চয় করিয়াছি, দ্যূত-মদ্যাদি অধর্ম্মবিষয়ে ব্যয়পরায়ণ মদীয় অমাত্যগণের সতত ব্যয়ে তাহা ক্ষয়প্রাপ্ত হইবে॥ ১৬

টীকা।—হে বিপ্র! (ভাগুরে!) সঃ পার্থিবঃ (পৃথিবীপতিঃ সুরথঃ) তত্র (তস্মিন্) আশ্রমাভ্যাসে (আশ্রমনিকটে) এতৎ (উক্তরূপম্) অন্যৎ (অনুক্তঞ্চ কিমপি) সততং (বহুক্ষণং যাবৎ) চিন্তয়ামাস (চিন্তাং কৃতবান্) [ইত্যবসরে তত্র সঃ] একং বৈশ্যঞ্চ দদর্শ (দৃষ্টবান্)॥ ১৭

অনুবাদ।—হে বিপ্র! পৃথিবীপতি (সুরথ), সেই আশ্রমের নিকটে পূর্ব্বোক্ত বিষয় এবং আরও অনেক বিষয় বহুক্ষণ ধরিয়া চিন্তা করিতেছিলেন, (ইত্যবসরে) তথায় এক বৈশ্যকে দেখিতে পাইলেন॥ ১৭

টীকা।—সঃ (বৈশ্যঃ) তেন (রাজ্ঞা সুরথেন) পৃষ্টঃ জিজ্ঞাসিতঃ); ভোঃ ত্বং [নামজাত্যাদিনা] কঃ? অত্র (অস্মিন্ আশ্রমে) আগমনে হেতুশ্চ কঃ (কিং কারণং)? ত্বং সশোকঃ (শোকাকুলঃ) ইব দুর্ম্মনাঃ (অনুৎসাহঃ) ইব কস্মাৎ (হেতোঃ) লক্ষ্যসে? দৃশ্যসে?॥ ১৮

অনুবাদ।—ভূপাল তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, হে ভদ্র!

ইত্যাকর্ণ্য বচস্তস্য ভূপতেঃ প্রণয়োদিতম্ ।
প্রত্যুবাচ স তং বৈশ্যঃ প্রশ্রয়াবনতো নৃপম্ ॥ ১৯

বৈশ্য উবাচ ॥ ২০

সমাধির্নাম বৈশ্যোঽহমুৎপন্নো ধনিনাং কুলে ।
পুত্রদারৈর্নিরস্তশ্চ ধনলোভাদসাধুভিঃ ॥ ২১

তুমি কে অর্থাৎ তোমার নাম কি এবং জাতি কি? কি নিমিত্তই বা এখানে আসিয়াছ। তোমাকে শোকাকুল ও দুশ্চিন্তাগ্রস্ত বলিয়াই যেন বোধ হইতেছে ॥ ১৮

টীকা।—সঃ বৈশ্যঃ তস্য ভূপতেঃ (রাজ্ঞঃ সুরথস্য) প্রণয়োদিতং ( প্রণয়েন কথিতম্ ) ইতি ( 'কস্ত্বং ভোঃ' ইত্যাদিপূর্ব্বোক্তরূপং ) বচঃ (বাক্যম্) আকর্ণ্য ( শ্রুত্বা ) প্রশ্রয়াবনতঃ ( বিনয়াবনতঃ সন্ ) তং নৃপং ( সুরথং ) প্রত্যুবাচ ( প্রত্যুক্তবান্ ) ॥ ১৯

অনুবাদ।—বৈশ্য রাজার প্রণয়পূর্ণ বাক্য শ্রবণ করিয়া বিনয়ে অবনত হইয়া সেই সুরথকে লক্ষ্য করিয়া বলিতে লাগিলেন ॥ ১৯

টীকা।—বৈশ্য উবাচ ( কথয়ামাস, সুরথমিতি শেষঃ ) ॥ ২০ অহং সমাধিঃ নাম ( সমাধিনামা প্রসিদ্ধঃ অস্মি ) [ জাত্যা ] বৈশ্যঃ [ অস্মি ] ধনিনাং ( ধনশালিনাং ) কুলে ( বংশে ) উৎপন্নঃ (জাতোঽস্মি) ধনলোভাৎ [ হেতোঃ ] অসাধুভিঃ ( অধার্ম্মিকৈঃ ) পুত্রদারৈশ্চ ( পুত্র-পরিবারৈঃ, চকারাৎ সুহৃদাদিভিশ্চ ) নিরস্তঃ ( নিরাকৃতঃ ) নিঃসম্বন্ধী-কৃতপ্রায়ঃ ) [ অস্মি ] ॥ ২১

বিহীনশ্চ ধনৈর্দ্দারৈঃ পুত্রৈরাদায় মে ধনম্।
বনমভ্যাগতো দুঃখী নিরস্তশ্চাপ্তবন্ধুভিঃ ॥ ২২
সোঽহং ন বেদ্মি পুত্রাণাং কুশলাকুশলাত্মিকাম্।
প্রবৃত্তিং স্বজনানাঞ্চ দারাণাঞ্চাত্র সংস্থিতঃ ॥ ২৩

অনুবাদ।—বৈশ্য (সুরথকে) বলিলেন, আমি [জাতিতে] বৈশ্য, আমার নাম সমাধি, ধনবানের বংশে আমার জন্ম ; [ কিন্তু ] দুর্বৃত্ত স্ত্রী পুত্র ও সুহৃৎ প্রভৃতি ধনলোভে আমাকে বহিষ্কৃত করিয়া দিয়াছে ॥২০।২১

টীকা।—[ ন কেবলং নিরস্তঃ, কিন্তু ] ধনৈঃ ( ধনযুক্তৈঃ ; অর্শআদিত্বাদৎ ) দারৈঃ ( পত্নীভিঃ ) পুত্রৈশ্চ মে (মম) ধনম্ (অর্থাদিকম্) আদায় ( গৃহীত্বা ) [ অহং ] বিহীনঃ (পরিত্যক্তঃ, দূরীকৃত ইতি যাবৎ) ; আপ্তবন্ধুভিঃ ( মিত্রমাতুলাদিভিঃ ) নিরস্তশ্চ ( উপেক্ষিতশ্চ ) [ ততঃ ] দুঃখী [ সন্ ] বনম্ আগতঃ ॥ ২২

অনুবাদ।—[কেবল যে বহিষ্কৃত হইয়াছি তাহা নহে, অধিকন্তু] স্ত্রীপুত্রগণ ধনলোভে আমার ধনাদি আত্মসাৎ করিয়া আমাকে দূর করিয়া দিয়াছে। আমি মিত্র ও মাতুলাদি বন্ধুগণ কর্ত্তৃক উপেক্ষিত হইয়া দুঃখিতচিত্তে এই বনে আগমন করিয়াছি ॥ ২২

টীকা।—[ দৌর্ম্মনস্যহেতুমাহ ] [ এবং নিরস্তঃ ] সঃ অহম্ ( বৈশ্যঃ ) অত্র ( বনে ) সংস্থিতঃ [ তেষাং ] পুত্রাণাং দারাণাং (স্ত্রীণাং) স্বজনানাঞ্চ ( মিত্রাদীনাঞ্চ ) কুশলাকুশলাত্মিকাং ( শুভাত্মিকাম্ অশুভাত্মিকাঞ্চ ) প্রবৃত্তিং ( বার্ত্তাং ) ন বেদ্মি ( ন জানামি ) ॥ ২৩

অনুবাদ।—[ মনোবিষাদের কারণ বলিতেছেন—] সেই

কিন্নু তেষাং গৃহে ক্ষেমমক্ষেমং কিন্নু সাম্প্রতম্।
কথন্তে কিন্নু সদ্বৃত্তা দুর্ব্বৃত্তাঃ কিন্নু মে সুতাঃ ॥ ২৪

রাজোবাচ ॥ ২৫

যৈর্নিরস্তো ভবাঁল্লুব্ধৈঃ পুত্রদারাদিভির্ধনৈঃ।
তেষু কিং ভবতঃ স্নেহমনুবধ্নাতি মানসম্ ॥ ২৬

হতভাগ্য আমি এই বনে অবস্থান করিতেছি, [অথচ] স্ত্রী-পুত্র ও স্বজনগণের মঙ্গলামঙ্গল কোন সংবাদ পাইতেছি না ॥ ২৩

টীকা।—তেষাং (পুত্রাদীনাং) গৃহে সাম্প্রতম্ (ইদানীং) ক্ষেমং (শুভং) কিং নু? (কিমিতি সন্দেহে, নু ইতি প্রশ্নে) অক্ষেমম্ (অশুভং) কিং নু? তে মম সুতাঃ (পুত্রগণাঃ, লক্ষণয়া মিত্রাদ্যাঃ) কথং (কীদৃগ্-বিধাঃ) [সন্তি], সদ্বৃত্তাঃ (সচরিত্রাঃ, "বৃত্তং পদ্যে চরিত্রে চ" ইত্য-মরোক্তেঃ) কিং নু? দুর্বৃত্তাঃ (অসচ্চরিত্রাঃ) কিং নু? ॥ ২৪

অনুবাদ।—[অধুনা] তাহাদের গৃহে শুভ কি অশুভ এবং তাহারা কি ভাবেই বা কাল যাপন করিতেছে; [বিশেষতঃ] আমার পুত্রমিত্রগণ [এক্ষণে] সচ্চরিত্র কি অসচ্চরিত্র? ॥ ২৪

টীকা।—রাজা (নৃপতিঃ সুরথঃ) উবাচ (কথিতবান্, বৈশ্য-মিতি শেষঃ) ॥ ২৫ ॥ ভবান্ ধনৈঃ (ধনহেতুভূতৈঃ) লুব্ধৈঃ (লোভ-গ্রস্তৈঃ) যৈঃ পুত্রদারাদিভিঃ নিরস্তঃ (বহিষ্কৃতঃ), তেষু (পুত্রদারাদিষু) ভবতঃ কিং (কিমর্থং) মানসং স্নেহম্ অনুবধ্নাতি? (পুষ্যতি?) ॥ ২৬

অনুবাদ।—রাজা বৈশ্যকে বলিলেন, যে সকল ধনলুব্ধ

## বৈশ্য উবাচ ॥ ২৭

এবমেতদ্ যথা প্রাহ ভবানস্মদ্গতং বচঃ।
কিং করোমি ন বধ্নাতি মম নিষ্ঠুরতাং মনঃ ॥ ২৮
যৈঃ সন্ত্যজ্য পিতৃস্নেহং ধনলুব্ধৈর্নিরাকৃতঃ।
পতিস্বজনহার্দ্দঞ্চ হার্দ্দি তেম্বেব মে মনঃ ॥ ২৯

স্ত্রীপুত্রাদি আপনাকে বহিষ্কৃত করিয়া দিয়াছে, তাহাদিগের প্রতি আপনার মানসিক স্নেহ-বন্ধন হইতেছে কেন ? ॥ ২৫।২৬

টীকা।—বৈশ্যঃ উবাচ ( কথিতবান্ রাজানমিতি শেষঃ ) ॥ ২৭ ভবান্ অস্মদ্গতম্ ( অস্মদীয়বিষয়কং ) [ যৎ ] বচঃ (বাক্যং) যথা (যথা-বৎ ) প্রাহ ; এতৎ এবম্ ( ঈদৃগেব, যথার্থমিত্যর্থঃ ) ; [কিন্তু ] মম মনঃ নিষ্ঠুরতাং ( কার্কশ্যং ) ন বধ্নাতি ( ন ভজতে ) ; [ অতোঽহং ] কিং করোমি ! [ মনসোঽনধীনত্বাদিতি ভাবঃ ] ॥ ২৮

অনুবাদ।—বৈশ্য ( রাজাকে ) বলিলেন—আপনি আমার বা আমার পুত্রাদি সম্বন্ধে যাহা বলিলেন, তাহা যথার্থই বটে ; [ কিন্তু ] কি করি, আমার মন যে নিষ্ঠুরভাব ধারণ করিতেছে না ॥ ২৭।২৮

টীকা।—যৈঃ ধনলুব্ধৈঃ [ পুত্রাদারাদিভিঃ ] পিতৃস্নেহং পতি-স্বজনহার্দ্দঞ্চ ( স্বামিবন্ধুগতপ্রেমাণমপি ) পরিত্যজ্য ( ত্যক্ত্বা ) [ অহং ] নিরাকৃতঃ ( বহিষ্কৃতঃ ), তেম্বেব ( পুত্রদারাদিম্বেব ) মে ( মম ) মনঃ হার্দ্দি ( হার্দ্দং প্রেম, তদস্যাস্তীতি হার্দ্দি, সপ্রেম ইত্যর্থঃ ) ॥ ২৯

অনুবাদ।—যাহারা ধনলোভে পিতৃস্নেহ, পতিপ্রেম ও বন্ধুপ্রীতি

কিমেতন্নাভিজানামি জানন্নপি মহামতে।
যৎ প্রেমপ্রবণং চিত্তং বিগুণেষ্বপি বন্ধুষু ॥ ৩০
তেষাং কৃতে মে নিঃশ্বাসা দৌর্ম্মনস্যঞ্চ জায়তে।
করোমি কিং যন্ন মনস্তেষ্বপ্রীতিষু নিষ্ঠুরম্ ॥ ৩১

পরিত্যাগ করিয়া (আমাকে বহিষ্কৃত করিয়া দিয়াছে, তাহাদিগের প্রতিই আমার মন অনুরক্ত ॥ ২৯

টীকা।—[হে] মহামতে! (সকলার্থবিচারচারুচতুর!) বিগুণেষ্বপি (গুণরহিতেষ্বপি) বন্ধুষু (পুত্রাদিষু) [মম] চিত্তং যৎ প্রেম-প্রবণং (প্রেমাকৃষ্টম্) [ইতি] এতৎ জানন্ অপি কিং (কথম্) [ঈদৃক্ ভবতি এতৎ] ন অভিজানামি, (তত্ত্বতো নাবধারয়ামি, অর্থাৎ ত্বমেবৈতৎ বিচারয় ইতি ভাবঃ) ॥ ৩০

অনুবাদ।—[হে] মহামতে! স্নেহহীন প্রতিকূলাচারী বন্ধুগণের প্রতি আমার মন প্রেমাকৃষ্ট—ইহা আমি বুঝিতেছি বটে; কিন্তু কেন যে এরূপ হইতেছে,—তাহা তো যথার্থরূপে বুঝিতে পারিতেছি না। [আপনি সূক্ষ্মার্থনির্ণয়ে নিপুণ, অতএব আপনিই ইহার তত্ত্ব নিরূপণ করুন] ॥ ৩০

টীকা।—তেষাং (পুত্রাদীনাং) কৃতে (নিমিত্তং) মে (মম) নিঃশ্বাসাঃ দৌর্ম্মনস্যঞ্চ (মনসোঽস্থিরত্বঞ্চ) জায়তে (উৎপদ্যতে) তেষু (প্রসিদ্ধেষু) অপ্রীতিষু (প্রীতিরহিতেষু পুত্রাদিষু) [মম] মনঃ যৎ (কথমপি) নিষ্ঠুরং (নির্দ্দয়ং) ন [ভবতি] কিং করোমি? (কিমত্র কর্ত্তব্যং নৈতন্ময়া জ্ঞাতমিত্যর্থঃ) ॥ ৩১

## মার্কণ্ডেয় উবাচ ॥ ৩২

ততস্তৌ সহিতৌ বিপ্র তং মুনিং সমুপস্থিতৌ ।
সমাধির্নাম বৈশ্যোঽসৌ স চ পার্থিবসত্তমঃ ॥ ৩৩
কৃত্বা তু তৌ যথান্যায়ং যথার্হং তেন সংবিদম্ ।
উপবিষ্টৌ কথাঃ কাশ্চিচ্চক্রতুর্বৈশ্যপার্থিবৌ ॥ ৩৪

অনুবাদ।—তাহাদিগের ( পুত্রাদির ) নিমিত্তই আমার কত (দীর্ঘ) নিশ্বাস পড়িতেছে, তাহাদিগের জন্যই আমার মনশ্চাঞ্চল্য ঘটিয়াছে ; [ অথচ ] সেই প্রীতিহীন স্বজনগণের প্রতি আমার মন কিছুতেই নিষ্ঠুর হইতে পারিতেছে না, [ এখন ] আমার কর্ত্তব্য কি, [ কিছুই বুঝিতেছি না ] ॥ ৩১

টীকা।—মার্কণ্ডেয়ঃ ( তন্নামা মহর্ষিঃ ) উবাচ ( কথিতবান্, ভাগুরিমিতি শেষঃ ) ॥ ৩২ ॥ [ হে ] বিপ্র ! ( ভাগুরে ! ) ততঃ ( বৈশ্যবচনানন্তরং ) অসৌ সমাধিঃ নাম ( সমাধিনাম্না প্রসিদ্ধঃ ) বৈশ্যঃ, স চ ( প্রসিদ্ধঃ ) পার্থিবসত্তমঃ ( নৃপসত্তমঃ সুরথঃ ), তৌ ( রাজবৈশ্যৌ ) সহিতৌ ( মিলিতৌ সন্তৌ ) তং ( মেধসং ) মুনিং সমুপস্থিতৌ ( তৎসমীপে উপস্থিতবন্তৌ ) ॥ ৩৩

অনুবাদ।—মার্কণ্ডেয় ( ভাগুরিকে ) বলিলেন, হে বিপ্র ! অনন্তর সমাধি নামক বৈশ্য ও নৃপতিশ্রেষ্ঠ সুরথ, উভয়ে মিলিত হইয়া সেই মেধস্ মুনির নিকটে উপস্থিত হইলেন ॥ ৩২।৩৩

টীকা।—তৌ বৈশ্যপার্থিবৌ ( সমাধিসুরথৌ ) তু ( সমুচ্চয়ে )

রাজোবাচ ॥ ৩৫

ভগবংস্ত্বামহং প্রষ্টুমিচ্ছাম্যেকং বদস্ব তৎ।
দুঃখায় যন্মে মনসঃ স্বচিত্তায়ত্ততাং বিনা ॥ ৩৬
মমত্বং মম রাজ্যস্য রাজ্যাঙ্গেম্বখিলেম্বপি।
জানতোঽপি যথাজ্ঞস্য কিমেতন্মুনিসত্তম ॥ ৩৭

যথান্যায়ং ( যথাশাস্ত্রং ) যথার্হং ( যথাযোগ্যং ) তেন ( মুনিনা মেধসা সহ ) সংবিদং ( সম্ভাষণম্, অভিবাদনাশীঃ-কুশলপ্রশ্নপ্রতিবচনরূপং ) কৃত্বা উপবিষ্টৌ [ সন্তৌ ] কাশ্চিৎ কথাঃ ( বনাগমনাদিবৃত্তান্তরূপাঃ ) চক্রতুঃ ( প্রস্তাবয়ামাসতুঃ ) ॥ ৩৪

অনুবাদ।—সেই বৈশ্য ও রাজা ( সমাধি এবং সুরথ ) উভয়ে মুনিবরের সহিত যথাশাস্ত্র যথাযোগ্য সম্ভাষণ করিয়া উপবেশনপূর্ব্বক কয়েকটী কথা প্রস্তাব করিলেন ॥ ৩৪

টীকা।—রাজা ( নৃপতিঃ সুরথঃ ) উবাচ ( কথিতবান্, মেধসমিতি শেষঃ ) ॥ ৩৫ ॥ হে ভগবন্! ( সর্ব্বজ্ঞ! ) অহং ত্বাম্ একং ( কিঞ্চিৎ ) প্রষ্টুম্ ইচ্ছামি, [ ত্বং ] তৎ ( প্রষ্টব্যমর্থং ) বদস্ব (যত্নেন কথয়স্ব ), [ প্রষ্টব্যমেবাহ সার্দ্ধৈশ্চতুর্ভিঃ- ] অজ্ঞস্য ( মূর্খস্য ) যথা ( রাজ্যাদিষু মমত্বং ভবতি তথা ) জানতঃ ( রাজ্যাদিষু মমত্বং ন কর্ত্তব্যমিতি জ্ঞানবতঃ ) মে ( মম ) স্বচিত্তায়ত্ততাং (স্বচিত্তস্য বশীভূততাং ) বিনা মম রাজ্যস্য (রাজ্যে রাজকর্ম্মণি, অত্র সপ্তম্যর্থে ষষ্ঠী) অখিলেষু (সমস্তেষু) রাজ্যাঙ্গেষু ( স্বাম্যাদিষু সপ্তসু ) মমত্বং মনসঃ দুঃখায় ( দুঃখনিমিত্তং ) [যদ্ ভবতি] হে মুনিসত্তম! এতৎ কিং ? (তস্য কিং কারণম্ ?) ॥ ৩৬।৩৭

অয়ঞ্চ নিকৃতঃ পুত্রৈর্দারৈর্ভৃত্যৈস্তথোজ্‌ঝিতঃ।
স্বজনেন চ সন্ত্যক্তস্তেষু হার্দ্দী তথাপ্যতি॥ ৩৮
এবমেষ তথাহঞ্চ দ্বাবপ্যত্যন্তদুঃখিতৌ।
দৃষ্টদোষেঽপি বিষয়ে মমত্বাকৃষ্টমানসৌ॥ ৩৯

অনুবাদ।—[অনন্তর] রাজা (মুনিবর মেধস্‌কে) বলিলেন, হে ভগবন্! আপনাকে একটী বিষয় জিজ্ঞাসা করিতে অভিলাষ করি, আপনি (অনুগ্রহপূর্ব্বক) সযত্নে তাহার উত্তর প্রদান করুন; [প্রশ্ন] মমতা যে মানসিক দুঃখের জনক, তাহা আমি জানি; কিন্তু স্বকীয় চিত্ত অধীন নয় বলিয়া অজ্ঞ ব্যক্তির ন্যায় আমারও রাজ্য এবং সকল রাজ্যাঙ্গের প্রতি মমত্ব রহিয়াছে, হে মুনিসত্তম! ইহার কারণ কি?॥ ৩৫—৩৭

টীকা।—[ন কেবলং মমৈবং, কিঞ্চ] অয়ং চ (বৈশ্যোঽপি) পুত্রৈঃ নিকৃতঃ (নিরাকৃতঃ) তথা (সমুচ্চয়ে) দারৈঃ (স্ত্রীভিঃ) ভৃত্যৈঃ (সেবকাদিভিঃ) উজ্‌ঝিতঃ (ত্যক্তঃ) স্বজনেন চ সন্ত্যক্তঃ, তথাপি [অয়ং] তেষু (পুত্রাদিষু) অতি হার্দ্দী (অতিস্নেহবান্)॥ ৩৮

অনুবাদ।—[রাজা বৈশ্যকে নির্দ্দেশ করিয়া বলিতেছেন; কেবল যে আমারই এইরূপ হইয়াছে তাহা নহে, পরন্তু] ঐ বৈশ্যও স্ত্রী-পুত্র, এমন কি ভৃত্যগণ কর্ত্তৃকও বহিষ্কৃত হইয়াছে, স্বজনেরাও ইহাকে পরিত্যাগ করিয়াছে, তথাপি ঐ ব্যক্তি তাহাদের প্রতি অত্যন্ত স্নেহপরায়ণ॥ ৩৮

টীকা।—এবম্ (উক্তপ্রকারেণ) এষঃ (বৈশ্যঃ) তথা অহঞ্চ (সুরথঃ) দ্বৌ অপি অত্যন্তদুঃখিতৌ দৃষ্টদোষে (অনুভূতক্ষয়িত্বাদি-

তৎ কেনৈতন্মহাভাগ যন্মোহো জ্ঞানিনোরপি।
মমাস্য চ ভবত্যেষা বিবেকান্ধস্য মূঢ়তা ॥ ৪০

ঋষিরুবাচ ॥ ৪১

জ্ঞানমস্তি সমস্তস্য জন্তোর্বিষয়গোচরে।
বিষয়শ্চ মহাভাগ যাতি চৈবং পৃথক্ পৃথক্ ॥ ৪২

রূপে ) বিষয়ে ( রাজ্যাদৌ ) অপি [ আবাং ] মমত্বাকৃষ্টমানসৌ ( মমত্বেন আকৃষ্টং মানসং যয়োস্তৌ ) [ ভবাবঃ ] ॥ ৩৯

অনুবাদ।—ইনি এবং আমি, আমরা উভয়েই অত্যন্ত দুঃখিত এবং যে সকল বিষয় সেই দুঃখের জনক, তাহাও প্রত্যক্ষ করিয়াছি; [তথাপি] তৎসমুদয়ের প্রতিই আমাদের মন মমতায় আকৃষ্ট হইতেছে ॥ ৩৯

টীকা।—হে মহাভাগ! ( হে মহামতে! ) মম অস্য চ ( বৈশ্যস্য চ ) জ্ঞানিনোঃ ( বিষয়দোষবত্ত্বজ্ঞানবতোঃ ) অপি যৎ মোহঃ ( অবিবেকঃ, "তমোঽবিবেকাদিমোহঃ স্যাদি"ত্যুক্তেঃ ) [ ভবতি ] তদেতৎ কেন ( হেতুনা ) বিবেকান্ধস্য ( অবিবেকবতঃ ) এষা মূঢ়তা ( অবিবেকঃ ) ভবতি ( ভবিতুমর্হতি ) ॥ ৪০

অনুবাদ।—হে মহাভাগ! আমি এবং ইনি, আমরা উভয়েই তো জ্ঞানী, তথাপি আমাদের এই মোহ ( প্রকৃত্যাদি নিখিল জড়বস্তুই আত্মা, এতাদৃশ অবিবেক ) কি নিমিত্ত হইতেছে? যাহারা বিবেকজ্ঞান-রহিত, তাহাদেরই এরূপ মোহ হইতে পারে ॥ ৪০

টীকা।—ঋষিঃ (মেধাঃ) উবাচ ( কথিতবান্, রাজানমিতি শেষঃ)

দিবান্ধাঃ প্রাণিনঃ কেচিদ্রাত্রাবন্ধাস্তথাপরে।
কেচিদ্দিবা তথা রাত্রৌ প্রাণিনস্তুল্যদৃষ্টয়ঃ ॥ ৪৩
জ্ঞানিনো মনুজাঃ সত্যং কিন্তু তে নহি কেবলম্।
যতো হি জ্ঞানিনঃ সর্ব্বে পশুপক্ষিমৃগাদয়ঃ ॥ ৪৪

॥৪১॥ সমস্তস্য জন্তোঃ (প্রাণিমাত্রস্য) বিষয়গোচরে (স্বস্ববিষয়বিষয়ে, ইন্দ্রিয়গ্রাহ্যবস্তুনীতি যাবৎ) জ্ঞানম্ অস্তি; হে মহাভাগ! বিষয়শ্চ (রূপরসাদিশ্চ) এবং (বক্ষ্যমাণপ্রকারেণ) পৃথক্ পৃথক্ যাতি (ভিন্ন-ভিন্নপ্রকারেণ জ্ঞানবিষয়ত্বং প্রাপ্নোতি) ॥ ৪২

অনুবাদ।—ঋষি (মেধস্ মুনি) বলিলেন, হে মহাভাগ! সমস্ত প্রাণীরই রূপরসাদি ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়ে জ্ঞান আছে, কিন্তু সেই বিষয়সমূহ (রূপরসাদি) বক্ষ্যমাণরীতি অনুসারে পৃথক্ পৃথক্ ভাবে জ্ঞানগম্য (জ্ঞানের বিষয়) হইয়া থাকে ॥ ৪১।৪২

টীকা।—কেচিৎ (উলূকাদয়ঃ) প্রাণিনঃ দিবান্ধাঃ (দিবসে চাক্ষুষজ্ঞানরহিতাঃ); তথা (যথা উলূকাদয়ঃ দিবান্ধাঃ, তথা) অপরে (কাকাদয়ঃ) রাত্রৌ অন্ধাঃ (চাক্ষুষজ্ঞানরহিতাঃ); কেচিৎ (কিঞ্চুলুকা-দয়ঃ) দিবারাত্রৌ [ চ ] তথা (অন্ধাঃ); [ কেচিৎ ] প্রাণিনঃ (মার্জ্জা-রাদয়ঃ) তুল্যদৃষ্টয়ঃ (দিবারাত্রৌ তুল্যদর্শিনঃ) ॥ ৪৩

অনুবাদ।—কোন কোন প্রাণী (পেচকাদি) দিবসে অন্ধ অর্থাৎ চাক্ষুষজ্ঞান-রহিত, কোন কোন প্রাণী (কাকপ্রভৃতি) রাত্রিতে অন্ধ, কোন কোন প্রাণী (কিঞ্চুলুক—কেঁচো) দিবারাত্রে দৃষ্টিশক্তিহীন; কোন

জ্ঞানঞ্চ তন্মনুষ্যাণাং যত্তেষাং মৃগপক্ষিণাম্।
মনুষ্যাণাঞ্চ যত্তেষাং তুল্যমন্যত্তথোভয়োঃ ॥ ৪৫
জ্ঞানেঽপি সতি পশ্যৈতান্ পতগাঞ্ছাবচঞ্চুষু।
কণমোক্ষাদৃতান্মোহাৎ পীড্যমানানপি ক্ষুধা ॥ ৪৬

কোন প্রাণীর (মার্জ্জার প্রভৃতির) দৃষ্টিশক্তি দিবা ও রাত্রিতে সমান ॥ ৪৩

টীকা।—মনুজাঃ (মানুষাঃ) জ্ঞানিনঃ (জ্ঞানবন্তঃ) [ইতি] সত্যং (যথার্থং) কিন্তু কেবলং তে (মানুষাঃ) এব জ্ঞানিনঃ [ইতি] হি (নিশ্চিতং) ন [ভবতি], যতঃ সর্ব্বে পশুপক্ষিমৃগাদয়ঃ হি (নিশ্চিতং) জ্ঞানিনঃ (বিষয়ে জ্ঞানবন্তঃ) [ভবন্তি] ॥ ৪৪

অনুবাদ।—মনুষ্যগণ জ্ঞানী বটে, কিন্তু কেবল মনুষ্যগণই যে জ্ঞানী তাহা নহে; যেহেতু পশু, পক্ষী, মৃগ, মৎস্য প্রভৃতি প্রাণিগণও বিষয়জ্ঞানসম্পন্ন ॥ ৪৪

টীকা।—তেষাং মৃগপক্ষিণাং যৎ (যাদৃক্) জ্ঞানম্ [অস্তি] মনুষ্যাণাঞ্চ তৎ (তাদৃক্ জ্ঞানং) [অস্তি], তথা মনুষ্যাণাঞ্চ যৎ (যাদৃক্ জ্ঞানম্) [অস্তি] তৎ (তাদৃক্ জ্ঞানং) তেষাং (মৃগপক্ষিণামপি) [অস্তি]; অন্যৎ (আহারমৈথুনাদিকম্) উভয়োঃ (তির্য্যঙ্মনুষ্যয়োঃ) তুল্যং (সমানম্) ॥ ৪৫

অনুবাদ।—সেই সকল পশুপক্ষীর যাদৃশ জ্ঞান আছে, মনুষ্য-গণেরও তাদৃশ জ্ঞান আছে; আবার মনুষ্যগণের যাদৃশ জ্ঞান আছে,

মানুষা মনুজব্যাঘ্র সাভিলাষাঃ সুতান্ প্রতি।
লোভাৎ প্রত্যুপকারায় নন্বেতে কিং ন পশ্যসি ॥ ৪৭
তথাপি মমতাবর্ত্তে মোহগর্ত্তে নিপাতিতাঃ।
মহামায়া-প্রভাবেণ সংসারস্থিতিকারিণঃ ॥ ৪৮

পশুপক্ষীরও তাদৃশ জ্ঞান আছে। পরন্তু মনুষ্য ও পশ্বাদি এতদুভয়ের মধ্যে আহারাদি বিষয়েও সাদৃশ্য আছে ॥ ৪৫

টীকা।—জ্ঞানে (তদ্ভোজনে নাস্মাকং তৃপ্তিরিতি জ্ঞানে) সত্যপি (বিদ্যমানেঽপি) মোহাৎ (বিশেষজ্ঞানাভাবাৎ) ক্ষুধা (বুভুক্ষয়া) পীড্যমানানপি শাবচঞ্চুষু (অপত্যচঞ্চুপুটেষু) কণমোক্ষাদৃতান্ (তণ্ডুল-কণাদ্যর্পণে অনুরক্তান্) এতান্ পতগান্ (পক্ষিণঃ) পশ্য ॥ ৪৬

অনুবাদ।—ঐ দেখ, এই পক্ষিগণের—"শাবকের ভোজনে আমাদের তৃপ্তি নাই" এতাদৃশ জ্ঞানসত্ত্বেও নিজেরা ক্ষুধায় কাতর হইয়াও মোহবশতঃ শাবকের চঞ্চুপুটে তণ্ডুলকণাদি খাদ্য অর্পণে যত্নশীল হইয়াছে ॥ ৪৬

টীকা।—হে মনুজব্যাঘ্র! (হে মনুষ্যশ্রেষ্ঠ!) ননু (প্রশ্নে) এতে মানুষাঃ প্রত্যুপকারায় (বার্দ্ধক্যদশায়াং নিজপরিপালনার্থং) লোভাৎ (হেতোঃ) সুতান্ প্রতি সাভিলাষাঃ (সস্নেহাঃ) [ভবন্তি, ত্বম এতৎ] কিং ন পশ্যসি ॥ ৪৭

অনুবাদ।—হে নরবর! মনুষ্যগণ (বার্দ্ধক্যে) প্রত্যুপকার-লোভে স্বীয় পুত্রগণের প্রতি স্নেহপরায়ণ হইয়া থাকে, ইহা কি (তুমি) দেখিতেছ না ॥ ৪৭

তন্নাত্র বিস্ময়ঃ কার্য্যো যোগনিদ্রা জগৎপতেঃ।
মহামায়া হরেশ্চৈতত্তয়া সংমোহ্যতে জগৎ ॥ ৪৯
জ্ঞানিনামপি চেতাংসি দেবী ভগবতী হি সা।
বলাদাকৃষ্য মোহায় মহামায়া প্রযচ্ছতি ॥ ৫০

টীকা।—তথাপি ( বিষয়দোষজ্ঞানসত্ত্বেঽপি ) মহামায়াপ্রভাবেণ ( ঈশ্বরশক্তিপ্রভাবেণ ) মমতাবর্ত্তে ( মমতা মমেদমিতি বুদ্ধিঃ, সৈব আবর্ত্তো জলভ্রমির্যস্মিন্ তাদৃশে ) মোহগর্ত্তে ( মোহঃ দেহাদৌ অহংবুদ্ধিঃ, তদ্রূপে জলাশয়ে ) নিপাতিতাঃ ( নিক্ষিপ্তাঃ ) [ মানুষাঃ ] সংসারস্থিতি-কারিণঃ ( সংসারে পুনঃ পুনরাবর্ত্তিতাঃ ) [ ভবন্তি ] ॥ ৪৮

অনুবাদ।—বিষয়দোষ-জ্ঞান সত্ত্বেও ( জীবগণ ) মহামায়ার প্রভাবে মোহহ্রদে মমতার আবর্ত্তে নিপতিত হইয়া সংসারে পুনঃ পুনঃ গতায়াত করিয়া থাকে ॥ ৪৮

টীকা।—[ যতঃ ] মহামায়া (পরমেশ্বরশক্তিঃ) জগৎপতেঃ (জগৎ-পালকস্য ) হরেশ্চ ( চকারাৎ জগৎসংহারকস্যাপি ) যোগনিদ্রা ( যোগরূপা নিদ্রা, পরমানন্দময়ী শক্তিরিত্যর্থঃ ) [ অন্যেষাং কা কথেতি ভাবঃ ]; তৎ ( তস্মাৎ ) এতৎ জগৎ তয়া ( মহামায়য়া ) সংমোহ্যতে [ ইতি ] অত্র ( অস্মিন্ বিষয়ে ) বিস্ময়ঃ ন কার্য্যঃ ( ন কর্ত্তব্যঃ ) ॥ ৪৯

অনুবাদ।—[ অন্যের কথা দূরে থাকুক ] এই মহামায়া জগৎ-পালক শ্রীহরি এবং জগৎসংহারক হরেরও যোগনিদ্রা ( শক্তি স্বরূপ ); অতএব তিনি যে জগৎ মোহিত করিবেন, ইহাতে বিস্ময়াপন্ন হইও না ॥ ৪৯

টীকা।—দেবী ( সর্ব্বেন্দ্রিয়দ্যোতনশীলা ) ভগবতী ( অচিন্ত্যৈশ্বর্য্য-

তয়া বিসৃজ্যতে বিশ্বং জগদেতচ্চরাচরম্ ।
সৈষা প্রসন্না বরদা নৃণাং ভবতি মুক্তয়ে ॥ ৫১
সা বিদ্যা পরমা মুক্তের্হেতুভূতা সনাতনী ।
সংসারবন্ধহেতুশ্চ সৈব সর্ব্বেশ্বরেশ্বরী ॥ ৫২

শালিনী ) সা মহামায়া ( পরমেশ্বরশক্তিঃ ) জ্ঞানিনামপি ( বিবেকবতা-মপি ) চেতাংসি ( অন্তঃকরণানি ) বলাৎ আকৃষ্য ( স্ববশীকৃত্য ) মোহায় (অত্র সপ্তম্যর্থে চতুর্থী, তথাচ মোহে ইত্যর্থঃ) প্রযচ্ছতি (নিক্ষিপতি) ॥ ৫০

অনুবাদ ।---সেই ভগবতী মহামায়া দেবী জ্ঞানিগণেরও অন্তঃ-করণকে বলপূর্ব্বক স্বায়ত্তাধীন করিয়া বিবেকপথ হইতে বিচ্যুত করিয়া মোহের অধিকারে নিক্ষেপ করেন ॥ ৫০

টীকা ।—তয়া ( মহামায়য়া ) এতৎ বিশ্বং ( সমগ্রং ) চরাচরং ( স্থাবরজঙ্গমাত্মকং ) জগৎ বিসৃজ্যতে ( উচ্চনীচক্রমেণ সৃজ্যতে ) সা এষা মহামায়া [ উপাসনাদিভিঃ ] প্রসন্না [ সতী ] নৃণাং মুক্তয়ে ( মোক্ষায় ) বরদা ( বরদাত্রী ) ভবতি ॥ ৫১

অনুবাদ ।—সেই মহামায়া বিবিধ প্রকারে স্থাবর-জঙ্গমাত্মক এই বিশ্বের সৃষ্টি করেন, তিনি প্রসন্না হইলে মানবগণের মুক্তির জন্য বরপ্রদান করিয়া থাকেন ॥ ৫১

টীকা ।—সা ( মহামায়া ) পরমা বিদ্যা ( তত্ত্বজ্ঞানরূপা ) [ অত-এব ] মুক্তেঃ (মোক্ষস্য) হেতুভূতা (কারণস্বরূপা) ; [ সৈব ] সংসারবন্ধহেতুঃ (সংসার এব বন্ধঃ তস্য হেতুঃ কারণং, অবিদ্যারূপা ইত্যর্থঃ), সা এব সনাতনী ( নিত্যা ) সর্ব্বেশ্বরেশ্বরী চ ( ব্রহ্মাদীনাং নিয়ন্ত্রী চ ) ॥ ৫২

রাজোবাচ ॥ ৫৩

ভগবন্ কা হি সা দেবী মহামায়েতি যাং ভবান্ ।
ব্রবীতি কথমুৎপন্না সা কর্ম্মাস্যাশ্চ কিং দ্বিজ ॥ ৫৪
যৎস্বভাবা চ সা দেবী যৎস্বরূপা যদুদ্ভবা ।
তৎ সর্ব্বং শ্রোতুমিচ্ছামি ত্বত্তো ব্রহ্মবিদাংবর ॥ ৫৫

অনুবাদ ।—সেই মহামায়াই পরমা বিদ্যারূপে ( তত্ত্বজ্ঞানরূপে ) মুক্তিদাত্রী হইয়া থাকেন ; আবার ( তিনিই ) অবিদ্যারূপে সংসার-বন্ধনে আবদ্ধ করেন ; তিনি সনাতনী এবং সর্ব্বেশ্বরেরও ঈশ্বরী অর্থাৎ ব্রহ্মাদিরও নিয়ন্ত্রী ॥ ৫২

টীকা ।—রাজা ( সুরথঃ ) উবাচ (কথিতবান্, মেধসমিতি শেষঃ) ॥৫৩॥ হে ভগবন্ ! ( হে সর্ব্বজ্ঞ ! ) হি ( বিস্ময়ে ) সা দেবী কা ( কিংজাতীয়া ? ) যাং ভবান্ মহামায়া ইতি ব্রবীতি ( কথয়তি ), সা কথং ( কেন প্রকারেণ ) উৎপন্না ? ( আবির্ভূতা ? ) হে দ্বিজ ! অস্যাঃ ( দেব্যাঃ ) কর্ম্ম চ ( কার্য্যঞ্চ ) কিম্ ? ॥ ৫৩।৫৪

অনুবাদ ।—রাজা ( মেধস্ মুনিকে ) বলিলেন,—ভগবন্ ! আপনি যাঁহাকে মহামায়া বলিতেছেন---সেই দেবী কে ? কিরূপে তাঁহার উৎপত্তি এবং তাঁহার কর্ম্মই বা কিরূপ ? ॥ ৫৪

টীকা ।—হে ব্রহ্মবিদাংবর ! ( তত্ত্বজ্ঞানিশ্রেষ্ঠ ! ) সা দেবী যৎস্বভাবা (যাদৃশপ্রকৃতিযুক্তা) যৎস্বরূপা (যাদৃশাকারা) যদুদ্ভবা চ (উদ্ভবত্যস্মাদিতি উদ্ভবো জন্মনিমিত্তং, য উদ্ভবো যস্যাঃ সা ) ; ত্বত্তঃ ( ভবৎসকাশাৎ ) তৎ সর্ব্বং ( প্রশ্নষট্‌কোত্তরম্ ) [ অহং ] শ্রোতুম্ ইচ্ছামি ॥ ৫৫

ঋষিরুবাচ ॥ ৫৬

নিত্যৈব সা জগন্মূর্ত্তিস্তয়া সর্ব্বমিদং ততম্ ।
তথাপি তৎ সমুৎপত্তির্ব্বহুধা শ্রূয়তাং মম ॥ ৫৭
দেবানাং কার্য্যসিদ্ধ্যর্থমাবির্ভবতি সা যদা ।
উৎপন্নেতি তদা লোকে সা নিত্যাপ্যভিধীয়তে ॥ ৫৮

অনুবাদ ।—হে ব্রহ্মজ্ঞশ্রেষ্ঠ! তাঁহার যেরূপ স্বভাব, যাদৃশ আকৃতি এবং যে কারণে তাঁহার উৎপত্তি, আপনার নিকটে ( আমি ) সেই সকল বৃত্তান্ত শ্রবণ করিতে ইচ্ছা করি ॥ ৫৫

টীকা ।—ঋষিঃ ( মেধাঃ ) উবাচ ( কথিতবান্, রাজানমিতি শেষঃ ) ॥ ৫৬ ॥ সা ( দেবী মহামায়া ) নিত্যা এব ( সর্ব্বদা বিদ্যমানৈব ) জগন্মূর্ত্তিঃ ( জগন্তি এব মূর্ত্তির্যস্যাঃ সা ), তয়া ( মহামায়য়া ) ইদং সর্ব্বং ( জগৎ ) ততং ( বিস্তারিতম্, উৎপাদিতমিতি যাবৎ ), তথাপি ( যদ্যপি জন্মাদি নাস্তি তথাপি ) বহুধা ( বহুপ্রকারেণ ) তৎসমুৎপত্তিঃ ( তস্যা আবির্ভাবঃ ) মম ( মত্তঃ ) শ্রূয়তাম্ ॥ ৫৭

অনুবাদ ।—ঋষি ( রাজাকে ) বলিলেন,—সেই মহামায়া দেবী নিত্যা এবং জগৎস্বরূপা; তিনিই এই জগৎ উৎপন্ন করিয়াছেন। তিনি নিত্যা হইলেও, আমার নিকটে বহুপ্রকারে তাঁহার আবির্ভাব-কথা শ্রবণ করুন ॥ ৫৬।৫৭

টীকা ।—সা ( মহামায়া ) যদা ( যস্মিন্ কালে ) দেবানাং কার্য্য-সিদ্ধ্যর্থং লোকে ( লোকমধ্যে জগতীত্যর্থঃ ) আবির্ভবতি, তদা ( তস্মিন্

যোগনিদ্রাং যদা বিষ্ণুর্জগত্যেকার্ণবীকৃতে।
আস্তীর্য্য শেষমভজৎ কল্পান্তে ভগবান্ প্রভুঃ ॥ ৫৯
তদা দ্বাবসুরৌ ঘোরৌ বিখ্যাতৌ মধুকৈটভৌ।
বিষ্ণুকর্ণমলোদ্ভূতৌ হন্তুং ব্রহ্মাণমুদ্যতৌ ॥ ৬০

কালে ) সা নিত্যাপি ( জন্মমরণরহিতাপি ) উৎপন্না ( জাতা ) ইতি অভিধীয়তে ( কথ্যতে ) ॥ ৫৮

অনুবাদ।—তিনি যদিও নিত্যা, তথাপি দেববৃন্দের কার্য্যসিদ্ধির জন্য যখন তিনি জগতে আবির্ভূত হন, তখন তিনি উৎপন্না বলিয়া অভিহিত হইয়া থাকেন ॥ ৫৮

টীকা।—ভগবান্ ( অচিন্ত্যৈশ্বর্য্যঃ ) প্রভুঃ ( ঈশ্বরঃ ) বিষ্ণুঃ যদা কল্পান্তে ( প্রলয়ে ) জগতি একার্ণবীকৃতে ( প্রলয়ার্ণবপ্লাবিতে সতি ) শেষম্ (অনন্তম্ ) আস্তীর্য্য (শয্যাং কৃত্বা) যোগনিদ্রাং ( যোগ এব নিদ্রা তাম্ ) অভজৎ ( তদনুকূলাং ক্রিয়াং চকার ) ॥ ৫৯

অনুবাদ।—প্রলয়কালে জগৎ প্রলয়ার্ণবে প্লাবিত হইলে, প্রভু ভগবান্ বিষ্ণু যখন অনন্তশয্যা বিস্তার করিয়া যোগনিদ্রা-সমাচ্ছন্ন হইয়াছিলেন ॥ ৫৯

টীকা।—তদা ( তস্মিন্ কালে ) ঘোরৌ ( ভয়ঙ্করৌ ) বিষ্ণুকর্ণমলোদ্ভূতৌ ( বিষ্ণোঃ কর্ণমলাদুৎপন্নৌ ) দ্বৌ মধুকৈটভৌ ( মধুকৈটভনামানৌ ) বিখ্যাতৌ ( প্রসিদ্ধৌ ) অসুরৌ ব্রহ্মাণং হন্তুম্ উদ্যতৌ ( বভূবতুঃ ) ॥ ৬০

অনুবাদ।—তখন ভগবানের কর্ণমলসম্ভূত দুর্দ্দান্ত মধু ও

স নাভিকমলে বিষ্ণোঃ স্থিতো ব্রহ্মা প্রজাপতিঃ।
দৃষ্ট্বা তাবসুরৌ চোগ্রৌ প্রসুপ্তঞ্চ জনার্দ্দনম্ ॥ ৬১
তুষ্টাব যোগনিদ্রাং তামেকাগ্রহৃদয়স্থিতঃ ॥ ৬২
বিবোধনার্থায় হরের্হরিনেত্রকৃতালয়াম্।
বিশ্বেশ্বরীং জগদ্ধাত্রীং স্থিতিসংহারকারিণীম্ ॥ ৬৩
নিদ্রাং ভগবতীং বিষ্ণোরতুলাং তেজসঃ প্রভুঃ ॥ ৬৪

কৈটভ নামক বিখ্যাত অসুরদ্বয় ব্রহ্মাকে বধ করিতে উদ্যত হইল ॥ ৬০

টীকা।—সঃ প্রজাপতিঃ (জগজ্জনকঃ) প্রভুঃ (স্তুতিসমর্থঃ) ব্রহ্মা, বিষ্ণোঃ (জগদ্ব্যাপকস্য শ্রীহরেঃ) নাভিকমলে (নাভিস্থিতপদ্মে) স্থিতঃ [সন্] তৌ উগ্রৌ অসুরৌ (মধুকৈটভৌ), প্রসুপ্তং (নিদ্রাগতং) জনার্দ্দনঞ্চ দৃষ্ট্বা, হরেঃ বিবোধনার্থায় (জাগরণায়) একাগ্রহৃদয়স্থিতঃ (একাগ্রহৃদয়ঃ তদেকনিষ্ঠান্তঃকরণঃ অতএব স্থিতঃ নিশ্চলঃ সন্, "স্থিতে গত্যূর্দ্ধভাবয়ো" রিতি কোষাৎ) হরিনেত্রকৃতালয়াং (বিষ্ণুনয়নকৃত-নিকেতনাং) তেজসঃ (তেজঃস্বরূপস্য) বিষ্ণোঃ নিদ্রাং (বহিরিন্দ্রিয়-নিমীলনকরীম্) [অতঃ] বিশ্বেশ্বরীং (সর্ব্বনিয়ন্ত্রীং) ভগবতীম্ (অচিন্ত্যৈ-শ্বর্য্যাং) জগদ্ধাত্রীং (জগৎকর্ত্রীং) স্থিতিসংহারকারিণীং (জন্মপালননাশ-করণশীলাম্) [অত এব] অতুলাং (নিরুপমাং) তাং (প্রসিদ্ধাং) যোগনিদ্রাং তুষ্টাব (স্তুতবান্) ॥ ৬১—৬৪

**অনুবাদ।—বিষ্ণুর নাভিকমলে অবস্থিত প্রজাপতি ব্রহ্মা, সেই ভয়ঙ্কর অসুরদ্বয় ও প্রসুপ্ত জনার্দ্দনকে অবলোকন করিয়া শ্রীহরির জাগ-**

ব্রহ্মোবাচ ॥ ৬৫

ত্বং স্বাহা ত্বং স্বধা ত্বং হি বষট্‌কারস্বরাত্মিকা।
সুধা ত্বমক্ষরে নিত্যে ত্রিধামাত্রাত্মিকা স্থিতা ॥ ৬৬
অর্দ্ধমাত্রা স্থিতা নিত্যা যানুচ্চার্য্যা বিশেষতঃ।
ত্বমেব সা ত্বং সাবিত্রী ত্বং দেবী জননী পরা ॥ ৬৭

রণের জন্য হরিনয়নবিহারিণী তেজঃস্বরূপা বিষ্ণুর বহিরিন্দ্রিয়-নিমীলন-কারিণী অতুলনীয়া ভগবতী বিশ্বেশ্বরী জগদ্ধাত্রী যোগনিদ্রাকে একাগ্রতা-সহকারে স্থিরচিত্তে স্তব করিতে লাগিলেন ॥ ৬১—৬৪

টীকা।—ব্রহ্মা উবাচ ( কথিতবান্, যোগনিদ্রামিতি শেষঃ ) ॥ ৬৫ ত্বং স্বাহা ( দেবদানমন্ত্রঃ ) ; ত্বং স্বধা ( পিতৃদানমন্ত্রঃ ) ; ত্বং হি ( অবধারণে, তথাচ ত্বমেব ইত্যর্থঃ ) বষট্‌কারঃ ( যজ্ঞঃ যজ্ঞদেবাহ্বানমন্ত্রশ্চ ) স্বরাত্মিকা ( উদাত্তাদিস্বরূপা ) ; ত্বং সুধা ( অমৃতং, দেবানামিতি শেষঃ ) ; [ হে ] নিত্যে ! অক্ষরে ( অকারাদ্যক্ষরসমূহে ) [ ত্বং ] ত্রিধামাত্রাত্মিকা ( হ্রস্ব-দীর্ঘপ্লুতরূপা সতী ) স্থিতা ॥ ৬৬

অনুবাদ।—ব্রহ্মা (যোগনিদ্রাকে) বলিলেন, তুমি স্বাহা, তুমি স্বধা, তুমিই বষট্‌কার ও অকারাদিবর্ণস্বরূপা ; হে নিত্যে ! তুমি ( দেবভোগ্য ) সুধা ( অমৃত ) ; তুমিই অকারাদিবর্ণসমূহে হ্রস্বদীর্ঘপ্লুতরূপ ত্রিবিধ মাত্রারূপে অবস্থিত আছ ॥ ৬৫।৬৬

টীকা।—বিশেষতঃ ( স্পষ্টং স্বরসম্বন্ধরূপবিশেষং বিনা ) যা অনুচ্চার্য্যা ( উচ্চারয়িতুমশক্যা ) সা [ অপি ] ত্বমেব, [ যতস্ত্বম্ ] অর্দ্ধ-মাত্রাস্থিতা ( অর্দ্ধমাত্রয়া স্থিতা ব্যঞ্জনরূপা ইত্যর্থঃ ) ; ত্বং সা ( প্রসিদ্ধা )

ত্বয়ৈব ধার্য্যতে সর্ব্বং ত্বয়ৈতৎ সৃজ্যতে জগৎ। ৬৮
ত্বয়ৈতৎ পাল্যতে দেবি ত্বমৎস্যন্তে চ সর্ব্বদা॥ ৬৯
বিসৃষ্টৌ সৃষ্টিরূপা ত্বং স্থিতিরূপা চ পালনে॥ ৭০
তথা সংহৃতিরূপান্তে জগতোঽস্য জগন্ময়ে॥ ৭১

সাবিত্রী (গায়ত্রী); হে দেবি! ত্বং [সর্ব্বজনকত্বাৎ] পরা (উৎকৃষ্টা) জননী (মাতা) নিত্যা (উপচয়াপচয়রহিতা চ)॥ ৬৭

অনুবাদ।—যাহা স্বরসংযোগ ব্যতীত অনুচ্চারণীয় অর্দ্ধমাত্রা (ব্যঞ্জনবর্ণ) তাহাও তুমি; তুমিই সেই গায়ত্রী; তুমিই নিত্যা; হে দেবি! তুমিই [সকলের জনক বলিয়া] ত্রিলোকজননী॥ ৬৭

টীকা।—হে দেবি! ত্বয়া এব সর্ব্বং জগৎ (সমগ্রং বিশ্বং) ধার্য্যতে; ত্বয়া এতৎ (জগৎ) সৃজ্যতে (উৎপাদ্যতে); ত্বয়া এতৎ (জগৎ) পাল্যতে; সর্ব্বদা (সর্ব্বকালে) অন্তে (প্রলয়ে) ত্বম্ [এতজ্জগৎ] অৎসি (ভক্ষয়সি)॥ ৬৮।৬৯

অনুবাদ।—হে দেবি! তুমিই সমস্ত জগৎকে ধারণ করিয়া রাখিয়াছ, তুমিই এই জগৎ সৃষ্টি করিতেছ; তুমিই ইহা পালন করিতেছ, [আবার] সর্ব্বসময়েই প্রলয়কালে তুমিই ইহা সংহার কর॥ ৬৮।৬৯

টীকা।—হে জগন্ময়ে! (আর্যত্বাদাৎপ্রত্যয়ঃ, হে জগৎস্বরূপে!) অস্য জগতঃ বিসৃষ্টৌ (বিবিধসৃষ্ট্যবসরে) ত্বং সৃষ্টিরূপা (সৃষ্টিঃ কার্য্যং, তৎস্বরূপা), পালনে (পালনাবসরে) [ত্বং] স্থিতিরূপা (পাল্যরূপা পালনরূপা চ) তথা অন্তে (প্রলয়ে) [ত্বং] সংহৃতিরূপা চ (সংহার্য্যরূপা সংহৃতিরূপা চ)॥ ৭০।৭১

মহাবিদ্যা মহামায়া মহামেধা মহাস্মৃতিঃ।
মহামোহা চ ভবতী মহাদেবী মহাসুরী ॥ ৭২
প্রকৃতিস্ত্বঞ্চ সর্ব্বস্য গুণত্রয়বিভাবিনী।
কালরাত্রির্মহারাত্রির্মোহরাত্রিশ্চ দারুণা ॥ ৭৩

অনুবাদ।—হে জগৎস্বরূপে! এই পরিদৃশ্যমান জগতের সৃষ্টি-কালে তুমিই সৃষ্টিরূপা, পালন সময়ে তুমিই স্থিতিরূপা এবং প্রলয় কালে তুমিই সংহাররূপা ॥ ৭০।৭১

টীকা।—[ত্বং] মহাবিদ্যা (পরমজ্ঞানরূপা); মহামোহা (পরমাজ্ঞানরূপা) মহামেধা (সকলার্থাবধারণলক্ষণা বুদ্ধিঃ); মহাস্মৃতিঃ (তত্ত্বধারণাপ্রতিবন্ধবাহুল্যবতী ধীঃ), মহাদেবী (মহাদেবশক্তিঃ), মহাসুরী চ (মহতী অসুরশক্তিশ্চ), [অতঃ] ভবতী (ত্বমেব) মহামায়া ॥ ৭২

অনুবাদ।—তুমি মহাবিদ্যা (মহাজ্ঞানস্বরূপা) অথচ তুমিই মহামোহা অর্থাৎ মহামোহদায়িনী, তুমি মহতী মেধা অথচ মহতী অস্মৃতি অর্থাৎ অমেধা; তুমি মহতী দেবশক্তি এবং মহতী অসুরশক্তি; (অতএব) তুমি (প্রকৃতই) মহামায়া ॥ ৭২

টীকা।—গুণত্রয়বিভাবিনী (গুণত্রয়ং সত্ত্বরজস্তমাংসি বিভাবয়িতুং শীলং যস্যাঃ সা) ত্বঞ্চ সর্ব্বস্য (স্থাবরজঙ্গমাদ্যাত্মকস্য জগতঃ) প্রকৃতিঃ (কারণং); ত্বং কালরাত্রিঃ (কালো মরণং স এব রাত্রিঃ, মরণলক্ষণা রাত্রিরিতি বা), মহারাত্রিঃ (ব্রহ্মণো রাত্রিঃ), মোহরাত্রিঃ (মানুষী রাত্রিঃ), দারুণা চ (ভয়জনিকা চ) ॥ ৭৩

ত্বং শ্রীস্ত্বমীশ্বরী ত্বং হ্রীস্ত্বং বুদ্ধির্বোধলক্ষণা ॥ ৭৪
লজ্জা পুষ্টিস্তথা তুষ্টিস্ত্বং শান্তিঃ ক্ষান্তিরেব চ ॥ ৭৫
খড়্গিনী শূলিনী ঘোরা গদিনী চক্রিণী তথা।
শঙ্খিনী চাপিনী বাণ-ভুশুণ্ডীপরিঘায়ুধা ॥ ৭৬
সৌম্যা সৌম্যতরাশেষ-সৌম্যেভ্যস্ত্বতিসুন্দরী।
পরাপরাণাং পরমা ত্বমেব পরমেশ্বরী ॥ ৭৭

অনুবাদ।—তুমি গুণত্রয়ের তারতম্যে বিবিধ সৃষ্টিপ্রসবিনী, (অতএব) তুমিই সর্ব্বজগতের মূল প্রকৃতি (কারণ); তুমি কালরাত্রি, তুমি মহারাত্রি, তুমি মোহরাত্রি এবং তুমিই দারুণা অর্থাৎ ভয়ঙ্করী ॥ ৭৩

টীকা।—ত্বং শ্রীঃ (সম্পৎ), ত্বম্ ঈশ্বরী (সর্ব্বনিয়ন্ত্রী), ত্বং হ্রীঃ (অকর্ম্মজুগুপ্সা তদধিষ্ঠাত্রী বা), ত্বং বোধলক্ষণা (নিশ্চয়াত্মিকা) বুদ্ধিঃ (অন্তঃকরণবিশেষঃ), ত্বং লজ্জা (জুগুপ্সিতকরণে পরজ্ঞানশঙ্কয়া দুঃখং) পুষ্টিঃ (উপচয়ঃ) তথা তুষ্টিঃ (যাদৃচ্ছিকলাভে সন্তোষঃ), [ত্বম্] এব শান্তিঃ (বিষয়সুখানুসন্ধানরাহিত্যং), [ত্বং] ক্ষান্তিঃ (অপকারিণে ঽনপকারেচ্ছা) চ ॥ ৭৪।৭৫

অনুবাদ।—তুমি লক্ষ্মী, তুমি ঈশ্বরী, তুমি হ্রী (কুকর্ম্মজুগুপ্সা), তুমি নিশ্চয়াত্মিকা বুদ্ধি, তুমি লজ্জা, তুমি পুষ্টি (উপচয়), তুমি তুষ্টি (সন্তোষ), তুমি শান্তি এবং তুমিই ক্ষান্তি ॥ ৭৪।৭৫

টীকা।—[ত্বং] খড়্গিনী (খড়্গযুক্তা) শূলিনী (শূলযুক্তা) গদিনী (গদাযুক্তা) তথা চক্রিণী (চক্রযুক্তা) শঙ্খিনী (শঙ্খযুক্তা)

**যচ্চ কিঞ্চিৎ ক্বচিদ্ বস্তু সদসদ্ বাখিলাত্মিকে।**
**তস্য সর্ব্বস্য যা শক্তিঃ সা ত্বং কিং স্তূয়সে তদা ? ॥ ৭৮**

চাপিনী ( চাপযুক্তা ) বাণভুশুণ্ডী-পরিঘায়ুধা (বাণাদ্যায়ুধবতী) [ অতএব ] ঘোরা ( ভয়ঙ্করী ); [ ত্বং ] সৌম্যা ( আহ্লাদিকা মনুষ্যাদিশোভা ) সৌম্যতরা ( অত্যাহ্লাদিকা চন্দ্রপদ্মাদিশোভা ) অশেষসৌম্যেভ্যঃ ( সকলাহ্লাদকবস্তুভ্যঃ ) অতিসুন্দরী ( অত্যাহ্লাদিকা ); [ ত্বং ] পরাপরাণাং ( ব্রহ্মেন্দ্রাদীনাং ) পরমা ( প্রধানম্ ) [ অতঃ ] ত্বমেব পরমেশ্বরী ( পরমনিয়ন্ত্রী ) ॥ ৭৬।৭৭

অনুবাদ।—তুমি খড়্গ, শূল, গদা, চক্র, শঙ্খ, ধনুর্ব্বাণ, ভুশুণ্ডী এবং পরিঘ-ধারিণী, ( অতএব ) তুমি অতীব ভয়ঙ্করী। তুমি সৌম্যা, সৌম্যতরা এবং সমস্ত সৌন্দর্য্যশালী বস্তু অপেক্ষাও সৌন্দর্য্য-শালিনী। তুমি ব্রহ্মা, ইন্দ্র প্রভৃতি দেবগণের নিয়ন্ত্রী, ( এইহেতু ) তুমিই পরমেশ্বরী ॥ ৭৬।৭৭

টীকা।—হে অখিলাত্মিকে ! ( হে সর্ব্বস্বরূপে ! ) যচ্চ (যাদৃক্ চ) কিঞ্চিৎ ( কিমপি ) ক্বচিৎ ( কুত্রচিৎ দেশে কালে চ ) সৎ ( বিদ্যমানম্ ) অসৎ বা ( অবিদ্যমানম্ অতীতং ভাবি চ ) বস্তু [ অস্তি ]; তস্য সর্ব্বস্য ( বস্তুনঃ ) যা শক্তিঃ, সা [ যদা ] ত্বং [ ভবসি ] তদা ( তর্হি ) কিং ( কথং ) [ ত্বং ] স্তূয়সে ? ৭৮

অনুবাদ।—হে অখিলস্বরূপে ! যে কোন স্থানে যে কিছু সৎ বা অসৎ বস্তু আছে, তুমিই তৎসমূহের শক্তি, অতএব সর্ব্বশক্তিস্বরূপা তোমাকে কি প্রকারে স্তব করিতে পারা যায় ? ৭৮

যয়া ত্বয়া জগৎস্রষ্টা জগৎপাতাত্তি যো জগৎ।
সোঽপি নিদ্রাবশং নীতঃ কস্ত্বাং স্তোতুমিহেশ্বরঃ ॥ ৭৯
বিষ্ণুঃ শরীর-গ্রহণ,-মহমীশান এব চ।
কারিতাস্তে যতোঽতস্ত্বাং কঃ স্তোতুং শক্তিমান্ ভবেৎ ? ॥৮০

টীকা।—যঃ (বিষ্ণুঃ) জগৎস্রষ্টা (জগজ্জনকঃ), [যশ্চ] জগৎ-পাতা (জগদ্রক্ষকঃ), [যশ্চ] জগৎ অত্তি (ভক্ষয়তি), সোঽপি যয়া ত্বয়া নিদ্রাবশং (নিদ্রায়ত্ততাং) নীতঃ (প্রাপিতঃ); [অতঃ] ত্বাং স্তোতুম্ ইহ (জগতি) কঃ ঈশ্বরঃ (সমর্থঃ ? অপি তু ন কোঽপীত্যর্থঃ) ॥ ৭৯

অনুবাদ।—যিনি জগতের সৃষ্টিকর্ত্তা, [যিনি] জগতের পালনকর্ত্তা, [যিনি] জগতের সংহারকর্ত্তা, সেই নারায়ণকেও যে তুমি নিদ্রাবশে আনয়ন করিয়াছ, সেই তোমাকে স্তব করিতে কাহার সামর্থ্য আছে ? (অর্থাৎ কাহারও নাই) ॥ ৭৯

টীকা।—বিষ্ণুঃ (জগৎপালকঃ), অহং (ব্রহ্মা জগৎস্রষ্টা) ঈশানঃ এব চ (জগৎসংহারকোঽপি) যতঃ (যস্মাৎ কারণাৎ) তে (সর্ব্বে) শরীরগ্রহণং কারিতাঃ, অতঃ (অস্মাৎ কারণাৎ) ত্বাং স্তোতুং কঃ (জনঃ) শক্তিমান্ ভবেৎ [অপি তু ন কোঽপীতি ভাবঃ] ॥ ৮০

অনুবাদ।—জগৎপালক বিষ্ণু, জগৎস্রষ্টা আমি (ব্রহ্মা) এবং জগৎসংহারক মহেশ্বরকেও যে তুমি শরীর ধারণ করাইয়াছ, সেই তোমাকে স্তব করিতে (জগতে) কে সমর্থ হইতে পারে ? (অর্থাৎ কেহই হইতে পারে না) ॥ ৮০

সা ত্বমিত্থং প্রভাবৈঃ স্বৈ-রুদারৈর্দেবি সংস্তুতা।
মোহয়ৈতৌ দুরাধর্ষাবসুরৌ মধুকৈটভৌ ॥ ৮১
প্রবোধঞ্চ জগৎস্বামী নীয়তামচ্যুতো লঘু।
বোধশ্চ ক্রিয়তামস্য হন্তুমেতৌ মহাসুরৌ ॥ ৮২

ঋষিরুবাচ ॥ ৮৩

এবং স্তুতা তদা দেবী তামসী তত্র বেধসা ॥ ৮৪
বিষ্ণোঃ প্রবোধনার্থায় নিহন্তুং মধু-কৈটভৌ।
নেত্রাস্যনাসিকাবাহু-হৃদয়েভ্যস্তথোরসঃ ॥ ৮৫

টীকা।—হে দেবি! ইত্থম্ (উক্তপ্রকারেণ) স্বৈঃ (আত্মীয়ৈঃ) উদারৈঃ (অসাধারণৈরিতি যাবৎ) প্রভাবৈঃ (মাহাত্ম্যৈঃ) সংস্তুতা (পরিচিতা প্রসিদ্ধেতি যাবৎ) সা (অনির্ব্বচনীয়প্রভাবা) ত্বম্ এতৌ (বিখ্যাতৌ) দুরাধর্ষৌ (অনভিভবনীয়ৌ) মধুকৈটভৌ (তদাখ্যৌ অসুরৌ) মোহয় (মোহং প্রাপয়) ॥ ৮১

অনুবাদ।—হে দেবি! আপনি স্বীয় অসাধারণ মাহাত্ম্যে সুপরিচিতা, অতএব এই দুর্দ্দমনীয় মধু ও কৈটভ নামক অসুরদ্বয়কে মোহিত করুন ॥ ৮১

টীকা।—জগৎস্বামী (জগদীশ্বরঃ) অচ্যুতঃ (অপ্রতিহতবলঃ বিষ্ণুঃ) লঘু (শীঘ্রং) [ত্বয়া] প্রবোধং (নিদ্রাভঙ্গং) চ নীয়তাম্, এতৌ মহাসুরৌ (মধুকৈটভৌ) হন্তুং (নাশয়িতুম্) অস্য (বিষ্ণোঃ) বোধশ্চ (ব্যবসায়শ্চ) ক্রিয়তাং (কার্য্যতাম্) ॥ ৮২

নির্গম্য দর্শনে তস্থৌ ব্রহ্মণোঽব্যক্তজন্মনঃ ॥ ৮৬
উত্তস্থৌ চ জগন্নাথস্তয়া মুক্তো জনার্দ্দনঃ।
একার্ণবেঽহিশয়নাৎ ততঃ স দদৃশে চ তৌ ॥ ৮৭

অনুবাদ। এই জগৎপতি অচ্যুতের শীঘ্র নিদ্রাভঙ্গ ও এই মহাবল অসুরদ্বয়কে বিনাশ করিবার বুদ্ধি যাহাতে হয়, তাহাও আপনি বিধান করুন। ৮২

টীকা।—ঋষিঃ (মেধাঃ) উবাচ (কথিতবান্, রাজানমিতি শেষঃ) ॥ ৮৩ ॥ তদা (তস্মিন্ কালে) তত্র (বিষ্ণুনাভিকমলে) সা দেবী (দেবদেহ-বিহারিণী) তামসী (নিদ্রারূপা যোগনিদ্রা) বেধসা (ব্রহ্মণা) এবম্ (উক্তরূপেণ) স্তুতা (বর্ণিতা) [সতী] বিষ্ণোঃ প্রবোধনার্থায় (জাগরণায়) মধুকৈটভৌ নিহন্তুং (নাশয়িতুং চ) [তস্য] নেত্রাস্য-নাসিকাবাহুহৃদয়েভ্যঃ (নেত্রে চ আস্যঞ্চ নাসিকা চ বাহূ চ হৃদয়ঞ্চ তেভ্যঃ) তথা উরসঃ (বক্ষসশ্চ) নির্গম্য (নিঃসৃত্য) অব্যক্তজন্মনঃ (অব্যক্তা-দীশ্বরাৎ জন্ম প্রাদুর্ভাবো যস্য তস্য ব্রহ্মণঃ) দর্শনে (নয়নয়োঃ) তস্থৌ (স্থিতবতী) ॥ ৮৪—৮৬

অনুবাদ।—ঋষি (রাজাকে) বলিলেন,—ব্রহ্মা সেই সময়ে এইরূপে তামসী যোগনিদ্রা দেবীকে স্তব করিলে, তিনি মধুকৈটভ বধ ও বিষ্ণুকে প্রবুদ্ধ করিবার জন্য তদীয় নয়ন, বদন, নাসিকা, বাহু, মন এবং বক্ষঃস্থল হইতে নির্গত হইয়া স্বয়ম্ভু ব্রহ্মার নয়নযুগল আশ্রয় করিয়া রহিলেন ॥ ৮৩—৮৬

মধুকৈটভৌ দুরাত্মানাবতিবীর্য্যপরাক্রমৌ।
ক্রোধরক্তেক্ষণাবত্তুং ব্রহ্মাণং জনিতোদ্যমৌ ॥ ৮৮
সমুত্থায় ততস্তাভ্যাং যুযুধে ভগবান্ হরিঃ।
পঞ্চবর্ষসহস্রাণি বাহুপ্রহরণো বিভুঃ ॥ ৮৯

টীকা।—জগন্নাথঃ (জগৎপালকঃ) জনার্দ্দনঃ (বিষ্ণুঃ) তয়া (নিদ্রারূপয়া দেব্যা) মুক্তঃ [সন্] একার্ণবে (একীভূতমহাসমুদ্রে) অহিশয়নাৎ (অনন্তশয্যায়াঃ) উত্তস্থৌ; ততঃ (উত্থানানন্তরং) দুরাত্মানৌ (দুষ্টস্বভাবৌ) অতিবীর্য্যপরাক্রমৌ (শক্ত্যুৎসাহশালিনৌ) ক্রোধরক্তেক্ষণৌ (রোষরক্তলোচনৌ) ব্রহ্মাণম্ অত্তুং (খাদিতুং) জনিতোদ্যমৌ (কৃতপ্রযত্নৌ) তৌ মধুকৈটভৌ দদৃশে চ (দৃষ্টবান্, চকারাৎ তাবপি তং দদৃশাতে) ॥ ৮৭।৮৮

অনুবাদ।—জগন্নাথ জনার্দ্দন (এইরূপে) যোগনিদ্রা-মুক্ত হইয়া অনন্তশয্যা হইতে উত্থিত হইলেন। অনন্তর সেই একার্ণবে মহাবল-পরাক্রান্ত দুরাত্মা মধু ও কৈটভ রোষরক্তনেত্রে ব্রহ্মাকে ভক্ষণ করিতে উদ্যত হইয়াছে—দেখিলেন ॥ ৮৭।৮৮

টীকা।—ততঃ (পরস্পরদর্শনানন্তরং) বাহুপ্রহরণঃ (বাহু প্রহরণে যুদ্ধসাধনে যস্য সঃ) বিভুঃ (জগদ্ব্যাপকঃ) ভগবান্ (অচিন্ত্যৈশ্বর্য্যশালী) হরিঃ সমুত্থায় (সোৎসাহমুত্থায়) পঞ্চ বর্ষসহস্রাণি [ব্যাপ্য] তাভ্যাং (মধুকৈটভাভ্যাং সহ) যুযুধে (যুদ্ধং কৃতবান্) ॥ ৮৯

অনুবাদ।—অনন্তর জগদ্ব্যাপক বাহুপ্রহরণ ভগবান্ শ্রীহরি

তাবপ্যতিবলোন্মত্তৌ মহামায়াবিমোহিতৌ ॥ ৯০
উক্তবন্তৌ বরোঽস্মত্তো ব্রিয়তামিতি কেশবম্ ॥ ৯১

ভগবানুবাচ ॥ ৯২

ভবেতামদ্য মে তুষ্টৌ মম বধ্যাবুভাবপি ॥ ৯৩
কিমন্যেন বরেণাত্র এতাবদ্ধি বৃতং মম ॥ ৯৪

সোৎসাহে বদ্ধপরিকর হইয়া সেই অসুরদ্বয়ের সহিত পাঁচ হাজার বৎসর কাল [ কেবল ] বাহুযুদ্ধ করিয়াছিলেন ॥ ৮৯

টীকা।—তৌ ( মধুকৈটভৌ ) অপি ( যুযুধাতে ইতি অপি-শব্দার্থঃ), [ অনন্তরং ] মহামায়াবিমোহিতৌ অতিবলোন্মত্তৌ (অতিবলেন হিতাহিতবিচাররহিতৌ ) [ সন্তৌ ] অস্মত্তঃ ( আবয়োঃ সকাশাৎ ) বরঃ ব্রিয়তাম্ ( গৃহ্যতাম্ ) ইতি কেশবম্ উক্তবন্তৌ ॥ ৯০।৯১

অনুবাদ।—অতীব বলোন্মত্ত সেই অসুরদ্বয়ও ভগবানের সহিত যুদ্ধ করিয়াছিল ; অনন্তর তাহারা মহামায়ার প্রভাবে বিমোহিত হইয়া ভগবান্‌কে বলিল—( হে কেশব ! ) আমাদের নিকট বর প্রার্থনা কর ॥ ৯০।৯১

টীকা।—ভগবান্ উবাচ ( কথিতবান্, মধুকৈটভাবিতি শেষঃ ) ॥ ৯২ ॥ [যদি] মে ( মাং প্রতি ) উভৌ অপি তুষ্টৌ, [ তর্হি ] অদ্য মম বধ্যৌ ভবেতাম্ ; অত্র ( যুদ্ধে ) অন্যেন বরেণ কিং ? ( ন কিমপি প্রয়োজনম্ ), হি ( অবধারণে ) এতাবৎ ( এব ) মম বৃতং ( বরঃ ) ॥ ৯৩।৯৪

অনুবাদ।—শ্রীভগবান্ বলিলেন,—তোমরা ( যদি ) আমার

ঋষিরুবাচ ॥ ৯৫

বঞ্চিতাভ্যামিতি তদা সর্ব্বমাপোময়ং জগৎ ॥ ৯৬

বিলোক্য তাভ্যাং গদিতো ভগবান্ কমলেক্ষণঃ ॥ ৯৭

[ প্রীতৌ স্বস্তব যুদ্ধেন শ্লাঘ্যস্ত্বং মৃত্যুরাবয়োঃ। ]

আবাং জহি ন যত্রোর্ব্বী সলিলেন পরিপ্লুতা ॥ ৯৮

ঋষিরুবাচ ॥ ৯৯

তথেত্যুক্ত্বা ভগবতা শঙ্খচক্রগদাভৃতা ॥ ১০০

প্রতি সন্তুষ্ট হইয়া থাক; (তাহা হইলে) উভয়েই আজ আমার বধ্য হও—ইহাই আমার বর, এই যুদ্ধে অন্য বরের প্রয়োজন নাই ॥ ৯২—৯৪

টীকা।—ঋষিঃ উবাচ ( কথিতবান্ ) ॥ ৯৫ ॥ ইতি ( অনেন প্রকারেণ ) বঞ্চিতাভ্যাং ( মহামায়াচ্ছলিতাভ্যাং ) তাভ্যাং ( মধু-কৈটভাভ্যাং ) তদা ( প্রলয়ে ) সর্ব্বং জগৎ আপোময়ং ( জলময়ং ) বিলোক্য ভগবান্ কমলেক্ষণঃ ( পদ্মপলাশলোচনঃ বিষ্ণুঃ ) গদিতঃ ( উক্তঃ ) ॥ ৯৬।৯৭

অনুবাদ।—ঋষি বলিলেন,—তখন সেই অসুরদ্বয় এইরূপে বঞ্চিত হইয়া সমস্ত জগৎকে জলময় দেখিয়া, (তাহারাও বঞ্চনাভিপ্রায়ে) কমললোচন ভগবান্‌কে বলিল ॥ ৯৫—৯৭

টীকা।—যত্র (যস্মিন্ স্থানে) উর্ব্বী ( পৃথ্বী ) সলিলেন (জলেন) ন পরিপ্লুতা ( ন ব্যাপ্তা ) [ তস্মিন্ স্থানে ] আবাং জহি ( মারয় ) ॥ ৯৮

কৃত্বা চক্রেণ বৈ চ্ছিন্নে জঘনে শিরসী তয়োঃ ॥ ১০১

এবমেষা সমুৎপন্না ব্রহ্মণা সংস্তুতা স্বয়ম্ ॥ ১০২

প্রভাবমস্যা দেব্যাস্তু ভূয়ঃ শৃণু বদামি তে ॥ ১০৩

ওঁ ॥ ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে
দেবীমাহাত্ম্যে মধুকৈটভবধঃ ॥ ১

অনুবাদ।—যেখানে পৃথিবী জল-প্লাবিতা হয় নাই, সেই স্থানে আমাদিগকে বিনাশ কর ॥ ৯৮

টীকা।—ঋষি ( মেধাঃ ) উবাচ ( কথিতবান্ ) ॥ ৯৯ ॥ ভগবতা শঙ্খ-চক্র-গদা-ভৃতা ( শঙ্খ-চক্র-গদা-ধারিণা ) [বিষ্ণুনা] তথা ( এবং কর্ত্তব্যম্ ) ইতি উক্ত্বা তয়োঃ ( মধুকৈটভয়োঃ ) শিরসী জঘনে কৃত্বা চক্রেণ বৈ ( চক্রেণৈব ) ছিন্নে ॥ ১০০।১০১

অনুবাদ।—ঋষি বলিলেন,—শঙ্খ-চক্র-গদা-ধারী ভগবান্ 'তথাস্তু' বলিয়া নিজ জঘনদেশে অসুরদ্বয়ের মস্তক স্থাপন করিয়া চক্র দ্বারাই ছেদন করিলেন ॥ ৯৯—১০১

টীকা।—এষা ( অপরোক্ষভূতা মহামায়া ) এবম্ ( অনেন প্রকারেণ ) ব্রহ্মণা সংস্তুতা ( বর্ণিতা ) [ সতী ] স্বয়ম্ উৎপন্না ( আবির্ভূতা ), অস্যাঃ দেব্যাঃ ( মহামায়ায়াঃ ) প্রভাবঃ ( মাহাত্ম্যং ) ভূয়ঃ ( পুনরপি ) শৃণু, তে ( তুভ্যং ) তু ( নিশ্চিতং ) বদামি ॥ ১০২।১০৩

ইতি মার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে সুপ্রভাখ্যায়াং টীকায়াং মধুকৈটভবধো নাম প্রথমোঽধ্যায়ঃ ॥ ১

অনুবাদ।—ঐ মহামায়া, ব্রহ্মাকর্ত্তৃক এইরূপে স্তুত অর্থাৎ আরাধিত হইয়া স্বয়ং [একবার] উৎপন্না অর্থাৎ আবির্ভূতা হইয়াছিলেন। [হে রাজন্!] পুনর্ব্বার ঐ দেবীর মাহাত্ম্য আপনার নিকট বর্ণনা করিতেছি, শ্রবণ করুন॥ ১০২।১০৩

প্রথম অধ্যায় মধুকৈটভবধ সমাপ্ত॥ ১

# দ্বিতীয়োঽধ্যায়ঃ

ঋষিরুবাচ ॥ ১

দেবাসুরমভূদ্ যুদ্ধং পূর্ণমব্দশতং পুরা।
মহিষেঽসুরাণামধিপে দেবানাঞ্চ পুরন্দরে ॥ ২
তত্রাসুরৈর্মহাবীর্য্যৈ-র্দেবসৈন্যং পরাজিতম্।
জিত্বা চ সকলান্ দেবানিন্দ্রোঽভূন্মহিষাসুরঃ ॥ ৩

টীকা।—ঋষিঃ ( মেধাঃ ) উবাচ ॥ ১ ॥ পুরা ( পূর্ব্বস্মিন্ কালে ) মহিষে ( মহিষাসুরে ) অসুরাণাম্ অধিপে [ সতি ] দেবানাঞ্চ পুরন্দরে ( দেবানাং মধ্যে ইন্দ্রে অধিপে চ সতি ) পূর্ণম্ ( অন্যূনাতিরিক্তম্ ) অব্দশতং ( বৎসরশতং ব্যাপ্য ) দেবাসুরং ( দেবাসুরনামকং ) যুদ্ধম্ অভূৎ ॥ ২

অনুবাদ।—ঋষি বলিলেন, পূর্ব্বকালে যখন মহিষাসুর অসুরগণের এবং দেবগণের অধিপতি হইয়াছিলেন, সেই সময়ে শতবর্ষব্যাপী দেবাসুর নামক সংগ্রাম হইয়াছিল ॥ ১।২

টীকা।—তত্র (যুদ্ধে) মহাবীর্য্যৈঃ (অশেষশক্তিসম্পন্নৈঃ) অসুরৈঃ (মহিষাদিভিঃ) দেবসৈন্যং পরাজিতম্ [ ন কেবলমেতাবৎ কিন্তু ] মহিষাসুরঃ সকলান্ দেবান্ জিত্বা ইন্দ্রশ্চ ( দেবাধিপতিরপি ) অভূৎ ॥ ৩

অনুবাদ।—সেই যুদ্ধে মহাবীর অসুরগণ কর্ত্তৃক দেবসৈন্য

ততঃ পরাজিতা দেবাঃ পদ্মযোনিং প্রজাপতিম্ ।
পুরস্কৃত্য গতাস্তত্র যত্রেশগরুড়ধ্বজৌ ॥ ৪
যথাবৃত্তং তয়োস্তদ্বন্মহিষাসুরচেষ্টিতম্ ।
ত্রিদশাঃ কথয়ামাসুর্দেবাভিভববিস্তরম্ ॥ ৫

পরাজিত হইল ; [ কেবল যে পরাজিত হইল, তাহা নহে, পরন্তু ] মহিষাসুর দেববৃন্দকে পরাজিত করিয়া [ স্বর্গরাজ্যের ] অধিপতি হইল ॥ ৩

টীকা ।—ততঃ (পরাজয়ানন্তরং) পরাজিতাঃ দেবাঃ পদ্মযোনিং ( পদ্মোদ্ভবং ) প্রজাপতিং (ব্রহ্মাণং) পুরস্কৃত্য ( অগ্রে কৃত্বা ) যত্র ( যস্মিন্ স্থানে ) ঈশগরুড়ধ্বজৌ ( হরিহরৌ ) [ বর্ত্তেতে ], তত্র ( তস্মিন্ স্থানে ) গতাঃ ( উপস্থিতবন্তঃ ) ॥ ৪

অনুবাদ ।—অনন্তর পরাজিত দেবগণ পদ্মযোনি প্রজাপতি ব্রহ্মাকে অগ্রবর্ত্তী করিয়া যে স্থানে হরি ও হর বিরাজ করিতেছিলেন, সেই স্থানে গমন করিলেন ॥ ৪

টীকা ।—ত্রিদশাঃ (দেবাঃ) তয়োঃ (হরি-হরয়োঃ সম্বন্ধে সমীপে বা) দেবাভিভববিস্তরং ( দেবপরাজয়বহুলং ) মহিষাসুরচেষ্টিতং ( মহিষাসুরকার্য্যং ) যথা ( যেন প্রকারেণ ) বৃত্তং ( জাতং ) তদ্বৎ ( তদনুরূপং ) কথয়ামাসুঃ ( কথিতবন্তঃ ) ॥ ৫

অনুবাদ ।—যে কার্য্যকলাপে বহুলপরিমাণে দেবগণের পরাজয় লক্ষিত হইত, দেবগণ মহিষাসুরের সেই কার্য্যকলাপ তাঁহাদিগের ( হরি-হরের ) নিকট যথাযথ বর্ণন করিলেন ॥ ৫

সূর্য্যেন্দ্রাগ্ন্যনিলেন্দূনাং যমস্য বরুণস্য চ।
অন্যেষাঞ্চাধিকারান্ স স্বয়মেবাধিতিষ্ঠতি ॥ ৬
স্বর্গান্নিরাকৃতাঃ সর্ব্বে তেন দেবগণা ভুবি।
বিচরন্তি যথা মর্ত্ত্যা মহিষেণ দুরাত্মনা ॥ ৭
এতদ্‌বঃ কথিতং সর্ব্বমমরারিবিচেষ্টিতম্।
শরণঞ্চ প্রপন্নাঃ স্মো বধস্তস্য বিচিন্ত্যতাম্ ॥ ৮

টীকা।—সঃ ( মহিষাসুরঃ ) স্বয়ম্ এব সূর্য্যেন্দ্রাগ্ন্যনিলেন্দূনাং ( সূর্য্যশক্রাগ্নিপবনচন্দ্রাণাং ) যমস্য বরুণস্য অন্যেষাঞ্চ ( গণদেবাদীনাঞ্চ ) অধিকারান্ অধিতিষ্ঠতি ( অধিকরোতি ) ॥ ৬

অনুবাদ।—( দেবগণ বলিলেন, '—মহিষাসুর নিজেই সূর্য্য, চন্দ্র, ইন্দ্র, অগ্নি, বায়ু, যম, বরুণ ও অন্যান্য গণদেবতাদিগের অধিকার গ্রহণ করিয়াছে ॥ ৬

টীকা।—সর্ব্বে দেবগণাঃ তেন দুরাত্মনা ( নিন্দিতস্বভাবেন ) মহিষেণ ( মহিষাসুরেণ ) স্বর্গাৎ নিরাকৃতাঃ ( দূরীকৃতাঃ সন্তঃ ) মর্ত্ত্যাঃ ( মানুষাঃ ) যথা ( ভুবি বিচরন্তি, তথা ) ভুবি বিচরন্তি ॥ ৭

অনুবাদ।—সমস্ত দেববৃন্দ দুরাত্মা মহিষাসুর কর্ত্তৃক স্বর্গ হইতে বিতাড়িত হইয়া মনুষ্যগণের ন্যায় পৃথিবীতে বিচরণ করিতেছেন ॥ ৭

টীকা।—[ অস্মাভিঃ ] এতৎ অমরারিবিচেষ্টিতম্ (অমরারীণাম্ অসুরাণাং বিচেষ্টিতং চরিতং ) সর্ব্বং ( সবিস্তরম্ ) বঃ ( যুষ্মান্ প্রতি ) কথিতম্; [ বয়ং ] শরণঞ্চ প্রপন্নাঃ স্ম; তস্য ( মহিষাসুরস্য ) বধঃ ( বধোপায়ঃ ) বিচিন্ত্যতাম্ ॥ ৮

ইত্থং নিশম্য দেবানাং বচাংসি মধুসূদনঃ।
চকার কোপং শম্ভুশ্চ ভৃ-[ভ্রূ]কুটীকুটিলাননৌ ॥ ৯
ততোঽতিকোপপূর্ণস্য চক্রিণো বদনাত্ততঃ।
নিশ্চক্রাম মহত্তেজো ব্রহ্মণঃ শঙ্করস্য চ ॥ ১০

অনুবাদ।—অসুরের এই সমস্ত দৌরাত্ম্য [আমরা] আপনাদিগের নিকট সবিস্তারে কীর্ত্তন করিলাম; [এক্ষণে] আমরা আপনাদিগের শরণাপন্ন হইতেছি; আপনারা সেই দুরাত্মা মহিষাসুরের বধোপায় চিন্তা করুন ॥ ৮

টীকা।—দেবানাং (ব্রহ্মপ্রমুখাণাম্) ইত্থম্ (এবংবিধানি) বচাংসি (বাক্যানি) নিশম্য (শ্রুত্বা) ভৃকুটীকুটিলাননৌ (ভৃকুটীঃ ললাটসঙ্কোচনং, তয়া কুটিলম্ আননং যয়োঃ তৌ) মধুসূদনঃ (শ্রীকৃষ্ণঃ) শম্ভুশ্চ (শিবশ্চ) কোপং চকার (কৃতবান্) ॥ ৯

অনুবাদ।—ব্রহ্মা প্রভৃতি দেববৃন্দের এই সমস্ত বাক্য শ্রবণ করিয়া হরি ও হর অত্যন্ত ক্রুদ্ধ হইলেন, তাহাতে তাঁহাদিগের ললাটদেশ সঙ্কুচিত হওয়ায় বদনমণ্ডল ভীষণাকার ধারণ করিল ॥ ৯

টীকা।—ততঃ (কোপাবির্ভাবানন্তরম্) অতিকোপপূর্ণস্য (অত্যন্তক্রোধাবিষ্টস্য) চক্রিণঃ (চক্রধারিণো বিষ্ণোঃ) বদনাৎ (মুখাৎ) মহৎ (প্রচুরং) তেজঃ নিশ্চক্রাম (নিঃসৃতং); ততঃ (বিষ্ণোস্তেজোনিষ্ক্রমণানন্তরং) ব্রহ্মণঃ শঙ্করস্য চ [তেজঃ নিশ্চক্রাম] ॥ ১০

অনুবাদ—অনন্তর অতিক্রোধপূর্ণ চক্রপাণি-বিষ্ণুর বদনমণ্ডল

অন্যেষাঞ্চৈব দেবানাং শক্রাদীনাং শরীরতঃ।
নির্গতং সুমহত্তেজ,-স্তচ্চৈক্যং সমগচ্ছত ॥ ১১
অতীব তেজসঃ কূটং জ্বলন্তমিব পর্ব্বতম্।
দদৃশুস্তে সুরাস্তত্র জ্বালাব্যাপ্তদিগন্তরম্ ॥ ১২

হইতে তেজোরাশি নিঃসৃত হইল, অবশেষে ব্রহ্মা ও শঙ্করের মুখমণ্ডল হইতে প্রচুর তেজঃপুঞ্জ বহির্গত হইল ॥ ১০

টীকা।—অন্যেষাং শক্রাদীনাঞ্চৈব (ইন্দ্রাদীনামপি) দেবানাং শরীরতঃ (শরীরাৎ) সুমহৎ (অতিপ্রচুরং) তেজঃ নির্গতং; তচ্চ (যত্তেজঃ নির্গতং তৎ তেজশ্চ) ঐক্যং (মেলনং পিণ্ডীকৃতত্বমিতি যাবৎ) সমগচ্ছত (প্রাপ্তম্) ॥ ১১

অনুবাদ।—ইন্দ্রপ্রমুখ অন্যান্য দেববৃন্দের দেহ হইতে প্রচুর তেজঃপুঞ্জ নির্গত হইল। অনন্তর এই নির্গত তেজঃপুঞ্জ [একত্র পরস্পর] মিলিত হইতে লাগিল ॥ ১১

টীকা।—তে সুরাঃ (ব্রহ্মাদিদেবাঃ) তত্র (তস্মিন্ দেশে) অতীব জ্বলন্তং (দেদীপ্যমানং) জ্বালাব্যাপ্তদিগন্তরং (জ্বালাভিঃ শিখাভিঃ ব্যাপ্তানি দিগন্তরাণি যেন তৎ) পর্ব্বতম্ ইব (বনদাহাদিনা জাজ্বল্যমানং পর্ব্বতম্ ইব) তেজসঃ কূটং (তেজোরাশিং) দদৃশুঃ (দৃষ্টবন্তঃ) ॥ ১২

অনুবাদ।—দেবগণ তথায় দেদীপ্যমান সেই সুমহৎ তেজঃপুঞ্জকে জ্বলন্ত পর্ব্বতের ন্যায় শিখামালায় দিগন্তর ব্যাপ্ত করিয়া অবস্থিত হইতে দেখিলেন ॥ ১২

অতুলং তত্র তত্তেজঃ সর্ব্বদেবশরীরজম্ ।
একস্থং তদভূন্নারী ব্যাপ্তলোকত্রয়ং ত্বিষা ॥ ১৩
যদভূচ্ছাম্ভবং তেজস্তেনাজায়ত তন্মুখম্ ।
যাম্যেন চাভবন্ কেশা বাহবো বিষ্ণুতেজসা ॥ ১৪
সৌম্যেন স্তনয়োর্যুগ্মং মধ্যং চৈন্দ্রেণ চাভবৎ ।
বারুণেন চ জঙ্ঘোরূ নিতম্বস্তেজসা ভুবঃ ॥ ১৫

টীকা ।—তৎ ( তদনন্তরং ) তত্র ( তস্মিন্ স্থানে ) ত্বিষা (কান্ত্যা) ব্যাপ্তলোকত্রয়ং ( ব্যাপ্তভূরাদিলোকম্ ) অতুলম্ ( অনুপমং ) সর্ব্বদেব-শরীরজং ( সর্ব্বদেবানাং শরীরেভ্যো জাতং ) তৎ তেজঃ একস্থং (মিলিতং সৎ ) নারী অভূৎ ॥ ১৩

অনুবাদ ।—অনন্তর সর্ব্বদেব-শরীরসম্ভূত অনুপম তেজোরাশি ( স্বীয় ) প্রভায় ভূরাদি লোকত্রয় উদ্ভাসিত করিয়া, তথায় একীভূত হইয়া এক নারীমূর্ত্তিতে পরিণত হইল ॥ ১৩

টীকা ।—শাম্ভবং ( শম্ভুসম্বন্ধি ) যৎ তেজঃ অভূৎ, তেন (শম্ভু-সম্বন্ধিনা তেজসা ) তন্মুখং ( তস্যা নার্য্যা মুখম্ ) অজায়ত ; যাম্যেন ( যমসম্বন্ধিনা তেজসা ) [ তস্যাঃ ] কেশাঃ অভবন্ ; বিষ্ণুতেজসা [ তস্যাঃ ] বাহবশ্চ [ অভবন্ ] ॥ ১৪

অনুবাদ ।—শঙ্করের ক্রোধে যে তেজঃ আবির্ভূত হইয়াছিল, তাহাতে সেই নারীর মুখ, যমতেজে কেশ-পাশ এবং বিষ্ণুর তেজে বাহুসমুদয় উৎপন্ন হইল ॥ ১৪

ব্রহ্মণস্তেজসা পাদৌ তদঙ্গুল্যোঽর্কতেজসা।
বসূনাঞ্চ করাঙ্গুল্যঃ কৌবেরেণ চ নাসিকা॥ ১৬

টীকা।—সৌম্যেন ( চন্দ্রসম্বন্ধিনা তেজসা ) [ তস্যাঃ ] স্তনয়োঃ যুগ্মম্ অভবৎ, ঐন্দ্রেণ চ ( ইন্দ্রসম্বন্ধিনা তেজসা চ ) [ তস্যাঃ ] মধ্যং ( মধ্যভাগঃ ) [ অভবৎ ], বারুণেন ( বরুণসম্বন্ধিনা তেজসা ) [ তস্যাঃ ] জঙ্ঘোরূ ( জঙ্ঘাসহিতৌ ঊরূ ) [ অভবতাম্ ], ভুবঃ ( পৃথিব্যাঃ ) তেজসা [ তস্যাঃ ] নিতম্বঃ [অভবৎ ]॥ ১৫

অনুবাদ।—চন্দ্রতেজে ( সেই নারীর ) স্তনদ্বয়; ইন্দ্রতেজে মধ্যভাগ অর্থাৎ কটিদেশ, বরুণতেজে জঙ্ঘা ও ঊরুদ্বয় এবং পৃথিবীর তেজে নিতম্ব উৎপন্ন হইল॥ ১৫

টীকা।—ব্রহ্মণঃ তেজসা ( তস্যাঃ ) পাদৌ [ অভবতাম্ ], অর্ক-তেজসা ( সূর্য্যতেজসা ) তদঙ্গুল্যঃ ( তস্যাঃ নার্য্যাঃ অঙ্গুল্যঃ ) [ অভবন্ ], বসূনাঞ্চ ( ভবাদীনামষ্টানাঞ্চ ) তেজসা করাঙ্গুল্যঃ ( করয়োঃ অঙ্গুল্যঃ ) [ অভবন্ ], কৌবেরেণ চ ( কুবেরসম্বন্ধিনা তেজসা চ ) [ তস্যাঃ ] নাসিকা [ অভবৎ ]॥ ১৬

অনুবাদ।—ব্রহ্মতেজে ( সেই নারীর ) পাদদ্বয়, সূর্য্যতেজে পাদদ্বয়ের অঙ্গুলিসমূহ; ভবাদি অষ্টবসুর * তেজে করাঙ্গুলি এবং কুবেরের তেজে নাসিকা উৎপন্ন হইল॥ ১৬

---

* ভব, ধ্রুব, সোম, ধব, অনিল, অনল, প্রত্যূষ এবং প্রভাস, ইঁহারা গঙ্গা হইতে উৎপন্ন এবং বসু নামে কীর্ত্তিত। "ভবো ধ্রুবশ্চ সোমশ্চ ধবশ্চৈবানিলোঽনলঃ। প্রত্যূষশ্চ প্রভাসশ্চ বসবোঽষ্টৌ প্রকীর্ত্তিতাঃ॥"

তস্যাস্তু দন্তাঃ সম্ভূতাঃ প্রাজাপত্যেন তেজসা।
নয়নত্রিতয়ং জজ্ঞে তথা পাবকতেজসা ॥ ১৭
ভ্রুবৌ চ সন্ধ্যয়োস্তেজঃ শ্রবণাবনিলস্য চ।
অন্যেষাঞ্চৈব দেবানাং সম্ভবস্তেজসাং শিবা ॥ ১৮
ততঃ সমস্তদেবানাং তেজোরাশিসমুদ্ভবাম্।
তাং বিলোক্য মুদং প্রাপুরমরা মহিষার্দ্দিতাঃ ॥ ১৯

টীকা।—তস্যাঃ (নার্য্যাঃ) দন্তাঃ তু প্রাজাপত্যেন ( প্রজাপতীনাং দক্ষাদীনাং সম্বন্ধিনা তেজসা ) সম্ভূতাঃ ( আবির্ভূতাঃ ); তথা পাবকতেজসা ( বহ্নিতেজসা ) নয়নত্রিতয়ং জজ্ঞে ( জাতম্ ) ॥ ১৭

অনুবাদ।—দক্ষ প্রভৃতি প্রজাপতির তেজে সেই নারীর দশনরাজি এবং বহ্নির তেজে নয়নত্রয় উৎপন্ন হইল ॥ ১৭

টীকা।—সন্ধ্যয়োঃ ( তদভিমানিদেবতয়োঃ ) তেজঃ ভ্রুবৌ চ [ জজ্ঞাতে ], অনিলস্য ( বায়োঃ ) তেজঃ শ্রবণৌ চ ( শ্রবণেন্দ্রিয়ৌ, শ্রবণশব্দঃ পুংলিঙ্গেঽপি দৃশ্যতে, তদুক্তং হৈমে—"শ্রবণঃ শ্রবণং শ্রুতৌ" ইতি ) [ জজ্ঞাতে ] অন্যেষাং দেবানাং ( বিশ্বেদেবাদীনাং ) তেজসাং সম্ভবশ্চ ( উৎপত্তিশ্চ ) শিবা ( চণ্ডী ) [ জজ্ঞে ইত্যভেদেনান্বয়ঃ ] ॥ ১৮

অনুবাদ।—সন্ধ্যাদেবীর তেজে ভ্রূযুগল, বায়ুর তেজে শ্রবণেন্দ্রিয়দ্বয় উৎপন্ন হইল। অপরাপর বিশ্বেদেবাদি দেবগণেরও তেজে (সেই নারীরূপিণী ) শিবামূর্ত্তির আবির্ভাব হইল ॥ ১৮

টীকা।—ততঃ (শিবাবির্ভাবানন্তরং) সমস্তদেবানাং তেজোরাশি-

শূলং শূলাদ্বিনিষ্কৃষ্য দদৌ তস্মৈ পিনাকধৃক্।
চক্রঞ্চ দত্তবান্ কৃষ্ণঃ সমুৎপাদ্য স্বচক্রতঃ ॥ ২০
শঙ্খঞ্চ বরুণঃ শক্তিং দদৌ তস্মৈ হুতাশনঃ।
মারুতো দত্তবাংশ্চাপং বাণপূর্ণে তথেষুধী ॥ ২১

সমুদ্ভবাং তাং (শিবাং) বিলোক্য (দৃষ্ট্বা) মহিষার্দ্দিতাঃ (মহিষাসুর-পীড়িতাঃ) অমরাঃ (দেবাঃ) মুদং (হর্ষং) প্রাপুঃ (প্রাপ্তবন্তঃ) ॥ ১৯

অনুবাদ।—অনন্তর দেবগণের তেজোরাশি-সম্ভূতা সেই চণ্ডী দেবীকে দর্শন করিয়া মহিষাসুর-নিপীড়িত দেবগণ অতীব প্রীতিলাভ করিলেন ॥ ১৯

টীকা। - পিনাকধৃক্ (পিনাকধারী মহেশ্বরঃ) [স্বকীয়াৎ] শূলাৎ (তন্নামকাস্ত্রবিশেষাৎ) শূলং (শূলান্তরং) বিনিষ্কৃষ্য (নিঃসার্য্য উৎপাদ্যেতি যাবৎ) তস্মৈ (দেব্যৈ) দদৌ (দত্তবান্); কৃষ্ণঃ স্বচক্রতঃ (স্বচক্রাৎ সুদর্শনাৎ) চক্রঞ্চ (চক্রান্তরঞ্চ, চকারাৎ গদায়া গদান্তরমপি সমুৎপাদ্য দত্তবানিত্যর্থঃ) ॥ ২০

অনুবাদ।—পিনাকপাণি মহেশ্বর (স্বীয়) শূল হইতে শূলান্তর উৎপাদন করিয়া সেই দেবীকে প্রদান করিলেন। শ্রীকৃষ্ণ স্বীয় সুদর্শন-চক্র হইতে চক্রান্তর (এবং গদা হইতে গদান্তর) উৎপাদন করিয়া তাঁহাকে প্রদান করিলেন ॥ ২০

টীকা।—বরুণঃ তস্মৈ (দেব্যৈ) শঙ্খঞ্চ (চকারাৎ শঙ্খান্নিষ্কৃষ্য, শঙ্খান্তরম্ এবমুত্তরত্রাপি জ্ঞেয়ং) দদৌ; হুতাশনঃ (বহ্নিঃ) শক্তিং (শক্ত্যাখ্যম্ অস্ত্রবিশেষং) [দদৌ]; মারুতঃ (পবনঃ) চাপং (ধনুঃ) তথা বাণপূর্ণে (অক্ষয়শরপূর্ণে) ইষুধী (তূণৌ) দত্তবান্ ॥ ২১

বজ্রমিন্দ্রঃ সমুৎপাদ্য কুলিশাদমরাধিপঃ।
দদৌ তস্যৈ সহস্রাক্ষো ঘণ্টামৈরাবতাদ্ গজাৎ ॥ ২২
কালদণ্ডাদ্ যমো দণ্ডং পাশঞ্চাম্বুপতির্দদৌ।
প্রজাপতিশ্চাক্ষমালাং দদৌ ব্রহ্মা কমণ্ডলুম্ ॥ ২৩

অনুবাদ।—বরুণ স্বীয় শঙ্খ হইতে শঙ্খান্তর উৎপাদন করিয়া তাঁহাকে প্রদান করিলেন। অগ্নিদেব শক্তি নামক অস্ত্র এবং পবনদেব ধনু ও অক্ষয় বাণপূর্ণ তূণীরযুগল দান করিলেন ॥ ২১

টীকা।—অমরাধিপঃ ( দেবাধ্যক্ষঃ ) সহস্রাক্ষঃ ( সহস্রলোচনঃ ) ইন্দ্রঃ কুলিশাৎ (স্ববজ্রাৎ) বজ্রং ( বজ্রান্তরং ) সমুৎপাদ্য [ তথা ] ঐরাবতাৎ গজাৎ ঘণ্টাঞ্চ ( ঘণ্টান্তরঞ্চ, অর্থাৎ ঐরাবতস্য ঘণ্টায়া ঘণ্টান্তরং সমুৎপাদ্য ) তস্যৈ ( দেব্যৈ ) দদৌ ( দত্তবান্ ) ॥ ২২

অনুবাদ।—দেবরাজ সহস্রলোচন ইন্দ্র স্বীয় বজ্র হইতে বজ্রান্তর এবং ঐরাবত নামক হস্তীর ঘণ্টা হইতে ঘণ্টান্তর উৎপাদন করিয়া তাঁহাকে প্রদান করিলেন ॥ ২২

টীকা।—যমঃ কালদণ্ডাৎ ( কালাত্মকদণ্ডাৎ ) দণ্ডং (দণ্ডান্তরং ) [ সমুৎপাদ্য] দদৌ; অম্বুপতিঃ ( বরুণঃ ) [ পাশাৎ ] পাশম্ (পাশান্তরম্) [ উৎপাদ্য ] দদৌ, প্রজাপতিঃ ব্রহ্মা [ স্বকীয়াক্ষমালায়াঃ ] অক্ষমালাং ( জপমালান্তরং ) [ কমণ্ডলোঃ ] কমণ্ডলুং চ ( উৎপাদ্য ) দদৌ ॥ ২৩

অনুবাদ।—যম কালরূপ দণ্ড হইতে দণ্ডান্তর, বরুণ পাশ হইতে পাশান্তর, ব্রহ্মা অক্ষমালা হইতে অক্ষমালান্তর এবং কমণ্ডলু হইতে আর একটী কমণ্ডলু উৎপাদন করিয়া তাঁহাকে দান করিলেন ॥ ২৩

সমস্তরোমকূপেষু নিজরশ্মীন্ দিবাকরঃ।
কালশ্চ দত্তবান্ খড়্গং তস্যাশ্চর্ম্ম চ নির্ম্মলম্ ॥ ২৪
ক্ষীরোদশ্চামলং হারমজরে চ তথাম্বরে।
চূড়ামণিং তথা দিব্যং কুণ্ডলে কটকানি চ ॥ ২৫
অর্দ্ধচন্দ্রং তথা শুভ্রং কেয়ূরান্ সর্ব্ববাহুষু।
নূপুরৌ বিমলৌ তদ্বদ্ গ্রৈবেয়কমনুত্তমম্ ॥ ২৬
অঙ্গুরীয়করত্নানি সমস্তাস্বঙ্গুলীষু চ ॥ ২৭

টীকা।—দিবাকরঃ (সূর্য্যঃ) (তস্যাঃ দেব্যাঃ) সমস্তরোমকূপেষু নিজরশ্মীন্ (স্বকিরণান্) [দদৌ], কালঃ (মৃত্যুঃ) খড়্গং, নির্ম্মলং (অতিচিক্কণং) চর্ম্ম চ (চর্ম্মফলকঞ্চ) [তস্যৈ] দত্তবান্ ॥ ২৪

অনুবাদ।—দিবাকর তদীয় সমস্তরোমকূপে নিজ রশ্মি অর্পণ করিলেন। কাল (মৃত্যু) [তাঁহাকে] তদীয় খড়্গ ও অতিচিক্কণ চর্ম্ম-ফলক (ঢাল) প্রদান করিলেন ॥ ২৪

টীকা।—ক্ষীরোদঃ অমলং (স্ফুটকিরণং) হারং তথা চ অজরে (অবিনশ্বরে) অম্বরে (বস্ত্রে) তথা দিব্যম্ (অলৌকিকং) চূড়ামণিং (শিরোরত্নং) কুণ্ডলে (কর্ণাভরণে) কটকানি চ (বলয়ানি চ); শুভ্রং (নিষ্কলঙ্কম্) অর্দ্ধচন্দ্রং (ললাটাভরণবিশেষং) তথা সর্ব্ববাহুষু কেয়ূরান্ (অঙ্গদানি) বিমলৌ (স্ফুটকিরণৌ) নূপুরৌ, তদ্বৎ (পূর্ব্ববৎ অমলমিত্যর্থঃ) অনুত্তমম্ (অত্যুৎকৃষ্টং) গ্রৈবেয়কং (গ্রীবাভরণবিশেষং) সমস্তাসু অঙ্গুলীষু চ অঙ্গুরীয়করত্নানি (মুদ্রিকশ্রেষ্ঠানি) চ দদৌ ॥ ২৫—২৭

বিশ্বকর্ম্মা দদৌ তস্যৈ পরশুঞ্চাতিনির্ম্মলম্ ।
অস্ত্রাণ্যনেকরূপাণি তথাভেদ্যঞ্চ দংশনম্ ॥ ২৮
অম্লানপঙ্কজাং মালাং শিরস্যুরসি চাপরাম্ ।
অদদজ্জলধিস্তস্যৈ পঙ্কজঞ্চাতিশোভনম্ ॥ ২৯

অনুবাদ ।—ক্ষীরোদ সমুদ্র তাঁহাকে উজ্জ্বল হার, অবিনশ্বর নূতন বস্ত্রদ্বয়, দিব্য চূড়ামণি ( শিরোরত্ন ), বলয়, কুণ্ডল, শুভ্র অর্দ্ধচন্দ্র (ললাটভূষণ), বাহুসমূহে কেয়ূর ( বাজু ), নির্ম্মল নূপুর, অত্যুত্তম বিশুদ্ধ গ্রৈবেয়ক ( গ্রীবাভরণ ) এবং অঙ্গুলিসমূহে শ্রেষ্ঠ অঙ্গুরীয় প্রদান করিলেন ॥ ২৫—২৭

টীকা ।—বিশ্বকর্ম্মা চ তস্যৈ ( দেব্যৈ ) অতিনির্ম্মলং ( সুপরিষ্কৃতং তীক্ষ্ণধারমিতি যাবৎ ) পরশুং ( কুঠারং ), অনেকরূপাণি ( বিবিধানি ) অস্ত্রাণি, অভেদ্যং ( ছেত্তুমশক্যং ) দংশনং চ ( বর্ম্ম চ ) দদৌ ॥ ২৮

অনুবাদ ।—বিশ্বকর্ম্মা তাঁহাকে তীক্ষ্ণধার পরশু, বিবিধ অস্ত্র এবং অভেদ্য কবচ প্রদান করিলেন ॥ ২৮

টীকা ।—জলধিঃ ( সমুদ্রঃ ) তস্যৈ ( দেব্যৈ ) [ একাম্ ] অম্লান-পঙ্কজাম্ ( অম্লানানি পঙ্কজানি যস্যাঃ তাদৃশীং ) মালাং শিরসি, অপরাং চ [ তাদৃশীং মালাম্ ] উরসি ( বক্ষসি ) অদদৎ ( প্রদত্তবান্ ) ; [ তথা ] অতিশোভনং ( মনোরমতরং ) পঙ্কজং ( লীলাকমলঞ্চ ) [ হস্তে ধারণার্থম্ অদদৎ ] ॥ ২৯

অনুবাদ ।—জলধি, মস্তকে [ ধারণ করিবার জন্য একগাছি ] সদ্য প্রস্ফুটিত পদ্মমালা এবং বক্ষে [ ধারণ করিবার জন্য ] অপর একটি

হিমবান্ বাহনং সিংহং রত্নানি বিবিধানি চ।
দদাবশূন্যং সুরয়া পানপাত্রং ধনাধিপঃ ॥ ৩০
শেষশ্চ সর্ব্বনাগেশো মহামণিবিভূষিতম্।
নাগহারং দদৌ তস্যৈ ধত্তে যঃ পৃথিবীমিমাম্ ॥ ৩১
অন্যৈরপি সুরৈর্দেবী ভূষণৈরায়ুধৈস্তথা।
সম্মানিতা ননাদোচ্চৈঃ সাট্টহাসং মুহুর্মুহুঃ ॥ ৩২

তাদৃশ পদ্মমালা তাঁহাকে প্রদান করিলেন, [ আরও হস্তে ধারণ করিবার জন্য ] একটি সুশোভন পদ্ম দান করিলেন ॥ ২৯

টীকা।—হিমবান্ ( হিমালয়ঃ ) সিংহং বাহনং, বিবিধানি রত্নানি চ দদৌ; ( তথা ) ধনাধিপঃ ( কুবেরঃ ) সুরয়া অশূন্যং ( সর্ব্বদা সুরাপূর্ণমিত্যর্থঃ ) পানপাত্রং ( চষকং ) [ দদৌ ] ॥ ৩০

অনুবাদ।—হিমালয় [তাঁহাকে] বাহনরূপে সিংহ ও বিবিধ রত্নরাজি এবং কুবের সদা সুরাপূর্ণ পানপাত্র (সুধাপাত্র) প্রদান করিলেন ॥ ৩০

টীকা।—যঃ ইমাং পৃথিবীং ধত্তে ( ধারয়তি ) [ সঃ ] সর্ব্বনাগেশঃ ( সর্ব্বনাগাধিপতিঃ ) শেষশ্চ ( অনন্তশ্চ ) তস্যৈ মহামণিবিভূষিতং ( বহুমূল্যমণিরাজিতং ) নাগহারং ( নাগলোকোদ্ভবং হারং নাগহারং অথবা নাগ এব হারঃ নাগহারঃ তং ) দদৌ ॥ ৩১

অনুবাদ।—যিনি এই পৃথিবী ধারণ করিয়া আছেন, সেই সর্ব্বনাগাধিপতি অনন্ত তাঁহাকে মহামণি-বিভূষিত নাগহার দান করিলেন ॥৩১

টীকা।—সা দেবী অন্যৈঃ অপি সুরৈঃ ( বসু-বিশ্বেদেবাদিভিঃ )

তস্যা নাদেন ঘোরেণ কৃৎস্নমাপূরিতং নভঃ।
অমায়তাতিমহতা প্রতিশব্দো মহানভূৎ ॥ ৩৩
চুক্ষুভুঃ সকলা লোকাঃ সমুদ্রাশ্চ চকম্পিরে।
চচাল বসুধা চেলুঃ সকলাশ্চ মহীধরাঃ ॥ ৩৪

ভূষণৈঃ ( আভরণৈঃ ) তথা আয়ুধৈঃ ( অস্ত্রৈঃ ) সম্মানিতা [সতী] সাট্টহাসং ( মহাহাসসহিতং ) মুহুর্মুহুঃ উচ্চৈঃ ননাদ ( শব্দং চকার ) ॥ ৩২

অনুবাদ।—সেই দেবী অপরাপর দেবগণ কর্ত্তৃক ভূষণ ও অস্ত্র দ্বারা সম্মানিতা হইয়া অট্টহাস সহকারে মুহুর্মুহুঃ সিংহনাদ করিতে লাগিলেন ॥ ৩২

টীকা।—তস্যাঃ ( দেব্যাঃ ) ঘোরেণ ( ভয়ানকেন ) অমায়তা ( অপরিমিতেন ) অতিমহতা নাদেন ( শব্দেন ) কৃৎস্নং ( সমগ্রং ) নভঃ ( আকাশম্ ) আপূরিতং ( পরিপূর্ণম্ ) অভূৎ, [ তথা ] মহান্ প্রতিশব্দশ্চ ( প্রধানধ্বন্যনুকারী শব্দশ্চ ) [ অভূৎ ] ॥ ৩৩

অনুবাদ।—তাঁহার অপরিমিত অতিমহান্ ঘোর সিংহনাদে সমগ্র নভোমণ্ডল পরিপূর্ণ হইয়া গেল; * সেই সুমহান্ শব্দের সঙ্গে সঙ্গে মহান্ প্রতিধ্বনি উত্থিত হইল ॥ ৩৩

টীকা।—সকলাঃ লোকাঃ (সমস্তভুবনানি) চকম্পিরে (কম্পিতাঃ)

---

যদিও মূর্ত্তিশূন্য শব্দের দ্বারা শূন্যাকাশের পূরণ সম্ভব হয় না ও অনন্ত আকাশের সামগ্র্য-রূপ সীমা অবধারিত হইতে পারে না, তথাপি শব্দের অতিমহত্ত্বনিবন্ধন জগদ্ব্যাপ্তিই এস্থলে তাৎপর্য্য।

জয়েতি দেবাশ্চ মুদা তামূচুঃ সিংহবাহিনীম্ ।
তুষ্টুবুর্মুনয়শ্চৈনাং ভক্তিনম্রাত্মমূর্ত্তয়ঃ ॥ ৩৫
দৃষ্ট্বা সমস্তং সংক্ষুব্ধং ত্রৈলোক্যমমরারয়ঃ ।
সন্নদ্ধাখিলসৈন্যাস্তে সমুত্তস্থুরুদায়ুধাঃ ॥ ৩৬

বসুধা (পৃথিবী) চচাল (চলিতবতী); মহীধরাশ্চ (পর্ব্বতাশ্চ) চেলুঃ (চলিতবন্তঃ) ॥ ৩৪

অনুবাদ ।—[সেই শব্দে] ভুবনসমূহ ক্ষুব্ধ হইল, সপ্ত সমুদ্র ও পৃথিবী প্রকম্পিত হইয়া উঠিল এবং পর্ব্বতসমূহ প্রচলিত হইল ॥ ৩৪

টীকা ।—দেবাঃ (ইন্দ্রাদয়ঃ) মুদা (হর্ষেণ) তাং সিংহবাহিনীং (দেবীং) 'জয়' ইতি উচুঃ [তথা জয়া ইতি নামনির্ব্বাচনমপি চক্রুঃ] মুনয়শ্চ ভক্তিনম্রাত্মমূর্ত্তয়ঃ (ভক্ত্যা নম্রা আত্মা মনঃ মূর্ত্তয়ো দেহাশ্চ যেষাং তাদৃশাঃ) [সন্তঃ] এনাং (দেবীং) তুষ্টুবুঃ (স্তুতবন্তঃ) ॥ ৩৫

অনুবাদ ।—দেবগণ মহানন্দে সেই সিংহবাহিনী দেবীর জয়ধ্বনি করিতে লাগিলেন (এবং তাঁহাকে 'জয়া' নামও প্রদান করিলেন); মুনিগণ ভক্তি-বিনম্র-চিত্তে দণ্ডবৎ হইয়া নতশরীরে তাঁহার স্তব করিতে লাগিলেন ॥ ৩৫

টীকা ।—সন্নদ্ধাখিলসৈন্যাঃ (সন্নদ্ধানি নিবদ্ধকবচানি অখিল-সৈন্যানি যেষাং তাদৃশাঃ) তে অমরারয়ঃ (মহিষাদয়োঽসুরাঃ) সমস্তং ত্রৈলোক্যং সংক্ষুব্ধং (ব্যাকুলীভূতং) দৃষ্ট্বা (বিলোক্য) উদায়ুধাঃ (উদ্যতাস্ত্রাঃ) [সন্তঃ] সমুত্তস্থুঃ (যুদ্ধায় উদ্যোগং কৃতবন্তঃ) ॥ ৩৬

অনুবাদ ।—[সিংহবাহিনীর সিংহনাদে] সমস্ত ত্রৈলোক্য সংক্ষুব্ধ

আঃ কিমেতদিতি ক্রোধাদাভাষ্য মহিষাসুরঃ।
অভ্যধাবত তং শব্দমশেষৈরসুরৈর্বৃতঃ ॥ ৩৭
স দদর্শ ততো দেবীং ব্যাপ্তলোকত্রয়াং ত্বিষা।
পাদাক্রান্ত্যা নতভুবং কিরীটোল্লিখিতাম্বরাম্ ॥ ৩৮
ক্ষোভিতাশেষপাতালাং ধনুর্জ্যানিস্বনেন তাম্।
দিশো ভুজসহস্রেণ সমন্তাদ্ ব্যাপ্য সংস্থিতাম্ ॥ ৩৯

হইয়াছে দেখিয়া মহিষাসুরাদি অসুরগণ, সৈন্যগণকে সুসজ্জিত করিয়া অস্ত্রাদি গ্রহণ পূর্ব্বক [ যুদ্ধের জন্য ] সমুত্থিত হইল ॥ ৩৬

টীকা।—মহিষাসুরঃ 'আঃ এতৎ কিম্' ? ইতি আভাষ্য ( ত্বরয়া সম্যগনুক্ত্বা ) অশেষৈঃ ( অগণিতৈঃ ) অসুরৈঃ বৃতঃ ( বেষ্টিতঃ ) [ সন্ ] তং শব্দম্ অভি ( লক্ষীকৃত্য ) অধাবত ( ধাবিতবান্ ) ॥ ৩৭

অনুবাদ।—মহিষাসুর ক্রোধে 'আঃ এ কি ?' এই কথা বলিয়া অগণিত অসুরসৈন্যে পরিবেষ্টিত হইয়া সেই শব্দাভিমুখে ধাবিত হইল ॥ ৩৭

টীকা।—ততঃ (শব্দাভিমুখগমনানন্তরং) সঃ ( মহিষাসুরঃ ) ত্বিষা (কান্ত্যা) ব্যাপ্তলোকত্রয়াং (ব্যাপ্তভূরাদিলোকাং) পাদাক্রান্ত্যা ( পাদয়োরাক্রমণেন ) নতভুবং (নমীকৃতপৃথ্বীং) কিরীটোল্লিখিতাম্বরাং (কিরীটেন উল্লিখিতং ঘৃষ্টম্ অম্বরং আকাশং যয়া তাং) ধনুর্জ্যানিস্বনেন (চাপারূঢমৌর্ব্বীশব্দেন ) ক্ষোভিতাশেষপাতালাং (চঞ্চলীকৃতসকলপাতালাং) ভুজসহস্রেণ ( বাহুসহস্রেণ ) সমন্তাৎ ( সর্ব্বতঃ ) দিশঃ ব্যাপ্য সংস্থিতাং তাং (প্রসিদ্ধাং) দেবীং ( মহাকালীং ) দদর্শ ( দৃষ্টবান্ ) ॥ ৩৮।৩৯

ততঃ প্রববৃতে যুদ্ধং তয়া দেব্যা সুরদ্বিষাম্ ।
শস্ত্রাস্ত্রৈর্ব্বহুধামুক্তৈরাদীপিতদিগন্তরম্ ॥ ৪০
মহিষাসুরসেনানীশ্চিক্ষুরাখ্যো মহাসুরঃ ।
যুযুধে চামরশ্চান্যৈশ্চতুরঙ্গবলান্বিতঃ ॥ ৪১

অনুবাদ।—অনন্তর যাঁহার কান্তিতে ভূঃ প্রভৃতি লোকত্রয় ব্যাপ্ত, পদভরে পৃথিবী নত, কিরীট গগনস্পর্শী, ধনুকারূঢ়-জ্যা-নিনাদে নিখিল পাতাল সংক্ষুব্ধ, যিনি ভুজসহস্রে সমগ্র দিগ্মণ্ডল ব্যাপিয়া অবস্থান করিতেছেন, সেই দেবীকে মহিষাসুর, দেখিতে পাইল ॥ ৩৮।৩৯

টীকা।—ততঃ ( তদনন্তরং ) তয়া দেব্যা ( মহাকাল্যা সহ ) সুর-দ্বিষাম্ ( অসুরাণাং ) বহুধা মুক্তৈঃ ( বহুপ্রকারেণ ক্ষিপ্তৈঃ ) শস্ত্রাস্ত্রৈঃ (শস্ত্রং হিংসাসাধনং খড়্গাদি, অস্ত্রং ক্ষেপণীয়ং হিংসাসাধনং শরাদি, তৈঃ আদীপিতদিগন্তরং ( সম্যক্প্রকাশিতদিগন্তরং ) যুদ্ধং প্রববৃতে ( প্রবৃত্তম্ ) ॥ ৪০

অনুবাদ।—অনন্তর সেই দেবীর সহিত অসুরগণের যুদ্ধ আরম্ভ হইল, [ উভয় পক্ষের ] বহুপ্রকারে নিক্ষিপ্ত অস্ত্র-শস্ত্রে দিগন্তর প্রদীপ্ত হইয়া উঠিল ॥ ৪০

টীকা।—মহিষাসুরসেনানীঃ ( মহিষাসুরস্য সর্ব্বসৈন্যাধিপঃ ) মহাসুরঃ ( অসুরশ্রেষ্ঠঃ ) চিক্ষুরাখ্যঃ ( চিক্ষুরনামা অসুরঃ ), চামরশ্চ ( চামরনামা অসুরশ্চ ) চতুরঙ্গবলান্বিতঃ ( হস্ত্যশ্বরথপদাতিরূপ-চতুরঙ্গসেনাযুতঃ ) [ সন্ ] অন্যৈঃ ( প্রধানদৈত্যৈঃ সহ ) [ মিলিতঃ ] যুযুধে ( যুদ্ধং কৃতবান্ ) ॥ ৪১

অনুবাদ।—মহিষাসুরের সেনাপতি অসুরশ্রেষ্ঠ চিক্ষুর ও চামর

রথানামযুতৈঃ ষড়্‌ভিরুদগ্রাখ্যো মহাসুরঃ।
অযুধ্যতাযুতানাঞ্চ সহস্রেণ মহাহনুঃ ॥ ৪২
পঞ্চাশদ্ভিশ্চ নিযুতৈরসিলোমা মহাসুরঃ।
অযুতানাং শতৈঃ ষড়ভির্ব্বাস্কলো যুযুধে রণে ॥ ৪৩
গজবাজিসহস্রৌঘৈরনেকৈঃ পরিবারিতঃ।
বৃতো রথানাং কোট্যা চ যুদ্ধে তস্মিন্নযুধ্যত ॥ ৪৪

নামক অসুরদ্বয় চতুরঙ্গ সেনাসমভিব্যাহারে অপরাপর প্রধান দৈত্যগণের সহিত মিলিত হইয়া যুদ্ধ করিতে লাগিল ॥ ৪১

টীকা।—উদগ্রাখ্যঃ (উদগ্রনামা) মহাসুরঃ রথানাং ষড়্‌ভিঃ অযুতৈঃ (ষষ্টিসহস্রৈঃ) [অন্বিতঃ] অযুধ্যত (যুদ্ধং কৃতবান্); মহাহনুঃ (তন্নামা অসুরঃ) [রথানাম্] অযুতানাং সহস্রেণ [অন্বিতঃ সন্] [অযুধ্যত] ॥ ৪২

অনুবাদ।—উদগ্র নামক মহাসুর ষাট হাজার রথ এবং মহাহনু নামক অসুর কোটি রথ লইয়া যুদ্ধ করিতে লাগিল ॥ ৪২

টীকা।—মহাসুরঃ অসিলোমা (তন্নামাসুরঃ) [রথানাং] পঞ্চাশদ্‌ভিঃ নিযুতৈঃ (পঞ্চকোটিভিঃ) [যুক্তঃ সন্] [যুযুধে], বাস্কলঃ (বাস্কলনামা অসুরঃ) [রথানাম্] অযুতানাং ষড়্‌ভিঃ শতৈঃ (ষষ্টিলক্ষৈঃ) (যুক্তঃ) রণে যুযুধে ॥ ৪৩

অনুবাদ।—অসিলোমা পাঁচ কোটি রথ এবং বাস্কল ষাট লক্ষ রথ সমভিব্যাহারে যুদ্ধক্ষেত্রে যুদ্ধ করিতে লাগিল ॥ ৪৩

টীকা।—পরিবারিতঃ (তন্নামা অসুরঃ) অনেকৈঃ (অসংখ্যৈঃ)

বিড়ালাক্ষোঽযুতানাঞ্চ পঞ্চাশদ্ভিরথাযুতৈঃ।
যুযুধে সংযুগে তত্র রথানাং পরিবারিতঃ ॥ ৪৫
অন্যে চ তত্রাযুতশো রথনাগহয়ৈর্বৃতাঃ।
যুযুধুঃ সংযুগে দেব্যা সহ তত্র মহাসুরাঃ ॥ ৪৬

গজবাজিসহস্রৌঘৈঃ (গজবাজিসহস্রাণাং বৃন্দৈঃ) রথানাং কোট্যা চ বৃতঃ [সন্] তস্মিন্ যুদ্ধে (যুদ্ধক্ষেত্রে) অযুধ্যত ॥ ৪৪

অনুবাদ।—পরিবারিত নামক অসুর বহু সহস্র হস্তী ও অশ্বে এবং কোটি রথে পরিবেষ্টিত হইয়া সেই যুদ্ধক্ষেত্রে যুদ্ধ করিতে লাগিল ॥ ৪৪

টীকা।—অথ [অথশব্দোঽয়ং চার্থে] বিড়ালাক্ষঃ (বিড়ালাক্ষ-নামা অসুরশ্চ) রথানাম্ অযুতানাং পঞ্চাশদ্ভিঃ অযুতৈশ্চ (পঞ্চবৃন্দৈশ্চ) পরিবারিতঃ (বেষ্টিতঃ) তত্র সংযুগে (যুদ্ধক্ষেত্রে) যুযুধে (যুদ্ধং কৃতবান্) ॥ ৪৫

অনুবাদ।—বিড়ালাক্ষ নামক অসুর পঞ্চাশ অর্ব্বুদ রথে পরি-বেষ্টিত হইয়া সেই যুদ্ধক্ষেত্রে যুদ্ধ করিয়াছিল ॥ ৪৫

টীকা।—অত্র যুদ্ধে অন্যে চ মহাসুরাঃ (অসুরশ্রেষ্ঠা রক্তবীজাদয়ঃ) অযুতশঃ (অযুতৈঃ অযুতৈঃ) রথনাগহয়ৈঃ (রথহস্তিতুরগৈঃ) বৃতাঃ [সন্তঃ] তত্র (তস্মিন্) সংযুগে (রণক্ষেত্রে) দেব্যা সহ যুযুধুঃ (যুদ্ধং কৃতবন্তঃ) ॥ ৪৬

অনুবাদ।—সেই যুদ্ধে অন্যান্য মহাসুরগণ অযুত অযুত হস্তী, অশ্ব এবং রথে পরিবৃত হইয়া দেবীর সহিত যুদ্ধ করিয়াছিল ॥ ৪৬

কোটিকোটিসহস্রৈস্তু রথানাং দন্তিনাং তথা।
হয়ানাঞ্চ বৃতো যুদ্ধে তত্রাভূন্মহিষাসুরঃ ॥ ৪৭
তোমরৈর্ভিন্দিপালৈশ্চ শক্তিভির্মুষলৈস্তথা।
যুযুধুঃ সংযুগে দেব্যা খড়্গৈঃ পরশুপট্টিশৈঃ ॥ ৪৮

টীকা।—তত্র যুদ্ধে মহিষাসুরঃ রথানাং কোটিকোটিসহস্রৈঃ, তথা (তথাশব্দোঽয়ং চার্থে) দন্তিনাং (গজানাং) [কোটিকোটিসহস্রৈঃ] হয়ানাঞ্চ (অশ্বানাঞ্চ) [কোটিকোটিসহস্রৈঃ] বৃতঃ (বেষ্টিতঃ) অভূৎ ॥ ৪৭

অনুবাদ।—মহিষাসুর সেই যুদ্ধক্ষেত্রে সহস্র সহস্র কোটি কোটি হস্তী, অশ্ব এবং রথে পরিবৃত হইয়াছিল ॥ ৪৭

টীকা।—[কেচিৎ অসুরাঃ] তোমরৈঃ (সর্ব্বলাদিভিঃ), [কেচিৎ] ভিন্দিপালৈঃ (হস্তক্ষেপণীয়শরৈঃ), [কেচিৎ] শক্তিভিঃ (শল্যৈঃ), [কেচিৎ] মুষলৈঃ, [কেচিৎ] খড়্গৈঃ, তথা চ [কেচিৎ] পরশুপট্টিশৈঃ (পরশুভিঃ কুঠারৈঃ পট্টিশৈশ্চ অস্ত্রবিশেষৈশ্চ) সংযুগে (যুদ্ধে) দেব্যা [সহ] যুযুধুঃ (যুদ্ধং কৃতবন্তঃ) ॥ ৪৮

অনুবাদ।—কোন কোন অসুর তোমর (শাবল দ্বারা), কেহ কেহ ভিন্দিপাল (হস্তক্ষেপ্য শরবিশেষ) দ্বারা, কেহ কেহ শক্তি দ্বারা, কেহ কেহ মুষল দ্বারা, কেহ কেহ খড়্গ দ্বারা, কেহ কেহ পরশু (কুঠার) দ্বারা, কেহ কেহ বা পট্টিশ (অস্ত্রবিশেষ) দ্বারা সেই যুদ্ধক্ষেত্রে দেবীর সহিত যুদ্ধ করিয়াছিল ॥ ৪৮

কেচিচ্চ চিক্ষিপুঃ শক্তীঃ কেচিৎ পাশাংস্তথাপরে।
দেবীং খড়্গপ্রহারৈস্তু তে তাং হন্তুং প্রচক্রমুঃ ॥ ৪৯
সাপি দেবী ততস্তানি শস্ত্রাণ্যস্ত্রাণি চণ্ডিকা।
লীলয়ৈব প্রচিচ্ছেদ নিজশস্ত্রাস্ত্রবর্ষিণী ॥ ৫০
অনায়স্তাননা দেবী স্তূয়মানা সুরর্ষিভিঃ।
মুমোচাসুরদেহেষু শস্ত্রাণ্যস্ত্রাণি চেশ্বরী ॥ ৫১

টীকা।—কেচিৎ ( অসুরাঃ ) [ দেবীং হন্তুং ] শক্তীঃ চিক্ষিপুঃ ( ক্ষিপ্তবন্তঃ ); কেচিচ্চ পাশান্ [ চিক্ষিপুঃ ]; তথা অপরে তে ( অসুরাঃ ) খড়্গপ্রহারৈঃ তাং দেবীং হন্তুং প্রচক্রমুঃ (আরব্ধবন্তঃ ) ॥ ৪৯

অনুবাদ।—[দেবীকে নিহত করিবার জন্য] কোন কোন অসুর শক্তি, কোন কোন অসুর পাশ অস্ত্র নিক্ষেপ করিয়াছিল এবং কেহ কেহ বা খড়্গপ্রহারে সেই দেবীকে নিহত করিতে উপক্রম করিয়াছিল ॥ ৪৯

টীকা।—ততঃ ( তেষাং প্রহারানন্তরং ) নিজশস্ত্রাস্ত্রবর্ষিণী ( নিজশস্ত্রাস্ত্রবর্ষণশীলা ) সাপি চণ্ডিকা দেবী তানি শস্ত্রাণি ( খড়্গাদীনি ) অস্ত্রাণি ( বাণাদীনি ) চ লীলয়া এব ( অনায়াসেনৈব ) প্রচিচ্ছেদ ( ছিন্নং কৃতবতী ) ॥ ৫০

অনুবাদ।—অনন্তর স্বীয় অস্ত্র-শস্ত্র-বর্ষণকারিণী সেই চণ্ডিকা দেবীও অনায়াসেই [ অসুরনিক্ষিপ্ত ] সেই সকল অস্ত্র-শস্ত্র ছেদন করিয়া ফেলিলেন ॥ ৫০

সোঽপি ক্রুদ্ধো ধুতসটো দেব্যা বাহনকেশরী।
চচারাসুরসৈন্যেষু বনেষ্বিব হুতাশনঃ॥ ৫২
নিঃশ্বাসান্মুমুচে যাংশ্চ যুধ্যমানা রণেঽম্বিকা।
ত এব সদ্যঃ সম্ভূতা গণাঃ শতসহস্রশঃ॥ ৫৩

টীকা।—অনায়স্তাননা (আয়াসরহিতাননা (ঈশ্বরী) সর্ব্বশক্তিযুক্তা) [সা] দেবী (চণ্ডিকা) সুরর্ষিভিঃ (সুরাশ্চ ঋষয়শ্চ তৈঃ, অথবা নারদাদিভিঃ দেবর্ষিভিঃ) স্তূয়মানা [সতী] অসুরদেহেষু শস্ত্রাণি অস্ত্রাণি চ মুমোচ (নিক্ষিপ্তবতী)॥ ৫১

অনুবাদ।—দেবগণ ও ঋষিগণ কর্ত্তৃক প্রশংসিতা অবিকৃতাননা সর্ব্বশক্তিময়ী চণ্ডিকা অসুরগণের দেহে অস্ত্র-শস্ত্র নিক্ষেপ করিতে লগিলেন॥ ৫১

টীকা।—সোঽপি দেব্যাঃ বাহনকেশরী (বাহনরূপঃ সিংহঃ) ক্রুদ্ধঃ [অতএব] ধুতসটঃ (কম্পিতজটঃ) [সন্] বনেষু হুতাশন ইব (বহ্নিবৎ) অসুরসৈন্যেষু চচার (বিচরণং কৃতবান্)॥ ৫২

অনুবাদ।—সেই দেবী-বাহন সিংহও ক্রোধে জটা কম্পিত করিয়া বনমধ্যে দাবাগ্নির ন্যায় অসুরসৈন্যমধ্যে বিচরণ করিয়াছিল॥ ৫২

টীকা।—রণে যুধ্যমানা অম্বিকা যান্ নিঃশ্বাসান্ মুমুচে (ত্যক্তবতী) তে এব (নিঃশ্বাসাঃ) সদ্যঃ (তৎক্ষণাৎ) শতসহস্রশঃ গণাঃ (প্রমথাঃ) সম্ভূতাঃ (স্বস্বসামগ্রীসহিতা এব প্রাদুর্ভূতাঃ)॥ ৫৩

অন্বয়ঃ।—অম্বিকা রণস্থলে যুদ্ধ করিতে করিতে যে সকল

যুযুধুস্তে পরশুভির্ভিন্দিপালাসিপট্টিশৈঃ।
নাশয়ন্তোঽসুরগণান্ দেবীশক্ত্যুপবৃংহিতাঃ ॥ ৫৪
অবাদয়ন্ত পটহান্ গণাঃ শঙ্খাংস্তথাপরে।
মৃদঙ্গাংশ্চ তথৈবান্যে তস্মিন্ যুদ্ধমহোৎসবে ॥ ৫৫
ততো দেবী ত্রিশূলেন গদয়া শক্তিবৃষ্টিভিঃ।
খড়্গাদিভিশ্চ শতশো নিজঘান মহাসুরান্ ॥ ৫৬

নিশ্বাস ত্যাগ করিয়াছিলেন, তৎসমুদয়ই তৎক্ষণাৎ একে একে লক্ষ লক্ষ প্রমথ অর্থাৎ দেবীসৈন্যরূপে পরিণত হইল ॥ ৫৩

টীকা।—তে ( গণাঃ ) দেবীশক্ত্যুপবৃংহিতাঃ (দেব্যাঃ সামর্থ্যেন উপচিতসামর্থ্যাঃ ) [ সন্তঃ ] পরশুভিঃ ( কুঠারৈঃ ) ভিন্দিপালাসিপট্টিশৈঃ [ চ ] অসুরান্ নাশয়ন্তঃ যুযুধুঃ ( যুদ্ধং কৃতবন্তঃ ) ॥ ৫৪

অনুবাদ।—দেবীর শক্তিতে বর্দ্ধিত-সামর্থ্য সেই দেবীসৈন্যগণ পরশু, ভিন্দিপাল ( হস্তক্ষেপ্য শরবিশেষ ), খড়্গ ও পট্টিশ দ্বারা অসুরগণকে বিনাশ করিতে করিতে যুদ্ধ করিতে লাগিল ॥ ৫৪

টীকা।—তস্মিন্ যুদ্ধমহোৎসবে [ কেচিৎ ] গণাঃ পটহান্ অবাদয়ন্ত, তথা অপরে ( গণাঃ ) শঙ্খান্, তথা এব অন্যে ( গণাঃ ) মৃদঙ্গান্ চ [ অবাদয়ন্ত ] ॥ ৫৫

অনুবাদ।—সেই সমর-মহোৎসবে ( দেবীসৈন্যের মধ্যে ) কেহ কেহ পটহ ( ঢাক), অপরে শঙ্খ এবং অন্যে মৃদঙ্গধ্বনি করিতে লাগিল ॥ ৫৫

টীকা।—ততঃ (গণজননানন্তরং) দেবী (চণ্ডিকা) ত্রিশূলেন গদয়া শক্তিবৃষ্টিভিঃ (শল্যবর্ষণৈঃ) খড়্গাদিভিশ্চ শতশঃ মহাসুরান্ নিজঘান ॥ ৫৬

পাতয়ামাস চৈবান্যান্ ঘণ্টাস্বনবিমোহিতান্।
অসুরান্ ভুবি পাশেন বদ্ধা চান্যানকর্ষত ॥ ৫৭
কেচিদ্দ্বিধাকৃতাস্তীক্ষ্ণৈঃ খড়্গপাতৈস্তথাপরে।
বিপোথিতা নিপাতেন গদয়া ভুবি শেরতে ॥ ৫৮

অনুবাদ।—অনন্তর দেবী চণ্ডিকা ত্রিশূলাঘাতে, গদানিক্ষেপে, শল্যবর্ষণে এবং খড়্গাদি প্রহারে শত শত মহাসুরকে নিহত করিলেন ॥ ৫৬

টীকা।—[ দেবী ] অন্যান্ (কাংশ্চিদসুরান্) ঘণ্টাস্বনবিমোহিতান্ ( ঘণ্টাধ্বনিনা বিচেতসঃ কৃত্বা ) পাতয়ামাস, অন্যান্ চৈব ( কাংশ্চিৎ ) অসুরান্ পাশেন বদ্ধা ভুবি অকর্ষত ( আকৃষ্টবতী ) ॥ ৫৭

অনুবাদ।—[ দেবী ] অপর কতকগুলি অসুরকে ঘণ্টাধ্বনি দ্বারা বিমোহিত করিয়া ধরাশায়ী করিলেন এবং অন্যান্য কতকগুলি অসুরকে পাশে আবদ্ধ করিয়া ভূতলে আকর্ষণ করিতে লাগিলেন ॥ ৫৭

টীকা।—কেচিৎ ( অসুরাঃ ) তীক্ষ্ণৈঃ ( অত্যুগ্রৈঃ ) খড়্গাপাতৈঃ ( খড়্গাঘাতৈঃ ) দ্বিধাকৃতাঃ ( ছিন্নাঃ, দেব্যা ইতি শেষঃ ) ; তথা অপরে ( অসুরাঃ ) গদয়া বিপোথিতাঃ ( হিংসিতাঃ ) [ সন্তঃ ] নিপাতেন ( নিপতনেন ) ভুবি ( পৃথিব্যাং ) শেরতে [ স্মেতি উহ্যম্ ] ॥ ৫৮

অনুবাদ।—কতকগুলি অসুর ( দেবীর ) তীক্ষ্ণ-খড়্গাঘাতে দ্বিখণ্ডিত হইল ; অপর কতকগুলি অসুর [ দেবীর ] গদাপ্রহারে নিহত হইয়া ভূমিতে শয়ন করিল ॥ ৫৮

বেমুশ্চ কেচিদ্রুধিরং মুসলেন ভৃশং হতাঃ।
কেচিন্নিপাতিতা ভূমৌ ভিন্নাঃ শূলেন বক্ষসি ॥ ৫৯
নিরন্তরাঃ শরৌঘেণ কৃতাঃ কেচিদ্রণাজিরে।
সেনানুকারিণঃ প্রাণান্ মুমুচুস্ত্রিদশার্দ্দনাঃ ॥ ৬০
কেষাঞ্চিদ্ বাহবশ্ছিন্নাশ্ছিন্নগ্রীবাস্তথাপরে।
শিরাংসি পেতুরন্যেষামন্যে মধ্যে বিদারিতাঃ ॥ ৬১

টীকা।—কেচিৎ (অসুরাঃ) মুসলেন ভৃশম্ (অত্যন্তং) হতাঃ (তাড়িতাঃ) [সন্তঃ] রুধিরং (রক্তং) বেমুঃ (বমন্তি স্ম, ববমুরিতি বক্তব্যে ছান্দসো দ্বিলু‍্ক্ একারাদেশশ্চ) কেচিচ্চ (অসুরাঃ) বক্ষসি (হৃদি) শূলেন ভিন্নাঃ (বিদীর্ণাঃ সন্তঃ) ভূমৌ নিপাতিতাঃ [দেব্যা ইতি শেষঃ] ॥ ৫৯

অনুবাদ।—কেহ কেহ মুসল দ্বারা অত্যন্ত আহত হইয়া রক্ত বমন করিল, কেহ কেহ বা [দেবীর] শূলাঘাতে বিদীর্ণ-হৃদয় হইয়া ভূমিতে নিপাতিত হইল ॥ ৫৯

টীকা।—কেচিৎ সেনানুকারিণঃ (সেনাগ্রগামিনঃ) ত্রিদশার্দ্দনাঃ (অসুরাঃ) রণাজিরে (রণাঙ্গনে) শরৌঘেণ (বাণসমূহেন) [দেব্যা] নিরন্তরাঃ (নিরবকাশাঃ) কৃতাঃ (জর্জ্জরীকৃতাঃ) [সন্তঃ] প্রাণান্ মুমুচুঃ (ত্যক্তবন্তঃ) ॥ ৬০

অনুবাদ।—সেনাগ্রগামী কতকগুলি অসুর সমরাঙ্গনে যাইয়া শরসমূহ দ্বারা সর্ব্বাঙ্গে জর্জ্জরিত হইয়া প্রাণত্যাগ করিল ॥ ৬০

বিচ্ছিন্নজঙ্ঘাস্ত্বপরে পেতুরুর্ব্ব্যাং মহাসুরাঃ।
একবাহ্বক্ষিচরণাঃ কেচিদ্দেব্যা দ্বিধাকৃতাঃ ॥ ৬২
ছিন্নেঽপি চান্যে শিরসি পতিতাঃ পুনরুত্থিতাঃ ॥ ৬৩

টীকা।—[ দেব্যা ] কেষাঞ্চিৎ ( অসুরাণাং ) বাহবঃ ছিন্নাঃ ( দ্বৈধীকৃতাঃ ) তথা অপরে ( দৈত্যাঃ ) ছিন্নগ্রীবাঃ ( ছিন্না গ্রীবা যেষাং তে ) [ বভূবুঃ ]; অন্যেষাং শিরাংসি ( মস্তকানি ) পেতুঃ ( ছিন্নানি সন্তি নিপতিতানি ); অন্যে ( অসুরাঃ ) মধ্যে ( মধ্যদেশে, বপুষঃ ইতি শেষঃ ) বিদারিতাঃ [ বভূবুঃ ] ॥ ৬১

অনুবাদ।—কোন কোন অসুরের বাহু ছিন্ন হইল, অপর কতক গুলি অসুরের গ্রীবা ছিন্ন হইল; কাহারও মস্তক বিচ্ছিন্ন হইয়া ভূমিতে লুণ্ঠিত হইল এবং অপর কতকগুলি অসুরের [ দেহের ] মধ্যভাগ বিদীর্ণ হইল ॥ ৬১

টীকা।—অপরে তু মহাসুরাঃ বিচ্ছিন্নজঙ্ঘাঃ ( বিচ্ছিন্নে জঙ্ঘে যেষাং তাদৃশাঃ ) [ সন্তঃ ] উর্ব্ব্যাং ( পৃথিব্যাং ) পেতুঃ; কেচিৎ ( অন্যে অসুরাঃ ) দেব্যা দ্বিধাকৃতাঃ ( দ্বিদলীকৃতাঃ ) [ সন্তঃ ] একবাহ্বক্ষিচরণাঃ ( একং বাহ্বক্ষিচরণং যেষাং তে তথাভূতাঃ, শিরঃপ্রভৃতি পায়ুপর্য্যন্তং দ্বিদলীকৃতা ইত্যর্থঃ ) [ বভূবুঃ ] ॥ ৬২

অনুবাদ।—অপর কতকগুলি মহাসুর ছিন্নজঙ্ঘ হইয়া ভূতলে পতিত হইল; কেহ বা দেবী কর্ত্তৃক [ এরূপভাবে ] দ্বিখণ্ডীকৃত হইল যে, সেই দুইখণ্ডের প্রত্যেক ভাগে একটি চক্ষু, একটি বাহু ও একখানি মাত্র চরণ থাকিল ॥ ৬২

কবন্ধা যুযুধুর্দেব্যা গৃহীতপরমায়ুধাঃ।
ননৃতুশ্চাপরে তত্র যুদ্ধে তূর্য্যলয়াশ্রিতাঃ ॥ ৬৪
কবন্ধাশ্ছিন্নশিরসঃ খড়্গশক্ত্যৃষ্টিপাণয়ঃ।
তিষ্ঠ তিষ্ঠেতি ভাষন্তো দেবীমন্যে মহাসুরাঃ ॥ ৬৫

টীকা।—অন্যে (অসুরাঃ) শিরসি ছিন্নে [সতি] পতিতাঃ [অপি, কবন্ধরূপেণ] পুনরুত্থিতাঃ ॥ ৬৩

অনুবাদ।—অপর কতকগুলি অসুর ছিন্নমস্তক হইয়া [ভূতলে] পতিত হইয়াও [তৎক্ষণাৎ কবন্ধরূপে] পুনরায় উত্থিত হইল ॥ ৬৩

টীকা।—[কেচিৎ] কবন্ধাঃ গৃহীতপরমায়ুধাঃ (শ্রেষ্ঠাস্ত্রাণি গৃহীত্বা) দেব্যা [সহ] যুযুধুঃ (যুদ্ধং কৃতবন্তঃ); তত্র (যুদ্ধে) অপরে কেচিৎ (কবন্ধাঃ) তূর্য্যলয়াশ্রিতাঃ (বাদ্যলয়ানুসারিণঃ) [সন্তঃ] ননৃতুশ্চ (নৃত্যং কৃতবন্তঃ) [কবন্ধোত্থানপরিমাণং শাস্ত্রে পঠন্তি,—"নাগানামযুতং তুরঙ্গনিযুতং সার্দ্ধং রথানাং শতং, পত্তীনাং দশকোটয়ো নিপতিতা একঃ কবন্ধো রণে ॥"] ॥ ৬৪

অনুবাদ।—সেই যুদ্ধে কবন্ধগণ উত্তম অস্ত্র শস্ত্র লইয়া দেবীর সহিত যুদ্ধ করিয়াছিল এবং কোন কোন কবন্ধ বাদ্যলয়ানুসারে নৃত্য করিয়াছিল ॥ ৬৪ *

টীকা।—ছিন্নশিরসঃ (ছিন্নমস্তকাঃ) কবন্ধাঃ খড়্গশক্ত্যৃষ্টিপাণয়ঃ

---

* শাস্ত্রে কবন্ধোত্থানের এইরূপ নিয়ম দেখা যায়,—অযুত হস্তী, নিযুত অশ্ব, সার্দ্ধশত রথ এবং দশকোটি পদাতি সংগ্রামে নিহত হইলে একটি কবন্ধ উত্থিত হয়।

পাতিতৈরথনাগাশ্বৈরসুরৈশ্চ বসুন্ধরা।
অগম্যা সাভবত্তত্র যত্রাভূৎ স মহারণঃ ॥ ৬৬
শোণিতৌঘা মহানদ্যঃ সদ্যস্তত্র বিসুস্রুবুঃ।
মধ্যে চাসুরসৈন্যস্য বারণাসুরবাজিনাম্ ॥ ৬৭

( খড়্গশক্ত্যৃষ্টয়ঃ পাণিষু যেষাং তাদৃশাঃ সন্তঃ ) [ যুযুধুঃ ]; অন্যে ( অপরে ) মহাসুরাঃ দেবীং "তিষ্ঠ তিষ্ঠ" ইতি ভাষন্তঃ ( ভাষমাণাঃ ) [ যুযুধুঃ ] ॥ ৬৫

অনুবাদ।—ছিন্নমস্তক কবন্ধগণ হস্তে খড়্গ, শক্তি এবং ঋষ্টি ( পার্শ্বদ্বয়ে ধারবিশিষ্ট খড়্গবিশেষ ) নামক অস্ত্র গ্রহণ করিয়া এবং অন্যান্য মহাসুরগণ দেবীকে "তিষ্ঠ তিষ্ঠ" বলিতে বলিতে যুদ্ধ করিয়াছিল ॥ ৬৫

টীকা।—যত্র ( যস্যাং বসুন্ধরায়াং ) সঃ মহারণঃ অভূৎ, সা বসুন্ধরা তত্র ( তস্যাং ) পাতিতৈঃ রথনাগাশ্বৈঃ অসুরৈশ্চ অগম্যা ( গন্তুমশক্যা ) অভবৎ ॥ ৬৬

অনুবাদ।—যে স্থলে সেই মহারণ সংঘটিত হইয়াছিল, সেই ভূভাগে নিপাতিত অসুর, রথ, হস্তী এবং অশ্ব সমূহে [ সমাকীর্ণ হওয়ায় ] সেই স্থান গমনের অযোগ্য হইয়াছিল ॥ ৬৬

টীকা।—তত্র ( যুদ্ধে ) অসুরসৈন্যস্য মধ্যে বারণাসুরবাজিনাং (হস্তিদৈত্যাশ্বানাং ) শোণিতৌঘাঃ ( রক্তপ্রবাহাঃ ) সদ্যঃ ( তৎক্ষণং ) মহানদ্যঃ [ ইব ] বিসুস্রুবুঃ ( প্রবাহিতাঃ ) ॥ ৬৭

ক্ষণেন তন্মহাসৈন্যমসুরাণাং তথাম্বিকা।
নিন্যে ক্ষয়ং যথা বহ্নিস্তৃণদারুমহাচয়ম্ ॥ ৬৮
স চ সিংহো মহানাদমুৎসৃজন্ ধূতকেশরঃ।
শরীরেভ্যোঽমরারীণামসূনিব বিচিন্বতি ॥ ৬৯

অনুবাদ।—সেই রণক্ষেত্রে অসুরসৈন্য-মধ্যে হস্তী, দৈত্য এবং অশ্বসমূহের রক্তপ্রবাহ মহানদীর ন্যায় তৎক্ষণাৎ প্রবাহিত হইল ॥ ৬৭

টীকা।—যথা বহ্নিঃ তৃণদারুমহাচয়ং (তৃণকাষ্ঠমহারাশিম্) [অনায়াসেনৈব ক্ষয়ং নয়তি] তথা অম্বিকা অসুরাণাং তন্মহাসৈন্যম্ (অতিপ্রচুরং বলং) ক্ষণেন (ক্ষণমাত্রেণৈব) ক্ষয়ং (নাশং) নিন্যে (প্রাপয়ামাস) ॥ ৬৮

অনুবাদ।—বহ্নি যেরূপ তৃণকাষ্ঠের মহাস্তূপকে [অনায়াসে] ক্ষণকালের মধ্যে ভস্মীভূত করে, সেইরূপ অম্বিকা ক্ষণকালের মধ্যে সেই অসুরগণের মহাসৈন্যকে নাশ করিয়া ফেলিলেন ॥ ৬৮

টীকা।—[ন কেবলমম্বিকৈব অপি তু] ধূতকেশরঃ (কম্পিত-কেশরঃ) স চ সিংহঃ মহানাদং (মহাশব্দম্) উৎসৃজন্ (কুর্ব্বন্) অমরারীণাম্ (অসুরাণাং) শরীরেভ্যঃ অসূন্ (প্রাণান্) বিচিন্বতি ইব (বিচিনোতীব, তৎসৈন্যং ক্ষয়ং নিন্যে ইতি ভাবঃ; বিচিন্বতীতি আর্ষো বকারাদেশঃ) ॥ ৬৯

অনুবাদ।—[অম্বিকাই যে কেবল নাশ করিলেন, তাহা নহে] পরন্তু সেই সিংহও কেশর কম্পিত করিয়া মহাশব্দ করিতে করিতে

দেব্যা গণৈশ্চ তৈস্তত্র কৃতং যুদ্ধং তথাসুরৈঃ।
যথৈষাং তুতুষুর্দেবাঃ পুষ্পবৃষ্টিমুচো দিবি॥ ৭০

ওঁ ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে
দেবীমাহাত্ম্যে মহিষাসুরসৈন্যবধঃ॥ ২

অসুরগণের শরীর হইতে প্রাণসমূহ যেন চয়ন করিতে লাগিলেন অর্থাৎ ক্ষণকালের মধ্যে অসুরসৈন্য নাশ করিলেন॥ ৬৯

টীকা।—তত্র (রণক্ষেত্রে) তৈঃ (নিশ্বাসজাতৈঃ) দেব্যা গণৈশ্চ অসুরৈঃ [ সহ ] তথা যুদ্ধং কৃতং, যথা এষাং (গণানাং সম্বন্ধে) পুষ্পবৃষ্টিমুচঃ (পুষ্পবৃষ্টিং কুর্ব্বন্তঃ) দিবি (স্বর্গে) দেবাঃ তুতুষুঃ (পরিতোষং প্রাপুঃ)॥ ৭০

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে সুপ্রভাখ্যায়াং
টীকায়াং মহিষাসুরসৈন্যবধো নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ॥ ২

অনুবাদ।—সেই যুদ্ধক্ষেত্রে দেবীর নিশ্বাসোৎপন্ন প্রমথগণ অসুরগণের সহিত এরূপ যুদ্ধ করিয়াছিল যে, স্বর্গে দেবগণ পুষ্পবৃষ্টি করিয়া সন্তোষ প্রাপ্ত হইয়াছিলেন॥ ৭০

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যানুবাদে
দ্বিতীয়াধ্যায়ে মহিষাসুর-সৈন্যবধ॥ ২

---

# তৃতীয়োঽধ্যায়ঃ

ঋষিরুবাচ ॥ ১

নিহন্যমানং তৎ সৈন্যমবলোক্য মহাসুরঃ।
সেনানীশ্চিক্ষুরঃ কোপাদ্ যযৌ যোদ্ধুমথাম্বিকাম্ ॥ ২
স দেবীং শরবর্ষেণ ববর্ষ সমরেঽসুরঃ।
যথা মেরুগিরেঃ শৃঙ্গং তোয়বর্ষেণ তোয়দঃ ॥ ৩

টীকা।—ঋষিঃ উবাচ ॥ ১ ॥ অথ ( সৈন্যবধানন্তরং ) সেনানীঃ ( সেনাপতিঃ ) মহাসুরঃ চিক্ষুরঃ নিহন্যমানং তৎ সৈন্যম্ অবলোক্য ( দৃষ্ট্বা ) কোপাৎ যোদ্ধুম্ অম্বিকাং যযৌ ( অম্বিকাং প্রতি ধাবিতবান্ ) ॥ ২

অনুবাদ।—ঋষি বলিলেন,—অনন্তর সেনাপতি মহাসুর চিক্ষুর [ মহিষাসুরের ] সেই সৈন্যগণকে নিহত দেখিয়া যুদ্ধ করিবার জন্য ক্রোধে অম্বিকার প্রতি ধাবিত হইল ॥ ১।২

টীকা।—যথা তোদয়ঃ (মেঘঃ) তোয়বর্ষেণ (জলবর্ষেণ) মেরুগিরেঃ ( সুমেরুপর্ব্বতস্য ) শৃঙ্গং ( শিখরং ) [ আচ্ছাদয়তি ]; তথা সঃ ( চিক্ষুরঃ ) অসুরঃ সমরে ( যুদ্ধে ) শরবর্ষেণ ( বাণবর্ষেণ ) দেবীম্ ( অম্বিকাং ) ববর্ষ ( আচ্ছাদিতবানিত্যর্থঃ ) ॥ ৩

অনুবাদ।—জলধর যেরূপ জলবর্ষণ দ্বারা সুমেরুগিরি-শিখর

তস্য চ্ছিত্ত্বা ততো দেবী লীলয়ৈব শরোৎকরান্ ।
জঘান তুরগান্ বাণৈর্যন্তারঞ্চৈব বাজিনাম্ ॥ ৪
চিচ্ছেদ চ ধনুঃ সদ্যো ধ্বজঞ্চাতিসমুচ্ছ্রিতম্ ।
বিব্যাধ চৈব গাত্রেষু ছিন্নধন্বানমাশুগৈঃ ॥ ৫
স চ্ছিন্নধন্বা বিরথো হতাশ্বো হতসারথিঃ ।
অভ্যধাবত তাং দেবীং খড়্গচর্ম্মধরোঽসুরঃ ॥ ৬

আচ্ছন্ন করে, সেইরূপ মহাসুর চিক্ষুর শরবর্ষণে দেবীকে আচ্ছাদিত করিল। ৩

টীকা।—ততঃ (শরবর্ষণানন্তরং) দেবী বাণৈঃ (শরসমূহৈঃ) তস্য (চিক্ষুরস্য) শরোৎকরান্ (শরসমূহান্) লীলয়া (কৌতুকেনৈব) ছিত্ত্বা তুরগান্ (অশ্বান্) বাজিনাম্ (অশ্বানাং) যন্তারং (সারথিং) চৈব জঘান (বিনাশয়ামাস) ॥ ৪

অনুবাদ।—অনন্তর দেবী শরসমূহের দ্বারা অবলীলাক্রমে মহাসুর চিক্ষুরের শরসমূহ ছেদন করিয়া [তদীয়] অশ্বসহ সারথিকে নিহত করিলেন ॥ ৪

টীকা।—[দেবী] আশুগৈঃ (বাণৈঃ) সদ্যঃ (তৎক্ষণমেব) ধনুঃ অতিসমুচ্ছ্রিতম্ (অত্যুন্নতং) ধ্বজং চ চিচ্ছেদ চ; [ততঃ] ছিন্নধন্বানং (নিকৃত্তচাপং) [চিক্ষুরং] গাত্রেষু এব (সকলশরীরেষ্বপি) বিব্যাধ চ ॥ ৫

অনুবাদ।—দেবী শরসমূহের দ্বারা [তাহার] ধনু ও

সিংহমাহত্য খড়্গেন তীক্ষ্ণধারেণ মূর্দ্ধনি।
আজঘান ভুজে সব্যে দেবীমপ্যতিবেগবান্ ॥ ৭
তস্যাঃ খড়্গো ভুজং প্রাপ্য পফাল নৃপনন্দন।
ততো জগ্রাহ শূলং স কোপাদরুণলোচনঃ ॥ ৮

অত্যুচ্চ রথধ্বজ ছেদন করিলেন এবং সেই ছিন্নধন্বা অসুরের গাত্র [ শরনিকরে ] বিদ্ধ করিলেন ॥ ৫

টীকা।—সঃ ছিন্নধন্বা ( নিকৃত্তশরাসনঃ ) বিরথঃ ( বিনষ্টরথঃ হতাশ্বঃ ( হতা অশ্বা যস্য সঃ ) হতসারথিঃ ( হতঃ সারথির্যস্য সঃ ) অসুরঃ ( চিক্ষুরঃ ) খড়্গচর্ম্মধরঃ [ সন্ ] তাং দেবীম্ অভ্যধাবত ( আভি-মুখ্যেন ) ধাবিতবান্ ॥ ৬

অনুবাদ।—ছিন্নধন্বা রথহীন অশ্বহীন সারথিবিহীন সেই অসুর খড়্গ ও চর্ম্ম ধারণ করিয়া দেবীর অভিমুখে ধাবিত হইল ॥ ৬

টীকা।—অতিবেগবান্ ( ক্ষিপ্রকারী ) [সঃ অসুরঃ] তীক্ষ্ণধারেণ খড়্গেন মূর্দ্ধনি ( মস্তকে ) সিংহম্ আহত্য ( প্রহৃত্য ) দেবীম্ অপি সব্যে ( বামভুজে ) আজঘান ( প্রহৃতবান্ ) ॥ ৭

অনুবাদ।—ক্ষিপ্রকারী সেই অসুর তীক্ষ্ণধার খড়্গাঘাতে সিংহের মস্তকে প্রহার করিয়া দেবীর বামহস্তেও আঘাত করিল ॥ ৭

টীকা।—[ হে ] নৃপনন্দন ! ( সুরথ ! ) খড়্গঃ তস্যাঃ ( দেব্যাঃ ) ভুজং ( বামহস্তং ) প্রাপ্য পফাল ( ভগ্নবান্ )। ততঃ ( খড়্গভগ্নানন্তরং ) সঃ ( চিক্ষুরঃ ) কোপাৎ অরুণলোচনঃ ( রক্তনয়নঃ সন্ ) শূলং জগ্রাহ ( হস্তে কৃতবান্ ) ॥ ৮

চিক্ষেপ চ ততস্তত্তু ভদ্রকাল্যাং মহাসুরঃ।
জাজ্বল্যমানং তেজোভী-রবিবিম্বমিবাম্বরাৎ ॥ ৯
দৃষ্ট্বা তদাপতচ্ছূলং দেবী শূলমমুঞ্চত।
তচ্ছূলং শতধা তেন নীতং স চ মহাসুরঃ ॥ ১০

অনুবাদ।—হে নৃপনন্দন! [অসুরের] খড়্গ দেবীর হস্তে স্পর্শমাত্রেই ভগ্ন হইয়া গেল; অনন্তর সেই মহাসুর ক্রোধে রক্তনেত্র হইয়া হস্তে শূল গ্রহণ করিল ॥ ৮

টীকা।—ততঃ (শূলগ্রহণানন্তরং) [সঃ] মহাসুরঃ (চিক্ষুরঃ) অম্বরাৎ (অত্র সপ্তম্যর্থে পঞ্চমীপ্রয়োগ আর্ষঃ, তথা চ আকাশে ইত্যর্থঃ) তেজোভিঃ (দীপ্তিভিঃ) জাজ্বল্যমানং (দেদীপ্যমানং) রবিবিম্বমিব (সূর্য্যমণ্ডলমিব) তৎ শূলং ভদ্রকাল্যাং (ভদ্রকালীবিষয়ে) চিক্ষেপ চ (ক্ষিপ্তবান্ চ) ॥ ৯

অনুবাদ।—অনন্তর সেই মহাসুর আকাশে তেজঃ-প্রদীপ্ত সূর্য্য-মণ্ডলের ন্যায় দেদীপ্যমান সেই শূল নামক অস্ত্র ভদ্রকালীর প্রতি নিক্ষেপ করিল ॥ ৯

টীকা।—দেবী (ভদ্রকালী) আপতৎ (আগচ্ছৎ) তৎ (চিক্ষুর-নিক্ষিপ্তং দেদীপ্যমানং) শূলং দৃষ্ট্বা শূলং (স্বশূলম্) অমুঞ্চত নিক্ষিপ্তবতী)। তেন (দেবীনিক্ষিপ্তশূলেন) তৎ শূলম্ (আসুরং শূলং) শতধা নীতং (বহুধা খণ্ডিতম্), সঃ চ (সোঽপি মহাসুরঃ) [শতধা নীতঃ, খণ্ডখণ্ডীকৃত ইত্যর্থঃ] ॥ ১০

অনুবাদ।—দেবী [অসুরনিক্ষিপ্ত] সেই শূলকে আসিতে দেখিয়া

হতে তস্মিন্ মহাবীর্য্যে মহিষস্য চমূপতৌ।
আজগাম গজারূঢ়শ্চামরস্ত্রিদশার্দ্দনঃ ॥ ১১
সোঽপি শক্তিং মুমোচাথ দেব্যাস্তামম্বিকা দ্রুতম্।
হুঙ্কারাভিহতাং ভূমৌ পাতয়ামাস নিষ্প্রভাম্ ॥ ১২
ভগ্নাং শক্তিং নিপতিতাং দৃষ্ট্বা ক্রোধসমন্বিতঃ।
চিক্ষেপ চামরঃ শূলং বাণৈস্তদপি সাচ্ছিনৎ ॥ ১৩

স্বীয় শূল নিক্ষেপ করিলেন, তাহাতে অসুর নিক্ষিপ্ত শূল এবং সেই মহাসুর শতধা খণ্ডিত হইল ॥ ১০

টীকা।—তস্মিন্ মহাবীর্য্যে মহিষস্য (মহিষাসুরস্য) চমূপতৌ (সেনাপতৌ) [চিক্ষুরে] হতে [সতি] ত্রিদশার্দ্দনঃ (দেবপীড়ক) চামরঃ (তন্নামাসুরঃ) গজারূঢ়ঃ [সন্] আজগাম (দেব্যা সহ যোদ্ধুম্ আগতবান্) ॥ ১১

অনুবাদ।—মহিষাসুরের সেনাপতি মহাবীর চিক্ষুর নিহত হইলে দেবমর্দ্দক চামর নামক অসুর গজারূঢ় হইয়া [দেবীর সহিত যুদ্ধ করিবার জন্য তথায়] উপস্থিত হইল ॥ ১১

টীকা।—অথ (চামরস্য আগমনানন্তরং) সঃ অপি (চামরোঽপি) দেব্যাঃ [সম্বন্ধে] শক্তিং (শল্যং) মুমোচ (নিক্ষিপ্তবান্) অম্বিকা দ্রুতং তাং (শক্তিং) হুঙ্কারাভিহতাং নিষ্প্রভাং (তেজোহীনাং) [কৃত্বা] ভূমৌ পাতয়ামাস ॥ ১২

টীকা।—অনন্তর সেই চামরাসুর দেবীর প্রতি শক্তি নিক্ষেপ করিল। দেবী অম্বিকাও তৎক্ষণাৎ হুঙ্কারের দ্বারা তাহাকে প্রতিহত ও নিষ্প্রভ করিয়া ভূতলে পাতিত করিলেন ॥ ১২

ততঃ সিংহঃ সমুৎপত্য গজকুম্ভান্তরস্থিতঃ।
বাহুযুদ্ধেন যুযুধে তেনোচ্চৈস্ত্রিদশারিণা ॥ ১৪
যুধ্যমানৌ ততস্তৌ তু তস্মান্নাগান্মহীং গতৌ।
যুযুধাতেঽতিসংরব্ধৌ প্রহারৈরতিদারুণৈঃ ॥ ১৫

টীকা।—চামরঃ [ স্বীয়াং ] শক্তিং [দেব্যা ] ভগ্নাং [ তথা ভূমৌ] নিপতিতাং দৃষ্ট্বা ক্রোধসমন্বিতঃ ( ক্রুদ্ধঃ সন্ ) শূলং চিক্ষেপ (ক্ষিপ্তবান্)। সা ( দেবী অম্বিকা ) তৎ ( শূলম্ ) অপি বাণৈঃ অচ্ছিনৎ ( কর্ত্তয়ামাস ) ॥ ১৩

অনুবাদ।—[ দেবী কর্ত্তৃক ] শক্তি অস্ত্র ভগ্ন ও [ ভূমিতে ] নিপাতিত হইয়াছে দেখিয়া চামর সক্রোধে [ অম্বিকার প্রতি ] শূলাস্ত্র নিক্ষেপ করিল। দেবী অম্বিকা শরসমূহ দ্বারা তাহাও ছেদন করিলেন ॥ ১৩

টীকা।—ততঃ ( তদনন্তরং ) সিংহঃ সমুৎপত্য ( উৎপত্য ) গজকুম্ভান্তরস্থিতঃ ( গজস্য কুম্ভয়োর্মধ্যে স্থিতঃ সন্ ) তেন ত্রিদশারিণা ( দেবশত্রুণা অসুরেণ ) [ সহ ] বাহুযুদ্ধেন উচ্চৈঃ ( অতিমহৎ যথা স্যাৎ তথা ) যুযুধে ( যুদ্ধং কৃতবান্ ) ॥ ১৪

অনুবাদ।—অনন্তর সিংহ লম্ফ প্রদান পূর্ব্বক গজকুম্ভ-দ্বয়ের মধ্যবর্ত্তী হইয়া সেই দেবদ্বেষী অসুরের সহিত ঘোরতর বাহুযুদ্ধ করিতে লাগিল ॥ ১৪

টীকা।—ততঃ ( অনন্তরং ) যুধ্যমানৌ ( যুদ্ধং কুর্ব্বাণৌ ) অতিসংরব্ধৌ ( অতিক্রুদ্ধৌ ) তৌ ( সিংহাসুরৌ ) তু ( ইত্যব্যয়ম্ অবধারণে ) তস্মাৎ নাগাৎ ( গজাৎ ) মহীং গতৌ ( অবতীর্ণৌ )

ততো বেগাৎ খমুৎপত্য নিপত্য চ মৃগারিণা ।
করপ্রহারেণ শিরশ্চামরস্য পৃথক্ কৃতম্ ॥ ১৬
উদগ্রশ্চ রণে দেব্যা শিলাবৃক্ষাদিভির্হতঃ।
দন্তমুষ্টিতলৈশ্চৈব করালশ্চ নিপাতিতঃ ॥ ১৭

[ সন্তৌ ] অতিদারুণৈঃ প্রহারৈঃ যুযুধাতে ( যুদ্ধং চক্রতুঃ ) (যুযুধাতেঽতি-সংরব্ধৌ ইত্যত্র সন্ধিরার্ষঃ ) ॥ ১৫

অনুবাদ।—অনন্তর তাঁহারা উভয়ে যুদ্ধ করিতে করিতে সেই হস্তীর উপর হইতে ভূতলে অবতীর্ণ হইয়া নিদারুণ প্রহারে যুদ্ধ করিতে লাগিলেন ॥ ১৫

টীকা।—ততঃ ( যুদ্ধানন্তরং ) মৃগারিণা ( সিংহেন ) বেগাৎ খম্ ( আকাশম্ ) উৎপত্য [ ভূমৌ ] নিপত্য চ ( অবতীর্য্য চ ) করপ্রহারেণ ( চপেটাঘাতেন ) চামরস্য শিরঃ ( মস্তকং ) [ দেহাৎ ] পৃথক্কৃতম্ ( ভিন্নীকৃতং ছিন্নমিতি যাবৎ ) ॥ ১৬

অনুবাদ।—অনন্তর পশুরাজ সবেগে আকাশে লম্ফপ্রদান পূর্ব্বক ভূতলে অবতীর্ণ হইয়া চপেটাঘাতে চামরের মস্তক [ দেহ হইতে ] পৃথক্ করিয়া ফেলিলেন ॥ ১৬

টীকা।— দেব্যা ( অম্বিকয়া ) উদগ্রশ্চ ( তন্নামাসুরশ্চ ) রণে শিলাবৃক্ষাদিভিঃ হতঃ ( মারিতঃ ); করালশ্চৈব ( তন্নামাসুরশ্চাপি ) [ দেব্যা ] দন্তমুষ্টিতলৈঃ ( দন্তৈঃ মুষ্টিভিঃ তলৈঃ চপেটাঘাতৈশ্চ ) নিপাতিতঃ ॥ ১৭

দেবী ক্রুদ্ধা গদাপাতৈশ্চূর্ণয়ামাস চোদ্ধতম্ ।
বাস্কলং ভিন্দিপালেন বাণৈস্তাম্রং তথান্ধকম্ ॥ ১৮
উগ্রাস্যমুগ্রবীর্য্যঞ্চ তথৈব চ মহাহনুম্ ।
ত্রিনেত্রা চ ত্রিশূলেন জঘান পরমেশ্বরী ॥ ১৯

অনুবাদ।—দেবী অম্বিকা যুদ্ধে উদগ্র নামক অসুরকে শিলা বৃক্ষাদির প্রহারে এবং করাল নামক অসুরকে দন্তাঘাতে, মুষ্ট্যাঘাতে ও চপেটাঘাতে নিহত করিলেন ॥ ১৭

টীকা।—দেবী (চণ্ডিকা) ক্রুদ্ধা [সতী] গদাপাতৈঃ উদ্ধতং (তন্নামানম্ অসুরং) চূর্ণয়ামাস (নিহতবতী), ভিন্দিপালেন (হস্তক্ষেপ্য-লড়গুবিশেষেণ) বাস্কলং (বাস্কলনামানমসুরং) [চূর্ণয়ামাস] তথা বাণৈঃ অন্ধকঞ্চ (অন্ধকনামানমসুরঞ্চ) তাম্রঞ্চ (তাম্রনামানমসুরমপি) [চূর্ণয়ামাস] ॥ ১৮

অনুবাদ।—দেবী চণ্ডিকা ক্রুদ্ধ হইয়া গদাঘাতে উদ্ধত নামক অসুরকে, ভিন্দিপাল অস্ত্রে (হস্তক্ষেপ্য লগুড়বিশেষে) বাস্কল নামক অসুরকে এবং বাণের দ্বারা তাম্র ও অন্ধক অসুরদ্বয়কে নিহত করিলেন ॥ ১৮

টীকা।—ত্রিনেত্রা পরমেশ্বরী উগ্রাস্যম্ (উগ্রাস্যনামানমসুরম্) উগ্রবীর্য্যঞ্চ (উগ্রবীর্য্যনামানম্ অসুরঞ্চ) তথৈব (তেনৈব প্রকারেণ) মহাহনুঞ্চ (তন্নামানমসুরঞ্চ) ত্রিশূলেন জঘান (নিহতবতী) ॥ ১৯

অনুবাদ।—ত্রিনয়না পরমেশ্বরী উগ্রাস্য, উগ্রবীর্য্য এবং মহাহনু নামক অসুরত্রয়কে ত্রিশূল দ্বারা নিহত করিলেন ॥ ১৯

বিড়ালস্যাসিনা কায়াৎ পাতয়ামাস বৈ শিরঃ ।
দুর্দ্ধরং দুর্ম্মুখঞ্চোভৌ শরৈর্নিন্যে যমক্ষয়ম্ ॥ ২০

এবং সংক্ষীয়মাণে তু স্বসৈন্যে মহিষাসুরঃ ।
মাহিষেণ স্বরূপেণ ত্রাসয়ামাস তান্ গণান্ ॥ ২১

কাংশ্চিৎ তুণ্ডপ্রহারেণ খুরক্ষেপৈস্তথাপরান্ ।
লাঙ্গুলতাড়িতাংশ্চান্যান্ শৃঙ্গাভ্যাঞ্চ বিদারিতান্ ॥ ২২

টীকা ।—[ দেবী ] অসিনা ( খড়্গেন ) বিড়ালস্য (বিড়ালাক্ষস্য, ভীমো ভীমসেন ইতিবৎ সংজ্ঞৈকদেশঃ ) শিরঃ ( মস্তকং ) কায়াৎ (দেহাৎ) পাতয়ামাস ( পৃথক্কৃতম্ ) ; দুর্দ্ধরং দুর্ম্মুখঞ্চ উভৌ ( মহাসুরৌ ) শরৈঃ (বাণৈঃ) যমক্ষয়ং (যমগৃহং মৃত্যুমিতি যাবৎ) নিন্যে (প্রাপিতবতী) ॥ ২০

অনুবাদ ।—দেবী অসি-প্রহারে বিড়ালাক্ষ অসুরের দেহ হইতে মস্তক বিচ্যুত করিলেন । দুর্দ্ধর ও দুর্ম্মুখ নামক অসুরদ্বয়ও শর-প্রহারে শমন-সদনে প্রেরিত হইল ॥ ২০

টীকা ।—এবম্ ( অনেন প্রকারেণ ) স্বসৈন্যে সংক্ষীয়মাণে ( বিনষ্টে সতি ) মহিষাসুরঃ মাহিষেণ স্বরূপেণ তান্ গণান্ ( গণসৈন্য-সমূহান্ ) ত্রাসয়ামাস ॥ ২১

অনুবাদ ।—এইরূপে স্বীয় সৈন্য বিনষ্ট হইলে মহিষাসুর মহিষরূপ ধারণ করিয়া [ দেবীর ] সেই সৈন্যগণকে সন্ত্রস্ত করিয়া তুলিল ॥ ২১

টীকা ।—[সঃ] কাংশ্চিৎ (গণান্) তুণ্ডপ্রহারেণ, তথা অপরান্ খুর-ক্ষেপৈঃ ( খুরাঘাতৈঃ ), অন্যান্ চ লাঙ্গুলতাড়িতান্ [ কৃত্বা ], [ অন্যান্ ]

বেগেন কাংশ্চিদপরান্নাদেন ভ্রমণেন চ।
নিশ্বাসপবনেনান্যান্ পাতয়ামাস ভূতলে ॥ ২৩
নিপাত্য প্রমথানীকমভ্যধাবত সোঽসুরঃ।
সিংহং হন্তুং মহাদেব্যাঃ কোপঞ্চক্রে ততোঽম্বিকা ॥২৪
সোঽপি কোপান্মহাবীর্য্যঃ খুরক্ষুণ্ণমহীতলঃ।
শৃঙ্গাভ্যাং পর্ব্বতানুচ্চাংশ্চিক্ষেপ চ ননাদ চ ॥ ২৫

শৃঙ্গাভ্যাঞ্চ বিদারিতান্ [ কৃত্বা ], কাংশ্চিৎ ( গণান্ ) বেগেন গতিতারতম্যেন ); অপরান্ নাদেন ( শব্দেন ) ভ্রমণেন চ ( মণ্ডলাকারগত্যা চ ), [তথা] অন্যান্ নিশ্বাসপবনেন (নিশ্বাসবায়ুনা) ভূতলে পাতয়ামাস ॥ ২২।২৩

অনুবাদ।—মহিষাসুর কতকগুলি সৈন্যকে তুণ্ডাঘাতে, অন্য কতকগুলিকে খুরাঘাতে, অপর কতকগুলিকে লাঙ্গূলতাড়নায়, কতকগুলিকে শৃঙ্গদ্বারা বিদীর্ণ করিয়া, কতকগুলিকে গতিবেগে, কতকগুলিকে গর্জ্জন ও ভ্রমণ দ্বারা এবং অন্য কতকগুলিকে নিশ্বাস-বায়ুদ্বারা ধরাশায়ী করিল ॥ ২২।২৩

টীকা।—সঃ অসুরঃ ( মহিষঃ ) প্রমথানীকং ( প্রমথসৈন্যং ) নিপাত্য মহাদেব্যাঃ সিংহং হন্তুম্ অভ্যধাবত ( আভিমুখ্যেন অধাবৎ ) ততঃ ( তস্মাৎ হেতোঃ ) অম্বিকা কোপং চক্রে ( কৃতবতী ) ॥ ২৪

অনুবাদ।—সেই মহিষাসুর মহাদেবীর প্রমথসৈন্যকে [ ভূতলে ] নিপাতিত করিয়া সিংহকে বিনাশ করিবার জন্য তদভিমুখে ধাবিত হইল; তাহাতে অম্বিকা দেবী ক্রোধ করিলেন ॥ ২৪

টীকা।—মহাবীর্য্যঃ ( মহাবীরঃ ) খুরক্ষুণ্ণমহীতলঃ ( খুরসম্পিষ্ট-

বেগভ্রমণবিক্ষুণ্ণা মহী তস্য ব্যশীর্য্যত।
লাঙ্গূলেনাহতশ্চাব্ধিঃ প্লাবয়ামাস সর্ব্বতঃ ॥ ২৬
ধূতশৃঙ্গবিভিন্নাশ্চ খণ্ডখণ্ডং যযুর্ঘনাঃ।
শ্বাসানিলাস্তাঃ শতশো নিপেতুর্নভসোঽচলাঃ ॥ ২৭

ভূভাগঃ ) সোঽপি ( মহিষাসুরঃ ) কোপাৎ ( ক্রোধেন হেতুনা ) শৃঙ্গাভ্যাং ( স্বশৃঙ্গদ্বয়েন ) উচ্চান্ পর্ব্বতান্ চিক্ষেপ চ ননাদ চ ( গর্জ্জিতবান্ চ ) [ চকারদ্বয়ং নৈরন্তর্য্যসূচনায় ] ॥ ২৫

অনুবাদ।—মহাবীর মহিষাসুরও ক্রোধে খুরদ্বারা মহীতল বিদীর্ণ করিয়া [ স্বীয় ] শৃঙ্গযুগল দ্বারা [ দেবীর প্রতি ] উচ্চ পর্ব্বত নিক্ষেপ করিতে লাগিল এবং গর্জ্জন করিতে লাগিল ॥ ২৫

টীকা।—মহী ( পৃথিবী ) তস্য ( মহিষস্য ) বেগভ্রমণবিক্ষুণ্ণা ( বেগভ্রমণসম্পিষ্টা ) [ সতী ] ব্যশীর্য্যত ( শীর্ণা অভূৎ ) অব্ধিঃ চ ( সমুদ্রোঽপি ) [ তস্য ] লাঙ্গূলেন আহতঃ ( তাড়িতঃ ) [ সন্ ] সর্ব্বতঃ প্লাবয়ামাস ( জলপ্লাবিতমকরোৎ ) ॥ ২৬

অনুবাদ।— পৃথিবী তদীয় বেগশালী ভ্রমণে নিষ্পিষ্ট হইয়া বিশীর্ণ-ভাব ধারণ করিল; সমুদ্র [ তদীয় ] লাঙ্গূলে আহত হইয়া চতুর্দ্দিক্ প্লাবিত করিল ॥ ২৬

টীকা।—ঘনাঃ (মেঘাঃ ) ধূতশৃঙ্গবিভিন্নাঃ [ তস্য ] কম্পিতাভ্যাং শৃঙ্গাভ্যাং বিদীর্ণীকৃতাঃ সন্তঃ ) খণ্ডখণ্ডং যযুঃ ( খণ্ডীকৃতত্বং প্রাপুঃ ) শতশঃ ( শতং শতম্ ) অচলাঃ ( পর্ব্বতাঃ ) শ্বাসানিলাস্তাঃ ( নিশ্বাসপবনোৎ-ক্ষিপ্তাঃ সন্তঃ ) নভসঃ নিপেতুঃ (আকাশমুখায় ততঃ পতিতবন্তঃ ) ॥ ২৭

ইতি ক্রোধসমাধ্মাতমাপতন্তং মহাসুরম্ ।
দৃষ্ট্বা সা চণ্ডিকা কোপং তদ্বধায় তদাকরোৎ ॥ ২৮
সা ক্ষিপ্ত্বা তস্য বৈ পাশং তং ববন্ধ মহাসুরম্ ।
তত্যাজ মাহিষং রূপং সোঽপি বদ্ধো মহামৃধে ॥ ২৯
ততঃ সিংহোঽভবৎ সদ্যো যাবত্তস্যাম্বিকা শিরঃ ।
ছিনত্তি তাবৎ পুরুষঃ খড়্গপাণিরদৃশ্যত ॥ ৩০

অনুবাদ।—[তদীয়] কম্পিতশৃঙ্গাঘাতে বিদীর্ণ মেঘসমূহ খণ্ড খণ্ড হইয়া গেল; নিশ্বাস-বায়ু দ্বারা শত শত পর্ব্বত আকাশে উৎক্ষিপ্ত হইয়া ভূতলে পতিত হইতে লাগিল ॥ ২৭

টীকা।—সা চণ্ডিকা ইতি (উক্তপ্রকারেণ) আপতন্তম্ (আগচ্ছন্তং) ক্রোধসমাধ্মাতং (ক্রোধোদ্দীপ্তং) মহাসুরম্ (অসুরশ্রেষ্ঠং মহিষং) দৃষ্ট্বা তদ্বধায় (তদ্বধং কর্ত্তুং) তদা (তস্যাগমনসময়ে) কোপম্ অকরোৎ (কৃতবতী) ॥ ২৮

অনুবাদ।—তখন চণ্ডিকা দেবী ক্রোধোদ্দীপ্ত অসুরশ্রেষ্ঠ মহিষকে এইপ্রকারে আসিতে দেখিয়া তাঁহার বধের নিমিত্ত কোপ করিলেন ॥ ২৮

টীকা।—সা (চণ্ডিকা) তস্য (মহিষস্য সম্বন্ধে) বৈ (নিশ্চিতং) পাশং ক্ষিপ্ত্বা তং মহাসুরং ববন্ধ, সোঽপি (মহাসুরঃ) মহামৃধে (মহাযুদ্ধে) বদ্ধঃ [সন্] মাহিষং রূপং তত্যাজ (ত্যক্তবান্) ॥ ২৯

অনুবাদ।—দেবী চণ্ডিকা মহাসুরের উদ্দেশে পাশ নিক্ষেপ করিয়া তাহাকে বন্ধন করিলেন; সেই মহাসুর মহাযুদ্ধে পাশবদ্ধ হইয়া মহিষরূপ ত্যাগ করিল ॥ ২৯

তত এবাশু পুরুষং দেবী চিচ্ছেদ সায়কৈঃ।
তং খড়্গচর্ম্মণা সার্দ্ধং ততঃ সোঽভূন্মহাগজঃ ॥ ৩১
করেণ চ মহাসিংহং তঞ্চকর্ষ জগর্জ্জ চ
কর্ষতস্তু করং দেবী খড়্গেন নিরকৃন্তত ॥ ৩২

টীকা।—ততঃ ( তদনন্তরং ) [ স মহাসুরঃ ] সদ্যঃ ( তৎক্ষণমেব ) সিংহঃ অভবৎ ; অম্বিকা তস্য ( সিংহস্য ) শিরঃ যাবৎ ছিনত্তি [ স্ম] তাবৎ [ এব সঃ ] খড়্গপাণিঃ পুরুষঃ অদৃশ্যত ॥ ৩০

অনুবাদ।—অনন্তর [ সেই মহাসুর মহিষরূপ ত্যাগ করিয়া ] তৎক্ষণাৎ সিংহরূপে আবির্ভূত হইল ; অম্বিকা যখন সেই সিংহের শিরচ্ছেদ করিলেন, অমনি খড়্গপাণি পুরুষমূর্ত্তি দৃষ্ট হইল, অর্থাৎ সেই অসুর খড়্গপাণি পুরুষরূপে আবির্ভূত হইল ॥ ৩০

টীকা।—ততঃ ( তদনন্তরম্ ) এব দেবী খড়্চর্ম্মণা সার্দ্ধং (খড়্গচর্ম্মসহিতং ) তং পুরুষং সায়কৈঃ ( বাণৈঃ ) আশু ( শীঘ্রং ) চিচ্ছেদ, ততঃ সঃ ( অসুরঃ ) মহাগজঃ অভূৎ ॥ ৩১

অনুবাদ।—তাহার পরক্ষণেই দেবী খড়্গচর্ম্মের সহিত সেই পুরুষকে বাণদ্বারা শীঘ্রই ছেদন করিলেন ; অনন্তর অসুরও মহাগজরূপ ধারণ করিল ॥ ৩১

টীকা।—[ সঃ মহাগজঃ ] করেণ (শুণ্ডেন) তং ( প্রসিদ্ধং ) মহাসিংহং ( দেবীবাহনং ) চকর্ষ চ ( আকৃষ্টবান্ ) জগর্জ্জ চ ( শব্দং কৃতবান্ চ) [ চকারদ্বয়ং সমকালদ্যোতনায় ]। দেবী কর্ষতঃ [ তস্য অসুরস্য ] করং ( শুণ্ডং ) খড়্গেন নিরকৃন্তত ( ছিন্নবতী ) [ অত্রাত্মনেপদমার্ষম্ ] ॥ ৩২

ততো মহাসুরো ভূয়ো মাহিষং বপুরাস্থিতঃ।
তথৈব ক্ষোভয়ামাস ত্রৈলোক্যং সচরাচরম্ ॥ ৩৩
ততঃ ক্রুদ্ধা জগন্মাতা চণ্ডিকা পানমুত্তমম্।
পপৌ পুনঃ পুনশ্চৈব জহাসারুণলোচনা ॥ ৩৪

অনুবাদ।—[সেই মহাগজ] শুণ্ডদ্বারা [দেবীবাহন] মহাসিংহকে আকর্ষণ করিয়া গর্জ্জন করিতে লাগিল, দেবী আকর্ষণকারী [সেই] মহামাতঙ্গের শুণ্ড খড়্গ দ্বারা ছেদন করিলেন ॥ ৩২

টীকা।—ততঃ (শুণ্ডচ্ছেদনানন্তরং মহাসুরঃ (মহিষঃ) ভূয়ঃ (পুনরপি)-মাহিষং (মহিষসম্বন্ধি) বপুঃ (শরীরম্) আস্থিতঃ (গৃহীতবান্); তথৈব (পূর্ব্বোক্তপ্রকারেণ) সচরাচরং (স্থাবরজঙ্গমসহিতং) ত্রৈলোক্যং ক্ষোভয়ামাস (ব্যাকুলীচকার) ॥ ৩৩

অনুবাদ।—অনন্তর মহাসুর পুনরায় মহিষমূর্ত্তি ধারণ করিল এবং পূর্ব্বের ন্যায় সচরাচর ত্রৈলোক্য বিক্ষুব্ধ করিতে লাগিল ॥ ৩৩

টীকা।— ততঃ এব (তদনন্তরমেব) জগন্মাতা চণ্ডিকা ক্রুদ্ধা (সতী) উত্তমম্ (অলৌকিকং) পানং (পীয়তে যৎ তৎ পানম্ আসবং) পুনঃ পুনঃ পপৌ (পিবতি স্ম); [ততঃ] অরুণলোচনা (আসবাস্বাদনকৃতলোহিতলোচনা) [সতী] জহাস চ ॥ ৩৪

অনুবাদ।—অনন্তর জগন্মাতা চণ্ডিকা ক্রুদ্ধা হইয়া উৎকৃষ্ট আসব পুনঃ পুনঃ পান করিলেন এবং [পানপ্রভাবে] রক্তনয়না হইয়া হাস্য করিতে লাগিলেন ॥ ৩৪

ননর্দ্দ চাসুরঃ সোঽপি বলবীর্য্যমদোদ্ধতঃ।
বিষাণাভ্যাঞ্চ চিক্ষেপ চণ্ডিকাং প্রতি ভূধরান্ ॥ ৩৫
সা চ তান্ প্রহিতাংস্তেন চূর্ণয়ন্তী শরোৎকরৈঃ।
উবাচ তং মদোদ্ধূত-মুখরাগাকুলাক্ষরম্ ॥ ৩৬

দেব্যুবাচ ॥ ৩৭

গর্জ্জ গর্জ্জ ক্ষণং মূঢ় মধু যাবৎ পিবাম্যহম্।
ময়া ত্বয়ি হতেঽত্রৈব গর্জ্জিষ্যন্ত্যাশু দেবতাঃ ॥ ৩৮

টীকা।—সোঽপি অসুরঃ বলবীর্য্যমদোদ্ধতঃ ( বলং সামর্থ্যং, বীর্য্যম্ উৎসাহঃ, মদো গর্ব্বঃ, তৈঃ উদ্ধতঃ উচ্ছৃঙ্খলঃ সন্ ) ননর্দ্দ চ ( নদতি স্ম ); চণ্ডিকাং প্রতি বিষাণাভ্যাং ( শৃঙ্গাভ্যাং ) ভূধরান্ ( পর্ব্বতান্ ) চিক্ষেপ চ ॥ ৩৫

অনুবাদ।—সেই অসুর বলবীর্য্যমদে উচ্ছৃঙ্খল হইয়া গর্জ্জন করিতে লাগিল এবং শৃঙ্গদ্বয় দ্বারা চণ্ডিকার প্রতি পর্ব্বতসমূহ নিক্ষেপ করিতে লাগিল ॥ ৩৫

টীকা।—মদোদ্ধূতমুখরাগা ( মদেন উদ্ধূতোঽতিশয়িতো মুখরাগো মুখস্যারুণিমা যস্যাঃ সা ) সা চ ( চণ্ডিকা ) তেন ( অসুরেণ ) প্রতিহতান্ ( ক্ষিপ্তান্ ) তান্ ( ভূধরান্ ) শরোৎকরৈঃ (শরসমূহৈঃ) চূর্ণয়ন্তী [ সতী ] আকুলাক্ষরম্ ( অব্যক্তাক্ষরং যথা স্যাৎ তথা ) তং ( মহিষম্ ) উবাচ ॥ ৩৬

অনুবাদ।—মদ্যপানে সমধিক রক্তবদনা দেবী চণ্ডিকা শরসমূহ-

ঋষিরুবাচ ॥ ৩৯

এবমুক্ত্বা সমুৎপত্য সারূঢ়া তং মহাসুরম্ ।
পাদেনাক্রম্য কণ্ঠে চ শূলেনৈনমতাড়য়ৎ ॥ ৪০

দ্বারা অসুর-নিক্ষিপ্ত পর্ব্বত সমূহ চূর্ণ করিতে করিতে জড়িত স্বরে মহিষাসুরকে বলিলেন ॥ ৩৬

টীকা ।—দেবী [তম] উবাচ ॥ ৩৭ ॥ [হে] মূঢ় ! (হিতাহিতবিচার-পরাঙ্মুখ !) অহং যাবৎ ( যাবন্তং কালমভিব্যাপ্য ) মধু ( আসবং ) পিবামি, [ তাবৎ ] ক্ষণং ( কালং ) গর্জ্জ গর্জ্জ [ ত্বরায়াম্ আভীক্ষ্ণ্যে বা দ্বিরুক্তিঃ ] ত্বয়ি ময়া হতে [ সতি ] দেবতাঃ ( ইন্দ্রাদয়ঃ ) অত্রৈব (অস্মিন্নেব স্থানে ) আশু ( শীঘ্রমেব ) গর্জ্জিষ্যন্তি ॥ ৩৮

অনুবাদ ।—দেবী বলিলেন,—রে মূঢ় ! যে পর্য্যন্ত আমি মধু পান করি, ততক্ষণ তুই গর্জ্জন কর্, গর্জ্জন কর্ [ কিন্তু তাহা ক্ষণমাত্র ], আমি তোকে বধ করিলে, দেবগণ শীঘ্রই এইস্থানে [ আনন্দে ] গর্জ্জন করিবেন ॥ ৩৭।৩৮

টীকা ।—ঋষিঃ উবাচ ॥ ৩৯ ॥ সা (চণ্ডিকা) এবম্ উক্ত্বা সমুৎপত্য ( ঊর্দ্ধমুৎপ্লুত্য ) তং ( মহাসুরম্ ) আরূঢ়া ( আরূঢ়বতী ) এনং ( মহাসুরং ) পাদেন চ কণ্ঠে আক্রম্য ( নিষ্পীড্য ) শূলেন [ বক্ষসি ] অতাড়য়ৎ ॥ ৪০

অনুবাদ ।—ঋষি বলিলেন—দেবী এই কথা বলিয়া লম্ফপ্রদান পূর্ব্বক সেই মহাসুরের উপর আরোহণ করিলেন এবং পদদ্বারা কণ্ঠদেশ নিপীড়ন করিয়া বক্ষে শূলাঘাত করিলেন ॥ ৩৯।৪০

ততঃ সোঽপি পদাক্রান্তস্তয়া নিজমুখাত্ততঃ।
অর্দ্ধনিষ্ক্রান্ত এবাতি দেব্যা বীর্য্যেণ সংবৃতঃ ॥ ৪১
অর্দ্ধনিষ্ক্রান্ত এবাসৌ যুধ্যমানো মহাসুরঃ।
তয়া মহাসিনা দেব্যা শিরশ্ছিত্ত্বা নিপাতিতঃ ॥ ৪২
ততো হাহাকৃতং সর্ব্বং দৈত্যসৈন্যং ননাশ তৎ।
প্রহর্ষঞ্চ পরং জগ্মুঃ সকলা দেবতাগণাঃ ॥ ৪৩

টীকা।—ততঃ (তদনন্তরং) সোঽপি (অসুরঃ) তয়া (দেব্যা) পদাক্রান্তঃ (পাদেন ধৃতোঽপি) ততঃ (শূলতাড়নোত্তরং) [মহিষরূপাৎ] নিজমুখাৎ অর্দ্ধনিষ্ক্রান্তঃ (বিনির্গতার্দ্ধকায়ঃ) এব দেব্যাঃ (চণ্ডিকায়াঃ) অতিবীর্য্যেণ (উদগ্রতেজসা) সংবৃতঃ (স্তব্ধো বভূবেতি শেষঃ) ॥ ৪১

অনুবাদ।—তদনন্তর অসুরও দেবী কর্তৃক পাদদ্বারা আক্রান্ত হইল, অবশেষে স্বীয় [মহিষমূর্ত্তির] মুখ হইতে অর্দ্ধশরীর নিষ্ক্রান্ত হইয়াই দেবীর উগ্রতেজে স্তব্ধীভূত হইল; [আর নিষ্ক্রান্ত হইতে পারিল না] ॥ ৪১

টীকা।—[মহিষমুখাৎ] অর্দ্ধনিষ্ক্রান্ত এব অসৌ মহাসুরঃ (মহিষাসুরঃ) তয়া দেব্যা (চণ্ডিকায়া) মহাসিনা (মহাখড়্গেন) শিরঃ ছিত্ত্বা (ভূমৌ) নিপাতিতঃ ॥ ৪২

অনুবাদ। [মহিষের মুখ হইতে] অর্দ্ধনিষ্ক্রান্ত হইয়াই সেই মহাসুর (দেবীর সহিত) যুদ্ধ করিতে করিতে, সেই দেবীর মহাখড়্গের প্রহারে ছিন্নমস্তক হইয়া ধরাশায়ী হইল ॥ ৪২

টীকা।—ততঃ (শিরশ্ছেদনানন্তরং) তৎ সর্ব্বং দৈত্যসৈন্যং

তুষ্টুবুস্তাং সুরা দেবীং সহ দিব্যৈর্মহর্ষিভিঃ।
জগুর্গন্ধর্ব্বপতয়ো ননৃতুশ্চাপ্সরোগণাঃ ॥ ৪৪

ইতি মার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে
দেবীমাহাত্ম্যে মহিষাসুরবধঃ ॥ ৩

হাহাকৃতং [ সৎ ] ননাশ ( পলায়িতং ) সকলাঃ ( সমস্তাঃ ) দেবতাগণাঃ পরম্ ( অত্যন্তং ) প্রহর্ষম্ ( আনন্দং ) জগ্মুঃ ( প্রাপ্তবন্তঃ ) ॥ ৪৩

অনুবাদ।—অনন্তর [ হতাবশিষ্ট ] সেই দৈত্যসৈন্য-সমূহ হাহাকার করিয়া পলায়ন করিল; দেবগণও পরম আনন্দ প্রাপ্ত হইলেন ॥ ৪৩

টীকা।—সুরাঃ ( দেবাঃ ) দিব্যৈঃ (স্বর্গীয়ৈঃ) মহর্ষিভিঃ ( নারদাদিভিঃ ) তাং ( প্রসিদ্ধাং ) দেবীম্ ( অম্বিকাং ) তুষ্টুবুঃ ( স্তুতবন্তঃ ); গন্ধর্ব্বপতয়ঃ ( বিশ্বাবসুপ্রভৃতয়ঃ ) জগুঃ ( গীতবন্তঃ ); অপ্সরোগণাঃ ( উর্ব্বশীপ্রভৃতয়ঃ ) ননৃতুঃ ( নৃত্যং কৃতবন্তঃ ) ॥ ৪৪

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে সুপ্রভাখ্যায়াং
টীকায়াং মহিষাসুরবধো নাম তৃতীয়োঽধ্যায়ঃ ॥ ৩

অনুবাদ দেবগণ ( নারদাদি ) দিব্যমহর্ষিবৃন্দসমভিব্যাহারে দেবীকে স্তব করিতে লাগিলেন। গন্ধর্ব্বপতি বিশ্বাবসু প্রভৃতি গান করিতে লাগিলেন। উর্ব্বশী প্রভৃতি অপ্সরাগণ নৃত্য করিতে লাগিল ॥ ৪৪

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যানুবাদে
তৃতীয়াধ্যায়ে মহিষাসুর-বধ ॥ ৩

# চতুর্থোঽধ্যায়ঃ

ঋষিরুবাচ ॥ ১

শক্রাদয়ঃ সুরগণা নিহতেঽতিবীর্য্যে
তস্মিন্ দুরাত্মনি সুরারিবলে চ দেব্যা।
তাং তুষ্টুবুঃ প্রণতিনম্রশিরোধরাংসা
বাগ্‌ভিঃ প্রহর্ষপুলকোদ্গামচারুদেহাঃ ॥ ২

টীকা।—ঋষিঃ উবাচ ॥ ১ ॥ অতিবীর্য্যে (অতিবলবতি) দুরাত্মনি (দুষ্টস্বভাবে) তস্মিন্ (মহিষাসুরে) সুরারিবলে (অসুরসৈন্যে) চ দেব্যা [অম্বিকয়া] নিহতে [সতি] প্রণতিনম্রশিরোধরাংসাঃ (প্রণত্যা নম্রং শিরোধরাংসং গ্রীবাস্কন্ধঃ যেষাং তে) প্রহর্ষপুলকোদ্গমচারুদেহাঃ (প্রকৃষ্টচিত্তাহ্লাদেন যঃ পুলকোদ্গমঃ লোমহর্ষঃ, তেন চারবো রমণীয়া দেহা যেষাং তে) শক্রাদয়ঃ (শক্রঃ ইন্দ্র আদির্যেষাং তে, ইন্দ্রপ্রমুখাঃ ইত্যর্থঃ) সুরগণাঃ দেবগণাঃ (ইদমপি ঋষীণামুপলক্ষণম্, পূর্ব্বাধ্যায়ান্ত-শ্লোকে উভয়েষাং স্তুতের্দৃষ্টত্বাৎ "মহিষান্তকরং সূক্তং দৃষ্টং দেবৈম র্হর্ষিভি"-রিতি তন্ত্রান্তরাচ্চ) বাগ্‌ভিঃ (বিবিধবচনবিন্যাসৈঃ) তাং (দেবী-মম্বিকাং) তুষ্টুবুঃ (স্তুতবন্তঃ) ॥ ২

অনুবাদ।—ঋষি বলিলেন,—দেবী কর্ত্তৃক মহাবলশালী দুরাত্মা মহিষাসুর ও তদীয় অসুরসৈন্য নিহত হইলে, ইন্দ্রপ্রমুখ দেববৃন্দ

দেব্যা যয়া ততমিদং জগদাত্মশক্ত্যা,
নিঃশেষদেবগণশক্তিসমূহমূর্ত্ত্যা।
তামম্বিকামখিলদেমহর্ষিপূজ্যাং,
ভক্ত্যা নতাঃ স্ম বিদধাতু শুভানি সা নঃ ॥ ৩

এবং ঋষিগণ স্কন্ধ ও গ্রীবা অবনত করিয়া প্রণত হইয়া তাঁহাকে স্তব করিতে লাগিলেন। আনন্দজনিত রোমাঞ্চে তাঁহাদের দেহ অতিশয় রমণীয় হইয়া উঠিল ॥ ১।২

টীকা।—নিঃশেষদেবগণশক্তিসমূহমূর্ত্ত্যা (নিঃশেষদেবগণানাং সকলদেবগণানাম্ ইন্দ্রাদীনাং শক্তিসমূহায় সামর্থ্যবৃদ্ধয়ে মূর্ত্তির্দেহো যস্যাঃ তয়া) যয়া দেব্যা আত্মশক্ত্যা (স্বকীয়ানির্ব্বচনীয়সামর্থ্যেন) ইদং জগৎ আততং (ব্যাপ্তং) [ততমিতি পাঠে সৃষ্টমিত্যর্থঃ] তাং (প্রসিদ্ধাম্) অখিলদেবমহর্ষিপূজ্যাং (অখিলাঃ সমগ্রাঃ দেবাশ্চ মহর্ষয়শ্চ তৈরারাধ্যাম্) অম্বিকাং (জগন্মাতরং) স্ম (বয়ম, আর্ষো বিভক্তি-লোপঃ পাদপূরণে বা স্মেতি) ভক্ত্যা নতাঃ (প্রণতাঃ) [ভবামঃ] সা (দেবী) নঃ (অস্মাকং) শুভানি (মঙ্গলানি) বিদধাতু (করোতু) ॥ ৩

অনুবাদ।—যিনি স্বীয় অনির্ব্বচনীয় সামর্থ্য দ্বারা এই জগৎ সৃষ্টি করিয়াছেন, ইন্দ্রাদি অখিল দেবগণের শক্তিবর্দ্ধনের নিমিত্তই যাঁহার মূর্ত্তি-পরিগ্রহ, অখিল দেবগণ ও মহর্ষিগণের পূজনীয়া সেই অম্বিকা দেবীকে ভক্তিভরে আমরা প্রণাম করি, তিনি আমাদের মঙ্গল বিধান করুন ॥ ৩

যস্যাঃ প্রভাবমতুলং ভগবাননন্তো
ব্রহ্মা হরশ্চ ন হি বক্তুমলং বলঞ্চ।
সা চণ্ডিকাখিলজগৎপরিপালনায়,
নাশায় চাশুভভয়স্য মতিং করোতু॥ ৪
যা শ্রীঃ স্বয়ং সুকৃতিনাং ভবনেম্বলক্ষ্মীঃ,
পাপাত্মনাং কৃতধিয়াং হৃদয়েষু বুদ্ধিঃ।
শ্রদ্ধা সতাং কুলজনপ্রভবস্য লজ্জা,
তাং ত্বাং নতাঃ স্ম পরিপালয় দেবি বিশ্বম্॥ ৫

টীকা।—যস্যাঃ অতুলম্ ( অনন্যসাধারণং ) প্রভাবং ( মাহাত্ম্যং ) বলং ( সামর্থ্যং ) চ বক্তুম্ ( এতাবদিতি নিরূপয়িতুম্ ) ভগবান্ (সর্ব্ববিৎ) অনন্তঃ ( বিষ্ণুঃ ) ব্রহ্মা জগৎস্রষ্টা ) হরশ্চ ( জগৎসংহারকোঽপি ) হি ( নিশ্চিতম্ ) ন অলং ( ন সমর্থঃ ); সা চণ্ডিকা অখিলজগৎপরিপালনায় ( সমস্তজগতাং রক্ষণায় ) অশুভভয়স্য চ ( অশুভাঃ অনিষ্টজনকা অসুরাঃ তেভ্যো যদ্ভয়ং তস্য নাশায় নাশং কর্ত্তুঞ্চ ) মতিং করোতু॥ ৪

অনুবাদ।—ভগবান্ ব্রহ্মা, বিষ্ণু এবং মহেশ্বর যাঁহার অনন্যসাধারণ মাহাত্ম্য ও সামর্থ্যকীর্ত্তনে অসমর্থ, সেই দেবী চণ্ডিকা সমগ্র জগতের রক্ষণে ও অসুরজনিত ভীতির নাশে মনোযোগিনী হউন॥ ৪

টীকা।—যা [ত্বং] সুকৃতীনাং ( পুণ্যশালিনাং ) ভবনেষু ( গৃহেষু ) স্বয়ম্ ( আত্মস্বরূপেণ ) সম্পৎ ( সম্পদ্রূপেতি যাবৎ ), পাপাত্মনাং ( কলুষশালিনাং ) [ ভবনেষু ] অলক্ষ্মীঃ ( বিপৎরূপা ), [ তথা ] কৃতধিয়াং

কিং বর্ণয়াম তব রূপমচিন্ত্যমেতৎ,
কিঞ্চাতিবীর্য্যমসুরক্ষয়কারি ভূরি।
কিঞ্চাহবেষু চরিতানি তবাতি যানি,
সর্ব্বেষু দেব্যসুরদেবগণাদিকেষু ॥ ৬

( নির্ম্মলবুদ্ধীনাং ) হৃদয়েষু ( অন্তঃকরণেষু ) বুদ্ধিঃ ( স্বর্গাপবর্গসাধনং জ্ঞানং ), সতাং ( বেদমার্গানুসারিণাং) [ হৃদয়েষু ] শ্রদ্ধা (আস্তিক্যবুদ্ধিঃ ), কুলজনপ্রভবস্য ( সৎকুলজাতস্য ) [ হৃদয়েষু ] লজ্জা ( অকার্য্যবৈমুখ্য-হেতুঃ ) তাম্ ( উক্তলক্ষণাং ) ত্বাং [ বয়ং ] নতাঃ স্ম ; [ হে ] দেবি ! [ত্বং] বিশ্বং ( জগৎ ) পরিপালয় ॥ ৫

অনুবাদ।—যিনি পুণ্যবান্‌দিগের গৃহে লক্ষ্মীরূপে, পাপীদিগের গৃহে অলক্ষ্মীরূপে, নির্ম্মলান্তঃকরণ মনীষিগণের হৃদয়ে স্বর্গাপবর্গসাধন জ্ঞানরূপে, বেদমার্গানুগামী সজ্জনগণের হৃদয়ে শ্রদ্ধারূপে এবং সৎকুলোদ্ভব জনগনের হৃদয়ে লজ্জারূপে বিরাজমানা, সেই তোমাকে আমরা প্রণাম করি। হে দেবি ! তুমি জগৎ পরিপালন কর ॥ ৫

টীকা।—হে দেবি ! ( হে সর্ব্বপ্রকাশিকে ! ) সর্ব্বেষু অসুরদেব-গণাদিকেষু ( অসুরাঃ দৈত্যাঃ, দেবা শিবাদয়ঃ, গণাঃ প্রমথাঃ, আদি-পদেন ব্রহ্মর্ষ্যাদীনাং পরিগ্রহঃ তৎপ্রভৃতিষু ) তব এতৎ রূপম্ অচিন্ত্যং ( সর্ব্বোৎকৃষ্টত্বাদনিরূপণীয়ং ) [ অতঃ ] কিং ( কেন প্রকারেণ ) বর্ণায়াম ( বিসর্গলোপশ্ছান্দসঃ, বর্ণয়িতুং নৈব শক্লুম ইত্যর্থঃ ) ; কিঞ্চ [তব] অসুর-ক্ষয়কারি ( দৈত্যনাশকারি ) [ অতঃ ] ভূরি ( অতিপ্রচুরং ) [যৎ] অতি-বীর্য্যম্ ( অত্যুৎকৃষ্টং সামর্থ্যং ) [ তদপি অচিন্ত্যম্ ; অতঃ কিং বর্ণয়ামঃ ] ;

হেতুঃ সমস্তজগতাং ত্রিগুণাপি দোষৈ-
র্ন জ্ঞায়সে হরিহরাদিভিরপ্যপারা।
সর্ব্বাশ্রয়াখিলমিদং জগদংশভূত-
মব্যাকৃতা হি পরমা প্রকৃতিস্ত্বমাদ্যা ॥ ৭

কিঞ্চ আহবেষু (যুদ্ধেষু) তব] অন্যানি যানি অতিচরিতানি [অত্যুৎকৃষ্টানি চেষ্টিতানি) [তান্যপি অচিন্ত্যনীয়ানি; অতঃ কিং বর্ণায়ামঃ] ॥ ৬

অনুবাদ।—হে দেবি! দৈত্য, অসুর, দেবগণ, প্রমথ ও ব্রহ্মর্ষি প্রভৃতি সকল (দেহধারীর মধ্যে) তোমার এই রূপ যেমন অচিন্ত্যনীয়; অসুরনাশকারী প্রভূত বীর্য্য এবং যুদ্ধবিষয়ক অনুপম কার্য্যকলাপও তাদৃশ অবর্ণনীয়; [অতএব] আমরা কিরূপে তৎসমুদয় বর্ণনা করিব ॥ ৬

টীকা।—হে দেবি! ত্বমপি (ত্বমেব) সমস্তজগতাম্ (অখিলব্রহ্মাণ্ডানাং) হেতুঃ (মূলকারণম্); [যতস্ত্বং] ত্রিগুণা (সত্ত্বরজস্তমোযুতা); অপি (ত্রিগুণাপি) দোষৈঃ (রাগাদিভিঃ) ন জ্ঞায়সে (ন বিষয়ীক্রিয়সে); [নন্বেবং পরিচ্ছিন্নতয়া সর্ব্বহেতুত্বং ন স্যাদত আহ] [ত্বং] হরিহরাদিভিঃ (আদিপদেন ব্রহ্মর্ষিপ্রভৃতীনাং গ্রহণম্) অপি অপারা (অজ্ঞাতা পরিচ্ছেদাভাবাদিত্যর্থঃ) [তত্র হেতুঃ, ত্বং] সর্ব্বাশ্রয়া (সর্ব্বমাশ্রয়ং যস্যাঃ সা; সর্ব্বাধারা ইত্যর্থঃ) [যতঃ] ইদম্ অখিলং (সমগ্রং) জগৎ (ব্রহ্মাণ্ডং) [তব] অংশভূতম্ (তবাবয়বস্বরূপম্) [নন্বেবং সাংশত্বেন বিকারাপত্তিঃ অত আহ] [ত্বম্] অব্যাকৃতা (অবিকারা), হি (যতঃ) [ত্বং সংসারস্য] আদ্যা (আদিরেব আদ্যা ন তু আদৌ ভবা, "অজামেকা"মিত্যাদিশ্রুত্যা (উৎপত্তিনিষেধাৎ) পরমা

যস্যাঃ সমস্তসুরতা সমুদীরণেন
তৃপ্তিং প্রয়াতি সকলেষু মখেষু দেবি।
স্বাহাসি বৈ পিতৃগণস্য চ তৃপ্তিহেতু-
রুচ্চার্য্যসে ত্বমত এব জনৈঃ স্বধা চ ॥ ৮

( পরঃ আত্মা মীয়তে জীবভাবেন বিচ্ছিদ্যতে যয়া সা পরমা ; আত্মৈব প্রকৃতিধর্ম্মাধ্যাসাজ্জীবত্বেনাধ্যবসীয়তে ) প্রকৃতিঃ ( সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা ) [ অসি ] ॥ ৭

অনুবাদ।—হে দেবি! তুমিই সমস্ত জগতের মূলকারণ, যেহেতু তুমি সত্ত্বাদি ত্রিগুণাত্মিকা ; তথাপি তুমি রাগাদি দোষের বিষয়ীভূত নহ (অথবা ত্রিগুণাত্মিকা হইলেও হরি-হর প্রভৃতি দেববৃন্দও রাগাদিদোষ বশতঃ ( তোমাকে জানিতে পারেন না ) কেননা তুমি অসীমা, হরি-হরাদিরও অনধিগম্যা, এই নিখিল জগৎ তোমারই অংশস্বরূপ ( যেহেতু ) তুমি সকলের আশ্রয় অর্থাৎ তোমাকে আশ্রয় করিয়া সকলেই বিদ্যমান আছে ; তুমি নির্ব্বিকারা পরমা ( যাঁহার দ্বারা আত্মা জীবভাবে অবচ্ছিন্ন হন, তাদৃশী ) আদ্যা প্রকৃতি ॥ ৭

টীকা।—হে দেবি! সকলেষু মখেষু ( অগ্নিষ্টোমাদিযজ্ঞেষু ) যস্যাঃ ( স্বাহা ইত্যস্যাঃ ) সমুদীরণেন ( সম্যক্ উচ্চারণেন ) সমস্তসুরতা ( সকলসুরবৃন্দঃ ) তৃপ্তিং প্রয়াতি, সা বৈ ( প্রসিদ্ধা ) স্বাহা ত্বমেব অসি [ তথা ] ত্বং পিতৃগণস্য [ অপি ] তৃপ্তিহেতুঃ স্বধা চ অতঃ ( অস্মাৎ কারণাৎ ) জনৈঃ ( দেবপিতৃযজ্ঞকারিভিঃ ) [ দেবপিতৃযজ্ঞেষু স্বাহা-স্বধারূপা ত্বঞ্চ ( ত্বমেব ) উচ্চার্য্যসে ॥ ৮

যা মুক্তিহেতুরবিচিন্ত্যমহাব্রতা চ,
অভ্যস্যসে সুনিয়তেন্দ্রিয়তত্ত্বসারৈঃ।
মোক্ষার্থিভির্মুনিভিরস্তসমস্তদোষৈ-
র্ব্বিদ্যাসি সা ভগবতী পরমা হি দেবি ॥ ৯

অনুবাদ।— হে দেবি! অগ্নিষ্টোমাদি যজ্ঞসমূহে যাঁহার সম্যক্ উচ্চারণে ইন্দ্রাদি-দেবগণ তৃপ্তিলাভ করেন, তুমিই সেই প্রসিদ্ধ স্বাহা মন্ত্র এবং তুমিই পিতৃগণের তৃপ্তিহেতু স্বধা মন্ত্র, এইজন্য পিতৃযজ্ঞ ও দেবযজ্ঞানুষ্ঠানকারী জনগণ [ দেব-পিতৃযজ্ঞে ] তোমাকে ( স্বাহা-স্বধা মন্ত্ররূপে ) উচ্চারণ করিয়া থাকেন ॥ ৮

টীকা।—হে দেবি! যা [ বিদ্যা ] মুক্তিহেতুঃ ( নির্ব্বাণকারণম্ ) অবিচিন্ত্যমহাব্রতা ( অবিচিন্ত্যং দুরনুষ্ঠেয়ং মহাব্রতং জাতিদেশকালানবচ্ছিন্নম্ অহিংসাসত্যাস্তেয়ব্রহ্মচর্য্যাপরিগ্রহরূপং যোগশাস্ত্রপ্রসিদ্ধং সাধনং যস্যাঃ ঈদৃশী ) চ [ যা ], সা ভগবতী ( ভগবদ্বিষয়া ) পরমা ( শ্রেষ্ঠতমা ) বিদ্যা ( ব্রহ্মজ্ঞানরূপা ) [ ত্বমেব ] অসি; হি ( যতঃ ) অস্তসমস্তদোষৈঃ (ত্যক্তরাগাদিভিঃ) সুনিয়তেন্দ্রিয়তত্ত্বসারৈঃ ( বশীকৃতেন্দ্রিয়ৈঃ, তত্ত্বং ব্রহ্মৈব জ্ঞেয়ত্বেন সারো যেষাং তৈঃ ) মোক্ষার্থিভিঃ ( মুমুক্ষুভিঃ ) মুনিভিঃ অভ্যস্যসে ( নিদিধ্যাস্যসে সাধ্যসে ইতি বা ) ॥ ৯

অনুবাদ।—হে দেবি! যে বিদ্যা মুক্তির হেতু এবং দুরনুষ্ঠেয় মহাব্রত যাহার সাধনীভূত, তুমিই সেই ব্রহ্মজ্ঞানরূপা ভগবদ্বিষয়া পরমা বিদ্যা; যেহেতু রাগাদিদোষরহিত বশীকৃতেন্দ্রিয় ব্রহ্মে স্থিরমতি মোক্ষার্থী মুনিগণ ব্রহ্মবিদ্যারূপা তোমারই সাধনা করিয়া থাকেন ॥ ৯

শব্দাত্মিকা সুবিমলর্গ্‌যজুষাং নিধান-
মুদ্‌গীতরম্যপদপাঠবতাঞ্চ সাম্নাম্।
দেবী ত্রয়ী ভগবতী ভবভাবনায়
বার্ত্তা চ সর্ব্বজগতাং পরমার্ত্তিহন্ত্রী ॥ ১০
মেধাসি দেবি বিদিতাখিলশাস্ত্রসারা,
দুর্গাসি দুর্গভবসাগরনৌরসঙ্গা।
শ্রীঃ কৈটভারিহৃদয়ৈককৃতাধিবাসা,
গৌরী ত্বমেব শশিমৌলিকৃতপ্রতিষ্ঠা ॥ ১১

টীকা।—[ হে দেবি! ত্বং ] শব্দাত্মিকা (শব্দস্বরূপা) সুবিমলর্গ্‌-যজুষাং ( সুবিমলানাম্ অপৌরুষেয়ত্বেন দোষরহিতানাম্ ঋচাং যজুষাম্ ) উদ্গীতরম্যপদপাঠবতাম্ ( উদ্গীতম্ উচ্চৈর্গানম্ উদাত্তস্বরঃ তেন রম্যো মনোহরঃ পদানাং যঃ পাঠস্তদ্বতাং ) সাম্নাঞ্চ নিধানম্ ( আশ্রয়ঃ ) ; [ত্বং] দেবী ( দ্যোতনশীলা সকলার্থপ্রকাশনপরা ) ভগবতী ( অর্থতঃ স্বরূপতশ্চ অবিচ্ছেদ্যা ) ত্রয়ী ( ঋগ্‌যজুঃসামরূপা ) ভবভাবনায় ( জগৎপালনায় ) [ ত্বং ] বার্ত্তা ( কৃষ্যাদিবৃত্তিরূপা, "কৃষিবাণিজ্যগোরক্ষাঃ কুশীদং চেতি বৃত্তয়ঃ" ) [ অতএব ] সর্ব্বজগতাং ( অখিলব্রহ্মাণ্ডানাং ) পরমার্ত্তিহন্ত্রী ( দারিদ্র্যাদিদুঃখবিনাশিনী ) চ [ ত্বমেবাসি ] ॥ ১০

অনুবাদ।—হে দেবি! তুমিই শব্দস্বরূপা, তুমিই সুবিমল ঋক্, যজুঃ ও উদাত্তাদিস্বরযোগে রমণীয় পদপাঠযুক্ত সামবেদের আশ্রয়; তুমিই সকলার্থপ্রকাশিকা সর্ব্বৈশ্বর্য্যযুক্তা ত্রয়ী ( ঋক্‌যজুঃসামরূপবেদ-

ঈষৎসহাসমমলং পরিপূর্ণচন্দ্র,-
বিম্বানুকারি কনকোত্তমকান্তি কান্তম্।
অত্যদ্ভুতং প্রহৃতমাপ্তরুষা তথাপি,
বক্ত্রং বিলোক্য সহসা মহিষাসুরেণ ॥ ১২

ত্রয়রূপা) তুমিই অখিল ব্রহ্মাণ্ড পালনের নিমিত্ত কৃষি-বাণিজ্যাদিস্বরূপা এবং তুমিই নিখিল জগতের দারিদ্র্যাদি-দুঃখবিনাশিনী ॥ ১০

টীকা।—হে দেবি! ত্বমেব বিদিতাখিলশাস্ত্রসারা (লোকৈঃ বিদিতঃ অখিলশাস্ত্রসারো যয়া এবম্ভূতা) মেধা (সরস্বতী) অসি, [অতএব ত্বং] দুর্গভবসাগরনৌঃ (দুর্গো দুষ্পারো যো ভব এব সাগরঃ তত্র নৌঃ পারসাধনং তরণিঃ) [অসি]; [কিঞ্চ নৌঃ কর্ণধার-সাপেক্ষা ভবতি, ত্বং তু] অসঙ্গা (নির্লেপা সর্ব্বসঙ্গবর্জ্জিতেতি যাবৎ) [অতএব] দুর্গা (দুর্জ্ঞেয়া অগম্যস্বরূপেতি যাবৎ) অসি; [ত্বং] কৈটভারিহৃদয়ৈককৃতাধিবাসা (কৈটভারের্বিষ্ণোঃ হৃদয়ে কৃতঃ একঃ অদ্বিতীয়ঃ অচঞ্চলো বা অধিবাসো বসতির্যয়া সা, নারায়ণহৃদয়বাসিনী-ত্যর্থঃ) শ্রীঃ (লক্ষ্মীঃ) [অসি]; [ন কেবলং শ্রীঃ, কিন্তু ত্বং] শশিমৌলি-কৃতপ্রতিষ্ঠা (শশিমৌলৌ মহেশে কৃতা প্রতিষ্ঠা প্রকর্ষেণ স্থিতিরর্দ্ধাঙ্গ-রূপেণ যয়া সা) গৌরী (উমা) [অসি] ॥ ১১

অনুবাদ।—হে দেবি! জনগণ যাঁহার প্রসাদে সর্ব্বশাস্ত্রের সার অবগত হইতে পারে, তুমিই সেই মেধা (সরস্বতী), তুমিই দুর্গম ভব-সাগরের পারগামী তরণীস্বরূপা; তুমি অসঙ্গা (সর্ব্বসঙ্গবর্জ্জিতা) [অতএব] তুমিই দুর্গা অর্থাৎ দুর্জ্ঞেয়া ব্রহ্মময়ী; তুমিই নারায়ণহৃদয়-বাসিনী লক্ষ্মী; তুমিই শশিশেখর-হৃদয়বিহারিণী গৌরী ॥ ১১

দৃষ্ট্বা তু দেবি কুপিতং ভ্রুকুটীকরাল-
মুদ্যচ্ছশাঙ্কসদৃশচ্ছবি যন্ন সদ্যঃ।
প্রাণান্মুমোচ মহিষস্তদতীব চিত্রং,
কৈর্জ্জীব্যতে হি কুপিতান্তকদর্শনেন॥ ১৩

টীকা।—ঈষৎসহাসম্ অল্পহাসেন সহ বর্ত্তমানং, ছান্দসঃ পদ-ব্যত্যয়ঃ) পরিপূর্ণচন্দ্রবিম্বানুকারি (ষোড়শকলচন্দ্রসদৃশম্) অমলং (মালিন্যরহিতম্, এতেন পূর্ণচন্দ্রাদপি উত্তমমিত্যর্থঃ) কনকোত্তমকান্তি (কনকোত্তমস্য অত্যুৎকৃষ্টস্বর্ণস্য কান্তিরিব কান্তির্যস্য তৎ) [অতএব] কান্তম্ (অতিকমনীয়ং [তব এবম্ভূতং] বক্ত্রং (মুখং) বিলোক্য তথাপি আপ্তরুষা (প্রাপ্তক্রোধেন) মহিষাসুরেণ (হঠাৎ) [যৎ] প্রহৃতম্ [তৎ] অত্যদ্ভুতম্ (অত্যাশ্চর্য্যম্)॥ ১২

অনুবাদ।—পূর্ণচন্দ্রসদৃশ নির্ম্মল অত্যুৎকৃষ্ট কনক-কান্তিতুল্য কান্তিবিশিষ্ট পরম রমণীয়, ঈষদ্ধাস্যযুক্ত [তোমার] বদনমণ্ডল অবলোকন করিয়াও যে মহিষাসুর ক্রোধবশে প্রহার করিয়াছে, ইহা অত্যদ্ভুত॥ ১২

টীকা।—[হে দেবি! তব] কুপিতং (জাতক্রোধং) ভ্রুকুটীকরালং (ভ্রুকুটী ললাটত্রিবলী, তয়া করালং ভীষণং) উদ্যচ্ছশাঙ্কসদৃশচ্ছবি (উদ্যন্ উদ্‌গচ্ছন্ যঃ শশাঙ্কশ্চন্দ্রঃ তৎসদৃশী ছবির্দ্যুতির্যস্য তৎ) [বক্ত্রং] দৃষ্ট্বা তু মহিষঃ যৎ প্রাণান্ সদ্যঃ ন মুমোচ (ন ত্যক্তবান্) তৎ অতীব চিত্রম্ (অত্যাশ্চর্য্যমিত্যর্থঃ), হি (যতঃ) কুপিতান্তকদর্শনেন (ক্রুদ্ধযমদর্শনেন) কৈঃ জীব্যতে [ন কোঽপি জীবতীত্যর্থঃ]॥ ১৩

দেবি প্রসীদ পরমা ভবতী ভবায়,
সদ্যো বিনাশয়সি কোপবতী কুলানি।
বিজ্ঞাতমেতদধুনৈব যদস্তমেত-
ন্নীতং বলং সুবিপুলং মহিষাসুরস্য ॥ ১৪
তে সম্মতা জনপদেষু ধনানি তেষাং,
তেষাং যশাংসি ন চ সীদতি ধর্ম্মবর্গঃ।
ধন্যাস্ত এব নিভৃতাত্মজভৃত্যদারা,
যেষাং সদাভ্যুদয়দা ভবতী প্রসন্না ॥ ১৫

অনুবাদ।—হে দেবি! জাতক্রোধে ভ্রুকুটীভীষণ উদীয়মান পূর্ণ-চন্দ্রবৎ শোভাসম্পন্ন তোমার বদনমণ্ডল দর্শন করিয়া মহিষাসুর যে তৎক্ষণাৎ প্রাণত্যাগ করে নাই, ইহাই অতি আশ্চর্য্য; কেননা কুপিত যম দর্শনে কাহারা জীবিত থাকিতে পারে? ॥ ১৩

টীকা।—হে দেবি! [ত্বং] প্রসীদ (প্রসন্না ভব) [যতঃ] পরমা (প্রসাদসুমুখী) ভবতী (দুর্গা) ভবায় (মঙ্গলায়) [ভবতি]; [ত্বং] কোপবতী [সতী] কুলানি (রিপুগোত্রাণি) সদ্যঃ বিনাশয়সি যৎ (যস্মাৎ) মহিষাসুরস্য এতৎ সুবিপুলম্ (অতিমহৎ) বলং (সৈন্যম্) অস্তং নীতং (বিনাশং প্রাপিতম্); এতৎ অধুনৈব বিজ্ঞাতম্ (অপরোক্ষীকৃতম্), [অস্মাভিরিতি শেষঃ] ॥ ১৪

অনুবাদ।—হে দেবি! প্রসন্না হউন, আপনি প্রসন্না হইলেই মঙ্গল হইয়া থাকে। আপনি কুপিতা হইলেই তৎক্ষণাৎ সমস্ত রিপুকুল

ধর্ম্ম্যাণি দেবি সকলানি সদৈব কর্ম্মা-
ণ্যত্যাদৃতঃ প্রাতদিনং সুকৃতী করোতি।
স্বর্গং প্রয়াতি চ ততো ভবতীপ্রসাদা-
ল্লোকত্রয়েঽপি ফলদা ননু দেবি তেন ॥ ১৬

বিনাশ করিয়া থাকেন; যেহেতু এই যে মহিষাসুরের সুবিপুল সৈন্য একেবারে বিনাশ করিলেন, ইহা আমরা এখনই প্রত্যক্ষ করিলাম ॥১৪

টীকা।—যেষাং [ সম্বন্ধে ] সদা অভ্যুদয়দা ( বাঞ্ছিতপ্রদাত্রী ) ভবতী (ত্বং) প্রসন্না ( সানুগ্রহা ) [ ভবতি ]; তে এব জনপদেষু ( সকলদেশেষু ) সম্মতাঃ (সম্যক্ পুজিতাঃ) [ ভবন্তি ]; তেষাম্ [ এব ] ধনানি যশাংসি চ [ ভবন্তি ]; তেষাম্ [ এব ] ধর্ম্মবর্গঃ ( ধর্ম্মসমূহঃ ) ন সীদতি (নাবসন্নো ভবতি) ন নশ্যতীত্যর্থঃ ) তে এব ধন্যাঃ ( শ্লাঘ্যাঃ ) [ ভবন্তি ] তে [ এব ] নিভৃতাত্মজভৃত্যদারাঃ ( নিভৃতাঃ বিনীতাঃ আত্মজাঃ পুত্রাঃ ভৃত্যাঃ ভরণীয়াঃ সেবকাদয়ঃ দারাঃ স্ত্রিয়শ্চ যেষাং তথাবিধাঃ ) [ ভবন্তি ]॥” ১৫

অনুবাদ।—[ হে দেবি! ] সর্ব্বদা সর্ব্বাভীষ্টপ্রদায়িনী আপনি যাহাদের প্রতি প্রসন্না হন, তাহারাই জনসমাজে সম্মানিত হয়; তাহাদিগের ধন, যশঃ এবং ধর্ম্মসমূহ বিনষ্ট হয় না, তাহাদিগের পুত্র, ভৃত্য ও পত্নী (প্রকৃত প্রস্তাবে) বিনীত হয়; [ অতএব ] তাহারাই ধন্য ॥ ১৫

টীকা।—হে দেবি! ভবতী-প্রসাদাৎ ( তবানুগ্রহাৎ, আর্ষত্বান্ন পুংবদ্ভাবঃ ) সুকৃতী ( পুণ্যবান্ জনঃ ) সদৈব অত্যাদৃতঃ ( অতিশ্রদ্ধান্বিতঃ সন্) সকলানি (সাঙ্গানি) ধর্ম্ম্যাণি (ধর্ম্মাদনপেতানি) কর্ম্মাণি প্রতিদিনং

দুর্গে স্মৃতা হরসি ভীতিমশেষজন্তোঃ
স্বস্থৈঃ স্মৃতামতিমতীব শুভাং দদাসি।
দারিদ্র্যদুঃখভয়হারিণি কা ত্বদন্যা,
সর্ব্বোপকারকরণায় সদার্দ্রচিত্তা ॥ ১৭

করোতি, ততঃ (তৎপ্রীত্যুদ্দেশেন কৃতেভ্যঃ কর্ম্মভ্যঃ) স্বর্গং চ (সত্যলোক-পর্য্যন্তং, চকারান্মুক্তিমপি) প্রয়াতি (লভতে), নমু (ইত্যব্যয়ং সানুনয়-সম্বোধনে নিশ্চয়ে বা) তেন (হেতুনা) [ত্বং] লোকত্রয়েঽপি (কৃতক-কৃতকাকৃতকাকৃতকভেদাল্লোকত্রয়ং, তত্র কৃতকো মর্ত্ত্যাদিস্বর্গপর্য্যন্তঃ, কৃতকাকৃতকো মহর্ল্লোকঃ, অকৃতকো জনলোকঃ, এবং লোকত্রয়েঽপি) ফলদা (ফলদাত্রী) [ভবসীতি শেষঃ] ॥ ১৬

অনুবাদ।—হে দেবি! আপনার প্রসাদে সতত শ্রদ্ধাসম্পন্ন পুণ্যবান্ ব্যক্তি প্রতিদিন ধর্ম্ম্য কর্ম্মসমূহ সম্পাদন করিয়া থাকেন, তাহার ফলে পুণ্য সঞ্চয় করিয়া স্বর্গ ও মোক্ষ লাভ করেন, এই নিমিত্ত আপনিই মর্ত্ত্যাদিস্বর্গলোক, মহর্লোক ও জনলোক এই ত্রিলোক-বাসীরই ফলদাত্রী ॥ ১৬

টীকা।—[হে দুর্গে! ত্বং] দুর্গে সঙ্কটে স্মৃতা [সতী] অশেষজন্তোঃ (প্রাণিমাত্রস্য) ভীতিং (দস্যুতস্করাজাদিজন্যপীড়াং) হরসি (নাশয়সি); স্বস্থৈঃ (স্বস্মিন্ আত্মনি তিষ্ঠন্তীতি স্বস্থাঃ, আত্মানাত্ম-বিচারপরাঃ, তৈঃ) স্মৃতা (চিন্তিতা) [সতী] অতীব শুভাং (তত্ত্বজ্ঞান-লক্ষণাং পুণ্যশালিনীং) মতিং (বুদ্ধিং) দদাসি। হে দারিদ্র্য-দুঃখ-ভয়-হারিণি! (দারিদ্র্যং ধনরাহিত্যং, দুঃখম্ আধ্যাত্মিকাদি, ভয়ং সংসারভয়ং

এভির্হতৈর্জ্জগদুপৈতি সুখং তথৈতে,
কুর্ব্বন্তু নাম নরকায় চিরায় পাপম্।
সংগ্রামমৃত্যুমধিগম্য দিবং প্রয়ান্তু,
মত্বেতি নূনমহিতান্ বিনিহংসি দেবি॥ ১৮

তদপহরণশীলে!) ত্বদন্যা (ত্বদ্ভিন্না) কা সর্ব্বোপকারকরণায় (সর্ব্বেষাম্, উপকারার্থং) সদা আর্দ্রচিত্তা (সকরুণ-চিত্তা? অপি তু ত্বমেব)॥ ১৭

**অনুবাদ।**—হে দুর্গে! সঙ্কটে তোমার স্মরণ করিলে তুমি সকল প্রাণীরই [সর্ব্ববিধ] ভীতি বিনাশ করিয়া থাক; আত্মনিষ্ঠ ব্যক্তিগণ তোমাকে স্মরণ করিলে তুমি [তাঁহাদিগকে] অতীব তত্ত্বজ্ঞানরূপ সদ্বুদ্ধি প্রদান করিয়া থাক। হে দারিদ্র্যহারিণি! হে দুঃখহারিণি! হে ভয়হারিণি! সদা সকলের উপকারার্থ দয়ার্দ্রহৃদয় তুমি ভিন্ন আর কে আছে?॥ ১৭

**টীকা।**—হে দেবি! এভিঃ (অসুরৈঃ) হতৈঃ জগৎ (বিশ্বং) সুখম্ উপৈতি (প্রাপ্স্যতি); তথা (তথাশব্দশ্চার্থঃ) এতে (অসুরাশ্চ) নাম (ইতি অভ্যুপগমে) চিরায় (বহুকালং ব্যাপ্য) নরকায় (নরক-ভোগার্থং) পাপং ন কুর্ব্বন্তু; [তথাপি এতে] সংগ্রামমৃত্যুং (রণে মরণম্) অধিগম্য (প্রাপ্য) দিবং (স্বর্গং) প্রয়ান্তু (গচ্ছন্তু) নূনং (নিশ্চিতম্) ইতি মত্বা (পূর্ব্বোক্তহেতুত্রয়ং মনসি কৃত্বা) অহিতান্ (মহিষাদীন্ শত্রূন্) বিনিহংসি (মারয়সি)॥ ১৮

**অনুবাদ।**—হে দেবি! এই অসুরগণ নিহত হইলে জগৎ সুখী হয়, পরন্তু ইহারা যেন চিরকাল নরকভোগের নিমিত্ত পাপানুষ্ঠান না করে এবং সম্মুখ-সমরে দেহত্যাগ করিয়া ইহারা স্বর্গলাভ করুক, নিশ্চয়ই

দৃষ্টৈ্ব কিন্ন ভবতী প্রকরোতি ভস্ম,
সর্ব্বাসুরানরিষু যৎ প্রহিণোষি শস্ত্রম্।
লোকান্ প্রয়ান্তু রিপবোঽপি হি শস্ত্রপূতা,
ইত্থং মতির্ভবতি তেষ্বপি তেঽতিসাধ্বী ॥ ১৯
খড়্গপ্রভানিকরবিস্ফুরণৈস্তথোগ্রৈঃ,
শূলাগ্রকান্তিনিবহেন দৃশোঽসুরাণাম্।
যন্নাগতা বিলয়মংশুমদিন্দুখণ্ড-

যোগ্যাননং তব বিলোকয়তাং তদেতৎ ॥ ০

[ তুমি ] এই হেতুত্রয় বিবেচনা করিয়াই [ জগতের ] অহিতকারী অসুরদিগের বিনাশ করিয়াছ ॥ ১৮

টীকা।—ভবতী ( ত্বং ) দৃষ্ট্বৈব ( দর্শনমাত্রেণৈব ) সর্ব্বাসুরান্ ( সর্ব্বান্ অসুরান্ ) কিং ভস্ম ন প্রকরোতি ( কর্ত্তুং ন শক্নোতি ) [ অপি তু শক্নোতি এব ] ; [ তথাপি ত্বম্ ] অরিষু ( শত্রুষু ) যৎ শস্ত্রং প্রহিণোষি ( নিক্ষিপসি ) তৎ হি ( নিশ্চিতম্ ) [ এতে ] রিপবোঽপি শস্ত্রপূতাঃ ( শস্ত্রৈঃ পূতাঃ ক্ষীণপাপা ইতি যাবৎ ) [সন্তঃ] লোকান্ ( স্বর্গাদিভুবনানি ) প্রয়ান্তু ( গচ্ছন্তু ), ইত্থম্ ( উক্তপ্রকারেণ ) তে (তব) তেষু অপি ( রিপুষু অপি ) মতিঃ অতিসাধ্বী [ অতিদয়ার্দ্রা ] ভবতি ॥ ১৯

অনুবাদ।—আপনি দৃষ্টিপাতমাত্রেই কি অসুরগণকে বিনাশ করিতে পারিতেন না? [ অবশ্যই পারিতেন ] তথাপি সেই রিপুগণের প্রতি অস্ত্র নিক্ষেপ করিলেন; কেননা শত্রুগণও অস্ত্রাঘাত-

দুর্ব্বৃত্তবৃত্তশমনং তব দেবি শীলং,
রূপং তথৈতদবিচিন্ত্যমতুল্যমন্যৈঃ।
বীর্য্যঞ্চ হন্তৃ হৃতদেবপরাক্রমাণাং,
বৈরিষ্বপি প্রকটিতৈব দয়া ত্বয়েত্থম্ ॥ ২১

প্রভাবে নিষ্পাপ হইয়া স্বর্গাদি উৎকৃষ্ট লোকে গমন করুক; অতএব শত্রুগণের প্রতিও আপনার এইরূপ অত্যুদার বুদ্ধি আছে ॥ ১৯

টীকা।—উগ্রৈঃ (দুর্নিরীক্ষ্যৈঃ) খড়্গপ্রভানিকরবিস্ফুরণৈঃ (খড়্গানাং যে প্রভানিকরাঃ কান্তিসমূহাঃ তেষাং বিস্ফুরণানি ঝনজ্‌ঝনিতানি তৈঃ) তথা শূলাগ্রকান্তিনিবহেন (শূলাগ্রদেশানাং কান্তিসমূহেন) তব [ইদম্] অংশুমদিন্দুখণ্ডযোগি (অংশুমৎ কিরণশালি যৎ ইন্দুখণ্ডং তদ্‌যোগো যস্য অস্তি তাদৃক্) আননং (মুখং) বিলোকয়তাম্ [এব] অসুরাণাং দৃশঃ (চক্ষুংষি) যৎ বিলয়ং (নাশং) নাগতাঃ (ন প্রাপ্তাঃ) তৎ এতৎ [অস্মাভিঃ পুরো দৃশ্যতে] ॥ ২০

অনুবাদ।—অসুরগণ তোমার কিরণশালী সুধাংশু-শোভিত বদনমণ্ডল দর্শন করিতেছিল বলিয়া ভীষণ খড়্গপ্রভার চমকে এবং শূলের অগ্রভাগের জ্যোতিঃসমূহেও তাহাদের চক্ষু বিনষ্ট হয় নাই, তাহা এই [আমরা সম্মুখে দেখিতেছি] ॥ ২০

টীকা।—হে দেবি! দুর্ব্বৃত্তবৃত্তশমনং (দুর্ব্বৃত্তাঃ দুষ্টস্বভাবা যে অসুরাদয়ঃ তেষাং বৃত্তস্য তথাভূতচরিতস্য শমনং নাশকং) তব শীলং (স্বাভাবিকো গুণঃ); তথা [তব] এতৎ অবিচিন্ত্যম্ (বাঙ্মনসোরগোচরং) রূপং [তথা] হৃতদেবপরাক্রমাণাং (হৃতাঃ অপনীতাঃ দেবানাং পরাক্রমো

কেনোপমা ভবতু তেঽস্য পরাক্রমস্য,
রূপঞ্চ শত্রুভয়কার্য্যতিহারি কুত্র।
চিত্তে কৃপা সমরনিষ্ঠুরতা চ দৃষ্টা,
ত্বয্যেব দেবি বরদে ভুবনত্রয়েঽপি ॥ ২২

যৈঃ তে অসুরাঃ, তেষাং) হন্তৃ (নাশকং) [তব] বীর্য্যঞ্চ অন্যৈঃ অতুল্যম্ (অসদৃশম্) [তথা চ, হে দেবি!] ত্বয়া ইত্থং (পূর্ব্বোক্তপ্রকারেণ) বৈরিষু অপি দয়া প্রকটিতা এব (প্রকাশিতা এব) ॥ ২১

অনুবাদ।—হে দেবি! দুর্বৃত্তগণের দৌরাত্ম্যনাশই তোমার স্বভাব। তোমার এই অচিন্তনীয় রূপ এবং দেব-বিজয়ী অসুরনাশক বীর্য্য অন্যের অচিন্তনীয় এবং অতুলনীয়। [অসুরগণ সম্মুখ-সমরে তোমা কর্ত্তৃক নিহত হইলে স্বর্গ লাভ করিবে] এইরূপে শত্রুগণের প্রতিও তুমি তোমার দয়া প্রকাশ করিয়াছ ॥ ২১

টীকা।—হে দেবি! তে (তব) অস্য পরাক্রমস্য (মহিষাসুর-নাশে প্রকটীকৃতস্য উদ্যমস্য) কেন সহ, অত্র তৃতীয়াপ্রয়োগ আর্ষঃ] উপমা ভবতু? (ন কেনাপি ইত্যর্থঃ); শত্রুভয়কারি (শত্রূণাং ভয়জনন-শীলম্) [অথচ] অতিহারি (মনোহরং) রূপঞ্চ, কুত্র? (ত্বাং বিনা কুত্রাপি ঈদৃশং রূপং নাস্তীত্যর্থঃ); হে বরদে! (হে অভীষ্টপ্রদে!) চিত্তে (মনসি) কৃপা (পরদুঃখহরণেচ্ছা) সমরনিষ্ঠুরতা চ (যুদ্ধে নির্দ্দয়প্রহারিত্বঞ্চ) ভুবন-ত্রয়েঽপি (ভুবন-ত্রয়মধ্যে) ত্বয়ি এব দৃষ্টা, (নান্যত্র ইত্যর্থঃ) ॥ ২২

অনুবাদ।—হে দেবি! কাহার সহিত তোমার এই পরাক্রমের

ত্রৈলোক্যমেতদখিলং রিপুনাশনেন,
ত্রাতং ত্বয়া সমরমূর্দ্ধনি তেঽপি হত্বা।
নীতা দিবং রিপুগণা ভয়মপ্যপাস্ত-
মস্মাকমুন্মদসুরারিভবং নমস্তে ॥ ২৩

তুলনা হইবে ? [ তোমা ভিন্ন অন্য কাহারো সহিত হইতে পারে না, যেহেতু তোমার পরাক্রম অতুলনীয় ]; শত্রুর ভয়জনক অথচ মনোহর; এবম্বিধ রূপ বা আর কোথায় আছে ? হে বরদে ! চিত্তে কৃপা ও সমরে নিষ্ঠুরতা, ত্রিভুবন মধ্যে একমাত্র তোমাতেই দেখা যায় ॥ ২২

টীকা ।—[ হে দেবি ! ] রিপুনাশেন ( শত্রুমারণেন ) এতৎ অখিলং ( সমগ্রং ) ত্রৈলোক্যং ত্বয়া ত্রাতং ( পালিতং ); সমরমূর্দ্ধনি ( সংগ্রামমধ্যে ) হত্বা তে ( রিপুগণাঃ ) অপি দিব্যং ( স্বর্গং ) নীতাঃ ( প্রাপিতাঃ, ত্বয়া ইত্যর্থঃ ); অস্মাকম্ অপি উন্মদসুরারিভবম্ ( উদ্ধত-দৈত্যজাতং ) ভয়ম্ অপাস্তং ( খণ্ডিতং দূরীকৃতমিত্যর্থঃ ) [ এবং সর্ব্বো-পকরণশীলায়াং ত্বয়ি প্রত্যুপকারাসম্ভবাৎ কেবলং ] তে ( তুভ্যং ) নমঃ ( নমনং কুর্ম্মঃ, বয়মিত্যর্থঃ ) ॥ ২৩

অনুবাদ ।—[ হে দেবি ! ] শত্রুসংহারদ্বারা এই ত্রিভুবন সম্পূর্ণ-রূপে রক্ষা করিলে, সমরক্ষেত্রে [ দৈত্যদিগকে ] নিহত করিয়া সেই শত্রুগণকেও স্বর্গ প্রদান করিলে; আমাদিগেরও উদ্ধত দৈত্যজনিত ভয় বিদূরিত করিলে [ তুমি আমাদের উপকার সাধন করিলে। কিন্তু আমাদের প্রণাম ব্যতীত প্রত্যুপকারের সামর্থ্য নাই, তাই কেবল ] তোমাকে প্রণাম করি ॥ ২৩

শূলেন পাহি নো দেবি পাহি খড়্গেন চাম্বিকে।
ঘণ্টাস্বনেন নঃ পাহি চাপজ্যানিঃস্বনেন চ ॥ ২৪
প্রাচ্যাং রক্ষ প্রতীচ্যাঞ্চ চণ্ডিকে রক্ষ দক্ষিণে।
ভ্রামণেনাত্মশূলস্য উত্তরস্যাং তথেশ্বরি ॥ ২৫
সৌম্যানি যানি রূপাণি ত্রৈলোক্যে বিচরন্তি তে।
যানি চাত্যর্থঘোরাণি তৈ রক্ষাস্মাংস্তথা ভুবম্ ॥ ২৬

টীকা।—হে দেবি! নঃ (অস্মান্) শূলেন পাহি (রক্ষ), হে অম্বিকে (জননি!) খড়্গেন চ পাহি; তথা ঘণ্টাস্বনেন (ঘণ্টাধ্বনিনা) চাপজ্যানিঃস্বনেন চ (চাপারূঢ়জ্যাটঙ্কারেণ চ) নঃ (অস্মান্) পাহি ॥২৪

অনুবাদ।—হে দেবি! শূলদ্বারা আমাদিগকে রক্ষা কর; হে মাতঃ! খড়্গদ্বারা আমাদিগকে রক্ষা কর; ঘণ্টাধ্বনি ও ধনুকারূঢ় জ্যা-শব্দে আমাদিগকে রক্ষা কর ॥ ২৪

টীকা।—হে চণ্ডিকে! হে ঈশ্বরি! (সর্ব্বনিয়ন্ত্রি!) [ত্বং] আত্মশূলস্য (স্বশূলস্য) ভ্রামণেন (ভ্রমণেন) [অস্মান্] প্রাচ্যাং (পূর্ব্বস্যাং) প্রতীচ্যাং (পশ্চিমায়াং) চ রক্ষ, দক্ষিণে তথা উত্তরস্যাং রক্ষ ॥ ২৫

অনুবাদ।—হে চণ্ডিকে! হে ঈশ্বরি! তুমি স্বীয় শূলভ্রমণে আমাদিগকে পূর্ব্বদিকে, পশ্চিমদিকে দক্ষিণদিকে এবং উত্তরদিকে রক্ষা কর ॥ ২৫

টীকা।—ত্রৈলোক্যে তে (তব) যানি সৌম্যানি (অত্যাহ্লাদ-কানি) [যানি চ] অত্যর্থঘোরাণি(অতিভয়ঙ্করাণি রূপাণি(মূর্ত্তয়ঃ)বিচরন্তি,

খড়্গশূলগদাদীনি যানি চাস্ত্রাণি তেঽম্বিকে।
করপল্লবসঙ্গীনি তৈরস্মান্ রক্ষ সর্ব্বতঃ ॥ ২৭

ঋষিরুবাচ ॥ ২৮

এবং স্তুতা সুরৈর্দ্দিব্যৈঃ কুসুমৈর্নন্দনোদ্ভবৈঃ।
অর্চ্চিতা জগতাং ধাত্রী তথা গন্ধানুলেপনৈঃ ॥ ২৯
ভক্ত্যা সমস্তৈস্ত্রিদশৈর্দ্দিব্যৈর্ধূপৈস্তু ধূপিতা।
প্রাহ প্রসাদসুমুখী সমস্তান্ প্রণতান্ সুরান্ ॥ ৩০

তৈঃ ( রূপৈঃ ) অস্মান্ তথা ভুবং (পৃথিবীঞ্চ, তৎস্থান্ পৃথিবীস্থিতান্ মানুষাদীন্ ) [ ভূ-পদেন পাতালনামপি গ্রহণম্ ] রক্ষ ॥ ২৬

অনুবাদ।—ত্রৈলোক্যমধ্যে তোমার যে সমস্ত আনন্দপ্রদ ও অতিভয়জনক মূর্ত্তি বিরাজমান আছে, তৎসমস্তদ্বারা আমাদিগকে (দেবগণকে) এবং পৃথিবীস্থ নরগণকে ও পাতালবাসীদিগকে রক্ষা কর ॥ ২৬

টীকা।—হে অম্বিকে! তে ( তব ) করপল্লবসঙ্গীনি ( করা এব পল্লবাঃ, তৈঃ সঙ্গঃ সংসর্গো যেষামস্তি তানি) খড়্গশূলগদাদীনি, তৈঃ চ, ( তৈরপি শস্ত্রাস্ত্রৈঃ ) অস্মান্ সর্ব্বতঃ ( সর্ব্বেভ্যঃ সর্ব্বত্র বা ) রক্ষ ॥ ২৭

অনুবাদ।—হে অম্বিকে! খড়্গ, শূল, গদা প্রভৃতি যে সকল অস্ত্র তোমার করপল্লবে সুশোভিত, তৎসমুদয় দ্বারাও আমাদিগকে সকল স্থান হইতে রক্ষা কর ॥ ২৭

টীকা।—ঋষিঃ উবাচ ॥ [ দেবি ] সুরৈঃ ( দেবৈঃ ) এবম্ ( উক্তস্তবাদিভিঃ ) স্তুতা তথা দিব্যৈঃ (মনোরমৈঃ) নন্দনোদ্ভবৈঃ (নন্দন-

দেব্যুবাচ ॥ ৩১

ব্রিয়তাং ত্রিদশাঃ সর্ব্বে যদস্মত্তোঽভিবাঞ্ছিতম্ ॥ ৩২

[ দদাম্যহমতিপ্রীত্যা স্তবৈরেভিঃ সুপূজিতা ]

বনজাতৈঃ ) কুসুমৈঃ [ তথা ] গন্ধানুলেপনৈঃ ( গন্ধাঃ শ্রীবাসাদয়ঃ, অনুলেপনং শ্রীচন্দনাদি, তৈঃ ) অর্চ্চিতা (পূজিতা) [তথা] ভক্ত্যা (অন্তঃকরণেন সপ্রেমতয়া ভজনং সেবনং ভক্তিঃ, তয়া প্রেমলক্ষণয়া ভক্ত্যা) সমস্তৈঃ ত্রিদশৈঃ (দেবৈঃ ) দিব্যৈঃ ( মনোজ্ঞৈঃ ) ধূপৈস্তু ( কালাগুর্ব্বাদিভিঃ ধূপৈশ্চ ) ধূপিতা জগতাং ধাত্রী ( জগজ্জননী ) [ সা দেবী ] প্রসাদসুমুখী ( প্রসন্নতয়া সুমুখী, প্রসাদায় অভিমুখীতি বা ) [সতী] প্রণতান্ (নম্রান্) সমস্তান্ ( শক্রাদীন্ ) সুরান্ প্রাহ ( উক্তবতী ) ॥ ২৮—৩০

অনুবাদ ।—ঋষি বলিলেন,—দেবগণ এইরূপে স্তব ও নন্দনবনজাত মনোহর কুসুম, গন্ধ ও অনুলেপন দ্বারা জগন্মাতাকে পূজা করিলেন। সমস্ত দেবগণ ভক্তিভরে দেবীর নিমিত্ত দিব্য ধূপ প্রদান করিলেন ; [অনন্তর] প্রসন্নবদনা দেবী প্রণত সমস্ত দেবগণকে বলিলেন ॥ ২৮—৩০

টীকা ।—দেবী উবাচ ॥ ৩১ ॥ [ হে ] সর্ব্বে ত্রিদশাঃ ! (দেবাঃ !) যৎ অভিবাঞ্ছিতং (ভবতামভীষ্টং) তৎ অস্মত্তঃ ( অস্মৎসকাশাৎ ) ব্রিয়তাং ( প্রার্থ্যতাম্ ) ॥ ৩২

[ অত্র "দদাম্যহমতিপ্রীত্যা স্তবৈরেভিঃ সুপূজিতা" ইত্যর্দ্ধপদ্যং কেচিৎ পঠন্তি তদমূলং, মূলসংহিতায়ামদৃষ্টত্বাৎ, কেনাপি টীকাকৃতা অব্যাখ্যাতত্বাৎ, কাত্যায়িনীতন্ত্রসম্মত-দেবীমাহাত্ম্যমন্ত্রবিভাগকারিকায়ামর্দ্ধশ্লোকস্য মন্ত্রত্বাচ্চ, তদুক্তং—"ঋষিঃ শ্লোকদ্বয়ং দেবী ব্রিয়তাঞ্চ ততঃ পরম্। ইত্যর্দ্ধশ্লোকমন্ত্রোঽথ দেবা উচুস্ততঃ পরম্" ইতি ]

দেবা ঊচুঃ ॥ ৩৩

ভগবত্যা কৃতং সর্ব্বং ন কিঞ্চিদবশিষ্যতে ॥ ৩৪

যদয়ং নিহতঃ শত্রুরস্মাকং মহিষাসুরঃ।

যদি বাপি বরো দেয়স্ত্বয়াস্মাকং মহেশ্বরি ॥ ৩৫

সংস্মৃতা সংস্মৃতা ত্বং নো হিংসেথাঃ পরমাপদঃ।

যশ্চ মর্ত্ত্যঃ স্তবৈরেভিস্ত্বাং স্তোষ্যত্যমলাননে ॥ ৩৬

অনুবাদ।—দেবি বলিলেন,—হে দেবগণ! তোমরা তোমাদের অভীষ্ট বর আমার নিকট প্রার্থনা কর ॥ ৩১।৩২

টীকা।—দেবাঃ ঊচুঃ ॥ ৩৩ ॥ ভগবত্যা (অচিন্ত্যৈশ্বর্য্যশালিন্যা) [ত্বয়া অস্মাকং] সর্ব্বং কৃতং (নিষ্পাদিতম্), কিঞ্চিৎ [অপি] ন অবশিষ্যতে (অবশিষ্টং নাস্তীত্যর্থঃ) ॥ ৩৪

অনুবাদ।—দেবগণ বলিলেন—আপনি ভগবতী; আপনার দ্বারা আমাদের সমস্তই সুসম্পাদিত হইয়াছে; কিছুই অবশিষ্ট নাই ॥ ৩৩।৩৪

টীকা।—যৎ (যস্মাৎ) অস্মাকং শত্রুঃ অয়ং মহিষাসুরঃ [ত্বয়া] নিহতঃ। যদি বাপি (যদ্যপি) হে মহেশ্বরি! ত্বয়া অস্মাকং [সম্বন্ধে] বরো দেয়ঃ (অবশ্যং দাতব্যঃ) ॥ ৩৫

অনুবাদ।—যেহেতু আমাদের শত্রু এই মহিষাসুর [যুদ্ধে] নিহত হইল। হে মহেশ্বরি! যদি আমাদিগকে একান্তই তোমার বর দিতে হয় [দাও] ॥ ৩৫

টীকা।—[তদা] ত্বং সংস্মৃতা সংস্মৃতা (পুনঃ পুনঃ চিন্তিতা সতী)

তস্য বিত্তর্দ্ধিবিভবৈর্ধনদারাদিসম্পদাম্ ।
বৃদ্ধয়েঽস্মৎপ্রসন্না ত্বং ভবেথাঃ সর্ব্বদাম্বিকে ॥ ৩৭

ঋষিরুবাচ ॥ ৩৮

স্মরণসময়ে ইতি তাৎপর্য্যম্, অত্র বীপ্সয়া পুনঃ পুনঃ বিনাশঃ কর্ত্তব্য ইত্যুক্তম্ ) নঃ (অস্মাকং) পরমাপদঃ ( মহাবিপত্তীঃ, অথবা পরমা নিরতিশয়াঃ আপদো যেভ্যঃ তে পরমাপদো রিপবস্তান্) হিংসেথাঃ (নাশয়িষ্যসি, অত্র আত্মনেপদং বিকরণঞ্চার্ষম্ ) হে অমলাননে ! ( হে নির্ম্মলমুখি ! ) যশ্চ মর্ত্ত্যঃ ( মনুষ্যঃ ) এভিঃ ( অস্মৎকৃতৈঃ ) স্তবৈঃ ত্বাং স্তোষ্যতি ॥ ৩৬

অনুবাদ ।—[ তবে এই বর প্রার্থনা করি ] যে যে সময়ে তোমাকে স্মরণ করিব, সেই সেই সময়ে তুমি আমাদের বিপদ্‌সমূহ বিনষ্ট করিবে। হে প্রসন্নমুখি ! যে মনুষ্য অস্মৎকৃত স্তবসমূহ দ্বারা তোমাকে স্তব করিবে—॥ ৩৬

টীকা ।—হে অম্বিকে ! অস্মৎপ্রসন্না (অস্মাসু সানুগ্রহা) সর্ব্বদা ( সর্ব্বং দদাতীতি সর্ব্বদা সকলদাত্রী ) ত্বং তস্য বিত্তর্দ্ধিবিভবৈঃ ( বিত্তং জ্ঞানং, ঋদ্ধিঃ সমৃদ্ধিঃ, বিভবঃ ঐশ্বর্য্যং তৈঃ সহ ) ধনদারাদিসম্পদাং (ধনং গোমহিষাদিঃ, দারাঃ স্ত্রিয়ঃ, আদিনা পুত্র-পৌত্রাদিঃ, ত এব সম্পদঃ, তাসাং ) বৃদ্ধয়ে ( উপচয়ায় ) ভবেথাঃ [ আত্মনেপদমার্ষং, ভূপ্রাপ্তাবিত্যস্য যুজাদেরনেকার্থত্বাদ্বা ] ॥ ৩৭

অনুবাদ ।—হে অম্বিকে! আমাদের প্রতি প্রসন্না সর্ব্বদাত্রী তুমি [ তাহাদের প্রতি প্রসন্না হইয়া ] তাহাদের জ্ঞান, সমৃদ্ধি, ঐশ্বর্য্য ও ধনদারাদি সম্পত্তির বৃদ্ধিসাধন করিয়া দিবে ॥ ৩৭

ইতি প্রসাদিতা দেবৈর্জ্জগতোঽর্থে তথাত্মনঃ।
তথেত্যুক্ত্বা ভদ্রকালী বভূবান্তর্হিতা নৃপ ॥ ৩৯
ইত্যেতৎ কথিতং ভূপ সম্ভূতা সা যথা পুরা।
দেবী দেবশরীরেভ্যো জগত্রয়হিতৈষিণী ॥ ৪০
পুনশ্চ গৌরীদেহা সা সমুদ্ভূতা যথাভবৎ।
বধায় দুষ্টদৈত্যানাং তথা শুম্ভ-নিশুম্ভয়োঃ ॥ ৪১

টীকা।—ঋষিঃ উবাচ ॥ ৩৮ [হে] নৃপ! (সুরথ!) জগতঃ অর্থে (নিমিত্তং) [যশ্চ ইত্যাদিনা] তথা আত্মনঃ অর্থে [সংস্মৃতেত্যাদিনা] দেবৈঃ ইতি (উক্তপ্রকারেণ) প্রসাদিতা (প্রসন্নতাং প্রাপিতা) [সা] ভদ্রকালী (ভদ্রং কল্যাণং কলয়তি দদাতীতি ভদ্রকালী) তথা (এবমস্তু) ইতি উক্ত্বা [তৎক্ষণমেব] অন্তর্হিতা (তিরোহিতা) বভূব ॥ ৩৯

অনুবাদ।—ঋষি বলিলেন,—হে রাজন্! (সুরথ!) দেবগণ জগতের নিমিত্ত ও আপনাদিগের জন্য এইরূপে দেবীকে প্রসন্না করিলে দেবী ভদ্রকালী [দেবগণের প্রতি প্রসন্না হইয়া] "তথাস্তু" বলিয়া অন্তর্হিতা হইলেন ॥ ৩৮।৩৯

টীকা।—[হে] ভূপ! (হে সুরথ!) জগত্রয়হিতৈষিণী (ত্রিজগতাং হিতৈষণশীলা) সা দেবী দেবশরীরেভ্যঃ পুরা (পূর্ব্বং) যথা (যেন প্রকারেণ) সম্ভূতা (প্রাদুর্ভূতা) ইতি এতৎ (তথা) কথিতম্ ॥ ৪০

অনুবাদ।—হে রাজন্! ত্রিভুবন-হিতৈষিণী সেই দেবী দেবগণের শরীর হইতে পূর্ব্বকালে যেরূপে প্রাদুর্ভূতা হইয়াছিলেন, তাহা এই বলিলাম ॥ ৪০

রক্ষণায় চ লোকানাং দেবানামুপকারিণী।
তচ্ছৃণুষ্ব ময়াখ্যাতং যথাবৎ কথয়ামি তে ॥ ৪২

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে
শক্রাদিস্তুতির্নাম চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪

টীকা।—পুনশ্চ (পুনরপি) দেবানাম্ উপকারিণী (উপকার-শীলা) সা গৌরীদেহা (গৌর্য্যাঃ সকাশাৎ দেহো যস্যাঃ সা গৌরী-দেহা কৌষিকী) দুষ্টদৈত্যানাং (ধূম্রলোচনাদীনাং) তথা শুম্ভ-নিশুম্ভয়োঃ বধায় (বধং কর্ত্তুং) লোকানাং (জনানাং ভুবনানাং) রক্ষণায় চ যথা (যেন প্রকারেণ) সমুদ্ভূতা (প্রাদুর্ভূতা) অভবৎ, তৎ আখ্যাতম্, ময়া (মত্তঃ, বৈকল্পিকত্বান্ন ষষ্ঠী) শৃণুষ্ব; [অহং] যথাবৎ (যাথার্থ্যেন) তে (তুভ্যং) কথয়ামি ॥ ৪১।৪২

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে স্বপ্রভাখ্যায়াং
টীকায়াং শক্রাদিস্তুতির্নাম চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪

অনুবাদ।—দেবগণের উপকারিণী সেই দেবী ধূম্রলোচনাদি দুষ্টদৈত্যগণের ও শুম্ভ-নিশুম্ভের বিনাশার্থ এবং লোকরক্ষার্থ পুনরায় গৌরীদেহ হইতে কৌষিকীরূপে যেরূপে আবির্ভূতা হইয়াছিলেন, তাহা তোমাকে যথাযথ কীর্ত্তন করিতেছি, তুমি আমার নিকট সেই কথা শ্রবণ কর ॥ ৪১।৪২

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যানুবাদে
চতুর্থ অধ্যায়ে শক্রাদিস্তুতি ॥ ৪

# পঞ্চমোঽধ্যায়ঃ

ঋষিরুবাচ ॥ ১

পুরা শুম্ভ-নিশুম্ভাভ্যামসুরাভ্যাং শচীপতেঃ।
ত্রৈলোক্যং যজ্ঞভাগাশ্চ হৃতা মদবলাশ্রয়াৎ ॥ ২

টীকা।—ঋষিঃ উবাচ ॥১॥ পুরা (পূর্ব্বস্মিন্ কালে) শুম্ভ-নিশুম্ভাভ্যাম্ অসুরাভ্যাম্ মদবলাশ্রয়াৎ (মদো গর্ব্বঃ, বলং শক্তিঃ, তয়োরাশ্রয়াৎ) শচীপতেঃ (ইন্দ্রস্য) [শচীপতেরিতি মুখ্যতয়া উক্তং, সর্ব্বেষাং দেবানাং যজ্ঞভাগাপহারাৎ] ত্রৈলোক্যং (ত্রৈলোক্যাধিপত্যং) যজ্ঞভাগাশ্চ হৃতাঃ (অপহৃতাঃ) ॥ ২

[শুম্ভ-নিশুম্ভৌ কশ্যপাৎ দন্বামুৎপন্নৌ নমুচি-জ্যেষ্ঠৌ। তদুক্তং বামন-পুরাণে—"কশ্যপস্য দনুর্নাম ভার্য্যাসীদ্দ্বিজসত্তম। তস্যাং পুত্রত্রয়ং জজ্ঞে সহস্রাক্ষাদ্বলাধিকম্ ॥ জ্যেষ্ঠঃ শুম্ভ ইতি খ্যাতো নিশুম্ভশ্চাপরোঽসুরঃ। তৃতীয়ো নমুচির্নাম মহাবলপরাক্রমঃ ॥" ইতিঃ ॥]

অনুবাদ।—ঋষি বলিলেন,—পূর্ব্বকালে শুম্ভ-নিশুম্ভ নামক অসুরদ্বয় বলগর্ব্বের প্রভাবে ইন্দ্রের নিকট হইতে ত্রৈলোক্যের আধিপত্য ও যজ্ঞভাগ সমূহ গ্রহণ করিয়াছিল ॥ ১।২ *

---

* বামন পুরাণে দেখা যায়,—কশ্যপের দনু নামে এক ভার্য্যা ছিলেন, কশ্যপের ঔরসে দনুর গর্ভে তিনটী সন্তান জন্মগ্রহণ করে; তন্মধ্যে শুম্ভ

তাবেব সূর্য্যতাং তদ্বদধিকারং তথৈন্দবম্ ।
কৌবেরমথ যাম্যঞ্চ চক্রাতে বরুণস্য চ ॥ ৩
তাবেব পবনর্দ্ধিঞ্চ চক্রতুর্ব্বহ্নিকর্ম্ম চ ।
ততো দেবা বিনির্দ্ধূতা ভ্রষ্টরাজ্যাঃ পরাজিতাঃ ॥ ৪
হৃতাধিকারাস্ত্রিদশাস্তাভ্যাং সর্ব্বে নিরাকৃতাঃ ।
মহাসুরাভ্যাং তাং দেবীং সংস্মরন্ত্যপরাজিতাম্ ॥ ৫

টীকা।—তৌ (শুম্ভ-নিশুম্ভৌ) এব সূর্য্যতাং (সুবতি কর্ম্মণি লোকং প্রেরয়তীতি সূর্য্যঃ, তস্য ভাবঃ সূর্য্যতাং, সূর্য্যস্যাধিকারমিতি যাবৎ) চক্রাতে (কৃতবন্তৌ), তদ্বৎ ঐন্দবম্ (ইন্দুসম্বন্ধিনম্) অধিকারং [চক্রাতে]; [তথা] কৌবেরং (কুবের-সম্বন্ধিনং) অথ যাম্যঞ্চ (যম-সম্বন্ধিনঞ্চ) বরুণস্য চ [অধিকারং চক্রাতে] ॥ ৩

অনুবাদ।—সেই দুই অসুরই সূর্য্য, চন্দ্র, যম, কুবের ও বরুণের অধিকার [তাঁহাদিগের মতই] সম্পাদন করিতে লাগিল ॥ ৩

টীকা।—তৌ (শুম্ভ-নিশুম্ভৌ) এব পবনর্দ্ধিঞ্চ (পবনৈশ্বর্য্যং বহন-জলপ্রক্ষেপণাদি চ) বহ্নিকর্ম্ম চ (জ্বলনাদি চ) চক্রতুঃ [এতেন সর্ব্ব-শক্ত্যাশ্রয়ত্বং দর্শিতম্] ততঃ (তদনন্তরঞ্চ) বিনির্দ্ধূতাঃ (ভয়েন কম্পিতাঃ, স্থানাদ্বারিতা বা) ভ্রষ্টরাজ্যাঃ (ভ্রষ্টং রাজ্যং যেষাং তে)

---

জ্যেষ্ঠ, নিশুম্ভ মধ্যম এবং নমুচি কনিষ্ঠ। এই শুম্ভ-নিশুম্ভই মদগর্ব্বে গর্ব্বিত হইয়া দেবগণের পীড়ক ও দেবী কর্ত্তৃক নিহত হইয়াছিল। ইহা ১০ম অধ্যায় পর্য্যন্ত দেবীমাহাত্ম্যে বর্ণিত হইয়াছে।

তয়াস্মাকং বরো দত্তো যথাপৎসু স্মৃতাখিলাঃ।
ভবতাং নাশয়িষ্যামি তৎক্ষণাৎ পরমাপদঃ ॥
ইতি কৃত্বা মতিং দেবা হিমবন্তং নগেশ্বরম্।
জগ্মুস্তত্র ততো দেবীং বিষ্ণুমায়াং প্রতুষ্টুবুঃ ॥ ৭

পরাজিতাঃ (যুদ্ধে অভিভূতাঃ) [অতঃ] হৃতাধিকারাঃ (হৃতঃ অধিকারো নিজনিজমর্য্যাদা যজ্ঞভাগাদির্ব্বা যেষাং তে) সর্ব্বে ত্রিদশাঃ (বাল্যকৈশোরযৌবনরূপা দশা অবস্থা যেষাং তে) দেবাঃ (ইন্দ্রাদয়ঃ) তাভ্যাং মহাসুরাভ্যাং (শুম্ভ-নিশুম্ভাভ্যাং) নিরাকৃতাঃ (খণ্ডিতাধিকারাঃ সন্তঃ) তাং (প্রসিদ্ধাং) অপরাজিতাং (সর্ব্বজিত্বরীং) দেবীং সংস্মরন্তি [স্ম] ॥ ৪।৫

অনুবাদ।—তাহারা দুইজনেই পবনের আধিপত্য ও বহ্নির কার্য্য গ্রহণ করিল। অনন্তর পরাজিত, ভ্রষ্টরাজ্য, অধিকারচ্যুত ভয়কম্পিত দেবগণ সেই দুই মহাসুর কর্তৃক অপমানিত ও দূরীকৃত হইয়া সেই অপরাজিতা দেবীকে স্মরণ করিয়াছিলেন ॥ ৪।৫

টীকা।—আপৎসু যথা (যাবৎ) স্মৃতা [সতী] তৎক্ষণাৎ স্মরণক্ষণে ভবতাম্ অখিলাঃ (সমগ্রাঃ পরমাপদঃ (মহাবিপত্তীঃ) নাশয়িষ্যামি ইতি তয়া (দেব্যা) অস্মাকং [সম্বন্ধে মহিষাসুরবধকালে] বরঃ দত্তঃ ইতি মতিং (বুদ্ধিং) কৃত্বা দেবাঃ নগেশ্বরং (পর্ব্বতরাজং) হিমবন্তং (হিমালয়ং) জগ্মুঃ (গতবন্তঃ), ততঃ (গমনানন্তরং) তত্র (হিমালয়ে) দেবীং বিষ্ণুমায়াং প্রতুষ্টুবুঃ (প্রকর্ষেণ স্তুতবন্তঃ) ॥ ৬।৭

অনুবাদ।—"তিনি আমাদিগকে বর দিয়াছিলেন যে, বিপদ্

দেবা ঊচুঃ ॥ ৮

নমো দেব্যৈ মহাদেব্যৈ শিবায়ৈ সততং নমঃ।
নমঃ প্রকৃত্যৈ ভদ্রায়ৈ নিয়তাঃ প্রণতাঃ স্ম তাম্ ॥ ৯
রৌদ্রায়ৈ নমো নিত্যায়ৈ গৌর্য্যৈ ধাত্র্যৈ নমো নমঃ।
জ্যোৎস্নায়ৈ চেন্দুরূপিণ্যৈ সুখায়ৈ সততং নমঃ ॥ ১০

কালে তোমরা আমাকে স্মরণ করিলে, তৎক্ষণাৎ তোমাদিগের আপদ্ সমূলে বিনাশ করিব”—দেবগণ এই চিন্তা করিয়া পর্ব্বতরাজ হিমালয়ে গমন করিলেন; তনন্তর তথায় দেবগণ দেবী বিষ্ণুমায়াকে স্তব করিতে লাগিলেন ॥ ৬।৭

টীকা।—দেবাঃ ঊচুঃ ॥৮॥ দেব্যৈ (দ্যুত্যাত্মিকায়ৈ) সততং (অনবরতং) নমঃ (নমস্কারঃ, অস্তু ইতি শেষঃ); মহাদেব্যৈ (মহতাং ব্রহ্মাদীনামপি স্বর্গাদিব্যবহারপ্রবর্ত্তয়িত্র্যৈ) শিবায়ৈ (কল্যাণরূপায়ৈ) [সততং] নমঃ; ভদ্রায়ৈ (মঙ্গলকারিণ্যৈ) প্রকৃত্যৈ (সৃষ্টিকর্ত্র্যৈ) [সততং] নমঃ; [বয়ং] নিয়তাঃ (তদেকাত্মানঃ) [সন্তঃ] তাং প্রণতাঃ স্ম (স্ম ইতি পাদপূরণে, প্রণতা ভবাম ইত্যর্থঃ) ॥ ৯

অনুবাদ।—দেবগণ বলিলেন,—দেবীকে সতত নমস্কার; মহাদেবী শিবাকে সতত নমস্কার; মঙ্গলকারিণী সৃষ্টিকর্ত্রী প্রকৃতিকে সতত নমস্কার; আমরা একাগ্রচিত্ত হইয়া সৃষ্টিস্থিতিসংহারকর্ত্রী সেই দেবীকে প্রণাম করি ॥ ৮।৯

টীকা।—রৌদ্রায়ৈ (ভীষণরূপায়ৈ) নমঃ; নিত্যায়ৈ (জন্মবিনাশরহিতায়ৈ) ধাত্র্যৈ (জগদাধাররূপায়ৈ) গৌর্য্যৈ (গৌরীনাম্ন্যৈ দেব্যৈ

কল্যাণ্যৈ প্রণতা বৃদ্ধ্যৈ সিদ্ধ্যৈ কুর্ম্মো নমো নমঃ।
নৈর্ঋত্যৈ ভূভৃতাং লক্ষ্ম্যৈ সর্ব্বাণ্যৈ তে নমো নমঃ ॥১১
দুর্গায়ৈ দুর্গপারায়ৈ সারায়ৈ সর্ব্বকারিণ্যৈ।
খ্যাত্যৈ তথৈব কৃষ্ণায়ৈ ধূম্রায়ৈ সততং নমঃ ॥ ১২

নমো নমঃ; ইন্দুরূপিণ্যৈ (চন্দ্ররূপায়ৈ) জ্যোৎস্নায়ৈ (চন্দ্রিকারূপায়ৈ) [অতএব] সুখায়ৈ সুখদায়িন্যৈ দেব্যৈ) সততং নমঃ ॥ ১০

অনুবাদ।—ভীষণরূপা তোমাকে সতত নমস্কার; জন্মমৃত্যু-শূন্যা জগতের আধারস্বরূপা দেবী গৌরীকে সতত নমস্কার; চন্দ্র ও চন্দ্রিকারূপা সুখদায়িনী তোমাকে সর্ব্বদা নমস্কার করি ॥ ১০

টীকা।—প্রণতাঃ [বয়ং] কল্যাণ্যৈ (কল্যাণরূপায়ৈ) নমঃ; বৃদ্ধ্যৈ (সম্পদ্রূপায়ৈ) সিদ্ধ্যৈ (অণিমাদিরূপায়ৈ) নমঃ কুর্ম্মঃ, নৈর্ঋত্যৈ (অলক্ষ্মীরূপায়ৈ, ) 'স্যাদলক্ষ্মীস্তু নির্ঋতি'রিতি বচনাৎ) ভূভৃতাং (রাজ্ঞাং) লক্ষ্ম্যৈ শর্ব্বাণ্যৈ (মাহেশ্বর্য্যৈ) তে (তুভ্যং) নমো নমঃ ॥ ১১

অনুবাদ।—আমরা নম্র হইয়া কল্যাণরূপা দেবীকে প্রণাম করি; বৃদ্ধি ও সিদ্ধিরূপিণী তোমাকে নমস্কার করি; অলক্ষ্মীরূপিণী রাজলক্ষ্মীরূপিণী মহেশ্বরী (শিবশক্তিরূপিণী) তোমাকে বহু নমস্কার করি ॥ ১১

টীকা।—দুর্গায়ৈ (দুঃখজ্ঞেয়ায়ৈ) দুর্গপারায়ৈ (দুর্গাৎ সংসারাৎ পারং করোতীতি দুর্গপারা তস্যৈ) সারায়ৈ (সারো বলং তদ্বত্যৈ) সর্ব্বকারিণ্যৈ (সর্ব্বজনন্যৈ) খ্যাত্যৈ (প্রকৃতি-পুরুষয়োর্ভেদজ্ঞানং খ্যাতিঃ,

অতিসৌম্যাতিরৌদ্রায়ৈ নতাস্তস্যৈ নমো নমঃ।
নমো জগৎপ্রতিষ্ঠায়ৈ দেব্যৈ কৃত্যৈ নমো নমঃ ॥ ১৩
যা দেবী সর্ব্বভূতেষু বিষ্ণুমায়েতি শব্দিতা।
নমস্তস্যৈ ॥ ১৪ নমস্তস্যৈ ॥ ১৫ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ১৬

তদ্রূপায়ৈ প্রসিদ্ধায়ৈ চ ) কৃষ্ণায়ৈ ( কৃষ্ণবর্ণায়ৈ কৃষ্ণশক্ত্যৈ বা ইতি যাবৎ তথৈব ধূম্রায়ৈ ( ধূম্রবর্ণায়ৈ ) [ তে ] সততং নমঃ ॥ ১২

অনুবাদ।—দুরধিগম্যা, সংসারত্রাণকারিণী, অশেষ বলবতী, সর্ব্বজননী, [ বিদ্যারূপা বলিয়া ] বিবেকজ্ঞানরূপিণী, [ অবিদ্যারূপা বলিয়া তামসীশক্তিরূপিণী ধূম্রবর্ণা, তোমাকে সতত নমস্কার ॥ ১২

টীকা। নতাঃ ( প্রণতাঃ ) [ বয়ং ] অতিসৌম্যাতিরৌদ্রায়ৈ ( বিদ্যাত্বেন সংসারশমনীত্বাৎ অতিসৌম্যা অত্যাহ্লাদিকা, অবিদ্যারূপেণ সংসারহেতুত্বাৎ অতিরৌদ্রা অতিভীষণা তস্যৈ ) তস্যৈ ( প্রসিদ্ধায়ৈ দেব্যৈ) নমো নমঃ [ কুর্ম্মঃ ]; জগৎপ্রতিষ্ঠায়ৈ ( জগদুপাদানকারণরূপায়ৈ ) নমঃ, কৃত্যৈ ( ক্রিয়ারূপায়ৈ ) দেব্যৈ নমো নমঃ [ কুর্ম্মঃ ] ১৩

অনুবাদ।—[ বিদ্যারূপে সংসারনিবৃত্তিকারিণী বলিয়া ] অতি-সৌম্যা এবং [ অবিদ্যারূপে সংসারহেতু বলিয়া ] অতিভীষণা তোমায় আমরা অবনত হইয়া পুনঃ পুনঃ নমস্কার করি; জগতের উপাদান-কারণরূপা তোমাকে নমস্কার; ক্রিয়ারূপা দেবীকে পুনঃ পুনঃ নমস্কার ॥ ১৩

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু ( সর্ব্বপ্রাণিষু ) বিষ্ণুমায়া ইতি শব্দিতা ( মূলাবিদ্যেতি সর্ব্বাগমেষু প্রতিপাদিতা ) তস্যৈ ( দেব্যৈ ) নমঃ

**যা দেবী সর্ব্বভূতেষু চেতনেত্যভিধীয়তে।**

**নমস্তস্যৈ ॥ ১৭ নমস্তস্যৈ ॥ ১৮ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ১৯**

তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমঃ। [ বিষ্ণুমায়া হি সাত্ত্বিক্যাদিভেদাত্রিধা ভবন্তি, অতএব তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ ইতি বাক্যত্রয়ম্। উত্তরবাক্যে একনমঃশব্দাৎ পরং পুনর্নমঃশব্দদ্বয়োপাদানাৎ পরমাত্মসহিতত্রিগুণসমষ্টিং প্রতি নমস্কারাশ্চ দ্যোত্যন্তে, এবমন্যত্রাপি। কেচিত্তু কায়িক-বাচিক-মানসিকপ্রণামত্রয়সূচনায় ত্রিরুক্তিরিতি বদন্তি ॥ ১৪—১৬ ]

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে বিষ্ণুমায়া * নামে [ সমুদয় আগম শাস্ত্রে ] অভিহিতা হন, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার, নমস্কার ॥ ১৪—১৬

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু চেতনা ইতি অভিধীয়তে, তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ। [ চেতনা নির্ব্বিকল্পকং জ্ঞানং কেচিত্তু বৃত্তিজ্ঞানমিতি ] ॥ ১৭—১৯

---

* সাত্ত্বিকী, রাজসী ও তামসী ভেদে বিষ্ণুমায়া ত্রিবিধা; এইজন্য প্রত্যেক মন্ত্রেই "নমস্তস্যৈ, নমস্তস্যৈ, নমস্তস্যৈ" তিনবার উল্লেখ আছে এবং ভক্তির আধিক্য বশতঃ শ্লোকের শেষে 'নমঃ' শব্দের দ্বিরুক্তি হইয়াছে। অথবা কায়িক, বাচিক ও মানসিক ত্রিবিধ প্রণাম সূচনার জন্যই ত্রিরুক্তি হইয়াছে। এইরূপ চেতনা প্রভৃতি স্থলেও জ্ঞাতব্য। সৃষ্টিহেতু বিষ্ণুমায়া রাজসী, স্থিতিহেতু বিষ্ণুমায়া সাত্ত্বিকী এবং সংসারহেতু বিষ্ণুমায়া তামসী বলিয়া কীর্ত্তিতা।

যা দেবী সর্ব্বভূতেষু বুদ্ধিরূপেণ সংস্থিতা।

নমস্তস্যৈ ॥ ২০ নমস্তস্যৈ ॥ ২১ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ২২

যা দেবী সর্ব্বভূতেষু নিদ্রারূপেণ সংস্থিতা।

নমস্তস্যৈ ॥ ২৩ নমস্তস্যৈ ॥ ২৪ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ২৫

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে চেতনা * নামে প্রসিদ্ধা তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার নমস্কার ॥ ১৭—১৯

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু বুদ্ধিরূপেণ (সবিকল্পকজ্ঞানরূপেণ) সংস্থিতা, তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ। [বুদ্ধিঃ সবিকল্পকজ্ঞানং, বৃত্তিজ্ঞানাশ্রয়ান্তঃকরণবিশেষ ইত্যন্যে] ॥ ২০—২২

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে বুদ্ধিরূপে ‡ অবস্থান করিতেছেন, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার নমস্কার ॥ ২০—২২

---

* চেতনা—নির্ব্বিকল্পকজ্ঞান; বিশেষরূপে প্রত্যক্ষ হইবার পূর্ব্বে ঐ বিষয়ের যে সামান্যাকারে প্রত্যক্ষ হয়, এই সামান্য প্রত্যক্ষই নির্ব্বিকল্পকজ্ঞান নামে অভিহিত। সাংখ্যাদির মতে, ইন্দ্রিয়জন্য জ্ঞানই চেতনা, উহাও সাত্ত্বিকাদি ভেদে তিন প্রকার; সুখহেতু সাত্ত্বিক, দুঃখহেতু রাজস, মোহহেতু তামস।

‡ বুদ্ধি—সবিকল্পকজ্ঞান; নির্ব্বিকল্পকজ্ঞান ভিন্ন সর্ব্ববিধ জন্য জ্ঞানই সবিকল্পক নামে অভিহিত। সাংখ্যাদির মতে অধ্যবসায়াত্মক অন্তঃকরণবিশেষই বুদ্ধি; ইহা ইন্দ্রিয়জন্য জ্ঞানের আশ্রয়। সাত্ত্বিকাদি ভেদে উহাও ত্রিবিধ।

যা দেবী সর্ব্বভূতেষু ক্ষুধারূপেণ সংস্থিতা।

নমস্তস্যৈ ॥ ২৬ নমস্তস্যৈ ॥ ২৭ নমস্তস্যৈ নমো নমঃ ॥২৮

যা দেবী সর্ব্বভূতেষু ছায়ারূপেণ সংস্থিতা।

নমস্তস্যৈ ॥ ২৯ নমস্তস্যৈ ॥ ৩০ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ৩১

যা দেবী সর্ব্বভূতেষু শক্তিরূপেণ সংস্থিতা।

নমস্তস্যৈ ॥ ৩২ নমস্তস্যৈ ॥ ৩৩ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ৩৪

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু নিদ্রারূপেণ (সুষুপ্তিরূপেণ) সংস্থিতা, তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ ॥ ২৩—২৫

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে নিদ্রারূপে বিরাজমানা, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার, নমস্কার ॥ ২৩—২৫

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু ক্ষুধারূপেণ সংস্থিতা, তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ ॥ ২৬—২৮

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে ক্ষুধারূপে অবস্থান করিতেছেন, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার, নমস্কার ॥ ২৬—২৮

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু ছায়ারূপেণ (প্রতিবিম্বরূপেণ) সংস্থিতা তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ তস্যৈ নমো নমো নমঃ ॥ ২৯—৩১

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে ছায়ারূপে (প্রতিবিম্বরূপে) অবস্থিতা, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার, নমস্কার ॥ ২৯—৩১

যা দেবী সর্ব্বভূতেষু তৃষ্ণারূপেণ সংস্থিতা।

নমস্তস্যৈ ॥ ৩৫ নমস্তস্যৈ ॥ ৩৬ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ৩৭

যা দেবী সর্ব্বভূতেষু ক্ষান্তিরূপেণ সংস্থিতা।

নমস্তস্যৈ ॥ ৩৮ নমস্তস্যৈ ॥ ৩৯ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ৪০

যা দেবী সর্ব্বভূতেষু জাতিরূপেণ সংস্থিতা।

নমস্তস্যৈ ॥ ৪১ নমস্তস্যৈ ॥ ৪২ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ৪৩

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু শক্তিরূপেণ (সামর্থ্যরূপেণ উৎসাহরূপেণ বা) সংস্থিতা, তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ ॥ ৩২—৩৪

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে শক্তিরূপে অবস্থান করিতেছেন, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার, নমস্কার ॥ ৩২—৩৪

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু তৃষ্ণারূপেণ সংস্থিতা, তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ। [ তৃষ্ণা পানেচ্ছা ] ॥ ৩৫—৩৭

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে তৃষ্ণা (পানেচ্ছা) রূপে অবস্থান করিতেছেন, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার নমস্কার নমস্কার ॥ ৩৫—৩৭

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু ক্ষান্তিরূপেণ (পরাপকারসহনরূপেণ) সংস্থিতা, তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ তস্যৈ নমো নমো নমঃ ॥ ৩৮—৪০

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে ক্ষান্তি (ক্ষমা) রূপে বিরাজমানা, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার, নমস্কার ॥ ৩৮—৪০

যা দেবী সর্ব্বভূতেষু লজ্জারূপেণ সংস্থিতা।

নমস্তস্যৈ ॥ ৪৪ নমস্তস্যৈ ৪৫ ॥ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ৪৬

যা দেবী সর্ব্বভূতেষু শান্তিরূপেণ সংস্থিতা।

নমস্তস্যৈ ॥ ৪৭ নমস্তস্যৈ ॥ ৪৮ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ৪৯

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু জাতিরূপেণ ( সামান্যরূপেণ, উৎপত্তিরূপেণ বা, তথা চ—"জাতিসামান্যজন্মনো"রিতি কোষঃ ) সংস্থিতা তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ তস্যৈ নমো নমো নমঃ ॥ ৪১—৪৩

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে জাতিরূপে * অবস্থান করিতেছেন, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার, নমস্কার ॥ ৪১—৪৩

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু লজ্জারূপেণ সংস্থিতা, তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ। [ লজ্জা—নিন্দিতকরণেঽন্যজ্ঞানশঙ্কা ] ॥ ৪৪—৪৬

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে লজ্জারূপে অবস্থিতা, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার, নমস্কার। [ নিন্দিতকার্য্যে অন্যের জ্ঞানশঙ্কার নাম লজ্জা ] ॥ ৪৪—৪৬

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু শান্তিরূপেণ ( ইন্দ্রিয়সংযমরূপেণ ) সংস্থিতা, তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ ॥ ৪৭—৪৯

---

* জাতিও সাত্ত্বিক্যাদি ভেদে ত্রিবিধ; ব্রাহ্মণত্বাদি জাতি সাত্ত্বিকী, ক্ষত্রিয়ত্বাদি জাতি রাজসী, শূদ্রত্বাদি জাতি তামসী; বৈশ্যত্ব জাতি রাজসী ও তামসী।

যা দেবী সর্ব্বভূতেষু শ্রদ্ধারূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ ॥ ৫০ নমস্তস্যৈ ॥ ৫১ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ৫২
যা দেবী সর্ব্বভূতেষু কান্তিরূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ ॥ ৫৩ নমস্তস্যৈ ॥ ৫৪ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ৫৫
যা দেবী সর্ব্বভূতেষু লক্ষ্মীরূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ ॥ ৫৬ নমস্তস্যৈ ॥ ৫৭ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ৫৮

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে শান্তি (ইন্দ্রিয়সংযম) রূপে অবস্থান করিতেছেন, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার, নমস্কার ॥ ৪৭—৪৯

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু শ্রদ্ধারূপেণ (শাস্ত্রাদিবাক্যেষু বিশ্বাসরূপেণ) সংস্থিতা, তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ ॥ ৫০—৫২

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে শ্রদ্ধারূপে অবস্থিতা, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার, নমস্কার ॥ ৫০—৫২

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু কান্তিরূপেণ (শোভারূপেণ) সংস্থিতা, তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ ॥ ৫৩—৫৫

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে কান্তিরূপে অবস্থান করিতেছেন, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার, নমস্কার ॥ ৫৩—৫৫

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু লক্ষ্মীরূপেণ (সম্পদ্রূপেণ) সংস্থিতা তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ ॥ ৫৬—৫৮

যা দেবী সর্ব্বভূতেষু বৃত্তিরূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ ॥ ৫৯ নমস্তস্যৈ ॥ ৬০ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ৬১
যা দেবী সর্ব্বভূতেষু স্মৃতিরূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ ॥ ৬২ নমস্তস্যৈ ॥ ৬৩ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ৬৪
যা দেবী সর্ব্বভূতেষু দয়ারূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ ॥ ৬৫ নমস্তস্যৈ ॥ ৬৬ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ৬৭

অনুবাদ।—যে দেবী লক্ষ্মীরূপে সর্ব্বভূতে অবস্থিত আছেন তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার, নমস্কার ॥ ৫৬—৫৮

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু বৃত্তিরূপেণ ( কৃষ্যাদিচতুষ্টয়ীরূপেণ ) [ তদুক্তং "কৃষিগোরক্ষবাণিজ্যং কুশীদঞ্চেতি বৃত্তয়ঃ" ] সংস্থিতা, তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ ॥ ৫৯—৬১

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে বৃত্তিরূপে অবস্থান করিতেছেন তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার, নমস্কার ॥ ৫৯—৬১

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু স্মৃতিরূপেণ ( অনুভূতবিষয়জ্ঞানরূপেণ ) সংস্থিতা, তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ ॥৬২—৬৪

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে স্মৃতিরূপে বিরাজমানা, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার নমস্কার ॥ ৬২—৬৪

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু দয়ারূপেণ সংস্থিতা, তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ [ দয়া পরদুঃখত্যাগেচ্ছা ॥ ] ৬৫—৬৭

যা দেবী সর্ব্বভূতেষু তুষ্টিরূপেণ সংস্থিতা।

নমস্তস্যৈ ॥ ৬৮ নমস্তস্যৈ ॥ ৬৯ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ৭০

যা দেবী সর্ব্বভূতেষু মাতৃরূপেণ সংস্থিতা।

নমস্তস্যৈ ॥ ৭১ নমস্তস্যৈ ॥ ৭২ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ৭৩

যা দেবী সর্ব্বভূতেষু ভ্রান্তিরূপেণ সংস্থিতা।

নমস্তস্যৈ ॥ ৭৪ নমস্তস্যৈ ॥ ৭৫ নমস্তস্যৈ নমো নমঃ ॥ ৭৬

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে দয়ারূপে অবস্থান করিতেছেন, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার, নমস্কার ॥ ৬৫—৬৭

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু তুষ্টিরূপেণ (সন্তোষরূপেণ) সংস্থিতা, তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ ॥ ৬৮—৭০

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে তুষ্টিরূপে অবস্থান করিতেছেন, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার নমস্কার ॥ ৬৮—৭০

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু মাতৃরূপেণ সংস্থিতা, তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ ॥ ৭১—৭৩

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে মাতৃরূপে অবস্থিত, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার, নমস্কার ॥ ৭১—৭৩

টীকা।—যা দেবী সর্ব্বভূতেষু ভ্রান্তিরূপেণ সংস্থিতা, তস্যৈ নমঃ, তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ ॥ ৭৪—৭৬

অনুবাদ।—যে দেবী সর্ব্বভূতে ভ্রান্তিরূপে অবস্থান করিতেছেন,

ইন্দ্রিয়াণামধিষ্ঠাত্রী ভূতানাঞ্চাখিলেষু যা।
ভূতেষু সততং তস্যৈ ব্যাপ্তিদেব্যৈ নমো নমঃ ॥ ৭৭
চিতিরূপেণ যা কৃৎস্নমেতদ্ব্যাপ্য স্থিতা জগৎ।
নমস্তস্যৈ ॥ ৭৮ ॥ নমস্তস্যৈ ॥ ৭৯ নমস্তস্যৈ নমো নমঃ ॥৮০

স্তুতা সুরৈঃ পূর্ব্বমভীষ্টসংশ্রয়া-
তথা সুরেন্দ্রেণ দিনেষু সেবিতা।
করোতু সা নঃ শুভহেতুরীশ্বরী,
শুভানি ভদ্রাণ্যভিহন্তু চাপদঃ ॥ ৮১

তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার, নমস্কার ॥ ৭৪—৭৬

টীকা।—যা অখিলেষু (সমগ্রেষু) ভূতেষু (প্রাণিষু) ভূতানাং (পৃথিব্যাদীনাং) ইন্দ্রিয়াণাঞ্চ, (চক্ষুরাদীনাঞ্চ, চকারাৎ তদধিষ্ঠাতৃণাং সূর্য্যাদীনাঞ্চ) সততম্ অধিষ্ঠাত্রী (প্রেরয়িত্রী), তস্যৈ ব্যাপ্তিদেব্যৈ (ব্যাপিকায়ৈ দেব্যৈ) নমো নমঃ ॥ ৭৭

অনুবাদ।—যিনি অখিল ভূতবর্গের, ক্ষিত্যাদি পঞ্চভূত ও চক্ষুরাদি ইন্দ্রিয়ের, ইন্দ্রিয়াধিষ্ঠাতৃ-সূর্য্যাদি দেবতাগণেরও অধিষ্ঠাত্রী, সেই ব্যাপ্তিদেবীকে সতত নমস্কার ॥ ৭৭

টীকা।—যা (দেবী) চিতিরূপেণ (চৈতন্যরূপেণ) এতৎ কৃৎস্নং (সমগ্রং) জগৎ ব্যাপ্য স্থিতা, তস্যৈ নমঃ তস্যৈ নমঃ, তস্যৈ নমো নমো নমঃ ॥ ৭৮—৮০

যা সাম্প্রতং চোদ্ধতদৈত্যতাপিতৈ-
রস্মাভিরীশা চ সুরৈর্নমস্যতে।
যা চ স্মৃতা তৎক্ষণমেব হন্তি নঃ,
সর্ব্বাপদো ভক্তিবিনম্রমূর্ত্তিভিঃ ॥ ৮২

অনুবাদ।—যে দেবী চৈতন্যরূপে এই সমগ্র জগৎ ব্যাপিয়া অবস্থান করিতেছেন, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, তাঁহাকে নমস্কার, নমস্কার, নমস্কার ॥ ৭৮—৮০

টীকা।—[যা] পূর্ব্বং (মহিষাসুরবিনাশকালে) দিনেষু (প্রতিদিনম্) অভীষ্টসংশ্রয়াৎ (বাঞ্ছিতফললাভায়) সুরৈঃ (দেবৈঃ সহ) সুরেন্দ্রেণ স্তুতা তথা (তথাশব্দশ্চার্থঃ) সেবিতা চ (গন্ধপুষ্পাদ্যুপহারৈঃ পূজিতা চ); সাম্প্রতম্ (ইদানীম্) উদ্ধতদৈত্যতাপিতৈঃ (উদ্ধতদৈত্যৈঃ শুম্ভাদিভিঃ পীড়িতৈঃ) অস্মাভিঃ (সুরৈঃ) যা (দেবী) নমস্যতে (স্তূয়তে); যা চ ঈশা (ঈশ্বরী) ভক্তিবিনম্রমূর্ত্তিভিঃ (ভক্ত্যা বিনম্রো মূর্ত্তির্দেহাদির্যেষাং তৈঃ) [অস্মাভিঃ] স্মৃতা [সতী] তৎক্ষণমেব (স্মরণসমকালমেব) নঃ (অস্মাকং) সর্ব্বাপদঃ (বিপত্তিসমূহান্) হন্তি; শুভহেতুঃ (মঙ্গলকারণং) সা ঈশ্বরী নঃ (অস্মাকং) [নিরন্তরাণি] শুভানি ভদ্রাণি (অতিশয়িতশুভানি) করোতু, আপদশ্চ অভিহন্তু (সর্ব্বতোভাবেন নাশয়তু) ॥ ৮১—৮২

অনুবাদ।—মহিষাসুরবধকালে বাঞ্ছিত ফল লাভের আশায় দেবগণ সহ দেবেন্দ্র প্রতিদিন যাঁহার স্তব ও গন্ধ-পুষ্পাদি উপহারে পূজা করিয়াছিলেন, ইদানীং আমরা দুর্দ্দান্ত দৈত্য শুম্ভাদি কর্ত্তৃক পীড়িত

ঋষিরুবাচ ॥ ৮৩

এবং স্তবাদিযুক্তানাং দেবানাং তত্র পার্ব্বতী।
স্নাতুমভ্যাযযৌ তোয়ে জাহ্নব্যা নৃপনন্দন ॥ ৮৪
সাব্রবীত্তান্ সুরান্ সুভ্রূর্ভবদ্ভিঃ স্তূয়তেঽত্র কা।
শরীরকোষতশ্চাস্যাঃ সমুদ্ভূতাব্রবীচ্ছিবা ॥ ৮৫

হইয়া যে ঈশ্বরীকে স্তব করিতেছি ; ভক্তিবিনম্র-শরীরে যাঁহাকে স্মরণ করিলে যিনি আমাদের সর্ব্ববিধ আপদ্‌রাশি তৎক্ষণাৎ বিনাশ করেন, সেই শুভাদায়িনী ঈশ্বরী নিরন্তর আমাদের শুভ সম্পাদন করুন, আমাদের বিপদ্ বিনাশ করুন ॥ ৮১।৮২

টীকা।—ঋষিঃ (মেধাঃ) উবাচ ॥ ৮৩ ॥ হে নৃপনন্দন (সুরথ!) তত্র (স্থানে) এবম্ (উক্তপ্রকারেণ) স্তবাদিযুক্তানাং) (স্তবাদৌ তৎপরাণাম্ আদিনা পূজা-প্রাণায়াম-ধ্যান-ধারণাদেঃ সংগ্রহঃ) দেবানাং [সমীপে] পার্ব্বতী জাহ্নব্যাঃ (গঙ্গায়াঃ) তোয়ে স্নাতুম্ অভ্যাযযৌ (আভিমুখ্যেন গতবতী) ॥ ৮৪

অনুবাদ।—ঋষিবর মেধস্ সুরথকে বলিলেন,—হে নৃপনন্দন! সুরথ! পার্ব্বতী এইরূপ স্তবাদিপরায়ণ দেবগণের সমীপে তথায় জাহ্নবী-জলে স্নান করিবার নিমিত্ত উপস্থিত হইলেন ॥ ৮৩।৮৪

টীকা।—সা (প্রসিদ্ধা) সুভ্রূঃ (সুন্দরভ্রূযুক্তা পার্ব্বতী) তান্ সুরান্ (ইন্দ্রাদীন্) অব্রবীৎ (উক্তবতী), ভবদ্ভিঃ অত্র কা স্তূয়তে? অস্যাঃ (পার্ব্বত্যাঃ) শরীরকোষতঃ (শরীরমেব কোষঃ রত্নৌঘরূপঃ, তস্মাৎ) সমুদ্ভূতা (প্রাদুর্ভূতা) [সতী] শিবা অব্রবীৎ ॥ ৮৫

স্তোত্রং মমৈতৎ ক্রিয়তে শুম্ভদৈত্যনিরাকৃতৈঃ।
দেবৈঃ সমেতৈঃ সমরে নিশুম্ভেন পরাজিতৈঃ ॥ ৮৬
শরীরকোষাৎ যত্তস্যাঃ পার্ব্বত্যা নিঃসৃতাম্বিকা।
কৌষিকীতি সমস্তেষু ততো লোকেষু গীয়তে ॥ ৮৭

অনুবাদ।—সেই সুভ্রূ ভগবতী পার্ব্বতী দেবগণকে জিজ্ঞাসা করিলেন, আপনারা কাহাকে স্তব করিতেছেন? [তাঁহারা উত্তর করিতে না করিতেই] তাঁহার শরীর-কোষ হইতে শিবা আবির্ভূত হইয়া বলিলেন ॥ ৮৫

টীকা।—সমরে (যুদ্ধে) শুম্ভদৈত্যনিরাকৃতৈঃ (শুম্ভদৈত্যেন স্বর্গাৎ নিরস্তৈঃ) নিশুম্ভেন [চ] পরাজিতৈঃ (অভিভূতৈঃ) সমেতৈঃ (অত্র মিলিতৈঃ) এতৈঃ দেবৈঃ এতৎ মম (শিবায়াঃ) স্তোত্রং ক্রিয়তে ॥ ৮৬

অনুবাদ।—যুদ্ধে নিশুম্ভ কর্ত্তৃক পরাজিত এবং শুম্ভ কর্ত্তৃক স্বর্গ হইতে বিতাড়িত এই দেবগণ মিলিত হইয়া আমারই স্তব করিতেছেন ॥৮

টীকা।—যৎ (যস্মাৎ) তস্যাঃ পার্ব্বত্যাঃ শরীরকোষাৎ অম্বিকা নিঃসৃতা (নির্গতা) ততঃ (তস্মাদ্ধেতোঃ) সমস্তেষু লোকেষু (ভুবনেষু জনেষু বা) কৌষিকীতি গীয়তে (উচ্যতে মুনিভিরিতি শেষঃ) ॥ ৮৭

অনুবাদ।—এই দেবী, অম্বিকা পার্ব্বতীর শরীরকোষ হইতে আবির্ভূত হইয়াছেন বলিয়া সমস্ত লোকে কৌষিকী নামে বিখ্যাত হইলেন ॥ ৮৭

তস্যাং বিনির্গতায়াস্তু কৃষ্ণাভূৎ সাপি পার্ব্বতী।
কালিকেতি সমাখ্যাতা হিমাচলকৃতাশ্রয়া ॥ ৮৮
ততোঽম্বিকাং পরং রূপং বিভ্রাণাং সুমনোহরম্।
দদর্শ চণ্ডো মুণ্ডশ্চ ভৃত্যৌ শুম্ভ-নিশুম্ভয়োঃ ॥ ৮৯
তাভ্যাং শুম্ভায় চাখ্যাতা অতীব সুমনোহরা।
কাপ্যাস্তে স্ত্রী মহারাজ ভাসয়ন্তী হিমাচলম্ ॥ ৯০

টীকা।—তস্যাং (কৌষিক্যাং) বিনির্গতায়াং তু (আবির্ভূতায়ামেব) সাপি হিমাচলকৃতাশ্রয়া (হিমালয়বাসিনী) পার্ব্বতী কৃষ্ণা (কৃষ্ণবর্ণা) অভূৎ; [ইতি হেতোঃ] কালিকা ইতি সম্যাখ্যাতা (প্রসিদ্ধা) [অভূৎ] ॥ ৮৮

অনুবাদ।—পার্ব্বতীর দেহ হইতে কৌষিকী আবির্ভূতা হইতেই হিমাচলবাসিনী পার্ব্বতী কৃষ্ণবর্ণা হইলেন, এইজন্য কালিকা নামে প্রসিদ্ধ হইলেন ॥ ৮৮

টীকা।—ততঃ (প্রাদুর্ভাবানন্তরং) শুম্ভ-নিশুম্ভয়োঃ ভৃত্যৌ চণ্ডঃ মুণ্ডশ্চ পরম্ (অত্যুৎকৃষ্টং) সুমনোহরম্ (অতিরমণীয়ং) রূপং বিভ্রাণাং (ধারয়ন্তীম্) অম্বিকাং (জগন্মাতরং কৌষিকীং) দদর্শ ॥ ৮৯

অনুবাদ।—অনন্তর শুম্ভ-নিশুম্ভের ভৃত্য চণ্ড এবং মুণ্ড পরম-মনোহররূপধারিণী কৌষিকী অম্বিকাকে দেখিতে পাইল ॥ ৮৯

টীকা।—[ন কেবলং দদর্শ, কিন্তু] তাভ্যাং (চণ্ডমুণ্ডাভ্যাং) শুম্ভায় আখ্যাতা চ (কথিতা চ); [কিন্তৎ?] [হে] মহারাজ! হিমাচলং (হিমালয়ং গিরিরাজং) ভাসয়ন্তী (শোভয়ন্তী) অতীব সুমনোহরা কাপি [বচনাগোচরা] স্ত্রী আস্তে (বিদ্যতে) ॥ ৯০

নৈব তাদৃক্ কচিদ্রূপং দৃষ্টং কেনচিদুত্তমম্ ।
জ্ঞায়তাং কাপ্যসৌ দেবী গৃহ্যতাঞ্চাসুরেশ্বর ॥ ৯১
স্ত্রীরত্নমতিচার্ব্বঙ্গী দ্যোতয়ন্তী দিশস্ত্বিষা ।
সা তু তিষ্ঠতি দৈত্যেন্দ্র তাং ভবান্ দ্রষ্টুমর্হতি ॥ ৯২

অনুবাদ ।—তাহারা [ যে কেবল দর্শন করিল, তাহা নহে, পরন্তু ] শুম্ভের নিকটে গিয়া বলিল,—মহারাজ ! অতীব সুন্দরী কোন এক রমণী হিমালয় উদ্ভাসিত করিয়া অবস্থান করিতেছে ॥ ৯০

টীকা ।—হে অসুরেশ্বর ! ( অসুরপতে ! ) তাদৃক্ ( তাদৃশম্ ) উত্তমং ( রমণীয়ং ) রূপং কচিদপি ( কুত্রাপি দেশে কালে চ ) কেনচিৎ ( জনেন ) নৈব দৃষ্টম্ ; অসৌ কাপি দেবী ; [ অতঃ ] জ্ঞায়তাং ( তৎস্বরূপং বিচার্য্যতাং ) [ ন কেবলমেতাবৎ, কিন্তু ] গৃহ্যতাঞ্চ ॥ ৯১

অনুবাদ ।—হে অসুরেন্দ্র ! তাদৃশ অত্যুত্তম রূপ কেহ কোন কালে বা কোন দেশে দেখে নাই ; ইনি নিশ্চয়ই কোন দেবী ; আপনি লোক দ্বারা ইঁহার স্বরূপ অবগত হউন, [ কেবল যে ইহাই, তাহা নহে, পরন্তু ] ইঁহাকে গ্রহণ করুন ॥ ৯১

টীকা ।—সা তু স্ত্রীরত্নং (স্ত্রীশ্রেষ্ঠা, "রত্নং স্বজাতিশ্রেষ্ঠেঽপী"ত্যমরঃ) অতিচার্ব্বঙ্গী ( অতিচারূণি অঙ্গানি করচরণাদীনি যস্যাঃ সা ) ত্বিষা ( কান্ত্যা ) দিশঃ দ্যোতয়ন্তী ( শোভয়ন্তী ) [ সতী ] তিষ্ঠতি। হে দৈত্যেন্দ্র ! ভবান্ তাং ( দেবীং ) দ্রষ্টুম্ অর্হতি ॥ ৯২

অনুবাদ ।—সেই চারু-অবয়বা রমণী স্ত্রীগণের মধ্যে রত্নস্বরূপা ;

যানি রত্নানি মণয়ো গজাশ্বাদীনি বৈ প্রভো।
ত্রৈলোক্য তু সমস্তানি সাম্প্রতং ভান্তি তে গৃহে ॥ ৯৩
ঐরাবতঃ সমানীতো গজরত্নং পুরন্দরাৎ।
পারিজাততরুশ্চায়ং তথৈবোচ্চৈঃশ্রবা হয়ঃ ॥ ৯৪
বিমানং হংসসংযুক্তমেতত্তিষ্ঠতি তেঽঙ্গনে।
রত্নভূতমিহানীতং যদাসীদ্বেধসোঽদ্ভুতম্ ॥ ৯৫

ইনি স্বীয় দেহকান্তিতে দিঙ্মণ্ডল সমুদ্ভাসিত করিয়া অবস্থিতি করিতেছেন। হে দৈত্যেন্দ্র! আপনি ইঁহাকে দেখিতে পারেন ॥ ৯২

টীকা।—[ হে ] প্রভো! ত্রৈলোক্যে গজাশ্বাদীনি যানি রত্নানি ( স্বজাতিশ্রেষ্ঠানি ) [ যে চ ] মণয়ঃ ( মহাপদ্মাদয়ঃ ) [ সন্তি; তানি ] তু ( অপি ) সমস্তানি সাম্প্রতম্ ( ইদানীং ) তে ( তব ) গৃহে ভান্তি ( শোভন্তে ) ॥ ৯৩

অনুবাদ।—হে প্রভো! ত্রৈলোক্যে যে সমস্ত শ্রেষ্ঠ হস্তী অশ্বাদি রত্ন ও মহাপদ্মাদি মণি আছে, তৎসমস্তই সম্প্রতি আপনার গৃহে শোভা পাইতেছে ॥ ৯৩

টীকা।—পুরন্দরাৎ ( ইন্দ্রাৎ ) গজরত্নং ( গজশ্রেষ্ঠং ) ঐরাবতঃ সমানীতঃ, অয়ং পারিজাততরুঃ, তথা উচ্চৈঃশ্রবাঃ হয়শ্চ [ আনীতঃ ] ॥ ৯৪

অনুবাদ।—আপনি ইন্দ্রের নিকট হইতে গজরত্ন ঐরাবত, [ বৃক্ষরত্ন ] এই ( সম্মুখস্থ ) পারিজাত তরু, [ অশ্বরত্ন ] উচ্চৈঃশ্রবা অশ্ব আনয়ন করিয়াছেন ॥ ৯৪

টীকা।—বেধসঃ ( ব্রহ্মণঃ ) যৎ হংসসংযুক্তম্ অদ্ভুতম্ ( অত্যা-

নিধিরেষ মহাপদ্মঃ সমানীতো ধনেশ্বরাৎ ।
কিঞ্জল্কিনীং দদৌ চাব্ধির্মালামম্লানপঙ্কজাম্ ॥ ৯৬
ছত্রন্তে বারুণং গেহে কাঞ্চনস্রাবি তিষ্ঠতি ।
তথায়ং স্যন্দনবরো যঃ পুরাসীৎ প্রজাপতেঃ ॥ ৯৭

শ্চর্য্যং ) রত্নভূতং ( রত্নস্বরূপং ) বিমানম্ আসীৎ ; এতৎ আনীতং [ সৎ ] ইহ তে ( তব ) অঙ্গনে ( চত্বরে ) তিষ্ঠতি ॥ ৯৫

অনুবাদ ।—ব্রহ্মার হংসসংযুক্ত অত্যাশ্চর্য্য রত্নস্বরূপ যে বিমান ছিল, তাহা আনীত হইয়া এই আপনার অঙ্গনে রহিয়াছে ॥ ৯৫

টীকা ।—এষঃ মহাপদ্মঃ ( মহাপদ্মনামা ) নিধিঃ ধনেশ্বরাৎ ( কুবেরাৎ ) সমানীতঃ। অব্ধিশ্চ ( সমুদ্রশ্চ ) অম্লানপঙ্কজাম্ ( অম্লানানি পঙ্কজানি যস্যাম্ এবম্ভূতাং ) কিঞ্জল্কিনীং ( তন্নাম্নীং ) মালাং [ তুভ্যং ] দদৌ ( দত্তবান্ ) ॥ ৯৬

অনুবাদ ।—আপনি এই মহাপদ্ম নামক নিধি ধনপতি কুবেরের নিকট হইতে আনয়ন করিয়াছেন। সমুদ্র, কিঞ্জল্কিনী নাম্নী অবিশীর্ণ চিরপ্রস্ফুটিত পদ্মমালাও আপনাকে প্রদান করিয়াছেন ॥ ৯৬

টীকা ।—তে ( তব ) গেহে কাঞ্চনস্রাবি ( স্বর্ণবর্ষণশীলং ) বারুণং ( বরুণসম্বন্ধি ছত্রং তিষ্ঠতি ) তথা ( তথাশব্দশ্চার্থঃ ) প্রজাপতেঃ ( দক্ষস্য ) চ যঃ স্যন্দনবরঃ ( যুদ্ধসাধনরথশ্রেষ্ঠঃ ) পুরা আসীৎ, [ সঃ ] অয়ং ( স্যন্দনবরঃ ) [ তব গেহে তিষ্ঠতি ইত্যন্বয়ঃ ] ॥ ৯৭

অনুবাদ ।—স্বর্ণবর্ষণশীল বরুণের ছত্র আপনাদের গৃহে রহিয়াছে; যে রথ পূর্ব্বে দক্ষ প্রজাপতির ছিল, সেই শ্রেষ্ঠ রথও আপনার গৃহে বিদ্যমান ॥ ৯৭

মৃত্যোরুৎক্রান্তিদা নাম শক্তিরীশ ত্বয়া হৃতা।
পাশঃ সলিলরাজস্য ভ্রাতুস্তব পরিগ্রহে ॥ ৯৮
নিশুম্ভস্যাব্ধিজাতাশ্চ সমস্তা রত্নজাতয়ঃ।
বহ্নিরপি দদৌ তুভ্যমগ্নিশৌচে চ বাসসী ॥ ৯৯
এবং দৈত্যেন্দ্র রত্নানি সমস্তান্যাহৃতানি তে।
স্ত্রীরত্নমেষা কল্যাণী ত্বয়া কস্মান্ন গৃহ্যতে ॥ ১০০

টীকা।—[ হে ] ঈশ! ( শত্রুনিরাকরণসমর্থ! ) মৃত্যোঃ ( যমস্য) উৎক্রান্তিদা (মরণদাত্রী ) নাম শক্তিঃ ( অস্ত্রবিশেষঃ ) ত্বয়া হৃতা। সলিল-রাজস্য ( বরুণস্য ) পাশঃ তব ভ্রাতুঃ ( নিশুম্ভস্য ) পরিগ্রহে ( অধিকারে, করণব্যুৎপত্ত্যা হস্তে বা ) [ অস্তি ] ॥ ৯৮

অনুবাদ।—আপনি যমের উৎক্রান্তিদা নামক শক্তি হরণ করিয়াছেন। সলিলরাজ বরুণের পাশাস্ত্র আপনার ভ্রাতা নিশুম্ভের হস্তে শোভা পাইতেছে ॥ ৯৮

টীকা।—অব্ধিজাতাঃ ( সমুদ্রজাতাঃ ) সমস্তাঃ ( সমগ্রাঃ ) রত্ন-জাতয়শ্চ ( পদ্মরাগাদয়শ্চ ) নিশুম্ভস্য [ পরিগ্রহে সন্তীতি শেষঃ ]। বহ্নি-রপি ( পাবকোঽপি ) অগ্নিশৌচে ( অগ্নিনা শৌচং শুদ্ধিঃ যয়োঃ, এতা-দৃশে ) বাসসী ( বস্ত্রযুগলং ) চ তুভ্যং দদৌ ( দত্তবান্ ) ॥ ৯৯

অনুবাদ।—সমুদ্রজাত পদ্মরাগাদি রত্নরাজি [ আপনার ভ্রাতা ] নিশুম্ভের অধিকারে আছে। বহ্নিও আপনাকে অগ্নি দ্বারা নির্ম্মলীকৃত বস্ত্রযুগল প্রদান করিয়াছেন ॥ ৯৯

টীকা।—হে দৈত্যেন্দ্র! এবম্ ( উক্তপ্রকারেণ) সমস্তানি

ঋষিরুবাচ ॥ ১০১

নিশম্যেতি বচঃ শুম্ভঃ স তদা চণ্ড-মুণ্ডয়োঃ।
প্রেষয়ামাস সুগ্রীবং দূতং দেব্যা মহাসুরম্ ॥ ১০২
ইতি চেতি চ বক্তব্যা সা গত্বা বচনান্মম।
যথা চাভ্যেতি সম্প্রীত্যা তথা কার্য্যং ত্বয়া লঘু ॥ ১০৩

রত্নানি তে ( তে ইতি কর্ত্তুঃ শেষত্ববিবক্ষায়াং ষষ্ঠী; ত্বয়া ইত্যর্থঃ ) আহৃতানি। এষা কল্যাণী স্ত্রীরত্নং ( স্ত্রীশ্রেষ্ঠা ) ত্বয়া কস্মাৎ ন গৃহ্যতে? [ গ্রহণং তু তবোচিতমেবেতি ভাবঃ ] ॥ ১০০

অনুবাদ।—হে দৈত্যরাজ! এইরূপে যাবতীয় শ্রেষ্ঠ রত্নসমূহ আপনি সংগ্রহ করিয়াছেন। এই কল্যাণী রত্নস্বরূপা স্ত্রীকে কি জন্য গ্রহণ করিতেছেন না? [ আপনি ইঁহাকেও গ্রহণ করুন ] ॥ ১০০

টীকা।—ঋষিঃ উবাচ ॥ ১০১ ॥ সঃ শুম্ভঃ তদা চণ্ড-মুণ্ডয়োঃ ইতি ( প্রলোভনাত্মকং ) বচঃ ( বাক্যং ) নিশম্য ( শ্রুত্বা ) দেব্যাঃ [ সমীপে ] সুগ্রীবং ( সুগ্রীবাখ্যং ) মহাসুরং দূতং প্রেষয়ামাস ( প্রেরিতবান্ ) ॥ ১০২

অনুবাদ।—ঋষি বলিলেন,—তখন শুম্ভ চণ্ড-মুণ্ডের সেই প্রলোভনাত্মক বাক্যসমূহ শ্রবণ করিয়া দেবীর নিকট সুগ্রীব নামক এক মহাসুরকে দূতরূপে প্রেরণ করিল ॥ ১০১।১০২

টীকা।—ত্বয়া গত্বা সা ইতি চ ইতি চ ( বক্ষ্যমাণং ) মম বচনাৎ ( মম বচনানুসারেণ ) বক্তব্যা; [ কিঞ্চ ] যথা ( যেন প্রকারেণ ) প্রীত্যা [ সা ] লঘু ( শীঘ্রম্ ) অভ্যেতি ( আগচ্ছতি ) তথা (তৎপ্রকারং) [ত্বয়া] কার্য্যম্ ( কর্ত্তব্যঞ্চ ) ॥ ১০৩

স তত্র গত্বা যত্রাস্তে শৈলোদ্দেশেঽতিশোভনে।
সা দেবী তাং ততঃ প্রাহ শ্লক্ষ্ণং মধুরয়া গিরা ॥ ১০৪

দূত উবাচ ॥ ১০৫

দেবী দৈত্যশ্বরঃ শুম্ভস্ত্রৈলোক্যে পরমেশ্বরঃ।
দূতোঽহং প্রেষিতস্তেন ত্বৎসকাশমিহাগতঃ ॥ ১০৬

অনুবাদ।—[ শুম্ভ কহিলেন ] তুমি সেখানে গমন করিয়া আমার আদেশানুসারে এই এই কথা তাঁহাকে বলিবে এবং যাহাতে সম্প্রীতি সহকারে তিনি এখানে সত্বর উপস্থিত হন, তাহার ব্যবস্থা করিবে ॥ ১০৩

টীকা।—সা দেবী ( কৌষিকী ) যত্র অতিশোভনে শৈলোদ্দেশে ( শৈলস্থ উৰ্দ্ধপ্রদেশে ) আস্তে, স ( সুগ্রীবঃ ) ততঃ ( শুম্ভসকাশাৎ ) তত্র গত্বা শ্লক্ষ্ণং ( কোমলং যথা স্যাৎ তথা ) মধুরয়া ( মনোহরয়া প্রলোভনাত্মিকয়েতি যাবৎ ) গিরা ( বাক্যেন ) তাং ( দেবীং কৌষিকীং ) প্রাহ ॥ ১০৪

অনুবাদ।—যে রমণীয় শৈলপ্রদেশে দেবী কৌষিকী অবস্থান করিতেছেন, দূত শুম্ভের নিকট হইতে তথায় গমন করিয়া কোমলভাবে মধুর বাক্যে তাঁহাকে বলিতে লাগিল ॥ ১০৪

টীকা।—দূতঃ ( সুগ্রীবঃ ) উবাচ ( দেবীং কথয়ামাস ) ॥ ১০৫ ॥ [হে] দেবি ! দৈত্যেশ্বরঃ ( দৈত্যাধিপতিঃ ) শুম্ভঃ ত্রৈলোক্যে পরমেশ্বরঃ ( ত্রৈলোক্যাধীশ্বরঃ ) [ অস্তি ]; অহং দূতঃ তেন (শুম্ভেন) ইহ প্রেষিতঃ [ সন্ ] ত্বৎসকাশং ( তব সমীপম্ ) আগতঃ ॥ ১০৬

অব্যাহতাজ্ঞঃ সর্ব্বাসু যঃ সদা দেবযোনিষু ।
নির্জিতাখিলদৈত্যারিঃ স যদাহ শৃণুষ্ব তৎ ॥ ১০৭
মম ত্রৈলোক্যমখিলং মম দেবা বশানুগাঃ ।
যজ্ঞভাগানহং সর্ব্বানুপাশ্নামি পৃথক্ পৃথক্ ॥ ১০৮

অনুবাদ।—সেই সুগ্রীব দূত দেবীকে বলিল, দৈত্যাধিপতি শুম্ভ ত্রিলোকের একমাত্র অধীশ্বর। আমি তাঁহার দূত; আমাকে এখানে প্রেরণ করায় আমি আপনার নিকট উপস্থিত হইয়াছি ॥ ১০৫।১০৬

টীকা।—নির্জিতাখিলদৈত্যারিঃ ( নির্জ্জিতনিখিলদেবগণঃ ) যঃ ( শুম্ভঃ ) সদা ( সর্ব্বদা ) সর্ব্বাসু দেবযোনিষু ( দেবতাসু ) অব্যাহতাজ্ঞঃ ( অব্যাহতা অপ্রতিহতা আজ্ঞা যস্য ) সঃ ( শুম্ভঃ ) যৎ প্রাহ তৎ শৃণুষ্ব [ ত্বমিতি শেষঃ ] ॥ ১০৭

অনুবাদ।—যাঁহার আজ্ঞা সমস্ত দেবগণের মধ্যে কখনও ব্যাহত হয় না, যিনি সমস্ত দৈত্য-শত্রু দেববর্গকে নিঃশেষে জয় করিয়াছেন, সেই শুম্ভ আপনাকে যাহা বলিয়াছেন, তাহা শ্রবণ করুন ॥ ১০৭

টীকা।—অখিলং ( সমগ্রং ) ত্রৈলোক্যং মম ( মদীয়ম্ ), [ অখিলাঃ ] দেবাঃ মম বশানুগাঃ ( মদধীনাঃ মমানুবর্ত্তিনশ্চ ); অহং সর্ব্বান্ যজ্ঞভাগান্ ( পুরোডাশাদীন্ ) পৃথক্ পৃথক্ ( ইন্দ্রাদিরূপেণ ) উপাশ্নামি ( ভক্ষয়ামি ) ॥ ১০৮

অনুবাদ।—এই সমস্ত ত্রৈলোক্য আমার, দেবগণ আমারই অধীন, আমারই আজ্ঞানুবর্ত্তী; আমি ইন্দ্রাদিরূপে [ ইন্দ্রাদি

ত্রৈলোক্যে বররত্নানি মম বশ্যান্যশেষতঃ।
তথৈব গজরত্নানি হৃত্বা দেবেন্দ্রবাহনম্‌ ॥ ১০৯
ক্ষীরোদমথনোদ্ভূতমশ্বরত্নং মমামরৈঃ।
উচ্চৈঃশ্রবসসংজ্ঞন্তৎ প্রণিপত্য সমর্পিতম্‌ ॥ ১১০
যানি চান্যানি দেবেষু গন্ধর্বেষূরগেষু চ।
রত্নভূতানি ভূতানি তানি ময্যেব শোভনে ॥ ১১১

দেবোদ্দেশ্যে প্রদত্ত] পুরোডাশাদি যাবতীয় যজ্ঞভাগ উপভোগ করিতেছি ॥ ১০৮

টীকা।—ত্রৈলোক্যে [যানি বররত্নানি] (শ্রেষ্ঠরত্নানি) [তানি] অশেষতঃ (সাকল্যেন) মম বশ্যানি, তথৈব গজরত্নানি (ঐরাবতাদীনি) অশেষতঃ (সাকল্যেন) মম বশ্যানি। অমরৈঃ (দেবৈঃ) ক্ষীরোদমথনোদ্ভূতং (ক্ষীরোদসমুদ্রমন্থনে জাতং) দেবেন্দ্র-বাহনং (দেবেন্দ্রস্য শচীপতেঃ বাহনং) উচ্চৈঃশ্রবসসংজ্ঞম্‌ (উচ্চৈঃশ্রবাঃ ইতি নামানং, ছান্দসত্বাৎ ক্বচিদন্যত্রাপীতি বা সমাসান্তঃ অৎপ্রত্যয়ঃ) তৎ (প্রসিদ্ধম্‌) অশ্বরত্নং হৃত্বা (আনীয়) প্রণিপত্য মম [সম্বন্ধে] সমর্পিতং (দত্তম্‌) ॥ ১০৯।১১০

অনুবাদ।—ত্রিভুবনে যে সমস্ত উৎকৃষ্ট রত্নসমূহ এবং গজরত্ননিবহ বিদ্যমান আছে, তৎসমস্ত সম্পূর্ণরূপে আমারই আয়ত্ত। অমরগণ ক্ষীরসমুদ্রমন্থন-সম্ভূত ইন্দ্রের বাহন উচ্চৈঃশ্রবা নামক সেই প্রসিদ্ধ অশ্বরত্ন ইন্দ্রের নিকট হইতে আনয়ন করিয়া প্রণতিসহকারে আমাকে সমর্পণ করিয়াছে ॥ ১০৯।১১০

টীকা।—[হে] শোভনে! দেবেষু গন্ধর্বেষু(বিশ্বাবস্বাদিষু)উরগেষু

স্ত্রীরত্নভূতাং ত্বাং দেবি লোকে মন্যামহে বয়ম্ ।
সা ত্বমস্মানুপাগচ্ছ যতো রত্নভুজো বয়ম্ ॥ ১১২
মাং বা মমানুজং বাপি নিশুম্ভমুরুবিক্রমম্ ।
ভজ ত্বং চঞ্চলাপাঙ্গি রত্নভূতাসি বৈ যতঃ ॥ ১১৩

( সর্পেষু বাসুকিপ্রভৃতিষু, চকারাৎ যক্ষ-বিদ্যাধরাদিষু চ ) অন্যানি যানি রত্নভূতানি ( রত্নস্বরূপাণি ) ভূতানি ( বস্তূনি ) [ সন্তি ]; তানি ময়ি ( শুম্ভে ) এব [ সন্তি ] ॥ ১১১

অনুবাদ।—হে শোভনে! দেব, গন্ধর্ব্ব ও বাসুকি প্রভৃতি নাগগণের মধ্যে অন্যান্য যে সমস্ত রত্নস্বরূপ বস্তুসমূহ আছে, তৎসমস্তই সম্প্রতি আমারই অধিকারে আছে ॥ ১১১

টীকা।—[ হে ] দেবি ! লোকে ( ভুবনে ) বয়ং ত্বাং স্ত্রীরত্নভূতাং মন্যামহে ; সা ( স্ত্রীরত্নভূতা ) ত্বম্ অস্মান্ উপাগচ্ছ অস্মৎসমীপমাগচ্ছ ) ; যতো বয়ং রত্নভুজঃ ( রত্নভোগার্হাঃ ) ॥ ১১২

অনুবাদ।—হে দেবি ! এই সংসারে আমরা তোমাকে স্ত্রীরত্ন বলিয়া মনে করি ; অতএব তুমি আমাদের নিকট আগমন কর ; যে হেতু আমরাই একমাত্র রত্নভোগে সমর্থ ॥ ১১২

টীকা।—[ হে ] চঞ্চলাপাঙ্গি ! উরুবিক্রমং ( মহাবিক্রমং ) মাং বা মম অনুজং ( নিশুম্ভং ) বাপি ত্বং ভজ ; যতো বৈ ( নিশ্চয়ে ) ত্বং রত্নভূতা অসি ॥ ১১৩

অনুবাদ।—হে চপলাপাঙ্গি ! মহাবিক্রমশালী আমাকে বা আমার অনুজ ভ্রাতা নিশুম্ভকে ভজনা কর, যেহেতু তুমি রত্নভূতা ॥ ১১৩

পরমৈশ্বর্য্যমতুলং প্রাপ্স্যসে মৎপরিগ্রহাৎ।
এতদ্‌বুদ্ধ্যা সমালোচ্য মৎপরিগ্রহতাং ব্রজ ॥ ১১৪
ঋষিরুবাচ ॥ ১১৫
ইত্যুক্তা সা তদা দেবী গম্ভীরান্তঃস্মিতা জগৌ।
দুর্গা ভগবতী ভদ্রা যয়েদং ধার্য্যতে জগৎ ॥ ১১৬

টীকা।—মৎপরিগ্রহাৎ (মদাশ্রয়াৎ) অতুলং পরমৈশ্বর্য্যং (পরমাং বিভূতিং) প্রাপ্স্যসে; [প্রাপ্স্যামীতি] বুদ্ধ্যা এতৎ ময়োক্তং সমালোচ্য (বিচার্য্য) মৎপরিগ্রহতাং (মম কলত্রতাং) ব্রজ (স্বীকুরু, ত্বমিতি শেষঃ) ॥ ১১৪

অনুবাদ।—তুমি আমার আশ্রয়ে থাকিলে, অতুলনীয় পরম ঐশ্বর্য্য লাভ করিবে; বুদ্ধি দ্বারা এই সকল বিষয় পর্য্যালোচনা করিয়া আমার পত্নীত্ব স্বীকার কর ॥ ১১৪

টীকা।—ঋষিঃ উবাচ (সুরথমিতি শেষঃ) ॥ ১১৫ ॥ যয়া দেব্যা ইদং জগৎ ধার্য্যতে, সা দুর্গা (দুর্জ্ঞেয়া) ভগবতী (অচিন্ত্যৈশ্বর্য্যযুক্তা) ভদ্রা (মঙ্গলহেতুঃ) দেবী ইতি উক্তা [সতী] তদা (তস্মিন্ কালে) গম্ভীরা (দুর্ব্বোধাভিপ্রায়া) অন্তঃস্মিতা (নিগূঢ়হাসা) [সতী] জগৌ (দূতম্ উক্তবতী) ॥ ১১৬

অনুবাদ।—ঋষি বলিলেন,—দূত দেবীকে এই প্রকার বলিলে সেই মঙ্গলদায়িনী জগদ্ধাত্রী দেবী ভগবতী দুর্গা মনে মনে ঈষৎ হাসিয়া গম্ভীরভাবে বলিলেন ॥ ১১৫।১১৬

## দেব্যুবাচ ॥ ১১৭

সত্যমুক্তং ত্বয়া নাত্র মিথ্যা কিঞ্চিত্ত্বয়োদিতম্ ।
ত্রৈলোক্যাধিপতিঃ শুম্ভো নিশুম্ভশ্চাপি তাদৃশঃ ॥ ১১৮
কিন্ত্বত্র যৎ প্রতিজ্ঞাতং মিথ্যা তৎ ক্রিয়তে কথম্ ।
শ্রূয়তামল্পবুদ্ধিত্বাৎ প্রতিজ্ঞা যা কৃতা পুরা ॥ ১১৯
যো মাং জয়তি সংগ্রামে যো মে দর্পং ব্যপোহতি ।
যো মে প্রতিবলো লোকে স মে ভর্ত্তা ভবিষ্যতি ॥ ১২০

টীকা ।—দেবী উবাচ ॥১১৭॥ ত্বয়া সত্যং (যথার্থম্) উক্তম, অত্র ( অস্মিন্ বিষয়ে ) ত্বয়া কিঞ্চিৎ [ অপি ] মিথ্যা ন উদিতম্ ( ন উক্তম্ ); শুম্ভঃ ত্রৈলোক্যাধিপতিঃ, নিশুম্ভশ্চ অপি তাদৃশঃ ( ত্রৈলোক্যাধিপতি-রিত্যর্থঃ ) ॥ ১১৮

অনুবাদ ।—দেবী বলিলেন, তুমি সমস্তই যথার্থ বলিয়াছ, এ বিষয়ে কিছুমাত্র মিথ্যা বল নাই। শুম্ভ ত্রৈলোক্যের অধিপতি, নিশুম্ভও তৎসদৃশ অর্থাৎ ত্রৈলোক্যের অধিপতি ॥ ১১৭।১১৮

টীকা ।—কিন্তু অত্র ( পরিগ্রহত্ববিষয়ে ) [ ময়া ] যৎ প্রতিজ্ঞাতং ( সঙ্কল্পিতং ) তৎ কথং মিথ্যা ক্রিয়তে ? [ ময়েত্যনুষঙ্গঃ ]; অল্পবুদ্ধিত্বাৎ ( বালসুলভচাপল্যাৎ ) পুরা যা প্রতিজ্ঞা কৃতা, [ সা ] শ্রূয়তাম্ ॥ ১১৯

অনুবাদ ।—কিন্তু এ বিষয়ে আমার একটি প্রতিজ্ঞা আছে, তাহা কিরূপে মিথ্যা করিব ? অল্পবুদ্ধিত্ব বশতঃ আমি পূর্ব্বে যে প্রতিজ্ঞা করিয়াছি, তাহা শ্রবণ কর ॥ ১১৯

তদাগচ্ছতু শুম্ভোঽত্র নিশুম্ভো বা মহাসুরঃ।
মাং জিত্বা কিং চিরেণাত্র পাণিং গৃহ্নাতু মে লঘু॥ ১২১

দূত উবাচ॥ ১২২

অবলিপ্তাসি মৈবং ত্বং দেবি ব্রূহি মমাগ্রতঃ।
ত্রৈলোক্যে কঃ পুমাংস্তিষ্ঠেদগ্রে শুম্ভ-নিশুম্ভয়োঃ॥ ১২৩

টীকা।—যঃ সংগ্রামে (যুদ্ধে) মাং জয়তি (জেষ্যতি), যশ্চ মে (মম) দর্পং (গর্ব্বং) ব্যপোহতি (নাশয়িষ্যতি); যশ্চ লোকে মে (মম) প্রতিবলঃ (তুল্যঃ) স মে (মম) ভর্ত্তা ভবিষ্যতি॥ ১২০

অনুবাদ।—যিনি সংগ্রামে আমাকে জয় করিবেন, যিনি আমার গর্ব্ব বিনিষ্ট করিতে পারিবেন, কিংবা জগতে যিনি আমার তুল্য বলশালী, তিনিই আমার স্বামী হইবেন॥ ১২০

টীকা।—তৎ (তস্মাৎ) মহাসুরঃ শুম্ভঃ নিশুম্ভো বা অত্র (হিমগিরৌ, মাং জেতুম্) আগচ্ছতু, মাং জিত্বা লঘু (শীঘ্রং) মে (মম) পাণিং গৃহ্নাতু, অত্র (অস্মিন্ বিষয়ে) চিরেণ (বিলম্বেন) কিং (কিং প্রয়োজনম্? ন কিমপীত্যর্থঃ)॥ ১২১

অনুবাদ।—অতএব মহাসুর শুম্ভ বা নিশুম্ভ আমাকে জয় করিতে এই হিমাচলে শীঘ্র আগমন করুন এবং আমাকে জয় করিয়া শীঘ্র আমার পণিগ্রহণ করুন, এ বিষয়ে বিলম্বে প্রয়োজন কি?॥ ১২১

টীকা।—দূতঃ উবাচ॥ ১২২॥ [হে] দেবি! ত্বম্ অবলিপ্তাসি (গর্ব্বিতাসি) মম অগ্রতঃ (সম্মুখে) এবং মা ব্রূহি, ত্রৈলোক্যে শুম্ভ-

অন্যেষামপি দৈত্যানাং সর্ব্বে দেবা ন বৈ যুধি।
তিষ্ঠন্তি সম্মুখে দেবি কিং পুনঃ স্ত্রী ত্বমেকিকা॥ ১২৪
ইন্দ্রাদ্যাঃ সকলা দেবাস্তস্থুর্যেষাং ন সংযুগে।
শুম্ভাদীনাং কথং তেষাং স্ত্রী প্রযাস্যসি সম্মুখম্॥ ১২৫

নিশুম্ভয়োঃ অগ্রে কঃ পুমান্ তিষ্ঠেৎ (স্থাতুং শক্নুয়াৎ) [স্ত্রিয়াঃ কা বার্ত্তা?]॥ ১২৩

অনুবাদ।—দূত দেবীকে বলিল,—হে দেবি! আপনি অত্যন্ত গর্ব্বিত হইয়াছেন। আপনি আমার সম্মুখে এরূপ বলিবেন না; ত্রিভুবনে এমন পুরুষ কে আছে যে, শুম্ভ-নিশুম্ভের অগ্রে অবস্থান করিতে পারে? [আপনি ত স্ত্রীলোকে মাত্র]॥ ১২২।১২৩

টীকা।—[আস্তাং তয়োর্বার্ত্তা] হে দেবি! অন্যেষাং দৈত্যানামপি সম্মুখে যুধি (রণে) সর্ব্বে [মিলিতা অপি] দেবা ন বৈ (নিশ্চয়ে) তিষ্ঠন্তি, ত্বং স্ত্রী [তত্রাপি] একিকা (অসহায়া) [ন স্থাস্যসি এব, তত্র] কিং পুনঃ (বক্তব্যম্)॥ ১২৪

অনুবাদ।—হে দেবি! [শুম্ভ-নিশুম্ভের কথা দূরে থাকুক্] সমস্ত দেবগণ যুদ্ধে মিলিত হইয়াও অন্যান্য দৈত্যগণের সম্মুখে অবস্থান করিতে পারে না, আপনি ত স্ত্রী, আবার একাকিনী, [আপনি যে পারিবেনই না] ইহাতে আর বক্তব্য কি আছে?॥ ১২৪

টীকা।—যেষাং শুম্ভাদীনাং সংযুগে (রণে) ইন্দ্রাদ্যাঃ সকলাঃ দেবাঃ ন তস্থুঃ (স্থাতুং ন সমর্থাঃ); ত্বং স্ত্রী, তেষাং সম্মুখং কথং প্রযাস্যসি? ১২৫

সা ত্বং গচ্ছ ময়ৈবোক্তা পার্শ্বং শুম্ভ-নিশুম্ভয়োঃ।
কেশাকর্ষণনির্দ্ধূতগৌরবা মা গমিষ্যসি ॥ ১২৬

দেব্যুবাচ ॥ ১২৭

এবমেতদ্বলী শুম্ভো নিশুম্ভশ্চাতিবীর্য্যবান্।
কিং করোমি প্রতিজ্ঞা মে যদনালোচিতা পুরা ॥ ১২৮

অনুবাদ।—ইন্দ্রাদি সমস্ত দেবগণ যুদ্ধক্ষেত্রে যাঁহাদের সম্মুখে অবস্থান করিতে সমর্থ হন না, আপনি ত স্ত্রীলোক, কিরূপে তাঁহাদের সম্মুখে গমন করিবেন ? ॥ ১২৫

টীকা।—সা ত্বং [যদ্যেবং প্রতিজ্ঞাতবতী তথাপি] ময়া এব উক্তা (উপদিষ্টা) [সতী] শুম্ভ-নিশুম্ভয়োঃ পার্শ্বং (সমীপং) গচ্ছ (গমনং কুরু); কেশাকর্ষণনির্দ্ধূতগৌরবা (কেশানাম্ আকর্ষণেন নির্দ্ধূতং খণ্ডিতং গৌরবং যস্যাঃ তাদৃশী) [সতী] মা গমিষ্যসি ? (ন যাস্যসি) [সসম্মানমেব গমনং সমুচিতমিতি ভাবঃ] ॥ ১২৬

অনুবাদ।—আপনি যদিও এরূপ প্রতিজ্ঞা করিয়াছেন, তথাপি আমি আপনাকে বলিতেছি, আপনি শুম্ভ-নিশুম্ভের নিকট গমন করুন, কেন না যদি সদ্ভাবে না যান, তবে ত উহারা কেশাকর্ষণ করিয়া লইয়া যাইবে, তখন আর কোন গৌরব থাকিবে না ; অতএব সসম্মানে যাওয়াই সমীচীন ॥ ১২৬

টীকা।—দেবী উবাচ ॥ ১২৭ ॥ এবম্ এতৎ (ত্বয়া যদুক্তং তৎ উক্তরূপমেব); [যতঃ] শুম্ভঃ বলী (বলবান্) নিশুম্ভশ্চ অতিবীর্য্যবান্ (অতিশক্তিমান্) [কিন্তু] কিং করোমি, যৎ (যস্মাৎ) মে (মম)

স ত্বং গচ্ছ ময়োক্তন্তে যদেতৎ সর্ব্বমাদৃতঃ।
তদাচক্ষ্বাসুরেন্দ্রায় স চ যুক্তং করোতু যৎ ॥ ১২৯
ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে
দেবীমাহাত্ম্যে দেব্যা দূতসংবাদঃ ॥ ৫

প্রতিজ্ঞা পুরা [ ময়া ] ন আলোচিতা ( যোগ্যা অযোগ্যা বা ইতি ন বিচারিতা) ॥ ১২৮

অনুবাদ।—দেবী বলিলেন,—ইহা ঠিক বটে; শুম্ভ বলবান্, নিশুম্ভও অতিশয় বীর্য্যবান্; কিন্তু আমি আলোচনা না করিয়াই পূর্ব্বে প্রতিজ্ঞা করিয়াছি, এখন কি করিব ? ॥ ১২৭।১২৮

টীকা।—সঃ ত্বং গচ্ছ ( শুম্ভস্য সমীপে ইতি শেষঃ ); ময়া যৎ এতৎ তে ( তুভ্যম্ ) উক্তং তৎ এতৎ সর্ব্বম্ আদৃতঃ ( সাদরঃ সন্ ) অসুরেন্দ্রায় ( শুম্ভায় ) আচক্ষ্ব ( ব্রূহি ); স চ ( শুম্ভঃ ) যৎ যুক্তম্ ( উচিতং ) তৎ করোতু ॥ ১২৯

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে সুপ্রভাখ্যায়াং টীকায়াং দেবীদূতসংবাদো নাম পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫

অনুবাদ।—তুমি শুম্ভের নিকট গমন কর; আমি যাহা বলিলাম, [ অতি যত্নসহকারে সেই সমস্ত ] অসুরেন্দ্রকে বল, তিনি যাহা উচিত মনে করেন, তাহাই করুন ॥ ১২৯

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যানুবাদে পঞ্চমাধ্যায়ে দেবী-দূতসংবাদ ॥ ৫

# ষষ্ঠোঽধ্যায়ঃ

ঋষিরুবাচ ॥ ১

ইত্যাকর্ণ্য বচো দেব্যাঃ স দূতোঽমর্ষপূরিতঃ।
সমাচষ্ট সমাগম্য দৈত্যরাজায় বিস্তরাৎ ॥ ২
তস্য দূতস্য তদ্বাক্যমাকর্ণ্যাসুররাট্ ততঃ।
সক্রোধঃ প্রাহ দৈত্যানামধিপং ধূম্রলোচনম্ ॥ ৩

টীকা।—ঋষিঃ ( মেধাঃ ) উবাচ ( সুরথং প্রতি কথয়ামাস ) ॥ ১
স দূতঃ দেব্যা ইতি বচঃ ( বাক্যম্ ) আকর্ণ্য ( শ্রুত্বা ) অমর্ষপূরিতঃ ( কোপাবিষ্টঃ সন্ ) সমাগম্য ( তস্মাৎ প্রতিনিবৃত্য ) বিস্তরাৎ ( বিস্তরম্ উপন্যস্য ) দৈত্যরাজায় ( দৈত্যাধিপতয়ে শুম্ভায় ) সমাচষ্ট ( কথয়ামাস ) ॥ ২

অনুবাদ।—ঋষিবর মেধস সুরথকে বলিলেন,—সেই দূত দেবীর এই সমস্ত বাক্য শ্রবণে কোপাবিষ্ট হইয়া দেবীর নিকট হইতে প্রত্যাগমন পূর্ব্বক দৈত্যরাজ শুম্ভের নিকটে সবিস্তারে সমস্ত নিবেদন করিল ॥ ১।২

টীকা।—ততঃ ( দূতবাক্যশ্রবণানন্তরং ) অসুররাট্ ( অসুরপতিঃ শুম্ভঃ ) তস্য দূতস্য ( সুগ্রীবস্য ) তদ্‌বাক্যং ( দেব্যুক্তিরূপম্ ) আকর্ণ্য ( শ্রুত্বা ) সক্রোধঃ ( ক্রোধসহিতঃ সন্ ) দৈত্যানাম্ অধিপং ( নায়কং ) ধূম্রলোচনং ( তন্নামানং ) প্রাহ ॥ ৩

হে ধূম্রলোচনাশু ত্বং স্বসৈন্যপরিবারিতঃ ।
তামানয় বলাদ্দুষ্টাং কেশাকর্ষণবিহ্বলাম্ ॥ ৪
তৎপরিত্রাণদঃ কশ্চিদ্‌যদি বোত্তিষ্ঠতেঽপরঃ ।
স হন্তব্যোঽমরো বাপি যক্ষো গন্ধর্ব্ব এব বা ॥ ৫

ঋষিরুবাচ ॥ ৬

তেনাজ্ঞপ্তস্ততঃ শীঘ্রং স দৈত্যো ধূম্রলোচনঃ ।
বৃতঃ ষষ্ট্যা সহস্রাণামসুরাণাং দ্রুতং যযৌ ॥ ৭

অনুবাদ ।—অনন্তর অসুররাজ শুম্ভ সেই দূতের নিকট সেই সমস্ত কথা শ্রবণে অত্যন্ত কুপিত হইয়া দৈত্যসেনাপতি ধূম্রলোচনকে বলিল ॥৩

টীকা ।—[ হে ] ধূম্রলোচন ! ত্বং স্বসৈন্যপরিবারিতঃ ( নিজসেনা-বেষ্টিতঃ সন্ ) আশু ( শীঘ্রং ) তাং দুষ্টাং ( দুর্ব্বচনাং ) কেশাকর্ষণবিহ্বলাং (কেশানাম্ আকর্ষণেন গ্রহণেন বিহ্বলাং ব্যাকুলাং কৃত্বা) বলাৎ আনয় ॥৪

অনুবাদ ।—হে ধূম্রলোচন ! তুমি অবিলম্বে নিজ সৈন্যে বেষ্টিত হইয়া সেই দুষ্টাকে কেশাকর্ষণে ব্যাকুল করিয়া বলপূর্ব্বক এখানে লইয়া আইস ॥ ৪

টীকা ।—যদি বা ( বা ইতি সম্ভাবনায়াং ) তৎপরিত্রাণদঃ ( তাং পরিত্রাতুং ) কশ্চিৎ অমরঃ ( দেবঃ ) বা যক্ষো গন্ধর্ব্বো বা অপরঃ ( কোঽপি )উত্তিষ্ঠতে ( উদ্যমং করোতি, [ তর্হি ] স হন্তব্য এব ॥ ৫

অনুবাদ ।—যদি তাহাকে রক্ষা করিবার জন্য কোন দেবতা, যক্ষ, গন্ধর্ব্ব কিম্বা অপর কেহ উদ্যত হয়, তবে তাহাকে অবশ্যই নিহত করিবে ॥ ৫

স দৃষ্ট্বা তাং ততো দেবীং তুহিনাচলসংস্থিতাম্ ।
জগাদোচ্চৈঃ প্রয়াহীতি মূলং শুম্ভ-নিশুম্ভয়োঃ ॥ ৮
ন চেৎ প্রীতাদ্য ভবতী মদ্ভর্ত্তারমুপৈষ্যতি ।
ততো বলান্নয়াম্যেষ কেশাকর্ষণবিহ্বলাম্ ॥ ৯

টীকা ।—ঋষিঃ উবাচ ॥ ৬ ততঃ ( তদনন্তরং ) স ধূম্রলোচনঃ দৈত্যঃ তেন ( শুম্ভেন ) আজ্ঞপ্তঃ ( প্রেরিতঃ ) শীঘ্রং ( তৎক্ষণমেব ) অসুরাণাম্ ( অসুরসম্বন্ধিনাং ) সহস্রাণাং ষষ্ট্যা ( ষড়্‌ভিরযুতৈঃ ) বৃতঃ [ সন্ ] দ্রুতং যযৌ ( গতবান্ ) ॥ ৭

অনুবাদ ।—ঋষি বলিলেন,—অনন্তর সেই ধূম্রলোচন-দৈত্য রাজা শুম্ভের আদেশে প্রেরিত হইয়া স্বীয় ষষ্টিসহস্র অসুর-সৈন্য সমভিব্যাহারে [ দেবীকে আনয়ন করিবার জন্য ] সত্বর ধাবিত হইল ৬।৭

টীকা ।—ততঃ সঃ ( দৈত্যঃ ) তুহিনাচলসংস্থিতাং ( হিমালয়স্থাং ) তাং দেবীং দৃষ্ট্বা শুম্ভ-নিশুম্ভয়োঃ মূলং ( সমীপং ) প্রয়াহি ( ব্রজ ) ইতি উচ্চৈঃ জগাদ ( উক্তবান্ ) ॥ ৮

অনুবাদ ।—অনন্তর সেই দৈত্য ধূম্রলোচন হিমালয়ে উপবিষ্টা সেই দেবীকে দেখিতে পাইয়া উচ্চৈঃস্বরে বলিল যে,—তুমি শুম্ভ-নিশুম্ভের নিকট গমন কর ॥ ৮

টীকা । –চেৎ ( যদি ) ভবতী ( ত্বম্ ) অদ্য প্রীত্যা মদ্ভর্ত্তারং ( মৎপ্রভুং শুম্ভং ) ন উপৈষ্যতি (ন যাস্যতি), ততঃ (তদা ) এষঃ ( অহং ) ত্বাং বলাৎ কেশাকর্ষণবিহ্বলাং ( কেশগ্রহণেন ব্যাকুলাং ) [ কৃত্বা ] নয়ামি ( নেষ্যামীত্যর্থঃ ) ॥ ৯

দেব্যুবাচ ॥ ১০

দৈত্যেশ্বরেণ প্রহিতো বলবান্ বলসংবৃতঃ।
বলান্নয়সি মামেবং ততঃ কিং তে করোম্যহম্ ॥ ১১

ঋষিরুবাচ ॥ ১২

ইত্যুক্তঃ সোঽভ্যধাবত্তামসুরো ধূম্রলোচনঃ।
হুঙ্কারেণৈব তং ভস্ম সা চকারাম্বিকা ততঃ ॥ ১৩

অনুবাদ।—যদি তুমি অদ্য প্রীতি সহকারে আমার প্রভু শুম্ভের নিকট উপস্থিত না হও, তাহা হইলে এই আমি বলপূর্ব্বক কেশাকর্ষণে ব্যাকুল করিয়া তোমাকে লইয়া যাইব ॥ ৯

টীকা।—দেবী উবাচ ॥ ১০ [ ত্বং ] দৈত্যেশ্বরেণ ( শুম্ভেন ) প্রহিতঃ ( প্রেরিতঃ ) বলসংবৃতঃ ( সৈন্যবেষ্টিতঃ ) [ স্বয়মপি ] বলবান্ ; [ যদি ] এবম্ ( অনেন প্রকারেণ ) মাং বলাৎ নয়সি ( নেষ্যসি ) ততঃ ( তদা ) [ অহং ] তে ( তব ) কিং করোমি ? ( কিং করিষ্যামি, ন কিমপীত্যর্থঃ ) ১১

অনুবাদ।—দেবী বলিলেন,—তুমি শুম্ভ কর্ত্তৃক প্রেরিত, প্রচুর সৈন্যে পরিবৃত, স্বয়ংও বলবান্ ; এ অবস্থায় বলপূর্ব্বক যদি তুমি আমাকে লইয়াই যাও, তবে আমি তোমার কি করিতে পারি ? ॥ ১০।১১

টীকা।—ঋষিঃ উবাচ ॥ ১২ ॥ [স ধূম্রলোচনঃ অসুরঃ তয়া দেব্যা] ইতি উক্তঃ [ সন্ ] তাং ( দেবীম্ ) অভ্যধাবৎ ( আভিমুখ্যেন অধাবৎ, গ্রহীতুমিতি শেষঃ ) ; ততঃ ( তদনন্তরং ) সা অম্বিকা হুঙ্কারেণৈব তং ( ধূম্রলোচনং ) ভস্ম চকার ( ভস্মসাৎ কৃতবতী ) ॥ ১৩

অথ ক্রুদ্ধং মহাসৈন্যমসুরাণাং তথাম্বিকাম্ ।
ববর্ষ সায়কৈস্তীক্ষ্ণৈস্তথা শক্তিপরশ্বধৈঃ ॥ ১৪
ততো ধূতসটঃ কোপাৎ কৃত্বা নাদং সুভৈরবম্ ।
পপাতাসুরসেনায়াং সিংহো দেব্যাঃ স বাহনঃ ॥ ১৫

অনুবাদ ।—ঋষি বলিলেন,—দেবী এই কথা বলিলে অসুর ধূম্র-লোচন দেবীকে গ্রহণ করিবার জন্য তাঁহার দিকে ধাবিত হইল ; অনন্তর দেবী অম্বিকা হুঙ্কার শব্দেই তাহাকে ভস্মীভূত করিয়া ফেলিলেন ॥ ১২।১৩

টীকা ।—অথ ( ধূম্রলোচননাশানন্তরম্ ) অসুরাণাং [ তৎ ] মহাসৈন্যং ক্রুদ্ধং [ সৎ ] তীক্ষ্ণৈঃ সায়কৈঃ ( বাণৈঃ ) তথা ( তথা-শব্দশ্চার্থঃ ) শক্তিপরশ্বধৈঃ ( শল্যৈঃ কুঠারৈশ্চ ) অম্বিকাং তথা ববর্ষ ( যথা বাণৈস্তথা শক্তিপরশ্বধৈশ্চ ইত্যর্থঃ ) ॥ ১৪

অনুবাদ ।—ধূম্রলোচন নিহত হইলে অসুরগণের মহাসৈন্য ক্রুদ্ধ হইয়া অম্বিকার প্রতি তীক্ষ্ণ শর, শক্তি ও পরশু অস্ত্র বর্ষণ করিতে লাগিল ॥ ১৪

টীকা ।—ততঃ ( তদনন্তরং ) দেব্যাঃ ( অম্বিকায়াঃ ) সঃ বাহনঃ ( অসাধারণবাহনঃ ) সিংহঃ কোপাৎ সুভৈরবম্ ( অতিভয়ানকং ) নাদং (ধ্বনিং ) কৃত্বা ধূতসটঃ ( কম্পিতকেশরঃ সন্ ) অসুরসেনায়াং পপাত ( উৎফালং কৃত্বা পতিতবান্ ) ॥ ১৫

অনুবাদ ।—অনন্তর দেবীর অসাধারণ বাহন সিংহ ক্রোধে কেশর কম্পন ও অতি ভয়ঙ্কর শব্দ করিয়া অসুরসৈন্যমধ্যে লম্ফ প্রদান পূর্ব্বক প্রবেশ করিল ॥ ১৫

কাংশ্চিৎ করপ্রহারেণ দৈত্যানাস্যেন চাপরান্ ।
আক্রান্ত্যা চাধরেণান্যান্ জঘান সুমহাসুরান্ ॥ ১৬
কেষাঞ্চিৎ পাটয়ামাস নখৈঃ কোষ্ঠানি কেশরী ।
তথা তলপ্রহারেণ শিরাংসি কৃতবান্ পৃথক্ ॥ ১৭
বিচ্ছিন্নবাহুশিরসঃ কৃতাস্তেন তথাঽপরে ।
পপৌ চ রুধিরং কোষ্ঠাদন্যেষাং ধূতকেশরঃ ॥ ১৮

টীকা ।—[ সঃ সিংহঃ ] কাংশ্চিৎ দৈত্যান্ করপ্রহারেণ ( চপেটাঘাতেন ) অপরান্ চ ( দৈত্যান্ ) আস্যেন (মুখেন), অন্যান্ সুমহাসুরান্ আক্রান্ত্যা ( আক্রমণেন ) [ অন্যান্ ] অধরেণ জঘান ( নিহতবান্ ) ॥ ১৬

অনুবাদ ।—সিংহ কতকগুলি দৈত্যকে চপেটাঘাতে, অন্য কতকগুলি দৈত্যকে মুখ দ্বারা, অপর কতকগুলি মহাসুরকে আক্রমণ দ্বারা এবং কাহাকেও বা অধর দ্বারা নিহত করিল ॥ ১৬

টীকা ।—কেশরী ( সিংহঃ ) কেষাঞ্চিৎ ( অসুরাণাম্ ) কোষ্ঠানি ( উদরমধ্যানি ) পাটয়ামাস ( বিদীর্ণীচকার ); তথা [ কেষাঞ্চিৎ ] শিরাংসি ( মস্তকানি ) তলপ্রহারেণ ( বিস্তৃতাঙ্গুলিপাণিঘাতেন ) পৃথক্ ( দ্বিধা ) কৃতবান্ ॥ ১৭

অনুবাদ ।—কেশরী নখের দ্বারা কতকগুলি অসুরের উদর বিদীর্ণ করিল । কাহারও কাহারও মস্তক চপেটাঘাতে শরীর হইতে বিচ্ছিন্ন করিয়া ফেলিল ॥ ১৭

টীকা ।—অপরে ( অসুরাঃ ) তেন (সিংহেন) বিচ্ছিন্নবাহুশিরসঃ ( বিচ্ছিন্নাঃ বাহবঃ শিরাংসি চ যেষাম্ তথা ) কৃতাঃ ; [ সঃ ] ধূত-

ক্ষণেন তদ্বলং সর্ব্বং ক্ষয়ং নীতং মহাত্মনা।
তেন কেশরিণা দেব্যা বাহনেনাতিকোপিনা ॥ ১৯
শ্রুত্বা তমসুরং দেব্যা নিহতং ধূম্রলোচনম্।
বলঞ্চ ক্ষয়িতং কৃৎস্নং দেবীকেশরিণা ততঃ ॥ ২০
চুকোপ দৈত্যাধিপতিঃ শুম্ভঃ প্রস্ফুরিতাধরঃ।
আজ্ঞাপয়ামাস চ তৌ চণ্ড-মুণ্ডৌ মহাসুরৌ ॥ ২১

কেশরঃ (কম্পিতকেশরঃ সিংহঃ) কোষ্ঠাৎ (কোষ্ঠম্ উদরং বিদার্য্য তস্মাৎ) রুধিরং পপৌ (পীতবান্) ॥ ১৮

অনুবাদ।—সিংহ কতকগুলি অসুরের বাহু এবং মস্তক দেহ হইতে বিচ্ছিন্ন করিয়া ফেলিল এবং ক্রোধে কেশর কম্পিত করিয়া অন্যান্য অসুরের উদর বিদীর্ণ করিয়া রুধির পান করিতে লাগিল ॥ ১৮

টীকা।—অতিকোপিনা (অতিক্রোধযুক্তেন) মহাত্মনা (মহাপরাক্রমেণ) দেব্যাঃ (অম্বিকায়াঃ) বাহনেন তেন (প্রসিদ্ধেন) কেশরিণা (সিংহেন) সর্ব্বং তদ্বলং (সৈন্যং) ক্ষণেন ক্ষয়ং (বিনাশং) নীতং (প্রাপিতম্) ॥ ২৯

অনুবাদ।—নিরতিশয় কোপান্বিত মহাপরাক্রমশালী সেই দেবীবাহন মহাসিংহ ক্ষণকাল মধ্যেই সেই সমস্ত সৈন্য বিধ্বস্ত করিয়া ফেলিল ॥ ১৯

টীকা।—ততঃ দৈত্যাধিপতিঃ শুম্ভঃ তং (প্রসিদ্ধম্) অসুরং ধূম্রলোচনং দেব্যা নিহতং শ্রুত্বা কৃৎস্নং (সমগ্রং) বলং (সৈন্যং) দেবী-কেশরিণা (দেব্যা বাহনেন সিংহেন) ক্ষয়িতং (মারিতং) চ শ্রুত্বা চুকোপ

হে চণ্ড হে মুণ্ড বলৈর্বহুলৈঃ পরিবারিতৌ।
তত্র গচ্ছত গত্বা চ সা সমানীয়তাং লঘু ॥ ২২
কেশেষ্বাকৃষ্য বদ্ধা বা যদি বঃ সংশয়ো যুধি।
তদাশেষায়ুধৈঃ সর্ব্বৈরসুরৈর্ব্বিনিহন্যতাম্ ॥ ২৩

(কোপং কৃতবান্); প্রস্ফুরিতাধরঃ (প্রকম্পিতাধরঃ সন্) তৌ (প্রসিদ্ধৌ) চণ্ডমুণ্ডৌ (তদাখ্যৌ) মহাসুরৌ আজ্ঞাপয়ামাস চ ॥ ২০।২১

অনুবাদ।—অনন্তর দৈত্যাধিপতি শুম্ভ, দেবী কর্ত্তৃক সেই সুপ্রসিদ্ধ অসুর ধূম্রলোচন বধ ও দেবীর সিংহ কর্ত্তৃক সমগ্র সৈন্য ক্ষয়-বৃত্তান্ত শ্রবণ করিয়া ক্রুদ্ধ হইল এবং অধর কম্পিত করিয়া মহাসুর চণ্ড-মুণ্ডকে আজ্ঞা করিল। ২০।২১

টীকা।—হে চণ্ড! হে মুণ্ড! [যুবাং] বহুলৈঃ (বহুভিঃ) বলৈঃ (সৈন্যৈঃ) পরিবারিতৌ (বেষ্টিতৌ সন্তৌ) [যত্র সা দেবী বর্ত্ততে] তত্র গচ্ছত (গচ্ছতম্, ছান্দসো বিভক্তিব্যত্যয়ঃ, বিন্দুলোপো বা) গত্বা চ লঘু (শীঘ্রং) কেশেষু আকৃষ্য (গৃহীত্বা) বদ্ধা বা সা (দেবী) সমানীয়তাম্; যদি বঃ (যুষ্মাকম্) [আনয়নে] সংশয়ঃ (সন্দেহঃ, নেতুং শক্যা অশক্যা বা) তদা [প্রথমং] যুধি (সংগ্রামে) অশেষায়ুধৈঃ (নানাশস্ত্র-ধারিভিঃ) সর্ব্বৈঃ অসুরৈঃ [সহ মিলিত্বা] বিনিহন্যতাম্ (সামর্থ্যক্ষয়ায় প্রহ্রিয়তামিত্যর্থঃ) ॥ ২২।২৩

অনুবাদ।—হে চণ্ড! হে মুণ্ড! তোমরা বহুতর সৈন্যে বেষ্টিত হইয়া তথায় গমন কর; গমন করিয়াই অতি সত্বর সেই রমণীকে কেশাকর্ষণ বা বন্ধন করিয়া আনয়ন কর! যদি তোমাদের যুদ্ধে সন্দেহ হয়

তস্যাং হতায়াং দুষ্টায়াং সিংহে চ বিনিপাতিতে।
শীঘ্রমাগম্যতাং বদ্ধ্বা গৃহীত্বা তামথাম্বিকাম্‌॥ ২৪
ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে
দেবীমাহাত্ম্যে শুম্ভনিশুম্ভ-সেনানী-
ধূম্রলোচনবধঃ॥ ৬

অর্থাৎ ইহাকে কেশাকর্ষণাদি করিয়া লইয়া যাইতে পারিব কিনা যদি এইরূপ সন্দেহ হয়, তবে প্রথমেই নানাবিধ অস্ত্রধারী অসুরগণের সহিত মিলিত হইয়া সেই রমণীর সামর্থ্যক্ষয়ের চেষ্টা করিবে॥ ২২।২৩

টীকা।—তস্যাং দুষ্টায়াং হতায়াং (সামর্থ্যনিরাকরণাৎ হত-কল্পায়াং সত্যাং) সিংহে চ বিনিপাতিতে (মারিতে সতি) অথ (অনন্তরং) তাম্‌ অম্বিকাং বদ্ধা গৃহীত্বা শীঘ্রম্‌ আগম্যতাম্‌॥ ২৪

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে সুপ্রভাখ্যায়াং টীকায়াং ধূম্রলোচনবধো নাম ষষ্ঠোঽধ্যায়ঃ॥ ৬

অনুবাদ।—সেই দুষ্টা হতপ্রায় হইলে এবং সিংহ নিহত হইলে তাহাকে বন্ধন করিয়া শীঘ্র আগমন করিবে॥ ২৪

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যানুবাদে
ষষ্ঠাধ্যায়ে ধূম্রলোচন-বধ॥ ৬

# সপ্তমোঽধ্যায়ঃ

ঋষিরুবাচ ॥ ১

আজ্ঞপ্তাস্তু ততো দৈত্যাশ্চণ্ডমুণ্ডপুরোগমাঃ।
চতুরঙ্গবলোপেতা যযুরভ্যুদ্যতায়ুধাঃ ॥ ২
দদৃশুস্তে ততো দেবীমীষদ্ধাসাং ব্যবস্থিতাম্।
সিংহস্যোপরি শৈলেন্দ্রশৃঙ্গে মহতি কাঞ্চনে ॥ ৩

টীকা।—ঋষিঃ উবাচ ॥ ১ ॥ ততস্তু (আজ্ঞাপ্রাপ্ত্যনন্তরমেব) [শুম্ভেন] আজ্ঞপ্তাঃ (আদিষ্টাঃ) চণ্ডমুণ্ডপুরোগমাঃ (চণ্ডমুণ্ডৌ পুরোগমৌ মুখ্যত্বেন অগ্রগামিণৌ যেষাং তে) দৈত্যাঃ চতুরঙ্গবলোপেতাঃ (হস্ত্যশ্বরথপদাতিসহিতাঃ) অভ্যুদ্যতায়ুধাঃ (উদ্যতাস্ত্রাঃ সন্তঃ) [চণ্ডিকাং প্রতি] যযৌ (গতবন্তঃ) ॥ ২

অনুবাদ।—ঋষি বলিলেন,—অনন্তর [শুম্ভের] আদেশে চণ্ড-মুণ্ডপ্রমুখ দৈত্যগণ চতুরঙ্গ (হস্তী, অশ্ব, রথ ও পদাতি) সেনা-সমভি-ব্যাহারে নানাবিধ অস্ত্র উদ্যত করিয়া [দেবীর উদ্দেশে] অভিযান করিল ॥ ১।২

টীকা।—ততঃ (গমনানন্তরং) তে (চণ্ডমুণ্ডপ্রমুখাঃ দৈত্যাঃ কাঞ্চনে (সুবর্ণময়ে) মহতি (বিপুলে) শৈলেন্দ্রশৃঙ্গে (হিমালয়শিখরে সিংহস্য উপরি ব্যবস্থিতাম্ (অবস্থিতাম্) ঈষদ্ধাসাম্ (ঈষদ্ধাস্যযুক্তাং) দেবীং দদৃশুঃ (দৃষ্টবন্তঃ) ॥ ৩

তে দৃষ্ট্বা তাং সমাদাতুমুদ্যমঞ্চক্রুরুদ্যতাঃ।
আকৃষ্টচাপাসিধরাস্তথান্যে তৎসমীপগাঃ ॥ ৪
ততঃ কোপং চকারোচ্চৈরম্বিকা তানরীন্ প্রতি।
কোপেন চাস্যা বদনং মসীবর্ণমভূত্তদা ॥ ৫

অনুবাদ।---অনন্তর তাহারা কাঞ্চনময় অত্যুচ্চ হিমালয়শিখরে সিংহোপরি অবস্থিতা ঈষৎ হাস্যযুক্তা দেবীকে দেখিল ॥ ৩

টীকা।—উদ্যতাঃ (উৎসাহবন্তঃ) তে (চণ্ডমুণ্ডাদয়ঃ) তাম্ (অম্বিকাং) দৃষ্ট্বা সমাদাতুং (গ্রহীতুম্) উদ্যমম্ (উদ্‌যোগং) চক্রুঃ (কৃতবন্তঃ); তথা অন্যে (দৈত্যাঃ) আকৃষ্টচাপাসিধরাঃ (আকৃষ্টম্ আকর্ণকৃষ্টং চাপং যৈস্তে আকৃষ্টচাপাঃ, তে চ অসিধরাঃ খড়্গহস্তাশ্চ সন্তঃ) তৎসমীপগাঃ (তস্যাঃ অম্বিকায়া নিকটগামিনঃ) [আসন্] ॥ ৪

অনুবাদ।—তাহারা তাঁহাকে দর্শন করিবামাত্র সোৎসাহে সেই দেবীকে গ্রহণ করিতে চেষ্টিত হইল। কেহ কেহ আকৃষ্ট শরাসন ও খড়্গ ধারণপূর্ব্বক তাঁহার নিকটগামী হইল ॥ ৪

টীকা।—ততঃ (তেষামুদ্যমানন্তরং) অম্বিকা তান্ অরীন্ প্রতি উচ্চৈঃ (মহান্তং) কোপং চকার (কৃতবতী), তদা কোপেন চ (কোপেনৈব) অস্যাঃ (অম্বিকায়াঃ) বদনং (মুখং) মসীবর্ণম্ (অত্যারক্তম্, "মসী শেফালিকাবৃন্তে" ইতি কোষাৎ) অভূৎ ॥ ৫

অনুবাদ।—অনন্তর অম্বিকা সেই শত্রুগণের প্রতি অত্যন্ত কুপিতা হইলেন। তৎকালে তাঁহার মুখমণ্ডল ভীষণ আরক্তবর্ণ হইয়াছিল ॥ ৫

ভ্রুকুটীকুটিলাত্তস্যা ললাটফলকাদ্দ্রুতম্ ।
কালী করালবদনা বিনিষ্ক্রান্তাসিপাশিনী ॥ ৬
বিচিত্রখট্বাঙ্গধরা নরমালাবিভূষণা ।
দ্বীপিচর্ম্মপরীধানা শুষ্কমাংসাতিভৈরবা ॥ ৭
অতিবিস্তারবদনা জিহ্বাললনভীষণা ।
নিমগ্নারক্তনয়না নাদাপূরিতদিঙ্মুখা ॥ ৮
সা বেগেনাভিপতিতা ঘাতয়ন্তী মহাসুরান্ ।
সৈন্যে তত্র সুরারীণামভক্ষয়ত তদ্বলম্ ॥ ৯

টীকা ।—তস্যাঃ ( কুপিতদেব্যাঃ ) ভ্রুকুটীকুটিলাৎ ( ভ্রুকুট্যা কুটিলাৎ সঙ্কুচিতাৎ ভীষণাদিতি বা ) ললাটফলকাৎ ( ললাটপট্টাৎ ) দ্রুতং করালবদনা ( ভীষণাননা ) অসিপাশিনী ( অসিপাশধারিণী ) কালী ( কৃষ্ণবর্ণা দেবী ) বিনিষ্ক্রান্তা ( নিঃসৃতা ) ॥ ৬

অনুবাদ ।—তদীয় ভ্রুকুটী-কুটিল ললাট দেশ হইতে তৎক্ষণাৎ খড়্গপাশধারিণী করালবদনা কালী বিনিঃসৃতা হইলেন ॥ ৬

টীকা ।—বিচিত্রখট্বাঙ্গধরা ( বিচিত্রং খট্বাঙ্গং লৌহময়যষ্টি-বিশেষং কোতক ইতি প্রসিদ্ধং ত্রিশিখং বা ধরতীতি বিচিত্রখট্বাঙ্গধরা ) নরমালা-বিভূষণা ( নৃমুণ্ডমালিনী ) দ্বীপিচর্ম্মপরীধানা ( দ্বীপিনো ব্যাঘ্রস্য চর্ম্ম পরীধানং বস্ত্রং যস্যাঃ সা ) শুষ্কমাংসা ( শুষ্কং মাংসং যস্যাঃ সা ) [অত-এব ] অতিভৈরবা ( অতিভয়ানকা ) অতিবিস্তারবদনা জিহ্বাললন-ভীষণা ( জিহ্বায়াঃ ললনং চলনং তেন ভীষণা ) নিমগ্নারক্তনয়না

পার্ষ্ণিগ্রাহাঙ্কুশগ্রাহিযোধঘণ্টাসমন্বিতান্ ।
সমাদায়ৈকহস্তেন মুখে চিক্ষেপ বারণান্ ॥ ১০
তথৈব যোধং তুরগৈ রথং সারথিনা সহ ।
নিক্ষিপ্য বক্ত্রে দশনৈশ্চর্ব্বয়ত্যতিভৈরবম্ ॥ ১১

( নিমগ্নে অত্যন্তগভীরে আরক্তে নয়নে যস্যাঃ সা ) নাদাপূরিতদিঙ্‌মুখা ( নাদেন শব্দেন আ সর্ব্বতঃ পূরিতানি দিঙ্‌মুখানি যয়া সা ) মহাসুরান্ ঘাতয়ন্তী [ সতী ] বেগেন অভিপতিতা (আভিমুখ্যেন গচ্ছন্তী) সা (দেবী) অত্র সৈন্যে সুরারীণাং ( দৈত্যানাং ) তদ্বলং ( সৈন্যম্ ) অভক্ষয়ত ॥৭—৯

অনুবাদ ।—তাঁহার হস্তে বিচিত্র খট্বাঙ্গ ( লৌহময় যষ্টিবিশেষ ), নৃমুণ্ডমালা অলঙ্কার, পরিধানে ব্যাঘ্রচর্ম্ম, দেহ মাংসহীন, আকৃতি অতি ভীষণ; তাঁহার মুখমণ্ডল অতিবিস্তৃত, জিহ্বাসঞ্চালনহেতু ভীষণদর্শনা, নয়ন অত্যন্ত গভীর এবং আরক্ত, তাঁহার গর্জ্জনে দিঙ্‌মণ্ডল পূর্ণ হইয়া উঠিল, তিনি সবেগে সেই অসুরসৈন্যমধ্যে আপতিত হইয়া মহাসুরগণকে নিহত করিতে করিতে দৈত্যসৈন্য ভক্ষণ করিতে লাগিলেন ॥ ৭—৯

টীকা ।—[ সা কালী ] পার্ষ্ণিগ্রাহাঙ্কুশগ্রাহিযোধঘণ্টাসমন্বিতান্ ( পার্ষ্ণিগ্রাহো যোধস্য পশ্চাদ্রক্ষকঃ, অঙ্কুশগ্রাহী মহামাত্রঃ, যোধঃ প্রহর্ত্তা, ঘণ্টা আভরণং, তাভিঃ সমন্বিতান্ যুক্তান্ ) বারণান্ ( গজান্ ) একহস্তেন সমাদায় ( গৃহীত্বা ) মুখে চিক্ষেপ ( নিক্ষিপ্তবতী ) ॥ ১০

অনুবাদ ।—[ তিনি ] যোদ্ধার পৃষ্ঠরক্ষক, মহামাত্র ( মাহুত ), যোদ্ধা ও ঘণ্টাদি আভরণের সহিত হস্তিসমূহকে এক হস্তে গ্রহণ করিয়া মুখে নিক্ষেপ করিতে লাগিলেন ॥১০

একং জগ্রাহ কেশেষু গ্রীবায়ামথ চাপরম্ ।
পাদেনাক্রম্য চৈবান্যমুরসান্যমপোথয়ৎ ॥ ১২
তৈর্মুক্তানি চ শস্ত্রাণি মহাস্ত্রাণি তথাসুরৈঃ ।
মুখেন জগ্রাহ রুষা দশনৈর্মথিতান্যপি ॥ ১৩

টীকা ।—তথৈব ( একহস্তেনাদায়ৈব ) তুরগৈঃ ( অশ্বৈঃ সহ ) যোধং সারথিনা সহ রথং [ চ ] বক্ত্রে ( মুখে ) নিক্ষিপ্য দশনৈঃ ( দন্তৈঃ) অতিভৈরবম্ ( অতিভয়ানকং যথা স্যাৎ তথা ) চর্ব্বয়তি [ স্মেতি উহ্যম্ ] ॥১১

অনুবাদ ।—[ তিনি ] অশ্বের সহিত অশ্বারোহীকে ও সারথির সহিত রথকে এক হস্তে গ্রহণপূর্ব্বক বদনমধ্যে নিক্ষেপ করিয়া দন্তের দ্বারা অতি ভীষণরূপে চর্ব্বণ করিতে লাগিলেন ॥১১

টীকা ।—একম্ ( অসুরং ) কেশেষু জগ্রাহ ( গৃহীতবতী ), অথ অপরঞ্চ ( অসুরং ) গ্রীবায়াং [ জগ্রাহ ] ; অন্যঞ্চ পাদেনৈব আক্রম্য [ জগ্রাহ ] ; অন্যম্ উরসা ( বক্ষসা ) অপোথয়ৎ ( মর্দ্দিতবতী ) চ ॥ ১২

অনুবাদ ।—[ তিনি ] কাহাকে কেশে, কাহাকে গ্রীবাদেশে এবং কাহাকেও বা পদের দ্বারা আক্রমণ করিয়া গ্রহণ করিলেন এবং কাহাকেও বা বক্ষঃস্থলের দ্বারা মর্দ্দন করিয়া ফেলিলেন ॥ ১২

টীকা ।—[ সা কালী ] তৈঃ অসুরৈঃ মুক্তানি (ক্ষিপ্তানি) শস্ত্রাণি (খড়্গাদীনি) তথা মহাস্ত্রাণি চ মুখেন জগ্রাহ ( গৃহীতবতী ) ; [অনন্তরং] রুষা ( ক্রোধেন ) দশনৈঃ ( দন্তৈঃ ) মথিতানি অপি ( চূর্ণিতানি চ ) [ চকার ] ॥ ১৩

বলিনাং তদ্বলং সর্ব্বমসুরাণাং মহাত্মনাম্ ।
মমর্দ্দাভক্ষয়চ্চান্যানন্যাংশ্চাতাড়য়ত্তথা ॥ ১৪
অসিনা নিহতাঃ কেচিৎ কেচিৎ খট্বাঙ্গতাড়িতাঃ ।
জগ্মুর্ব্বিনাশমসুরা দন্তাগ্রাভিহতাস্তথা ॥ ১৫
ক্ষণেন তদ্বলং সর্ব্বমসুরাণাং নিপাতিতম্ ।
দৃষ্ট্বা চণ্ডোঽভিদুদ্রাব তাং কালীমতিভীষণাম্ ॥ ১৬

অনুবাদ।—[ সেই ] দেবী অসুরগণের নিক্ষিপ্ত খড়্গাদি শস্ত্র ও মহাস্ত্রসমূহ মুখের দ্বারা গ্রহণ করিতে লাগিলেন, অনন্তর ক্রোধভরে দন্তদ্বারা তৎসমূহ বিচূর্ণ করিয়া দিলেন ॥ ১৩

টীকা। - বলিনাং (বলবতাং) মহাত্মনাং ( মহাকায়ানাম্ ) অসুরাণাং তৎ সর্ব্বং বলং ( সৈন্যং ) মমর্দ্দ ( মর্দ্দিতবতী ) ; অন্যান্ অভক্ষয়ৎ অন্যাংশ্চ ( অসুরান্ ) তথা অতাড়য়ৎ ( তাড়িতবতী ) ॥ ১৪

অনুবাদ।—[ তিনি ] বলবান্ মহাকায় অসুরগণের বহু সৈন্যগণকে মর্দ্দন করিয়াছিলেন ; কাহাকেও ভক্ষণ করিয়াছিলেন, কাহাকেও বা বিতাড়িত করিয়াছিলেন ॥ ১৪

টীকা।—কেচিৎ ( অসুরাঃ ) অসিনা ( খড়্গেন ) নিহতাঃ, কেচিৎ খট্বাঙ্গেন তাড়িতাঃ, তথা কেচিৎ অসুরাঃ দন্তাগ্রাভিহতাঃ ( দন্তাগ্রেস্তাড়িতাঃ দষ্টাঃ ) [ সন্তঃ ] বিনাশং জগ্মুঃ ( প্রাপ্তবন্তঃ ) ॥ ১৫

অনুবাদ।—কতকগুলি অসুর খড়্গদ্বারা নিহত হইল, কতকগুলি খট্বাঙ্গদ্বারা তাড়িত হইয়া বিনাশপ্রাপ্ত হইল, কেহ বা দন্তাগ্রে দষ্ট হইয়া বিনষ্ট হইল ॥ ১৫

শরবর্ষৈর্মহাভীমৈর্ভীমাক্ষীং তাং মহাসুরঃ।
ছাদয়ামাস চক্রৈশ্চ মুণ্ডঃ ক্ষিপ্তৈঃ সহস্রশঃ ॥ ১৭
তানি চক্রাণ্যনেকানি বিশমানানি তন্মুখম্।
বভূর্যথার্কবিম্বানি সুবহূনি ঘনোদরম্ ॥ ১৮

টীকা।—চণ্ডঃ (অসুরঃ) অসুরাণাং তৎ সর্ব্বং বলং (সৈন্যং) ক্ষণেন নিপাতিতং দৃষ্ট্বা অতিভীষণাং তাং কালীম্ অভিদুদ্রাব (আভিমুখ্যেন অধাবৎ)॥ ১৬

অনুবাদ।— চণ্ড এই প্রকারে ক্ষণকালের মধ্যেই সমস্ত অসুর-সৈন্যকে নিহত হইতে দেখিয়া সেই অতিভীষণা কালীর অভিমুখে ধাবিত হইল॥ ১৬

টীকা।—মহাসুরঃ (চণ্ডঃ) ভীমৈঃ (অতিভয়ানকৈঃ) শরবর্ষৈঃ তাং ভীমাক্ষীং (ভীষণাননাং কালীং) ছাদয়ামাস (আচ্ছাদিতবান্) মুণ্ডশ্চ (অসুরঃ) ক্ষিপ্তৈঃ (নিক্ষিপ্তৈঃ) সহস্রশঃ (বহুসহস্রৈঃ) চক্রৈঃ (চক্রাস্ত্রৈঃ) [ছাদয়ামাস]॥ ১৭

অনুবাদ।—মহাসুর চণ্ড ভয়ানক শরবর্ষণে সেই ভীষণাননা কালীকে আচ্ছাদিত করিয়া ফেলিল। মহাসুর মুণ্ডও সহস্র সহস্র চক্রাস্ত্র নিক্ষেপ করিয়া তাঁহাকে আচ্ছন্ন করিল॥ ১৭

টীকা।—যথা সুবহূনি (অত্যনেকানি) অর্কবিম্বানি (রবি-বিম্বানি সূর্য্যমণ্ডলানীতি যাবৎ) ঘনোদরং (মেঘমধ্যং) [প্রবিশন্তি সন্তি ভান্তি] তথা তানি অনেকানি চক্রাণি তন্মুখং (তস্যাঃ মুখং) বিশমানানি (প্রবিশন্তি সন্তি) বভুঃ (শুশুভিরে)॥ ১৮

ততো জহাসাতিরুষা ভীমং ভৈরবনাদিনী।
কালী করালবক্ত্রান্তর্দুর্দর্শদশনোজ্জ্বলা ॥ ১৯
উত্থায় চ মহাসিং হং দেবী চণ্ডমধাবত।
গৃহীত্বা চাস্য কেশেষু শিরস্তেনাসিনাচ্ছিনৎ ॥ ২০

অনুবাদ।—বহুসংখ্যক সূর্য্যমণ্ডল মেঘমধ্যে প্রবেশ করিলে যেরূপ শোভা হয়, অসুরনিক্ষিপ্ত সেই চক্রসমূহ দেবীর মুখমণ্ডলে প্রবিষ্ট হইয়া সেইরূপ শোভা ধারণ করিল ॥ ১৮

টীকা।—ততঃ ( তদনন্তরং ) ভৈরবনাদিনী ( ভৈরবং ভীষণং নদিতুং শীলং যস্যাঃ সা ) করালবক্ত্রান্তর্দুর্দর্শদশনোজ্জ্বলা ( করালং ভীষণং যদ্বক্ত্রং তস্য অন্তর্মধ্যে দুর্দ্দর্শাঃ অতিভয়ানকাঃ যে দশনা দন্তাঃ তৈরুজ্জ্বলা অতিদীপ্তিমতী ) কালী অতিরুষা ( অতিক্রোধেন ) ভীমং ( যথা স্যাৎ তথা ) জহাস ( অট্টহাসং কৃতবতী ) ॥ ১৯

অনুবাদ। —অনন্তর ভীমনাদিনী কালী ক্রোধভরে অতি ভয়ানক হাস্য করিতে লাগিলেন; তখন তাঁহার ভীষণ বদনমণ্ডলের মধ্যবর্ত্তী ভীষণদর্শন দশনপঙ্‌ক্তির প্রভায় তাঁহাকে উজ্জ্বল করিয়া তুলিল॥ ১৯

টীকা।—দেবী ( কালী ) হম্ ( ইতি কোপাহ্বানশব্দং কৃত্বা ) মহাসিং ( মহাখড়্গম্ ) উত্থায় ( উৰ্দ্ধীকৃত্য ) চণ্ডং ( চণ্ডাসুরম্ ) অধাবত, অস্য ( চণ্ডস্য ) কেশেষু গৃহীত্বা তেন ( উদ্যতেন ) অসিনা শিরঃ অচ্ছিনচ্চ ( ছিন্নং কৃতবতী চ ) ॥ ২০

অনুবাদ।—কালী 'হম্' এই কোপসূচক ধ্বনি সহকারে খড়্গ

অথ মুণ্ডোঽপ্যধাবত্তাং দৃষ্ট্বা চণ্ডং নিপাতিতম্ ।
তমপ্যপাতয়দ্ভূমৌ সা খড়্গাভিহতং রুষা ॥ ২১
হতশেষং ততঃ সৈন্যং দৃষ্টা চণ্ডং নিপাতিতম্ ।
মুণ্ডঞ্চ সুমহাবীর্য্যং দিশো ভেজে ভয়াতুরম্ ॥ ২২
শিরশ্চণ্ডস্য কালী চ গৃহীত্বা মুণ্ডমেব চ ।
প্রাহ প্রচণ্ডাট্টহাসমিশ্রমভ্যেত্য চণ্ডিকাম্ ॥ ২৩

উত্তোলন করিয়া চণ্ডাসুরের প্রতি ধাবিত হইলেন এবং কেশাকর্ষণ-পূর্ব্বক সেই উদ্যত অসি দ্বারা তাহার শিরশ্ছেদ করিলেন ॥ ২০

টীকা ।—অথ ( চণ্ডবধানন্তরং ) মুণ্ডঃ অপি চণ্ডং নিপাতিতং দৃষ্ট্বা তাং ( কালীম্ ) অধাবৎ ; সা ( কালী ) রুষা ( ক্রোধেন ) তমপি ( মুণ্ডং খড়্গাভিহতং ) [ কৃত্বা ] ভূমৌ অপাতয়ৎ ॥ ২১

অনুবাদ ।—অনন্তর চণ্ডকে নিপাতিত দেখিয়া মুণ্ড সেই দেবীর প্রতি ধাবিত হইল। দেবীও তখন ক্রুদ্ধা হইয়া তাহাকে খড়্গ দ্বারা নিহত করিয়া ভূতলশায়ী করিলেন ॥ ২১

টীকা ।—ততঃ ( মুণ্ডবধানন্তরং ) হতশেষং ( হতাবশিষ্টং ) সৈন্যং মহাবীর্য্যং ( মহাবলং ) চণ্ডং মুণ্ডঞ্চ নিপাতিতং দৃষ্ট্বা ভয়াতুরং [ সৎ ] দিশো ভেজে ( পলায়িতবৎ ) ॥ ২২

অনুবাদ ।—অতঃপর হতাবশিষ্ট সৈন্যসমূহ মহাবল চণ্ড ও মুণ্ডকে নিপাতিত দেখিয়া ভয়ার্ত্ত হইয়া চতুর্দ্দিকে পলায়ন করিল ॥ ২২

টীকা ।—কালী চণ্ডস্য শিরঃ ( মস্তকং ), [ মুণ্ডস্য ] মুণ্ডং চ গৃহীত্বা

ময়া তবাত্রোপহৃতৌ চণ্ড-মুণ্ডৌ মহাপশূ।
যুদ্ধযজ্ঞে স্বয়ং শুম্ভং নিশুম্ভঞ্চ হনিষ্যসি ॥ ২৪

ঋষিরুবাচ ॥ ২৫

তাবানীতৌ ততো দৃষ্টা চণ্ড-মুণ্ডৌ মহাসুরৌ।
উবাচ কালীং কল্যাণী ললিতং চণ্ডিকা বচঃ ॥ ২৬

এব চণ্ডিকাং (কৌষিকীম্) অভ্যেত্য চ (আভিমুখ্যেন উপগম্য চ) প্রচণ্ডাট্টহাসমিশ্রং (প্রচণ্ডাট্টহাসেন মিশ্রং যুক্তং যথা ভবতি তথা) প্রাহ ॥ ২৩

অনুবাদ।—কালী চণ্ড ও মুণ্ডের মস্তক গ্রহণ করিয়া চণ্ডিকার নিকট আগমন পূর্ব্বক প্রচণ্ডহাস্যযুক্ত বাক্যে বলিলেন ॥ ২৩

টীকা।—অত্র যুদ্ধযজ্ঞে (যুদ্ধমেব যজ্ঞঃ তস্মিন্) তব [সম্বন্ধে] চণ্ডমুণ্ডৌ চ মহাপশূ ময়া উপহৃতৌ (উপায়নীকৃতৌ; [ত্বং] স্বয়ং শুম্ভং নিশুম্ভঞ্চ হনিষ্যসি (মারয়িষ্যসি) ॥ ২৪

অনুবাদ।—আমি এই যুদ্ধযজ্ঞে তোমাকে মহাপশু চণ্ড ও মুণ্ডকে উপহার দিলাম। শুম্ভ-নিশুম্ভকে তুমি স্বয়ংই নিহত করিবে ॥ ২৪

টীকা।—ঋষিঃ উবাচ ॥ ২৫ ॥ ততঃ (তদনন্তরম্) আনীতৌ তৌ চণ্ড-চণ্ডৌ মহাসুরৌ দৃষ্ট্বা কল্যাণী (শুভকরী) চণ্ডিকা (কৌষিকী) কালীং ললিতং (মধুরং) বচঃ উবাচ ॥ ২৬

অনুবাদ।—ঋষি বলিলেন,—অনন্তর শুভকরী চণ্ডিকা কালী কর্তৃক আনীত মহাসুর চণ্ড-মুণ্ডকে দেখিয়া তাঁহাকে মধুর বাক্যে বলিলেন ॥ ২৫।২৬

যস্মাচ্চণ্ডঞ্চ মুণ্ডঞ্চ গৃহীত্বা ত্বমুপাগতা।
চামুণ্ডেতি ততো লোকে খ্যাতা দেবি ভবিষ্যসি ॥ ২৭

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে
দেবীমাহাত্ম্যে চণ্ডমুণ্ডবধঃ ॥ ৭

টীকা।—[হে] দেবি! যস্মাৎ (হেতোঃ) ত্বং চণ্ডং মুণ্ডঞ্চ গৃহীত্বা উপাগতা (মৎসমীপম্ আগতা), ততঃ (তস্মাদ্ধেতোঃ) লোকে (জগতি) চামুণ্ডা ইতি খ্যাতা (বিশ্রুতা) ভবিষ্যসি ॥ ২৭

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে সুপ্রভাখ্যায়াং
টীকায়াং চণ্ডমুণ্ডবধো নাম সপ্তমোঽধ্যায়ঃ ॥ ৭

অনুবাদ।—হে দেবি! যেহেতু তুমি চণ্ড ও মুণ্ডকে লইয়া আমার নিকট উপস্থিত হইয়াছ, সেই কারণে তুমি জগতে 'চামুণ্ডা' নামে খ্যাতি লাভ করিবে ॥ ২৭

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যানুবাদে
সপ্তম অধ্যায়ে চণ্ড-মুণ্ড বধ ॥ ৭

# অষ্টমোঽধ্যায়ঃ

ঋষিরুবাচ ॥ ১

চণ্ডে চ নিহতে দৈত্যে মুণ্ডে চ বিনিপাতিতে।

বহুলেষু চ সৈন্যেষু ক্ষয়িতেষ্বসুরেশ্বরঃ ॥ ২

ততঃ কোপপরাধীনচেতাঃ শুম্ভঃ প্রতাপবান্।

উদ্‌যোগং সর্ব্বসৈন্যানাং দৈত্যানামাদিদেশ হ ॥ ৩

অদ্য সর্ব্ববলৈর্দ্দৈত্যাঃ ষড়শীতিরুদায়ুধাঃ।

কম্বূনাং চতুরশীতির্নির্যান্তু স্ববলৈর্বৃতাঃ ॥ ৪

টীকা।—ঋষিঃ উবাচ ॥ ১ ॥ ততঃ (তদনন্তরং) [দেব্যা] চণ্ডে চ নিহতে মুণ্ডে চ দৈত্যে বিনিপাতিতে [সতি] বহুলেষু সৈন্যেষু ক্ষয়িতেষু [সৎসু] অসুরেশ্বরঃ প্রতাপবান্ শুম্ভঃ কোপপরাধীনচেতাঃ (ক্রোধপরবশ-চিত্তঃ সন্) সর্ব্বসৈন্যানাং (সর্ব্বাণি নিঃশেষাণি সৈন্যানি যেষাং তথাভূতানাং) দৈত্যানাম্ উদ্‌যোগং (যুদ্ধার্থং সমারম্ভম্) আদিদেশ হ (আজ্ঞপ্তবান্, 'হ' ইতি পাদপূরণে, সুরথ-সম্বোধনে বা) ॥ ২।৩

অনুবাদ।—ঋষি বলিলেন,—দৈত্য চণ্ড ও মুণ্ড নিহত এবং প্রভূত সৈন্য বিনষ্ট হইলে, প্রতাপবান্ অসুররাজ শুম্ভ কোপপরবশ-চিত্তে সৈন্যের সহিত দৈত্যগণকে সমরে উদ্‌যোগী হইতে আদেশ করিলেন ॥ ১—৩

কোটিবীর্য্যাণি পঞ্চাদশস্সুরাণাং কুলানি বৈ।
শতং কুলানি ধৌম্রাণাং নির্গচ্ছন্তু মমাজ্ঞয়া ॥ ৫
কালকা দৌহ্ন´তা মৌর্য্যাঃ কালকেয়াস্তথাস্সুরাঃ।
যুদ্ধায় সজ্জা নির্যান্তু আজ্ঞয়া ত্বরিতা মম ॥ ৬

টীকা।—অদ্য উদায়ুধাঃ (উদায়ুধসংজ্ঞকাঃ) ষড়শীতিঃ (ষড়শীতি-সংখ্যকাঃ) দৈত্যাঃ সর্ব্ববলৈঃ (সর্ব্বসৈন্যৈঃ সহ) নির্যান্তু (নির্গচ্ছন্তু, মমাজ্ঞয়া ইতি শেষঃ) কম্বূনাং (তন্নাম্নাং) চতুরশীতিঃ [দৈত্যাঃ] স্ববলৈঃ বৃতাঃ (বেষ্টিতাঃ সন্তঃ) নির্যান্তু ॥ ৪

অনুবাদ।—অদ্য আমার আদেশে উদায়ুধ নামক ষড়শীতি (৮৬) জন দৈত্য সমস্ত সৈন্যের সহিত মিলিত হইয়া এবং কম্বু নামক চতুরশীতি (৮৪) জন দৈত্য স্বসৈন্যে বেষ্টিত হইয়া যুদ্ধার্থ গমন করুক ॥ ৪

টীকা।—কোটিবীর্য্যাণি (কোটিবীর্য্যনামানি) অসুরাণাং পঞ্চাশৎ কুলানি (গণাঃ), বৈ (তথা) ধৌম্রাণাং (ধূম্রবংশোদ্ভবানাং) শতং কুলানি মম আজ্ঞয়া নির্গচ্ছন্তু (দেব্যা সহ যোদ্ধুং বহির্গচ্ছন্তু) ॥ ৫

অনুবাদ।—কোটিবীর্য্য নামক দৈত্যগণের পঞ্চাশটী সম্প্রদায় এবং ধূম্রবংশজাত দৈত্যগণের একশত সম্প্রদায় আমার আদেশে যুদ্ধার্থ বহির্গত হউক ॥ ৫

টীকা।—কালকাঃ (তন্নামানঃ) দৌহ্র্´তাঃ (দুহৃ´তনামাসুর-বংশজাঃ) মৌর্য্যাঃ (মুরবংশজাঃ) তথা কালকেয়াঃ (তন্নামানঃ) অসুরাঃ সজ্জা (সসামগ্রীকাঃ সন্তঃ) মম আজ্ঞয়া যুদ্ধায় ত্বরিতাঃ নির্যান্তু ॥ ৬

ইত্যাজ্ঞাপ্যাসুরপতিঃ শুম্ভো ভৈরবশাসনঃ।
নির্জ্জগাম মহাসৈন্য-সহস্রৈর্ব্বহুভির্বৃতঃ ॥ ৭
আয়াতং চণ্ডিকা দৃষ্ট্বা তৎসৈন্যমতিভীষণম্।
জ্যাস্বনৈঃ পূরয়ামাস ধরণীগগনান্তরম্ ॥ ৮
ততঃ সিংহো মহানাদমতীব কৃতবান্ নৃপ।
ঘণ্টাস্বনেন তান্নাদানম্বিকা চোপবৃংহয়ৎ ॥ ৯

অনুবাদ।—কালক, দৌহৃত, মৌর্য্য এবং কালকেয় অসুরগণ স্বস্বসামগ্রী সহকারে আমার আদেশে যুদ্ধার্থ সত্বর বহির্গত হউক ॥ ৬

টীকা।—অসুরপতিঃ ভৈরবশাসনঃ (ভৈরবং ভয়জনকং শাসনম্ আজ্ঞা যস্য সঃ) শুম্ভ ইতি (এবম্) আজ্ঞাপ্য (আজ্ঞাং কৃত্বা) বহুভিঃ মহাসৈন্যসহস্রৈঃ বৃতঃ [সন্] নির্জগাম ॥ ৭

অনুবাদ—ভীমশাসন অসুরপতি শুম্ভ এই প্রকার আজ্ঞা করিয়া বহুসহস্র মহাসৈন্যে বেষ্টিত হইয়া নির্গত হইলেন ॥ ৭

টীকা।—চণ্ডিকা (কৌষিকী) অতিভীষণং (ভয়জনকং) তৎসৈন্যং (তস্য শুম্ভস্য সৈন্যম্) আয়াতম্ (আগতং) দৃষ্ট্বা ধরণীগগনান্তরং (ভুবর্লোকং) জ্যাস্বনৈঃ (মৌর্ব্বীটঙ্কারধ্বনিভিঃ) পূরয়ামাস (পূরিতবতী) ॥ ৮

অনুবাদ।—চণ্ডিকা, অতিভীষণ শুম্ভসৈন্যকে আগত দেখিয়া জ্যাশব্দে ভূতল ও আকাশের মধ্যবর্ত্তী ভুবর্লোক পরিপূরিত করিলেন ॥ ৮

টীকা।—হে নৃপ! ততঃ সিংহঃ অতীব মহানাদং (মহাশব্দং) কৃতবান্; অম্বিকা চ ঘণ্টাস্বনেন (ঘণ্টাধ্বনিনা) তান্নাদান্ (জ্যাস্বন-সিংহ-

ধনুর্জ্জ্যাসিংহঘণ্টানাং শব্দাপূরিতদিঙ্মুখা।
নিনাদৈর্ভীষণৈঃ কালী জিগ্যে বিস্তারিতাননা ॥ ১০
তন্নিনাদমুপশ্রুত্য দৈত্যসৈন্যৈশ্চতুর্দ্দিশম্।
দেবী সিংহস্তথা কালী সরোষৈঃ পরিবারিতাঃ ॥ ১১

ধ্বনীন্) উপবৃংহয়ৎ (উপাবৃংহয়ৎ বর্দ্ধিতবতীত্যর্থঃ, অড়াগমাভাবশ্ছান্দসঃ) ॥ ৯

অনুবাদ।—হে নৃপ! অনন্তর সিংহ অতিশয় গর্জ্জন করিয়া উঠিল। অম্বিকাও ঘণ্টাধ্বনি দ্বারা জয়শব্দ এবং সিংহধ্বনি পরিবর্দ্ধিত করিলেন ॥ ৯

টীকা।—নাদাপূরিতদিঙ্মুখা (নাদৈঃ শব্দৈঃ আ সম্যক্ পূরিতানি দিঙ্মুখানি দিশো যয়া সা) বিস্তারিতাননা (বিস্তারিতবদনা) কালী (চামুণ্ডা) ধনুর্জ্জ্যাসিংহঘণ্টানাং [নাদং] ভীষণৈঃ নিনাদৈঃ (শব্দৈঃ) জিগ্যে (জিতা)। [ধনুর্জ্জ্যাদীনাং শব্দানভিভূয় তস্যা নাদা অতিমহান্তো জাতা ইত্যর্থঃ] ॥ ১০

অনুবাদ।—বিস্তারিতবদনা কালী স্বীয় শব্দে দিঙ্মণ্ডল পরিব্যাপ্ত করিয়া ভীষণ-শব্দে ধনু, জ্যা, সিংহ ও ঘণ্টার শব্দ অভিভূত করিয়া ফেলিলেন। [তাৎপর্য্য এই যে, ধনু প্রভৃতির শব্দ অপেক্ষা দেবীর শব্দ অত্যন্ত ভয়াবহ হইয়াছিল।] ॥ ১০

টীকা।—সরোষৈঃ (কোপসহিতৈঃ) দৈত্যসৈন্যৈঃ (কর্ত্তৃভিঃ) তং নিনাদং (জ্যাদিজনিতশব্দম্) উপশ্রুত্য (সমীপে শ্রুত্বা) দেবী

এতস্মিন্নন্তরে ভূপ বিনাশায় সুরদ্বিষাম্।
ভবায়ামরসিংহানামতিবীর্য্যবলান্বিতাঃ ॥ ১২
ব্রহ্মেশগুহবিষ্ণূনাং তথেন্দ্রস্য চ শক্তয়ঃ।
শরীরেভ্যো বিনিষ্ক্রম্য তদ্রূপৈশ্চণ্ডিকাং যযুঃ ॥১৩

( কৌষিকী ) সিংহঃ তথা ( তথাশব্দশ্চার্থঃ ) কালী চ চতুর্দ্দিশম্ ( চতসৃষু দিক্ষু] পরিবারিতাঃ ( চতুর্দ্দিক্ষু আবৃত্য অন্তঃস্থাপিতা ইত্যর্থঃ ) ॥ ১১

অনুবাদ।—দৈত্যসৈন্যগণ জ্যা প্রভৃতির শব্দ শ্রবণ করিয়া সক্রোধে দেবী কৌষিকী, চামুণ্ডা ও সিংহকে চতুর্দ্দিকে পরিবেষ্টন করিল ॥ ১১

টীকা।—হে ভূপ! এতস্মিন্ অন্তরে ( অবসরে ) সুরদ্বিষাং ( অসুরাণাং ) বিনাশায় [ তথা ] অমরসিংহানাং (দেবশ্রেষ্ঠানাং) ভবায় ( উদ্ভবায় সম্পদে ইতি যাবৎ ) ব্রহ্মেশগুহবিষ্ণূনাং ( চতুর্ম্মুখশিবকার্ত্তিকেয়-হরীণাং ) তথা ইন্দ্রস্য চ ( চকারাৎ বরাহনৃসিংহয়োশ্চ ) অতিবীর্য্য-বলান্বিতাঃ (অতিশয়িতং বীর্য্যমুৎসাহঃ, বলং সামর্থ্যং তাভ্যামন্বিতা যুক্তাঃ) শক্তয়ঃ (সামর্থ্যরূপা দেব্যাঃ) [ তেষাং ] শরীরেভ্যঃ বিনিষ্ক্রম্য (নিঃসৃত্য) তদ্রূপৈঃ ( ব্রহ্মাদীনামাকৃতিভিঃ উপলক্ষিতাঃ সত্যঃ ) চণ্ডিকাং যযুঃ ( প্রাপ্তবত্যঃ ) ॥ ১২।১৩

অনুবাদ।—হে রাজন্! এইসময়ে অসুরগণের নিধনার্থ এবং দেবগণের মঙ্গলের নিমিত্ত ব্রহ্মা, শিব, কার্ত্তিকেয়, বিষ্ণু এবং ইন্দ্রের অতিবীর্য্যবলান্বিত শক্তিসমূহ তাঁহাদের শরীর হইতে নিষ্ক্রান্ত হইয়া তত্তদ্রূপে চণ্ডিকার নিকট উপস্থিত হইলেন ॥ ১২।১৩

যস্য দেবস্য যদ্রূপং যথা ভূষণবাহনম্।
তদ্বদেব হি তচ্ছক্তিরসুরান্ যোদ্ধুমাযযৌ ॥ ১৪
হংসযুক্তবিমানাগ্রে সাক্ষসূত্রকমণ্ডলুঃ।
আয়াতা ব্রহ্মণঃ শক্তির্ব্রহ্মাণী সাভিধীয়তে ॥ ১৫
মাহেশ্বরী বৃষারূঢ়া ত্রিশূলবরধারিণী।
মহাহিবলয়া প্রাপ্তা চন্দ্ররেখাবিভূষণা ॥ ১৬

টীকা।—যস্য দেবস্য যৎ (যাদৃক্) রূপম্ (আকৃতিঃ) যথা ভূষণবাহনং (ভূষণং কমণ্ডলুপ্রভৃতি, বাহনং হংসাদি, তান্যনতিক্রম্য) তদ্বদেব হি (তথাবিধরূপভূষণবাহনা এব হি) তচ্ছক্তিঃ (তস্য দেবস্য শক্তিঃ) অসুরান্ যোদ্ধুং (প্রহর্তুম্) আযযৌ ॥ ১৪

অনুবাদ।—যে দেবের যাদৃশ রূপ, যাদৃশ ভূষণ এবং যাদৃশ বাহন, ঐ সমস্ত শক্তি তাদৃশ রূপ, ভূষণ ও বাহন গ্রহণপূর্ব্বক, অসুরগণের সহিত যুদ্ধ করিতে আগমন করিলেন ॥ ১৪

টীকা।—অগ্রে (প্রথমং) হংসযুক্তবিমানা (হংসযুক্তং বিমানং যস্যাঃ সা) সাক্ষসূত্রকমণ্ডলুঃ (অক্ষসূত্র-কমণ্ডলুসহিতা) ব্রহ্মণঃ যা শক্তিঃ আয়াতা (আগতা); সা ব্রহ্মাণী ইতি অভিধীয়তে (কথ্যতে) ॥ ১৫

অনুবাদ।—প্রথমতঃ অক্ষমালা (জপমালা) ও কমণ্ডলু ধারণ-পূর্ব্বক হংসযুক্ত বিমানে আরোহণ করিয়া ব্রহ্মার শক্তি আগমন করিলেন; তিনি ব্রহ্মাণী নামে কথিত হইয়া থাকেন ॥ ১৫

কৌমারী শক্তিহস্তা চ ময়ূরবরবাহনা।
যোদ্ধুমভ্যাযযৌ দৈত্যানম্বিকা গুহরূপিণী ॥ ১৭
তথৈব বৈষ্ণবী শক্তির্গরুড়োপরি সংস্থিতা।
শঙ্খচক্রগদাশার্ঙ্গ-খড়্গহস্তাভ্যুপাযযৌ ॥ ১৮

টীকা।—বৃষারূঢ়া ( বৃষোপবিষ্টা ) ত্রিশূলবরধারিণী ( ত্রিশূলবরং ত্রিশূলশ্রেষ্ঠং ধর্ত্তুং শীলং যস্যাঃ সা ) মহাহিবলয়া ( মহাহী তক্ষকানন্তৌ বলয়ৌ যস্যাঃ সা ) চন্দ্ররেখাবিভূষণা ( চন্দ্ররেখা চন্দ্রকলা বিভূষণং যস্যাঃ সা ) মাহেশ্বরী ( মহেশ্বরশক্তিঃ ) প্রাপ্তা ( যুদ্ধভূমৌ আগতা ) ॥ ১৬

অনুবাদ।—শ্রেষ্ঠ-ত্রিশূলাধারিণী অর্দ্ধচন্দ্রবিভূষিতা মহাসর্পবলয়া মাহেশ্বরী বৃষোপরি উপবিষ্ট হইয়া যুদ্ধভূমিতে সমাগতা হইলেন ॥ ১৬

টীকা।—শক্তিহস্তা ( শক্তিঃ শল্যং হস্তে যস্যাঃ সা ) ময়ূরবরবাহনা ( ময়ূরবরো ময়ূরশ্রেষ্ঠো বাহনং যস্যাঃ সা ) গুহরূপিণী ( কার্ত্তিকেয়রূপিণী ) কৌমারী ( কার্ত্তিকেয়শক্তিঃ ) অম্বিকা দৈত্যান্ যোদ্ধুং (প্রহর্ত্তুম্) অভ্যাযযৌ (আভিমুখ্যেন আগতবতী) ॥ ১৭

অনুবাদ।—কার্ত্তিকেয়-রূপিণী কার্ত্তিকেয়শক্তি অম্বিকা শক্তিহস্তে শ্রেষ্ঠ ময়ূরে আরোহণ করিয়া দৈত্যগণের অভিমুখে যুদ্ধ করিতে আগমন করিলেন ॥ ১৭

টীকা।—তথৈব ( তদ্রূপৈব ) গরুড়োপরি সংস্থিতা শঙ্খ-চক্র-গদা শার্ঙ্গ-খড়্গহস্তা বৈষ্ণবী শক্তিঃ অভ্যুপাযযৌ ( আভিমুখ্যেন উপ সমীপমাযযৌ ) ॥ ১৮

অনুবাদ।—এইরূপে বৈষ্ণবী শক্তি শঙ্খ, চক্র, গদা, ধনু, এবং

যজ্ঞবারাহমতুলং রূপং যা বিভ্রতো হরেঃ।
শক্তিঃ সাপ্যাযযৌ তত্র বারাহীং বিভ্রতী তনুম্ ॥ ১৯
নারসিংহী নৃসিংহস্য বিভ্রতী সদৃশং বপুঃ।
প্রাপ্তা তত্র সটাক্ষেপ-ক্ষিপ্তনক্ষত্রসংহতিঃ ॥ ২০
বজ্রহস্তা তথৈবৈন্দ্রী গজরাজোপরি স্থিতা।
প্রাপ্তা সহস্রনয়না যথা শক্রস্তথৈব সা ॥ ২১

খড়্গ ধারণ করিয়া গরুড়ে আরোহণপূর্ব্বক সেই স্থানে উপস্থিত হইলেন ॥ ১৮

টীকা।—অতুলম্ (অনুপমং) যজ্ঞবারাহং (তন্ময়ং) রূপং বিভ্রতঃ (ধারয়তঃ) হরেঃ যা শক্তিঃ, সাপি বারাহীং তনুং (মূর্ত্তিং) বিভ্রতী (ধারয়ন্তী) তত্র (যুদ্ধে) আযযৌ (আগতা) ॥ ১৯

অনুবাদ।—অনুপম যজ্ঞবরাহমূর্ত্তিধারিণী হরির শক্তিও বরাহমূর্ত্তি ধারণ করিয়া সেই যুদ্ধক্ষেত্রে সমাগতা হইলেন ॥ ১৯

টীকা।—নৃসিংহস্য সদৃশং বপুঃ (মূর্ত্তিং) বিভ্রতী (ধারয়ন্তী) সটাক্ষেপক্ষিপ্তনক্ষত্রসংহতিঃ (সটাঃ স্কন্ধস্থদীর্ঘরোমাণি, তাসাং ক্ষেপশ্চালনং; তেন ক্ষিপ্তা ইতস্ততশ্চালিতা নক্ষত্রসংহতির্যয়া সা) নারসিংহী (শক্তিঃ) তত্র (যুদ্ধক্ষেত্রে) প্রাপ্তা (আগতা) ॥ ২০

অনুবাদ।—নারসিংহী শক্তি নৃসিংহদেবের সদৃশ মূর্ত্তি ধারণ করিয়া তথায় সমাগতা হইলেন; ইঁহার কেশরাজির সঞ্চালনে নক্ষত্রমণ্ডল পর্য্যন্ত ইতস্ততঃ চালিত হইয়াছিল ॥ ২০

টীকা।—তথৈব বজ্রহস্তা গজরাজোপরি স্থিতা (ঐরাবতারূঢ়া)

ততঃ পরিবৃতস্তাভিরীশানো দেবশক্তিভিঃ।
হন্যন্তামসুরাঃ শীঘ্রং মম প্রীত্যাহ চণ্ডিকাম্ ॥ ২২
ততো দেবীশরীরাত্তু বিনিষ্ক্রান্তাতিভীষণা।
চণ্ডিকাশক্তিরত্যুগ্রা শিবাশতনিনাদিনী ॥ ২৩

সহস্রনয়না ঐন্দ্রী ( ইন্দ্রশক্তিঃ ) প্রাপ্তা ( আগতা ) ; যথা ( যাদৃক্ ) শক্রঃ ( ইন্দ্রঃ ) সা [ অপি ] তথৈব ( তদাকারৈব ) ॥ ২১

অনুবাদ।—এইরূপে সহস্রনয়না ইন্দ্রশক্তি বজ্রহস্তে ঐরাবতে আরোহণ করিয়া আগমন করিলেন ; ইন্দ্র যেমন ইনিও ঠিক সেইরূপ ॥ ২১

টীকা।— ততঃ (তদনন্তরং) ঈশানঃ (শিবঃ) তাভিঃ দেবশক্তিভিঃ পরিবৃতঃ [ সন্ ] মম প্রীত্যা ( মৎপ্রীতিহেতোঃ ) অসুরাঃ শীঘ্রং হন্যন্তাম্ ইতি চণ্ডিকাম্ আহ ॥ ২২

অনুবাদ।—অনন্তর মহেশ্বর এই সমস্ত দেবশক্তি দ্বারা পরিবৃত হইয়া চণ্ডিকাকে বলিলেন,—আমার প্রীতির নিমিত্ত আপনি শীঘ্র অসুরদিগকে নিহত করুন ॥ ২২

টীকা।—ততঃ ( শিববচনানন্তরং ) দেবীশরীরাৎ ( কৌষিকীদেহাৎ ) অতিভীষণা শিবাশতনিনাদিনী ( নিনদদনন্তশিবাবৃতা ) অত্যুগ্রা ( রৌদ্রস্বভাবা ) চণ্ডিকাশক্তিঃ বিনিষ্ক্রান্তা ( প্রাদুরভূৎ ) ॥ ২৩

অনুবাদ।—অনন্তর দেবী-দেহ হইতে অতিভীষণা রৌদ্রস্বভাবা চণ্ডিকা শক্তি আবির্ভূতা হইলেন ; সঙ্গে সঙ্গে অসংখ্য শৃগাল উৎপন্ন হইয়া নিনাদ করিতে লাগিল ॥ ২৩

সা চাহ ধূম্রজটিলমীশানমপরাজিতা।
দূতত্বং গচ্ছ ভগবন্ পার্শ্বং শুম্ভ-নিশুম্ভয়োঃ॥ ২৪
ব্রূহি শুম্ভং নিশুম্ভঞ্চ দানবাবতিগর্ব্বিতৌ।
যে চান্যে দানবাস্তত্র যুদ্ধায় সমুপস্থিতাঃ॥ ২৫
ত্রৈলোক্যমিন্দ্রো লভতাং দেবাঃ সন্তু হবির্ভুজঃ।
যূয়ং প্রয়াত পাতালং যদি জীবিতুমিচ্ছথ॥ ২৬

টীকা।—সা চ অপরাজিতা (তদাখ্যা চণ্ডিকা) ধূম্রজটিলং (ধূম্র-বর্ণজটাবন্তম্) ঈশানং (শিবম্) আহ (অব্রবীৎ)—হে ভগবন্! [ত্বং] দূতত্বং (দূতভাবং বার্ত্তাবহত্বং) গচ্ছ (প্রাপ্নুহি); শুম্ভ-নিশুম্ভয়োঃ পার্শ্বং [চ গচ্ছ]; [অথবা, হে ভগবন্! দূত! ত্বং শুম্ভ-নিশুম্ভয়োঃ পার্শ্বং গচ্ছ ইত্যন্বয়ঃ]॥ ২৪

অনুবাদ।—অনন্তর অপরাজিতা চণ্ডিকা ধূম্রবর্ণ জটা-বিভূষিত মহাদেবকে বলিলেন—ভগবন্! আপনি দূতরূপে শুম্ভ-নিশুম্ভের সমীপে গমন করুন॥ ২৪

টীকা।—অতিগর্ব্বিতৌ শুম্ভং নিশুম্ভঞ্চ দানবৌ [ত্বং] ব্রূহি, যে চ অন্যে দানবাঃ (অসুরাঃ) তত্র (স্থানে) যুদ্ধায় (যুদ্ধং কর্ত্তুম্) সমুপস্থিতাঃ [তানপি ব্রূহীত্যন্বয়ঃ]॥ ২৫

অনুবাদ।—বলগর্ব্বে অতিগর্ব্বিত দানব শুম্ভ-নিশুম্ভকে ও তথায় যুদ্ধার্থ সমবেত অন্যান্য দানবগণকে (আপনি) বলুন॥ ২৫

টীকা।—ইন্দ্রঃ ত্রৈলোক্যং (ত্রীন্ লোকান্) লভতাং (প্রাপ্নোতু) দেবাঃ (অগ্ন্যাদয়ঃ) হবির্ভুজঃ (যজ্ঞভাগভোজিনঃ) সন্তু (ভবন্তু);

বলাবলেপাদথচেদ্ভবন্তো যুদ্ধকাঙ্ক্ষিণঃ।
তদাগচ্ছত তৃপ্যন্তু মচ্ছিবাঃ পিশিতেন বঃ ॥ ২৭
যতো নিযুক্তো দৌত্যেন তয়া দেব্যা শিবঃ স্বয়ং।
শিবদূতীতি লোকেঽস্মিংস্ততঃ সা খ্যাতিমাগতা ॥ ২৮

যূয়ং যদি জীবিতুম্ ইচ্ছথ তদা পাতালং প্রযাত (প্রশব্দোপাদানাৎ সদারভৃত্যকুটুম্বা ব্রজত ইত্যর্থঃ) ॥ ২৬

অনুবাদ।—ইন্দ্র ত্রৈলোক্য লাভ করুন, দেবগণ যজ্ঞভাগ ভোগ করুন, তোমরা যদি বাঁচিতে ইচ্ছা কর, তবে পাতালে পলায়ন কর ॥ ২৬

টীকা।—অথ (বাক্যারম্ভে) চেৎ (যদি) ভবন্তঃ বলাবলেপাৎ (সৈন্যগর্ব্বাৎ, 'অবলেপস্তু গর্ব্বে স্যা'দিতি মেদিনী) যুদ্ধকাঙ্ক্ষিণঃ (যুদ্ধার্থিনঃ) [ভবথ], তদা আগচ্ছত; মচ্ছিবাঃ (এতাঃ মদীয়াঃ শিবাঃ বঃ (যুষ্মাকং) পিশিতেন (মাংসেন) তৃপ্যন্তু (তৃপ্তা ভবন্তু)॥ ২৭

অনুবাদ।—আর যদি তোমরা সৈন্যগর্ব্বে গর্ব্বিত হইয়া যুদ্ধার্থী হও, তবে শীঘ্র আগমন কর; তোমাদের মাংসের দ্বারা মদীয় শিবাগণ তৃপ্তি লাভ করুক ॥ ২৭

টীকা।—তয়া দেব্যা (কৌষিকীদেহভূতয়া) যতঃ (হেতোঃ) দৌত্যেন (দূতস্য কর্ম্ম দৌত্যং, তেন), স্বয়ং (স্বাতন্ত্র্যেণ) শিবঃ নিযুক্তঃ, ততঃ (হেতোঃ) অস্মিন্ (জগতি) সা শিবদূতী (শিবো দূতো যস্যাঃ সা) ইতি খ্যাতিং (প্রসিদ্ধিম্) আগতা (প্রাপ্তা) ॥ ২৮

অনুবাদ।—যেহেতু কৌষিকীদেহোৎপন্না সেই দেবী নিজেই

তেঽপি শ্রুত্বা বচো দেব্যাঃ শর্ব্বাখ্যাতং মহাসুরাঃ।
অমর্ষাপূরিতা জগ্মুর্যতঃ কাত্যায়নী স্থিতা ॥ ২৯
ততঃ প্রথমমেবাগ্রে শরশক্ত্যৃষ্টিবৃষ্টিভিঃ।
ববর্ষুরুদ্ধতামর্ষাস্তাং দেবীমমরারয়ঃ ॥ ৩০

শিবকে দৌত্যকর্ম্মে নিযুক্ত করিয়াছিলেন, সেইজন্য এই জগতে তিনি 'শিবদূতী' বলিয়া খ্যাতিলাভ করিলেন ॥ ২৮

টীকা।—তেঽপি মহাসুরাঃ ( শুম্ভাদ্যাঃ ) শর্ব্বাখ্যাতং ( শিবেনোক্তং ) দেব্যাঃ বচঃ ( বাক্যং ) শ্রুত্বা অমর্ষাপূরিতাঃ ( কোপাবিষ্টাঃ ) [ সন্তঃ ] যতঃ ( যত্র ) কাত্যায়নী স্থিতা [ আসীৎ ] তত্র জগ্মুঃ ( গতবন্তঃ ) ॥ ২৯

অনুবাদ।—মহাদেবের নিকট দেবীর কথিত বাক্যসমূহ শ্রবণ করিয়া অসুরগণ ক্রুদ্ধ হইল এবং যে স্থানে কাত্যায়নী দেবী বিরাজমানা ছিলেন, সেই স্থানে গমন করিল ॥ ২৯

টীকা।—ততঃ ( আগমনানন্তরং ) প্রথমমেব (আদৌ এব) অগ্রে ( দেব্যাঃ পুরতঃ ) উদ্ধতামর্ষাঃ (প্রকটিতকোপাঃ ) অমরারয়ঃ ( অসুরাঃ ) শরশক্ত্যৃষ্টিবৃষ্টিভিঃ ( বাণশল্যখড়্গবিশেষাণাং ক্ষেপণৈঃ ) তাং দেবীং ( কাত্যায়নীং ) ববর্ষুঃ ( ববৃষুঃ আচ্ছদয়ামাসুরিত্যর্থঃ, গুণশ্ছান্দসঃ ) ॥ ৩০

অনুবাদ।—অনন্তর প্রথমেই অসুরগণ ক্রোধে উদ্দীপিত হইয়া দেবীর পুরোভাগে শর, শক্তি ও ঋষ্টি অস্ত্র ( খড়্গবিশেষ ) বর্ষণ করিয়া দেবীকে আচ্ছন্ন করিয়া ফেলিল ॥ ৩০

সা চ তান্ প্রহিতান্ বাণান্ শূলচক্রপরশ্বধান্ ।
চিচ্ছেদ লীলয়াধ্মাত-ধনুর্ম্মুক্তৈর্ম্মহেষুভিঃ ॥ ৩১
তস্যাগ্রতস্তথা কালী শূলপাতবিদারিতান্ ।
খট্বাঙ্গপ্রো(পো)থিতাংশ্চারীন্ কুর্ব্বতী ব্যচরত্তদা ॥ ৩২
কমণ্ডলুজলাক্ষেপহতবীর্য্যান্ হতৌজসঃ ।
ব্রহ্মাণী চাকরোচ্ছত্রূন্ যেন যেন স্ম ধাবতি ॥ ৩৩

টীকা ।—সা চ (চণ্ডিকা) প্রহিতান্ ( অসুরৈঃ প্রেরিতান্ ) তান্ বাণান্ শূলচক্রপরশ্বধান্ ( শূলচক্রকুঠারান্ ) লীলয়া ( অনায়াসেন ) ধ্মাতধনুর্ম্মুক্তৈঃ ( সশব্দধনুষা ক্ষিপ্তৈঃ ) মহেষুভিঃ ( মহাবাণৈঃ ) চিচ্ছেদ ॥ ৩১

অনুবাদ ।—দেবী অসুর-নিক্ষিপ্ত বাণ, শূল, চক্র ও কুঠার সমূহকে সশব্দধনুনিক্ষিপ্ত বাণসমূহ দ্বারা অনায়াসে ছিন্ন করিয়া ফেলিলেন ॥ ৩১

টীকা ।—তদা তথা (চণ্ডীবৎ) তস্য ( শুম্ভস্য ) অগ্রতঃ ( সম্মুখে ) কালী অরীন্ শূলপাতবিদারিতান্ খট্বাঙ্গপ্রোথিতাংশ্চ ( খট্বাঙ্গেন মথিতাংশ্চ ) কুর্ব্বতী [ সতী ] ব্যচরৎ ( বিচচার ) ) ॥ ৩২

অনুবাদ ।—তখন কালীও চণ্ডীর ন্যায় শুম্ভের সম্মুখে অসুরগণকে শূলাঘাতে বিদীর্ণ এবং খট্বাঙ্গ দ্বারা বিমর্দ্দিত করিয়া বিচরণ করিতে লাগিলেন ॥ ৩২

টীকা ।—ব্রহ্মাণী ( ব্রহ্মণঃ শক্তিঃ ) যেন যেন ( যত্র যত্র প্রদেশে

মাহেশ্বরী ত্রিশূলেন তথা চক্রেণ বৈষ্ণবী।
দৈত্যান্ জঘান কৌমারী তথা শক্ত্যাতিকোপনা ॥৩৪
ঐন্দ্রী কুলিশপাতেন শতশো দৈত্যদানবাঃ।
পেতুর্ব্বিদারিতাঃ পৃথ্ব্যাং রুধিরৌঘপ্রবর্ষিণঃ ॥ ৩৫
তুণ্ডপ্রহারবিধ্বস্তা দংষ্ট্রাগ্রক্ষতবক্ষসঃ।
বরাহমূর্ত্ত্যা ন্যপতংশ্চক্রেণ চ বিদারিতাঃ ॥ ৩৬

সপ্তম্যাং তৃতীয়া) ধাবতি স্ম; [ তত্র তত্র দেশে ] শত্রূন্ কমণ্ডলুজলাক্ষেপহতবীর্য্যান্ ( কমণ্ডলুজলপ্রক্ষেপেণ নির্বীর্য্যান্ ) হতৌজসঃ ( হতোদ্যমান্ ) চ অকরোৎ ( কৃতবতী ) ॥ ৩৩

অনুবাদ।—ব্রহ্মাণী যে যে প্রদেশে ধাবিত হইলেন, সেই সেই প্রদেশে কমণ্ডলুজলের প্রক্ষেপ দ্বারা শত্রুগণের বীর্য্য ও উদ্যম নষ্ট করিয়া দিলেন ॥ ৩৩

টীকা।—অতিকোপনা মাহেশ্বরী ত্রিশূলেন তথা বৈষ্ণবী চক্রেণ তথা কৌমারী শক্ত্যা দৈত্যান্ জঘান ॥ ৩৪

অনুবাদ।—অতি কোপনা মাহেশ্বরী ত্রিশূলদ্বারা, বৈষ্ণবী চক্রদ্বারা এবং কৌমারী শক্তিদ্বারা দৈত্যগণকে নিহত করিলেন ॥ ৩৪

টীকা।—ঐন্দ্রীকুলিশপাতেন ( ইন্দ্রশক্তেঃ বজ্রপ্রহারেণ ) বিদারিতাঃ শতশঃ দৈত্যদানবাঃ রুধিরৌঘপ্রবর্ষিণঃ ( রক্তপ্রবাহবাহিনঃ ) সন্তঃ ) ভূমৌ পেতুঃ ( পতন্তি স্ম ) ॥ ৩৫

অনুবাদ।—ইন্দ্রশক্তির বজ্রপ্রহারে বিদীর্ণাঙ্গ শত শত দৈত্যদানব শোণিতরাশি উদ্গীর্ণ করিতে করিতে ভূমিতে পতিত হইল ॥ ৩৫

নখৈর্ব্বিদারিতাংশ্চান্যান্ ভক্ষয়ন্তী মহাসুরান্।
নারসিংহী চচারাজৌ নাদাপূর্ণদিগম্বরা ॥ ৩৭
চণ্ডাট্টহাসৈরসুরাঃ শিবদূত্যভিদূষিতাঃ।
পেতুঃ পৃথিব্যাং পতিতাংস্তাংশ্চখাদাথ সা তদা ॥ ৩৮

টীকা।—[ কেচিদ্দৈত্যাঃ ] বরাহমূর্ত্ত্যা ( বারাহ্যা ) তুণ্ডপ্রহার-বিধ্বস্তাঃ ( তুণ্ডপ্রহারেণ মুখাঘাতেন বিধ্বস্তাঃ তাড়িতাঃ ) [ কেচিৎ ] দংষ্ট্রাগ্রক্ষতবক্ষসঃ ( দন্তাগ্রেণ বিদারিতহৃদয়াঃ ), [ কেচিৎ ] চক্রেণ চ বিদারিতাঃ [ সন্তঃ ] ন্যপতন্ ( নিপেতুঃ ) ॥ ৩৬

অনুবাদ।—বরাহমূর্ত্তির তুণ্ডাঘাতে [ কোন কোন দৈত্য ] বিধ্বস্ত, [ কেহ বা ] দন্তাঘাতে বিদীর্ণহৃদয়, [ কেহ বা ] চক্রে বিদারিত হইয়া ভূতলে পতিত হইল ॥ ৩৬

টীকা।—নাদাপূর্ণদিগম্বরা ( নাদৈঃ আপূর্ণানি সম্যক্ পূরিতানি দিশঃ অম্বরাণি আকাশানি যয়া সা ) নারসিংহী (নৃসিংহশক্তিঃ) [কাংশ্চিৎ অসুরান্ ] নখৈঃ বিদারিতান্ [ কুর্ব্বতী সতী ] অন্যান্ মহাসুরান্ ভক্ষয়ন্তী [ সতী ] আজৌ ( যুদ্ধে ) চচার ॥ ৩৭

অনুবাদ।—নারসিংহী সিংহনাদে দিঙ্মণ্ডল ও নভোমণ্ডল পরিপূর্ণ করিয়া নখের দ্বারা কতিপয় অসুরকে বিদীর্ণ এবং অন্যান্য মহাসুরগণকে ভক্ষণ করিতে করিতে যুদ্ধক্ষেত্রে বিচরণ করিতে লাগিলেন ॥ ৩৭

টীকা।—[ কেচিৎ ] অসুরাঃ চণ্ডাট্টহাসৈঃ ( অত্যদ্ভুতমহাহাস্যৈঃ ) শিবদূত্যভিদূষিতাঃ ( শিবদূত্যা অভিদূষিতাঃ হৃতপরাক্রমাঃ

ইতি মাতৃগণং ক্রুদ্ধং মর্দ্দয়ন্তং মহাসুরান্ ।
দৃষ্ট্বাভ্যুপায়ৈর্ব্বিবিধৈর্নেশুর্দেবারিসৈনিকাঃ ॥ ৩৯
পলায়নপরান্ দৃষ্ট্বা দৈত্যান্ মাতৃগণার্দ্দিতান্ ।
যোদ্ধুমভ্যাযযৌ ক্রুদ্ধো রক্তবীজো মহাসুরঃ ॥ ৪০

মূর্চ্ছিতাঃ সন্তঃ ) পৃথিব্যাং পেতুঃ ( পতিতবন্তঃ ); অথ ( অনন্তরং ) তাংশ্চ পতিতান্ ( অসুরান্ ) সা ( শিবদূতী ) তদা চখাদ ( খাদিতবতী ) ॥ ৩৮

অনুবাদ ।—শিবদূতীর প্রচণ্ডহাস্যে অসুরকুল মূর্চ্ছিত ও ভূতলে পতিত হইতে লাগিল ; অনন্তর তিনিও তাহাদিগকে ভক্ষণ করিতে লাগিলেন ॥ ৩৮

টীকা ।—ইতি ( পূর্ব্বোক্তৈঃ ) বিবিধৈঃ অভ্যুপায়ৈঃ ( সংগ্রাম-সাধনৈরুপায়ৈঃ ) মহাসুরান্ মর্দ্দয়ন্তং ক্রুদ্ধং মাতৃগণং দৃষ্ট্বা দেবারি-সৈনিকাঃ ( অসুরসেনাপতয়ঃ ) নেশুঃ ( পলায়িতবন্তঃ ) ॥ ৩৯

অনুবাদ ।—এইরূপ বিবিধ উপায়ে মাতৃগণ মহাসুরগণকে মর্দিত করিলে দৈত্যসেনাগণ যুদ্ধক্ষেত্র হইতে পলায়ন করিল ॥ ৩৯

টীকা ।—রক্তবীজঃ মহাসুরঃ মাতৃগণার্দ্দিতান্ ( মাতৃগণপীড়িতান্ ) পলায়নপরান্ দৃষ্ট্বা ক্রুদ্ধঃ [ সন্ দেব্যা সহ] যোদ্ধুম্ অভ্যাযযৌ ( আভি-মুখ্যেন আগতবান্ ) ॥ ৪০

অনুবাদ ।—মাতৃগণের দ্বারা বিমর্দ্দিত দৈত্যসেনাগণকে পলায়ন করিতে দেখিয়া মহাসুর রক্তবীজ ক্রুদ্ধ হইয়া দেবীর সহিত যুদ্ধ করিতে তদভিমুখে আগমন করিল ॥ ৪০

রক্তবিন্দুর্যদা ভূমৌ পতত্যস্য শরীরতঃ ।
সমুৎপততি মেদিন্যাস্তৎপ্রমাণস্তদাসুরঃ ॥ ৪১
যুযুধে স গদাপাণিরিন্দ্রশক্ত্যা মহাসুরঃ ।
ততশ্চৈন্দ্রী স্ববজ্রেণ রক্তবীজমতাড়য়ৎ ॥ ৪২
কুলিশেনাহতস্যাশু তস্য সুস্রাব শোণিতম্ ।
সমুত্তস্থুস্ততো যোধাস্তদ্রূপাস্তৎপরাক্রমাঃ ॥ ৪৩

টীকা ।—যদা অস্য ( রক্তবীজস্য ) শরীরতঃ ( দেহাৎ ) ভূমৌ রক্তবিন্দুঃ পততি, তদা মেদিন্যাঃ ( পৃথিব্যাঃ সকাশাৎ ) তৎপ্রমাণঃ ( তৎসদৃশঃ ) অসুরঃ সমুৎপততি ( সমুৎপন্নো ভবতি ) ॥ ৪১

অনুবাদ ।—রক্তবীজের শরীর হইতে রক্তবিন্দু যখনই ভূমিতে পতিত হয়, তখনই পৃথিবী হইতে তৎসদৃশ অসুর উৎপন্ন হইয়া থাকে ॥ ৪১

টীকা ।—সঃ ( রক্তবীজঃ ) মহাসুরঃ গদাপাণিঃ ( গদাহস্তঃ সন্ ) ইন্দ্রশক্ত্যা ( ঐন্দ্র্যা সহ ) যুযুধে ( যুদ্ধং কৃতবান্ ) ; ততঃ ( তদনন্তরম্ ) ঐন্দ্রী স্ববজ্রেণ রক্তবীজম্ অতাড়য়ৎ ( প্রহৃতবতী ) ॥ ৪২

অনুবাদ ।—মহাসুর রক্তবীজ গদাহস্তে ঐন্দ্রীর সহিত যুদ্ধ করিতেছিল ; পরে ঐন্দ্রী স্বীয় বজ্রের দ্বারা রক্তবীজকে আহত করিলেন ॥ ৪২

টীকা ।—কুলিশেন ( বজ্রেণ ) আহতস্য তস্য ( রক্তবীজস্য ) [ দেহাৎ ] আশু ( শীঘ্রং ) শোণিতং ( রক্তং ) সুস্রাব ( প্রবাহিতবৎ )

যাবন্তঃ পতিতাস্তস্য শরীরাদ্রক্তবিন্দবঃ।
তাবন্তঃ পুরুষা জাতাস্তদ্বীর্য্যবলবিক্রমাঃ ॥ ৪৪
তে চাপি যুযুধুস্তত্র পুরুষা রক্তসম্ভবাঃ।
সমং মাতৃভিরত্যুগ্র-শস্ত্রপাতাতিভীষণম্ ॥ ৪৫

ততঃ ( তস্মাৎ শোণিতাৎ ) তদ্রূপাঃ ( রক্তবীজাকারাঃ ) তৎপরাক্রমাঃ ( তত্তুল্যবলাঃ ) যোধাঃ সমুত্তস্থুঃ ( উত্থিতবন্তঃ ) ॥ ৪৩

অনুবাদ।—তখন বজ্রাহত তদীয় দেহ হইতে রক্তস্রাব হইতে লাগিল এবং তাহা হইতে রক্তবীজের ন্যায় আকৃতি ও পরাক্রমবিশিষ্ট যোদ্ধা [ যুদ্ধভূমি হইতে ] উত্থিত হইল ॥ ৪৩

টীকা।—তস্য শরীরাৎ যাবন্তঃ ( যৎসংখ্যকাঃ ) রক্তবিন্দবঃ পতিতাঃ, তাবন্তঃ ( তৎসংখ্যকাঃ ) তদ্বীর্য্যবলবিক্রমাঃ ( তস্যৈব বীর্য্যম্ ইন্দ্রিয়শক্তিঃ, বলং দেহশক্তিঃ, বিক্রমঃ উৎসাহো যেষাম্ তে ) পুরুষাঃ জাতাঃ ॥ ৪৪

অনুবাদ।—রক্তবীজের শরীর হইতে যতসংখ্যক রক্তবিন্দু ভূমিতে পতিত হইল, ততসংখ্যক রক্তবীজের ন্যায় ইন্দ্রিয়শক্তি, দেহশক্তি ও উৎসাহসম্পন্ন পুরুষ উৎপন্ন হইল ॥ ৪৪

টীকা।—তে চাপি রক্তসম্ভবাঃ ( রক্তাজ্জাতাঃ ) পুরুষাঃ তত্র ( যুদ্ধক্ষেত্রে ) অত্যুগ্রশস্ত্রপাতাতিভীষণম্ ( অত্যুগ্রশস্ত্রপাতেন অতিভীষণং যথা স্যাৎ তথা ) মাতৃভিঃ সমং ( সহ ) যুযুধুঃ ( যুদ্ধং কৃতবন্তঃ ) ॥ ৪৫

অনুবাদ।—সেই রক্তসম্ভূত পুরুষগণই যুদ্ধক্ষেত্রে মাতৃগণের সহিত অস্ত্রশস্ত্র নিক্ষেপপূর্ব্বক অতিভীষণ ভাবে যুদ্ধ করিতে লাগিল ॥ ৪৫

পুনশ্চ বজ্রপাতেন ক্ষতমস্য শিরো যদা ।
ববাহ রক্তং পুরুষাস্ততো জাতাঃ সহস্রশঃ ॥ ৪৬
বৈষ্ণবী সমরে চৈনং চক্রেণাভিজঘান হ ।
গদয়া তাড়য়ামাস ঐন্দ্রী তমসুরেশ্বরম্ ॥ ৪৭
বৈষ্ণবীচক্রভিন্নস্য রুধিরস্রাবসম্ভবৈঃ ।
সহস্রশো জগদ্ব্যাপ্তং তৎপ্রমাণৈর্ম্মহাসুরৈঃ ॥ ৪৮

টীকা ।—পুনশ্চ (পুনরপি) যদা বজ্রপাতেন অস্য (রক্তবীজস্য) শিরঃ (মস্তকম্) [ঐন্দ্র্যা] ক্ষতং, তদা রক্তং ববাহ (উবাহ, ক্ষরিতবদিত্যর্থঃ, বহ প্রাপণে আর্ষ আদেশাভাবঃ, বহি গতাবিত্যস্য রূপং বা) ততঃ (তস্মাৎ রক্তাৎ) সহস্রশঃ (বহুসংখ্যকাঃ অসুরাঃ) জাতাঃ ॥ ৪৬

অনুবাদ ।—পুনরায় যখন (ঐন্দ্রীর) বজ্রপ্রহারে উহার মস্তক ক্ষত হইল, তখন রক্ত প্রবাহিত হইল এবং তাহা হইতে বহুসংখ্যক অসুর উৎপন্ন হইল ॥ ৪৬

টীকা ।—সমরে (রণে) বৈষ্ণবী এবং (রক্তবীজং) চক্রেণ অভিজঘান হ (হ ইতি পাদপূরণে); ঐন্দ্রী চ (ইন্দ্রশক্তিরপি) তম্ অসুরেশ্বরং (রক্তবীজং) গদয়া তাড়য়ামাস (আহতবতী) ॥ ৪৭

অনুবাদ ।—বৈষ্ণবী যুদ্ধে এই রক্তবীজকে চক্রের দ্বারা আহত করিলেন; ঐন্দ্রীও সেই অসুরনায়ককে গদাদ্বারা আঘাত করিলেন ॥ ৪৭

টীকা ।—বৈষ্ণবীচক্রভিন্নস্য (বৈষ্ণব্যাশ্চক্রেণ ছিন্নস্য) [তস্য]

শক্ত্যা জঘান কৌমারী বারাহী চ তথাসিনা।
মাহেশ্বরী ত্রিশূলেন রক্তবীজং মহাসুরম্ ॥ ৪৯
স চাপি গদয়া দৈত্যঃ সর্ব্বা এবাহনৎ পৃথক্।
মাতৃঃ কোপসমাবিষ্টো রক্তবীজো মহাসুরঃ ॥ ৫০
তস্যাহতস্য বহুধা শক্তিশূলাদিভির্ভুবি।
পপাত যো বৈ রক্তৌঘস্তেনাসঞ্জতশোঽসুরাঃ ॥ ৫১

রুধিরস্রাবসম্ভবৈঃ (রক্তপ্রবাহজাতৈঃ) সহস্রশঃ (বহুসহস্রৈঃ) তৎপ্রমাণৈঃ (তত্তুল্যৈঃ) মহাসুরৈঃ জগৎ ব্যাপ্তম্ ॥ ৪৯

অনুবাদ।—বৈষ্ণবীর চক্রে বিদারিত রক্তবীজের রক্তপ্রবাহ হইতে উৎপন্ন তত্তুল্য সহস্র সহস্র মহাসুরে জগৎ পরিব্যাপ্ত হইল ॥ ৪৮

টীকা।—কৌমারী শক্ত্যা, বারাহী চ অসিনা (খড়্গেন) তথা (তথাশব্দশ্চার্থে) মাহেশ্বরী (মহেশ্বরশক্তিশ্চ) ত্রিশূলেন রক্তবীজং মহাসুরং জঘান ॥ ৪৯

অনুবাদ।—তখন কৌমারী শক্তিদ্বারা, বারাহী অসিদ্বারা এবং মাহেশ্বরী ত্রিশূল দ্বারা মহাসুর রক্তবীজকে আহত করিলেন ॥ ৪৯

টীকা।—মহাসুরঃ (মহান্তঃ অসুরা যস্মাৎ সঃ, অতঃ ন পৌনরুক্তম্) সঃ দৈত্যঃ অপি (রক্তবীজশ্চাপি) কোপসমাবিষ্টঃ [সন্] গদয়া সর্ব্বা এব মাতৃঃ (মাতৃগণান্) পৃথক্ (প্রত্যেকম্) অহনৎ চ (তাড়িতবান্ চ, ছান্দসোঽয়ং প্রয়োগঃ, ত্রাতীতিবৎ গণব্যত্যায়াৎ হন্তেঃ শঙ্বা) ॥ ৫০

অনুবাদ।—সেই মহাসুরোৎপাদক দৈত্য রক্তবীজও কুপিত হইয়া গদাদ্বারা প্রত্যেক মাতৃশক্তিকে পৃথক্‌ভাবে আহত করিল ॥ ৫০

তৈশ্চাসুরাসৃক্‌সম্ভূতৈরসুরৈঃ সকলং জগৎ।
ব্যাপ্তমাসীত্ততো দেবা ভয়মাজগ্মুরুত্তমম্‌ ॥ ৫২
তান্‌ বিষণ্ণান্‌ সুরান্‌ দৃষ্ট্বা চণ্ডিকা প্রাহসত্বরা।
উবাচ কালীং চামুণ্ডে বিস্তরং বদনং কুরু ॥ ৫৩

টীকা।—শক্তিশূলাদিভিঃ বহুধা (বহুপ্রকারেণ) আহতস্য তস্য (রক্তবীজস্য) যঃ রক্তৌঘঃ (রক্তসমূহঃ) ভুবি (পৃথিব্যাং) পপাত, তেন (রক্তৌঘেন) শতশঃ (বহুশতানি) অসুরাঃ আসন্‌ (জাতাঃ) ॥ ৫১

অনুবাদ।—শক্তি শূলাদি দ্বারা আহত সেই রক্তবীজের দেহ হইতে যে রক্তসমূহ ভূমিতে পতিত হইল, সেই রক্তসমূহ হইতে বহুশত অসুর উৎপন্ন হইতে লাগিল ॥ ৫১

টীকা।—অসুরাসৃক্‌সম্ভূতৈঃ (অসুররক্তজাতৈঃ) তৈঃ অসুরৈঃ সকলং জগৎ ব্যাপ্তম্‌ আসীৎ। ততঃ (তেভ্যঃ অসুরেভ্যঃ) দেবাঃ (ইন্দ্রাদয়ঃ) উত্তমম্‌ (অতিমহৎ) ভয়ম্‌ আজগ্মুঃ (প্রাপ্তবন্তঃ) ॥ ৫২

অনুবাদ।—অসুরের রক্তসম্ভূত সেই সমস্ত দৈত্যগণে জগৎ পরিব্যাপ্ত হইয়া গেল। ইহাতে ইন্দ্রাদি দেবগণ অত্যন্ত ভীত হইলেন ॥ ৫২

টীকা।—তান্‌ বিষণ্ণান্‌ (প্রাপ্তবিষাদান্‌) সুরান্‌ (দেবান্‌) দৃষ্ট্বা প্রাহসত্বরা (প্রহন্যতেঽত্রেতি প্রাহো রণঃ, তত্র সত্বরা ত্বরাবতী) চণ্ডিকা (কৌষিকী) কালী (চামুণ্ডাম্‌) উবাচ (উক্তবতী) [হে] চামুণ্ডে! [ত্বং] বদনং (মুখং) বিস্তরং (বিততং) কুরু ॥ ৫৩

অনুবাদ।—দেবী চণ্ডিকা দেবগণকে বিষণ্ন দেখিয়া রণে ত্বরা-

মচ্ছস্ত্রপাতসম্ভূতান্ রক্তবিন্দূন্ মহাসুরান্ ।
রক্তবিন্দোঃ প্রতীচ্ছ ত্বং বক্ত্রেণানেন বেগিতা ॥ ৫৪
ভক্ষয়ন্তী চর রণে তদুৎপন্নান্ মহাসুরান্ ।
এবমেষ ক্ষয়ং দৈত্যঃ ক্ষীণরক্তো গমিষ্যতি ॥ ৫৫

ন্বিত হইয়া কালীকে বলিলেন,—হে চামুণ্ডে! তোমার মুখমণ্ডল বিস্তার কর ॥ ৫৩.

টীকা।—ত্বং বেগিতা ( ত্বরান্বিতা সতী) অনেন (বিস্তৃতীকৃতেন) বক্ত্রেণ ( বদনেন ) রক্তবিন্দোঃ ( জাতাবেকত্বং, রক্তবিন্দুভ্যঃ জাতানিত্যর্থঃ ) মহাসুরান [ তথা ] মচ্ছস্ত্রপাতসম্ভূতান্ রক্তবিন্দূন্ প্রতীচ্ছ ( গৃহাণ, ভক্ষয় ইত্যর্থঃ ) ॥ ৫৪

অনুবাদ।—তুমি ত্বরান্বিত হইয়া আমার অস্ত্রাঘাতোৎপন্ন রক্তবিন্দুসমূহ এবং রক্তবিন্দুসম্ভূত মহাসুরসমূহকে মুখের দ্বারা গ্রহণ কর; অর্থাৎ ভক্ষণ কর ॥ ৫

টীকা।—তদুৎপন্নান্ ( রক্তবিন্দুদ্ভবান্) মহাসুরান্ ভক্ষয়ন্তী [ সতী ] রণে ( রণক্ষেত্রে ) চর ( বিচরণং কুরু ); এবম্ ( অনেন প্রকারেণ ) এষ দৈত্যঃ ( রক্তবীজঃ ) ক্ষীণরক্তঃ ( সন্ ) ক্ষয়ং ( নাশং ) গমিষ্যতি ( প্রাপ্স্যতি ) ॥ ৫৫

অনুবাদ।—[ তুমি ] রক্তবিন্দুজাত দৈত্যগণকে ভক্ষণ করিতে করিতে রণক্ষেত্রে বিচরণ কর; এইরূপে এই দৈত্য ক্ষীণরক্ত হইয়া বিনাশ প্রাপ্ত হইবে ॥ ৫৫

ভক্ষ্যমাণাস্ত্বয়া চোগ্রা ন চোৎপৎস্যন্তি চাপরে ॥ ৫৬

ইত্যুক্ত্বা তাং ততো দেবী শূলেনাভিজঘান তম্ ।
মুখেন কালী জগৃহে রক্তবীজস্য শোণিতম্ ॥ ৫৭

ততোঽসাবাজঘানাথ গদয়া তত্র চণ্ডিকাম্ ।
ন চাস্যা বেদনাঞ্চক্রে গদাপাতোঽল্পিকামপি ॥ ৫৮

টীকা ।—ত্বয়া ভক্ষ্যমাণাশ্চ অপরে উগ্রাঃ (রৌদ্রস্বভাবা দৈত্যাঃ) ন চ (নৈব) উৎপৎস্যন্তি (উৎপন্না ন ভবিষ্যন্তি) ॥ ৫৬

অনুবাদ ।—তুমি এই রৌদ্রস্বভাব দৈত্যগণকে ভক্ষণ করিলে ইহারা আর উৎপন্ন হইবে না ॥ ৫৬

টীকা ।—দেবী (কৌষিকী) তাং (কালীম্) ইত্যুক্ত্বা (এবং কথয়িত্বা) শূলেন ত্বং (রক্তবীজম্) অভিজঘান (নিহতবতী) ততঃ কালী মুখেন রক্তবীজস্য শোণিতং জগৃহে (গৃহীতবতী) ॥ ৫৭

অনুবাদ ।—দেবী কৌষিকী কালীকে এইরূপ বলিয়া রক্তবীজকে শূলের দ্বারা আহত করিলেন। অনন্তর কালীও রক্তবীজের (প্রবহমান) রক্ত মুখের দ্বারা পান করিলেন ॥ ৫৭

টীকা ।—ততঃ (তদনন্তরম্) অসৌ (রক্তবীজঃ) তত্র (যুদ্ধে) গদয়া চণ্ডিকাম্ (আজঘান); অথ (কিন্তু) গদাপাতঃ (গদাপ্রহারঃ) অস্যা (চণ্ডিকায়াঃ) অল্পিকাম্ (অল্পাম্ অপি) বেদনাং চ ন চক্রে (নৈব চকার) ॥ ৫৮

অনুবাদ ।—অনন্তর রক্তবীজ যুদ্ধে গদাদ্বারা চণ্ডিকাকে আঘাত করিতে লাগিল; কিন্তু গদাঘাতে তিনি অল্পমাত্রও বেদনা অনুভব করেন নাই ॥ ৫৮

তস্যাহতস্য দেহাত্তু বহু সুস্রাব শোণিতম্ ।
যতস্ততস্তদ্বক্ত্রেণ চামুণ্ডা সম্প্রতীচ্ছতি ॥ ৫৯
মুখে সমুদ্‌গতা যেঽস্যা রক্তপাতান্মহাসুরাঃ ।
তাংশ্চখাদাথ চামুণ্ডা পপৌ তস্য চ শোণিতম্ ॥ ৬০
দেবী শূলেন বজ্রেণ বাণৈরসিভির্ঋষ্টিভিঃ ।
জঘান রক্তবীজং তং চামুণ্ডাপীতশোণিতম্ ॥ ৬১

টীকা ।—তু ( কিন্তু ) আহতস্য তস্য (রক্তবীজস্য ) যতঃ (যস্মাৎ) দেহাৎ বহু শোণিতং সুস্রাব ( ক্ষরিতবৎ ); ততঃ ( তস্মাদেব দেহ-প্রদেশাৎ ) তৎ ( শোণিতং ) বক্ত্রেণ ( মুখেন ) চামুণ্ডা সম্প্রতীচ্ছতি ( সম্যক্ পিবতি স্ম ) ॥ ৫৯

অনুবাদ ।—কিন্তু আহত রক্তবীজের দেহের অংশ হইতে রক্ত প্রবাহিত হইতে লাগিল, চামুণ্ডা সেই স্থান হইতেই তাহা পান করিলেন ॥ ৫৯

টীকা ।—অস্যাঃ ( কাল্যাঃ) মুখে রক্তপাতাৎ যে মহাসুরাঃ সমুদ্‌-গতাঃ ( সমুৎপন্নাঃ ), চামুণ্ডা তাংশ্চ ( অসুরান্ ) চখাদ ( খাদিতবতী ) অথ ( তদনন্তরং ) তস্য ( রক্তবীজস্য ) শোণিতঞ্চ পপৌ (পীতবতী) ॥ ৬০

অনুবাদ ।—কালীর মুখমধ্যে রক্ত পতিত হওয়ায় যে সমস্ত মহাসুর উৎপন্ন হইয়াছিল, চামুণ্ডা তাহাদিগকেও ভক্ষণ করিলেন এবং রক্তবীজের রক্তও পান করিলেন ॥ ৬০

টীকা ।—দেবী ( কৌষিকী ) শূলেন বজ্রেণ বাণৈঃ অসিভিঃ

স পপাত মহীপৃষ্ঠে শস্ত্রসঙ্ঘসমাহতঃ।
নীরক্তশ্চ মহীপাল রক্তবীজো মহাসুরঃ ॥ ৬২
ততস্তে হর্ষমতুলমবাপুস্ত্রিদশা নৃপ।
তেষাং মাতৃগণো জাতো ননর্ত্তাসৃঙ্‌মদোদ্ধতঃ ॥ ৬৩

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে
দেবীমাহাত্ম্যে রক্তবীজবধঃ ॥ ৮

খড়্গৈঃ ঋষ্টিভিঃ (খড়্গবিশেষৈঃ) চামুণ্ডাপীতশোণিতং (চামুণ্ডয়া পীতং শোণিতং যস্য তাদৃশং) তং রক্তবীজং জঘান (নিহতবতী) ॥ ৬১

অনুবাদ।—অনন্তর চামুণ্ডা রক্তবীজের রক্ত পান করিলে, দেবী কৌষিকী শূল, বজ্র, বাণ, অসি এবং ঋষ্টি (খড়্গবিশেষ) দ্বারা তাহাকে নিহত করিলেন ॥ ৬১

টীকা।—[হে] মহীপাল! (হে রাজন্!) সঃ রক্তবীজঃ মহাসুরঃ শস্ত্রসঙ্ঘসমাহতঃ (বহ্বস্ত্রতাড়িতঃ) নীরক্তশ্চ (নির্গতাশেষরুধিরশ্চ) (সন্) মহীপৃষ্ঠে পপাত ॥ ৬২

অনুবাদ।—হে রাজন্! সেই মহাসুর রক্তবীজ শস্ত্রসমূহের দ্বারা আহত ও রক্তশূন্য হইয়া ভূতলে পতিত হইল ॥ ৬২

টীকা।—[হে] নৃপ! ততঃ (রক্তবীজবধানন্তরং) তে ত্রিদশাঃ (দেবাঃ) অতুলম্ (অনুপমং) হর্ষম্ অবাপুঃ (প্রাপ্তবন্তঃ); তেষাং (ত্রিদশানাং) [দেহেভ্যঃ] জাতঃ (প্রাদুর্ভূতঃ) মাতৃগণঃ (ব্রহ্মাণ্যাদি-

সমূহঃ) অসৃঙ্‌মদোদ্ধতঃ (অসৃক্‌ রক্তং মদ আসব ইব, তেন উদ্ধতঃ মত্তঃ সন্‌) ননর্ত্ত (নৃত্যং কৃতবান্‌) ॥ ৬৩

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে সুপ্রভাখ্যায়াং টীকায়াং রক্তবীজবধো নামাষ্টমোঽধ্যায়ঃ ॥ ৮

অনুবাদ।—হে নৃপ! রক্তবীজ নিহত হইলে দেবগণ আনন্দলাভ করিলেন; দেবশরীরোৎপন্ন ব্রহ্মাণ্যাদি মাতৃগণও শোণিত-মদে মত্ত হইয়া নৃত্য করিতে লাগিলেন ॥ ৬৩

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যানুবাদে অষ্টমাধ্যায়ে রক্তবীজ-বধ ॥ ৮

# নবমোঽধ্যায়ঃ

রাজোবাচ ॥ ১

বিচিত্রমিদমাখ্যাতং ভগবন্ ভবতা মম।
দেব্যাশ্চরিতমাহাত্ম্যং রক্তবীজবধাশ্রিতম্ ॥ ২
ভূয়শ্চেচ্ছাম্যহং শ্রোতুং রক্তবীজে নিপাতিতে।
চকার শুম্ভো যৎ কর্ম্ম নিশুম্ভশ্চাতিকোপনঃ ॥ ৩

টীকা।—রাজা (বিস্ময়াবিষ্টঃ সুরথঃ) উবাচ (মেধসং কথয়ামাস) ॥ ১ ॥ [হে] ভগবন্! ভবতা ইদং বিচিত্রম্ (অদ্ভুতং) রক্তবীজবধাশ্রিতং রক্তবীজবধবিষয়কং) দেব্যাঃ (কৌষিক্যাঃ) চরিতমাহাত্ম্যং (চরিতং চেষ্টিতং কর্ম্ম, মাহাত্ম্যং প্রভাবশ্চ) মম (মৎসম্বন্ধে) আখ্যাতং (কথিতম্) ॥ ২

অনুবাদ।—সুরথ অত্যাশ্চর্য্য দেবীমাহাত্ম্যশ্রবণে বিস্ময়াবিষ্ট হইয়া মুনিবর মেধস্‌কে বলিলেন,—হে ভগবন্! আপনি আমাকে রক্তবীজবধবিষয়ক দেবীর বিচিত্র চরিত্র-মহিমা কহিয়াছেন ॥ ১।২

টীকা।— রক্তবীজে নিপাতিতে (নিহতে সতি) অতিকোপনঃ শুম্ভঃ নিশুম্ভশ্চ যৎ কর্ম্ম চকার (কৃতবান্), [তৎ] অহং ভূয়ঃ (পুনরপি) শ্রোতুম্ ইচ্ছামি ॥ ৩

অনুবাদ।—রক্তবীজ নিহত হইলে অতিকোপন শুম্ভ ও নিশুম্ভ যে কর্ম্ম করিয়াছিল, পুনরায় তাহা আমি শুনিতে ইচ্ছা করি ॥ ৩

ঋষিরুবাচ ॥ ৪

চকার কোপমতুলং রক্তবীজে নিপাতিতে।
শুম্ভাসুরো নিশুম্ভশ্চ হতেষ্বন্যেষু চাহবে ॥ ৫
হন্যমানং মহাসৈন্যং বিলোক্যামর্ষমুদ্বহন্।
অভ্যধাবন্নিশুম্ভোঽথ মুখ্যয়াসুরসেনয়া ॥ ৬
তস্যাগ্রতস্তথা পৃষ্ঠে পার্শ্বয়োশ্চ মহাসুরাঃ।
সন্দষ্টৌষ্ঠপুটাঃ ক্রুদ্ধা হন্তুং দেবীমুপাযযুঃ ॥ ৭

টীকা।—ঋষি উবাচ ॥ ৪ ॥ রক্তবীজে নিপাতিতে ( দেব্যা মারিতে সতি ) অন্যেষু চ ( দৈত্যেষু ) আহবে ( যুদ্ধে ) হতেষু [ সৎসু ] শুম্ভাসুরঃ নিশুম্ভশ্চ অতুলং ( ভয়ানকং ) কোপং চকার ॥ ৪।৫

অনুবাদ।—ঋষি বলিলেন,—রক্তবীজ এবং অপরাপর দৈত্যগণ যুদ্ধে নিহত হইলে শুম্ভাসুর ও নিশুম্ভ অতিশয় ক্রুদ্ধ হইল ॥ ৪।৫

টীকা।—অথ ( অনন্তরং ) নিশুম্ভঃ হন্যমানং ( দেব্যা মার্য্যমাণং) মহাসৈন্যং বিলোক্য অমর্ষং ( ক্রোধম্ ) উদ্বহন্ ( অধিকং ধারয়ন্ ) মুখ্যয়া ( প্রধানভূতয়া ) অসুরসেনয়া [ সহ ] অভ্যধাবৎ ( দেব্যা অভিমুখং গতবান্ ) ॥ ৬

অনুবাদ।—অনন্তর দেবী কর্ত্তৃক মহাবীর অসুর-সৈন্যসমূহ নিহত হইতেছে দেখিয়া নিশুম্ভ, ক্রোধে অধীর হইয়া প্রধান প্রধান অসুরসেনা সমভিব্যাহারে যুদ্ধার্থে দেবীর অভিমুখে ধাবিত হইল ॥ ৬

টীকা।—তস্য ( নিশুম্ভস্য ) অগ্রতঃ ( পুরতঃ ) তথা পৃষ্ঠে (পশ্চাৎ)

আজগাম মহাবীর্য্যঃ শুম্ভোঽপি স্ববলৈর্বৃতঃ।
নিহন্তুং চণ্ডিকাং কোপাৎ কৃত্বা যুদ্ধন্তু মাতৃভিঃ ॥ ৮
ততো যুদ্ধমতীবাসীদ্দেব্যা শুম্ভ-নিশুম্ভয়োঃ।
শরবর্ষমতীবোগ্রং মেঘয়োরিব বর্ষতোঃ ॥ ৯

পার্শ্বয়োশ্চ ( বাম-দক্ষিণয়োশ্চ ) [ স্থিতাঃ ] সন্দষ্টৌষ্ঠপুটাঃ ( দন্তাভ্যামন্তঃসংধৃতৌষ্ঠাঃ ) ক্রুদ্ধাঃ মহাসুরাঃ দেবীং হন্তুম্ উপাযযুঃ ( সমীপং গতবন্তঃ ) ॥ ৭

অনুবাদ।—নিশুম্ভের সম্মুখে, পশ্চাদ্ভাগে এবং উভয় পার্শ্বে অবস্থিত মহাবীর সৈন্যগণ ক্রোধে অধর-দংশন পূর্ব্বক দেবীকে নিহত করিতে অগ্রসর হইল ॥ ৭

টীকা।—মহাবীর্য্যঃ ( অসাধারণশক্তিঃ ) শুম্ভোঽপি মাতৃভিঃ ( ব্রহ্মাণ্যাদিভিঃ সহ ) যুদ্ধং কৃত্বা স্ববলৈঃ ( নিজসৈন্যৈঃ ) বৃতঃ ( বেষ্টিতঃ সন্ ) চণ্ডিকাং নিহন্তুং কোপাৎ আজগাম ( আগতবান্ ) ॥ ৮

অনুবাদ।—মহাবীর শুম্ভও ব্রহ্মাণী প্রভৃতি মাতৃগণের সহিত যুদ্ধ করিয়া স্বীয় সৈন্যে বেষ্টিত হইয়া চণ্ডিকাকে নিহত করিবার জন্য সক্রোধে আক্রমণ করিল ॥ ৮

টীকা।—ততঃ (শুম্ভস্য আগমনানন্তরং) দেব্যা [ সহ ] [বর্ষতোঃ] মেঘয়োঃ ইব অতীব উগ্রং ( ভীষণং ) শরবর্ষং ( বাণবৃষ্টিং ) বর্ষতোঃ (কুর্ব্বতোঃ) শুম্ভ-নিশুম্ভয়োঃ অতীব (অত্যন্তং) যুদ্ধম্ আসীৎ (অভবৎ) ॥ ৯

অনুবাদ।—অনন্তর দেবীর সহিত বারিবর্ষণকারী মেঘের ন্যায় শরবর্ষণকারী শুম্ভ-নিশুম্ভের ভীষণ যুদ্ধ হইয়াছিল ॥ ৯

চিচ্ছেদাস্তাঞ্ছরাংস্তাভ্যাং চণ্ডিকাশু শরোৎকরৈঃ।
তাড়য়ামাস চাঙ্গেষু শস্ত্রৌঘৈরসুরেশ্বরৌ ॥ ১০
নিশুম্ভো নিশিতং খড়্গং চর্ম্ম চাদায় সুপ্রভম্।
অতাড়য়ন্ মূর্দ্ধ্নি সিংহং দেব্যা বাহনমুত্তমম্ ॥ ১১
তাড়িতে বাহনে দেবী খুরপ্রেণাসিমুত্তমম্।
নিশুম্ভস্যাশু চিচ্ছেদ চর্ম্ম চাপ্যষ্টচন্দ্রকম্ ॥ ১২

টীকা।—চণ্ডিকা আশু ( শীঘ্রং ) শরোৎকরৈঃ ( শরসমূহৈঃ ) তাভ্যাং ( শুম্ভ-নিশুম্ভাভ্যাম্ ) অস্তান্ ( ক্ষিপ্তান্ ) শরান্ চিচ্ছেদ ( ছিন্নবতী ); [ ন কেবলমেতাবৎ কিন্তু ] শস্ত্রৌঘৈঃ ( বাণসমূহৈঃ ) অসুরেশ্বরৌ (শুম্ভ-নিশুম্ভৌ) অঙ্গেষু তাড়য়ামাস চ ( আহতবতী চ ) ॥ ১০

অনুবাদ।—চণ্ডিকা শীঘ্রই শরসমূহদ্বারা অসুরনিক্ষিপ্ত বাণরাশি ছিন্ন করিয়া ফেলিলেন এবং বাণনিক্ষেপে অসুরপতি শুম্ভ-নিশুম্ভের অঙ্গে আঘাত করিলেন ॥ ১০

টীকা।—নিশুম্ভং নিশিতং ( শাণিতং ) খড়্গং সুপ্রভম্ ( অতি-নির্ম্মলং ) চর্ম্ম চ আদায় ( গৃহীত্বা ) দেব্যাঃ (চণ্ডিকায়াঃ ) উত্তমং (শ্রেষ্ঠং ) বাহনং ( সিংহং ) মূর্দ্ধ্নি অতাড়য়ৎ ( আহতবান্ ) ॥ ১১

অনুবাদ।—নিশুম্ভ শাণিত খড়্গ এবং সুনির্ম্মল চর্ম্মফলক ( ঢাল ) গ্রহণ করিয়া দেবীর শ্রেষ্ঠবাহন সিংহের মস্তকে আঘাত করিল ॥ ১১

টীকা।—বাহনে ( সিংহে ) তাড়িতে ( আহতে সতি ) দেবী ( কৌষিকী ) খুরপ্রেণ ( তন্নামকাস্ত্রবিশেষেণ ) নিশুম্ভস্য উত্তমম্ অসিম্

ছিন্নে চর্ম্মণি খড়্গে চ শক্তিং চিক্ষেপ সোঽসুরঃ।
তামপ্যস্য দ্বিধা চক্রে চক্রেণাভিমুখাগতাম্ ॥ ১৩
কোপাধ্মাতো নিশুম্ভোঽথ শূলং জগ্রাহ দানবঃ।
আয়াতং মুষ্টিপাতেন দেবী তচ্চাপ্যচূর্ণয়ৎ ॥ ১৪

অষ্টচন্দ্রকম্ ( অষ্টৌ চন্দ্রাঃ চন্দ্রাকারা মণিময়-চিহ্নবিশেষাঃ যত্র তৎ ) চর্ম্ম চ আশু ( শীঘ্রং ) চিচ্ছেদ ॥ ১২

অনুবাদ।—সিংহ আহত হইলে, দেবী কৌষিকী খুরপ্র নামক অস্ত্রের দ্বারা নিশুম্ভের উত্তম অসি এবং অষ্টসংখ্যক চন্দ্রাকার মণিময় চিহ্নবিশিষ্ট চর্ম্মফলক ( ঢাল ) তখনই ছেদন করিলেন ॥ ১২

টীকা।—চর্ম্মণি ( ফলকে ) খড়্গে চ [ দেব্যা ] ছিন্নে [ সতি ] সঃ অসুরঃ ( নিশুম্ভঃ ) [ দেবীং প্রতি ] শক্তিং চিক্ষেপ ( ক্ষিপ্তবান্ ); [ দেবী ] অস্য ( নিশুম্ভস্য ) অভিমুখাগতাং ( সম্মুখমাগতাং ) তাং ( শক্তিম্ ) অপি চক্রেণ দ্বিধা চক্রে ( দ্বিখণ্ডং কৃতবতী ) ॥ ১৩

অনুবাদ।—খড়্গ ও চর্ম্ম ছিন্ন হইলে, সেই নিশুম্ভাসুর দেবীর প্রতি শক্তি অস্ত্র নিক্ষেপ করিল; দেবী সম্মুখাগত উহার সেই অস্ত্রও চক্র দ্বারা ছিন্ন করিলেন ॥ ১৩

টীকা।—অথ (অনন্তরং) নিশুম্ভঃ দানবঃ কোপাধ্মাতঃ (কোপেন জ্বলিতঃ সন্) শূলং জগ্রাহ ( নিক্ষিপ্তবান্ ), দেবী ( কৌষিকী ) আয়াতং তচ্চাপি ( শূলং ) মুষ্টিপাতেন (মুষ্ট্যাঘাতেন) অচূর্ণয়ৎ (চূর্ণং কৃতবতী) ॥১৪

অনুবাদ।—অনন্তর দানব নিশুম্ভ, কোপে প্রজ্বলিত হইয়া ( দেবীর প্রতি ) শূলাস্ত্র নিক্ষেপ করিল। দেবী তাহাও মুষ্ট্যাঘাতে বিচূর্ণ করিয়া দিলেন ॥ ১৪

আবিধ্যাথ গদাং সোঽপি চিক্ষেপ চণ্ডিকাং প্রতি ।
সাপি দেব্যা ত্রিশূলেন ভিন্না ভস্মত্বমাগতা ॥ ১৫
ততঃ পরশুহস্তং তমায়ান্তং দৈত্যপুঙ্গবম্ ।
আহত্য দেবী বাণৌঘৈরপাতয়ত ভূতলে ॥ ১৬
তস্মিন্নিপতিতে ভূমৌ নিশুম্ভে ভীমবিক্রমে ।
ভ্রাতর্য্যতীব সংক্রুদ্ধঃ প্রযযৌ হন্তুমম্বিকাম্ ॥ ১৭

টীকা ।—অথ ( অনন্তরং ) সোঽপি ( নিশুম্ভঃ ) গদাম্ আবিধ্য ( ভ্রাময়িত্বা ) চণ্ডিকাং প্রতি চিক্ষেপ ; সাপি ( গদা ) ত্রিশূলেন দেব্যা ভিন্না ( বিদারিতা ) [ সতী ] ভস্মত্বম্ আগতা ( প্রাপ্তা ) ॥ ১৫

অনুবাদ ।—তৎপরে সেই অসুরও গদা ঘূর্ণিত করিয়া চণ্ডিকার প্রতি নিক্ষেপ করিল। দেবী ত্রিশূল দ্বারা সেই গদাকে বিদীর্ণ করিয়া ভস্ম করিয়া ফেলিলেন ॥ ১৫

টীকা ।—ততঃ দেবী ( চণ্ডিকা ) পরশুহস্তম্ আয়ান্তম্ ( আগচ্ছন্তং ) তং দৈত্যপুঙ্গবং ( দৈত্যশ্রেষ্ঠং নিশুম্ভং ) বাণৌঘৈঃ ( শরসমূহৈঃ ) আহত্য ভূতলে অপাতয়ত ( পাতিতবতী ) ॥ ১৬

অনুবাদ ।—অনন্তর দেবী কৌষিকী পরশুহস্তে আগত দৈত্যশ্রেষ্ঠ নিশুম্ভকে বাণনিবহে আহত করিয়া ভূতলে পাতিত করিলেন ॥ ১৬

টীকা ।—তস্মিন্ ভীমবিক্রমে ভ্রাতরি (সোদরে) নিশুম্ভে ভূমৌ নিপতিতে [সতি] [শুম্ভঃ] অতীব ক্রুদ্ধঃ [ সন্ ] অম্বিকাং হন্তুং প্রযযৌ ( দ্রুতং ধাবিতবান্ ) ॥ ১৭

অনুবাদ ।—ভীম-পরাক্রম সহোদর নিশুম্ভ ভূতলে নিপতিত

স রথস্থস্তথাত্যুচ্চৈর্গৃহীতপরমায়ুধৈঃ।
ভুজৈরষ্টাভিরতুলৈর্ব্ব্যাপ্যাশেষং বভৌ নভঃ ॥ ১৮
তমায়ান্তং সমালোক্য দেবী শঙ্খমবাদয়ৎ।
জ্যাশব্দঞ্চাপি ধনুষশ্চকারাতীব দুঃসহম্ ॥ ১৯
পূরয়ামাস ককুভো নিজঘণ্টাস্বনেন চ।
সমস্তদৈত্যসৈন্যানাং তেজোবধবিধায়িনা ॥ ২০

হইলে, শুম্ভ অতিশয় ক্রুদ্ধ হইয়া অম্বিকাকে নিহত করিবার জন্য দ্রুত অগ্রসর হইল ॥ ১৭

টীকা।—সঃ (শুম্ভঃ) রথস্থঃ (রথারূঢ়ঃ সন্) অতুলৈঃ (অনুপমৈঃ) তথা অত্যুচ্চৈঃ (অতিদীর্ঘৈঃ) গৃহীতপরমায়ুধৈঃ (ধৃতশ্রেষ্ঠাস্ত্রৈঃ) অষ্টাভিঃ ভুজৈঃ অশেষং (সমগ্রং) নভঃ (আকাশং) ব্যাপ্য বভৌ (শুশুভে) ॥ ১৮

অনুবাদ।—সেই শুম্ভাসুর রথারূঢ় হইয়া অনুপম সুদীর্ঘ অষ্টহস্তে নানাপ্রকার শ্রেষ্ঠ অস্ত্রধারণ পূর্ব্বক সমগ্র নভোমণ্ডল পরিব্যাপ্ত করিয়া শোভিত হইতে লাগিল ॥ ১৮

টীকা।—দেবী (চণ্ডিকা) তং (শুম্ভম্) আয়ান্তম্ (আগচ্ছন্তং) সমালোক্য শঙ্খম্ অবাদয়ৎ, অতীব দুঃসহং ধনুষঃ জ্যাশব্দঞ্চ চকার ॥ ১৯

অনুবাদ।—দেবী চণ্ডিকা তাহাকে আসিতে দেখিয়া শঙ্খধ্বনি ও অতীব দুঃসহ ধনুষ্টঙ্কার করিলেন ॥ ১৯

টীকা।—সমস্তদৈত্যসৈন্যানাং তেজোবধবিধায়িনা (তেজঃসংহার-

ততঃ সিংহো মহানাদৈস্ত্যাজিতেভমহামদৈঃ ।
পূরয়ামাস গগনং গাং তথোপদিশো দশ ॥ ২১
ততঃ কালী সমুৎপত্য গগনং ক্ষ্মামতাড়য়ৎ ।
করাভ্যাং তন্নিদানেন প্রাক্স্বনাস্তে তিরোহিতাঃ ॥ ২২

কারিণা ) নিজঘণ্টাস্বনেন ( স্বীয়ঘণ্টাধ্বনিনা ) ককুভশ্চ ( দিশোঽপি ) পূরয়ামাস ॥ ২০

অনুবাদ।—[ দেবী ] সমস্ত দৈত্যসৈন্যের তেজোনাশক নিজ ঘণ্টাধ্বনি দ্বারা সমস্ত দিঙ্‌মণ্ডল পরিপূরিত করিলেন ॥ ২০

টীকা।—ততঃ সিংহঃ ত্যাজিতেভমহামদৈঃ ( ত্যাজিতঃ ইভানাং হস্তিনাং মহামদঃ অতিশয়দানং গর্ব্বো বা যৈঃ তাদৃশৈঃ ) মহানাদৈঃ ( মহাশব্দৈঃ ) গগনম্ ( আকাশং ) গাং ( পৃথিবীং ) তথা দশ উপদিশঃ ( সমীপভূতা দশ দিশশ্চ ) পূরয়ামাস ॥ ২১

অনুবাদ।—অনন্তর সিংহ হস্তিগণের মদস্রাবনিবারণকারী মহাগর্জ্জনে আকাশ, পৃথিবী এবং যুদ্ধক্ষেত্রের সমীপভূত দশদিক্ পরিপূরিত করিলেন ॥ ২১

টীকা।—ততঃ কালী ( চামুণ্ডা ( গগনম্ ( আকাশং ) সমুৎপত্য ( উত্থায় ) করাভ্যাং ক্ষ্মাং ( পৃথ্বীম্ ) অতাড়য়ৎ ( তাড়িতবতী ) ; তন্নিনাদেন ( করতাড়নজন্যশব্দেন ) তে প্রাক্স্বনাঃ ( পূর্ব্বকালীনাঃ শঙ্খাদিধ্বনয়ঃ ) তিরোহিতাঃ ( আচ্ছাদিতাঃ ) ॥ ২২

অনুবাদ।—তদনন্তর দেবী চামুণ্ডা আকাশে উত্থিত হইয়া হস্ত দ্বারা পৃথিবী তাড়িত করিলেন ; সেই ( তাড়ন ) শব্দে পূর্ব্বোৎপন্ন শঙ্খঘণ্টাদির ধ্বনি তিরোহিত হইল ॥ ২২

অট্টট্টহাসমশিবং শিবদূতী চকার হ।
তৈঃ শব্দৈরসুরাস্ত্রেসুঃ শুম্ভঃ কোপং পরং যযৌ ॥২৩
দুরাত্মংস্তিষ্ঠ তিষ্ঠেতি ব্যাজহারাম্বিকা যদা।
তদা জয়েত্যভিহিতং দেবৈরাকাশসংস্থিতৈঃ ॥ ২৪
শুম্ভেনাগত্য যা শক্তির্মুক্তা জ্বালাতিভীষণা।
আয়ান্তী বহ্নিকূটাভা সা নিরস্তা মহোল্কয়া ॥ ২৫

টীকা।—শিবদূতী অশিবং ( রিপূণাং ভয়দম্ ) অট্টট্টহাসং ( মহাহাসং ) চকার হ ( "হ" ইতি পাদপূরণে ) তৈঃ ( পূর্ব্বোক্তৈঃ ) শব্দৈঃ অসুরাঃ ত্রেসুঃ ( ত্রাসং প্রাপ্তাঃ ), শুম্ভঃ পরম্ ( অতিশয়ং ) কোপং যযৌ ( প্রাপ্তবান্ ) ॥ ২৩

অনুবাদ।—শিবদূতী শত্রুগণের ভয়জনক অট্টহাস্য করিলেন, তাহাতে অসুরগণ ভীত হইল এবং শুম্ভও অত্যন্ত ক্রুদ্ধ হইল ॥ ২৩

টীকা।—[ রে ] দুরাত্মন্! [ ত্বং] তিষ্ঠ তিষ্ঠ ইতি অম্বিকা যদা ( যস্মিন্ সময়ে ) ব্যাজহার ( উক্তবতী), তদা (তস্মিন্নেব সময়ে) আকাশসংস্থিতৈঃ দেবৈঃ জয় ( জয়যুক্তা ভব ) ইতি অভিহিতম্ ( উক্তম্ ) ॥ ২৪

অনুবাদ।—"রে দুরাত্মন্! তিষ্ঠ তিষ্ঠ" বলিয়া অম্বিকা যখন উচ্চৈঃস্বরে ঘোষণা করিলেন, তখন আকাশস্থ দেবগণ জয়ধ্বনি করিতে লাগিলেন ॥ ২৪

টীকা।—শুম্ভেন আগত্য জ্বালাতিভীষণা ( জ্বালাভিঃ শিখাভিঃ অতিভীষণা ভয়দাত্রী ) বহ্নিকূটাভা ( বহ্নিকূটাঃ অগ্নিরাশিঃ, তদ্বদাভা যস্যাঃ সা ) যা শক্তিঃ ( অস্ত্রবিশেষঃ ) মুক্তা ( ক্ষিপ্তা ), সা ( শক্তিঃ ) আয়ান্তী

সিংহনাদেন শুম্ভস্য ব্যাপ্তং লোকত্রয়ান্তরম্ ।
নির্ঘাতনিস্বনো ঘোরো জিতবানবনীপতে ॥ ২৬
শুম্ভমুক্তাঞ্ছরান্ দেবী শুম্ভস্তৎপ্রহিতাঞ্ছরান্ ।
চিচ্ছেদ স্বশরৈরুগ্রৈঃ শতশোঽথ সহস্রশঃ ॥ ২৭

( আগচ্ছন্তী সতী ) মহোল্কয়া ( তন্নামকশক্ত্যা ) নিরস্তা ( পথি ভগ্নেতি যাবৎ ) ॥ ২৫

অনুবাদ।—শুম্ভ রণক্ষেত্রে গমন করিয়া অতিভীষণ শিখা বিশিষ্ট অগ্নিরাশির ন্যায় প্রভাময়ী যে শক্তি অস্ত্র নিক্ষেপ করিল, তাহা আসিতে না আসিতেই, চণ্ডিকা-নিক্ষিপ্ত মহোল্কা নামক শক্তিদ্বারা পথিমধ্যেই ভগ্ন হইয়া গেল ॥ ২৫

টীকা।—[ হে ] অবনীপতে ! ( রাজন্ ! ) শুম্ভস্য সিংহনাদেন লোকত্রয়ান্তরং ( ত্রিলোক্যা অন্তরালং ) ব্যাপ্তং ( পূরিতং ) ; [ তদানীমেব জাতঃ ] ঘোরঃ ( অতি ভয়ানকঃ ) নির্ঘাতনিস্বনঃ ( বজ্রধ্বনিঃ ) জিতবান্ ( শুম্ভস্য সিংহনাদমভিভূতবান্ ) ॥ ২৬

অনুবাদ।—হে রাজন্ ! শুম্ভের সিংহনাদে ত্রিলোক পরিব্যাপ্ত হইল। তৎকালোৎপন্ন ভীষণ বজ্রধ্বনি তদীয় সিংহনাদকে অভিভূত করিল ॥ ২৬

টীকা।—দেবী উগ্রৈঃ ( অতিদুঃসহৈঃ ) স্বশরৈঃ ( স্বকীয়বাণৈঃ ) শুম্ভমুক্তান্ ( শুম্ভনিক্ষিপ্তান্ ) শতশঃ সহস্রশঃ শরান্ চিচ্ছেদ ( ছিন্নবতী ) ; অথ শুম্ভঃ [ অপি ] তৎপ্রহিতান্ ( তয়া দেব্যা নিক্ষিপ্তান্ ) [ শতশঃ সহস্রশঃ ] শরান্ [ চিচ্ছেদ ] ॥ ২৭

ততঃ সা চণ্ডিকা ক্রুদ্ধা শূলেনাভিজঘান তম্ ।
স তদাভিহতো ভূমৌ মূর্চ্ছিতো নিপপাত হ ॥ ২৮
ততো নিশুম্ভঃ সম্প্রাপ্য চেতনামাত্তকার্ম্মুকঃ ।
আজঘান শরৈর্দ্দেবীং কালীং কেশরিণং তথা ॥ ২৯

অনুবাদ ।—দেবী স্বকীয় তীক্ষ্ণ শরসমূহ দ্বারা শুম্ভ-নিক্ষিপ্ত শত সহস্র বাণ ছিন্ন করিলেন। শুম্ভও স্বীয় শরসমূহে দেবীনিক্ষিপ্ত শতসহস্র বাণ ছেদন করিল ॥ ২৭

টীকা ।—ততঃ ( তদনন্তরং ) সা চণ্ডিকা ক্রুদ্ধা [ সতী ] শূলেন তং ( শুম্ভম্ ) অভিজঘান ( আহতবতী ) ; সঃ ( শুম্ভঃ ) তদা ( তস্মিন্নবসরে ) অভিহতঃ ( আহতঃ সন্ ) মূর্চ্ছিতঃ [ ভূত্বা ] ভূমৌ নিপপাত হ ( "হ" ইতি পাদপূরণে সুরথসম্বোধনে বা ) ॥ ২৮

অনুবাদ ।—অনন্তর চণ্ডিকা ক্রুদ্ধ হইয়া শূলদ্বারা তাহাকে ( শুম্ভকে ) আঘাত করিলেন ; তখন শুম্ভাসুর আহত ও মূর্চ্ছিত হইয়া ভূতলে পতিত হইল ॥ ২৮

টীকা ।—ততঃ ( শুম্ভমূর্চ্ছানন্তরং ) নিশুম্ভঃ চেতনাং সম্প্রাপ্য ( লব্ধ্বা ) আত্তকার্ম্মুকঃ ( গৃহীতচাপঃ, চাপং গৃহীত্বা ইত্যর্থঃ ) শরৈঃ দেবীং ( কৌষিকীং ) কালীং ( চামুণ্ডাং ) তথা কেশরিণং ( সিংহঞ্চ ) আজঘান ॥ ২৯

অনুবাদ ।—দেবীর শূলাঘাতে শুম্ভ মূর্চ্ছিত হইলে, নিশুম্ভ চৈতন্য লাভ করিয়া ধনুর্ধারণপূর্ব্বক শর দ্বারা কৌষিকী, চামুণ্ডা এবং সিংহকে আঘাত করিতে লাগিল ॥ ২৯

পুনশ্চ কৃত্বা বাহূনামযুতং দনুজেশ্বরঃ।
চক্রায়ুধেন দিতিজশ্ছাদয়ামাস চণ্ডিকাম্ ॥ ৩০
ততো ভগবতী ক্রুদ্ধা দুর্গা দুর্গার্ত্তিনাশিনী।
চিচ্ছেদ তানি চক্রাণি স্বশরৈঃ সায়কাংশ্চ তান্ ॥ ৩১
ততো নিশুম্ভো বেগেন গদামাদায় চণ্ডিকাম্।
অভ্যধাবত বৈ হন্তুং দৈত্যসেনাসমাবৃতঃ ॥ ৩২

টীকা।—পুনশ্চ (পুনরপি) দিতিজঃ (দিতিপুত্রঃ) দনুজেশ্বরঃ (দানবাধিপঃ নিশুম্ভঃ) বাহূনাম্ অযুতং (দশসহস্রাণি) কৃত্বা (বিস্তার্য্য) চক্রায়ুধেন (চক্রাখ্যশস্ত্রেণ) চণ্ডিকাং ছাদয়ামাস ॥ ৩০

অনুবাদ।—দিতিপুত্র অসুরাধিপতি নিশুম্ভ পুনরায় অযুত বাহু বিস্তার করিয়া চক্রাস্ত্র দ্বারা চণ্ডিকাকে আচ্ছাদন করিলেন ॥ ৩০

টীকা।—ততঃ ভগবতী দুর্গার্ত্তিনাশিনী (দুর্গে সঙ্কটে যা আর্ত্তিঃ পীড়া তাং নাশয়তীতি তথাভূতা) দুর্গা ক্রুদ্ধা [সতী] স্বশরৈঃ তানি (নিশুম্ভক্ষিপ্তানি) চক্রাণি তান্ (তৎপ্রহিতান্) সায়কাংশ্চ (বাণাংশ্চ) চিচ্ছেদ (ছিন্নবতী) ॥ ৩১

অনুবাদ।—তৎপরে দুর্গতিহারিণী ভগবতী দুর্গা ক্রুদ্ধ হইয়া নিজ শরের দ্বারা নিশুম্ভ-নিক্ষিপ্ত চক্র ও বাণ সমূহ ছিন্ন করিলেন ॥ ৩১

টীকা।—ততঃ নিশুম্ভঃ দৈত্যসেনাসমাবৃতঃ (দৈত্যসৈন্যৈঃ বেষ্টিতঃ সন্) গদাম্ আদায় (গৃহীত্বা) চণ্ডিকাং হন্তুং বেগেন অভ্যধাবত (তদাভিমুখ্যেন ধাবিতবান্) ॥ ৩২

তস্যাপতত এবাশু গদাং চিচ্ছেদ চণ্ডিকা।
খড়্গেন শিতধারেণ স চ শূলং সমাদদে ॥ ৩৩
শূলহস্তং সমায়ান্তং নিশুম্ভমমরার্দ্দনম্।
হৃদি বিব্যাধ শূলেন বেগাবিদ্ধেন চণ্ডিকা ॥ ৩৪
ভিন্নস্য তস্য শূলেন হৃদয়ান্নিঃসৃতোঽপরঃ।
মহাবলো মহাবীর্য্যস্তিষ্ঠেতি পুরুষো বদন্ ॥ ৩৫

অনুবাদ।—অনন্তর নিশুম্ভ দৈত্যসৈন্যে পরিবৃত হইয়া গদা গ্রহণ করিয়া চণ্ডিকাকে নিহত করিবার জন্য বেগে তদভিমুখে ধাবিত হইল ॥ ৩২

টীকা।—চণ্ডিকা আশু ( শীঘ্রম্ ) আপতত এব ( আগচ্ছত এব ) তস্য ( নিশুম্ভস্য ) গদাং শিতধারেণ ( তীক্ষ্ণধারেণ ) খড়্গেন চিচ্ছেদ ( ছিন্নবতী ); [ অনন্তরং ] স চ ( নিশুম্ভোঽপি ) শূলং সমাদদে ( গৃহীতবান্ ) ॥ ৩৩

অনুবাদ।—চণ্ডিকা তদভিমুখে ধাবিত সেই নিশুম্ভাসুরের গদা তীক্ষ্ণধার খড়্গ দ্বারা ছিন্ন করিয়া দিলেন। তখন সেই অসুরও শূলাস্ত্র গ্রহণ করিল ॥ ৩৩

টীকা।—চণ্ডিকা শূলহস্তং সমায়ান্তম্ ( আগচ্ছন্তম্ ) অমরার্দ্দনং ( দৈত্যং নিশুম্ভং ) বেগাবিদ্ধেন ( অত্যন্তভ্রামিতেন ) শূলেন হৃদি ( বক্ষসি ) বিব্যাধ ॥ ৩৪

অনুবাদ।—চণ্ডিকা, অতিবেগে বিঘূর্ণিত স্বীয় শূলদ্বারা শূলহস্তে আগমনকারী সুরমর্দ্দক নিশুম্ভাসুরের হৃদয় বিদ্ধ করিলেন ॥ ৩৪

তস্য নিষ্ক্রামতো দেবী প্রহস্য স্বনবত্ততঃ।
শিরশ্চিচ্ছেদ খড়্গেন ততোঽসাবপতদ্ভুবি ॥ ৩৬
ততঃ সিংহশ্চখাদোগ্র-দংষ্ট্রাক্ষুণ্ণশিরোধরান্। *
অসুরাংস্তাংস্তথা কালী শিবদূতী তথাপরান্ ॥ ৩৭

টীকা।—[ দেবী ] শূলেন ভিন্নস্য ( বিদারিতস্য ) তস্য ( নিশুম্ভস্য ) হৃদয়াৎ অপরঃ মহাবলঃ ( অত্যন্তশক্তিসম্পন্নঃ ) মহাবীর্য্যঃ ( অত্যুৎসাহযুক্তঃ ) পুরুষঃ "তিষ্ঠ" ইতি বদন্ নিঃসৃতঃ ( বিনিষ্ক্রান্তবান্ ) ॥ ৩৫

অনুবাদ।—শূলাহত সেই নিশুম্ভাসুরের হৃদয় হইতে বলবীর্য্যসম্পন্ন এক পুরুষ "তিষ্ঠ" বলিতে বলিতে নির্গত হইল ॥ ৩৫

টীকা।—ততঃ ( তদনন্তরং ) দেবী স্বনবৎ ( সশব্দং যথা স্যাৎ তথা ) প্রহস্য ( হাসং কুর্ব্বতী ) নিষ্ক্রামতঃ তস্য ( পুরুষস্য ) শিরঃ খড়্গেন চিচ্ছেদ। ততঃ ( ছেদনানন্তরম্ ) অসৌ ( পুরুষঃ ) ভুবি অপতৎ ( পতিতবান্ ) ॥ ৩৬

অনুবাদ।—অনন্তর দেবী অট্টহাস্য করিয়া খড়্গ দ্বারা নিষ্ক্রমণশীল সেই পুরুষের মস্তক ছেদন করিলেন; তখন সেই পুরুষ ভূপতিত হইল ॥ ৩৬

টীকা।—ততঃ সিংহঃ উগ্রদংষ্ট্রাক্ষুণ্ণশিরোধরান্ ( উগ্রদংষ্ট্রাভিঃ তীক্ষ্ণদন্তৈঃ ক্ষুণ্ণা চূর্ণিতা শিরোধরা গ্রীবা যেষাং তান্ ) তান্ অসুরান্ চখাদ; কালী ( চামুণ্ডা ) চ তথা ( অপরান্ অসুরান্ চখাদ ) তথা শিবদূতী চ অপরান্ ( অসুরান্ ) চখাদ ॥ ৩৭

---

* 'ততঃ সিংহশ্চখাদোগ্রং দংষ্ট্রাক্ষুণ্ণশিরোধরান্'ইতি নাগোজীভট্টসম্মতঃ পাঠঃ।

কৌমারীশক্তিনির্ভিন্নাঃ কেচিন্নেশুর্মহাসুরাঃ ।
ব্রহ্মাণীমন্ত্রপূতেন তোয়েনান্যে নিরাকৃতাঃ ॥ ৩৮
মাহেশ্বরীত্রিশূলেন ভিন্নাঃ পেতুস্তথাপরে ।
বারাহীতুণ্ডঘাতেন কেচিচ্চূর্ণীকৃতা ভুবি ॥ ৩৯

অনুবাদ ।—অনন্তর সিংহ উগ্রদন্ত দ্বারা গ্রীবা বিদীর্ণ করিয়া কতকগুলি অসুরকে ভক্ষণ করিল ; কালী ও শিবদূতী অপর কতকগুলি অসুরকে ভক্ষণ করিলেন ॥ ৩৭

টীকা ।—কেচিৎ মহাসুরাঃ কৌমারীশক্তিনির্ভিন্নাঃ ( কৌমার্য্যাঃ শক্ত্যা বিদারিতাঃ সন্তঃ ) নেশুঃ ( নষ্টাঃ ) ; অন্যে ( অসুরাঃ ) ব্রহ্মাণী-মন্ত্রপূতেন ( ব্রহ্মাণ্যা আভিচারিকমন্ত্রেণ পূতেন সংস্কৃতেন ) তোয়েন নিরাকৃতাঃ ( নিরস্তাঃ, ধ্বস্তা ইতি যাবৎ ) ॥ ৩৮

অনুবাদ ।—কতকগুলি মহাসুর কৌমারী-শক্তিদ্বারা বিদারিত হইয়া বিনষ্ট হইল ; অন্য কতকগুলি ব্রহ্মাণীর মন্ত্রপূত সলিল দ্বারা বিধ্বস্ত হইল ॥ ৩৮

টীকা ।—তথা অপরে ( অসুরাঃ ) মাহেশ্বরীত্রিশূলেন ভিন্নাঃ ( বিদীর্ণাঃ সন্তঃ ) পেতুঃ ; কেচিৎ ( অসুরাঃ ) বারাহীতুণ্ডঘাতেন ( বারাহ্যাঃ পোথপ্রহারেণ ) চূর্ণীকৃতাঃ [ সন্তঃ ] ভুবি [ পেতুঃ ] ॥ ৩৯

অনুবাদ ।—কতকগুলি অসুর মাহেশরীর ত্রিশূলাঘাতে বিদীর্ণ হইল, কতকগুলি বা বারাহীর তুণ্ডাঘাতে চূর্ণীকৃত হইয়া ভূতলশায়ী হইল ॥ ৩৯

খণ্ডখণ্ডঞ্চ চক্রেণ বৈষ্ণব্যা দানবাঃ কৃতাঃ।
বজ্রেণ চৈন্দ্রীহস্তাগ্রবিমুক্তেন তথাপরে॥ ৪০
কেচিদ্বিনেশুরসুরাঃ কেচিন্নষ্টা মহাহবাৎ।
ভক্ষিতাশ্চাপরে কালী-শিবদূতী-মৃগাধিপৈঃ॥ ৪১

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে
দেবীমাহাত্ম্যে নিশুম্ভবধঃ॥ ৯

টীকা।—বৈষ্ণব্যা চক্রেণ দানবাঃ খণ্ডখণ্ডং (যথা ভবতি তথা) কৃতাঃ; তথা চ ঐন্দ্রীহস্তাগ্রবিমুক্তেন (ঐন্দ্রীহস্তাগ্রক্ষিপ্তেন) বজ্রেণ অপরে [খণ্ডখণ্ডং কৃতা ইত্যর্থঃ]॥ ৪০

অনুবাদ।—বৈষ্ণবী-শক্তি চক্রদ্বারা কতকগুলি অসুরকে খণ্ডখণ্ড করিয়া ফেলিলেন। কতকগুলি অসুর ঐন্দ্রীশক্তির হস্তাগ্রনিক্ষিপ্ত বজ্রের দ্বারা খণ্ড খণ্ড হইল॥ ৪০

টীকা।—কেচিৎ অসুরা বিনেশুঃ (মৃতাঃ), কেচিৎ মহাহবাৎ (মহাযুদ্ধাৎ) নষ্টাঃ (পলায়িতাঃ), অপরে চ (অসুরাঃ) কালী-শিবদূতী-মৃগাধিপৈঃ ভক্ষিতাঃ॥ ৪১

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে সুপ্রভাখ্যায়াং টীকায়াং নিশুম্ভবধো নাম নবমোঽধ্যায়ঃ॥ ৯

অনুবাদ।—কতকগুলি অসুর নিহত হইল, কতকগুলি যুদ্ধক্ষেত্র হইতে পলায়ন করিল এবং অন্য কতকগুলি কালী, শিবদূতী ও সিংহ কর্তৃক ভক্ষিত হইল॥ ৪১

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যানুবাদে
নবমাধ্যায়ে নিশুম্ভ-বধ॥ ৯

# দশমোঽধ্যায়ঃ

ঋষিরুবাচ ॥ ১

নিশুম্ভং নিহতং দৃষ্ট্বা ভ্রাতরং প্রাণসম্মিতম্ ।
হন্যমানং বলঞ্চৈব শুম্ভঃ ক্রুদ্ধোঽব্রবীদ্বচঃ ॥ ২
বলাবলেপদুষ্টে ত্বং মা দুর্গে গর্ব্বমাবহ ।
অন্যাসাং বলমাশ্রিত্য যুধ্যসে যাতিমানিনী ॥ ৩

টীকা ।—ঋষিঃ উবাচ ॥ ১ ॥ শুম্ভঃ প্রাণসম্মিতং ( প্রাণতুল্যং ) ভ্রাতরং নিশুম্ভং নিহতং, বলং ( সৈন্যং ) চ হন্যমানং দৃষ্ট্বা ক্রুদ্ধঃ ( কুপিতঃ সন্ ) বচঃ বাক্যম্ ) অব্রবীৎ ॥ ২

অনুবাদ ।—ঋষি কহিলেন,—শুম্ভাসুর প্রাণতুল্য সহোদর নিশুম্ভকে নিহত এবং সৈন্যগণকে বিনষ্ট দেখিয়া ক্রুদ্ধ হইয়া এই কথা বলিল ॥ ১।২

টীকা ।—[ হে ] বলাবলেপদুষ্টে ! ( হে বলগর্ব্বেণ দুর্ব্বিনীতে ) দুর্গে ! ত্বং গর্ব্বম্ ( অহং সর্ব্বজিত্বরীতি অহঙ্কারং ) মা বহ ( ন কুরু ) ; [ যতঃ ] যা [ ত্বম্ ] অতিমানিনী ( অত্যহঙ্কারবতী সত্যপি ) অন্যাসাং বলং ( সামর্থ্যম্ ) আশ্রিত্য যুধ্যসে ॥ ৩

অনুবাদ ।—হে বলগর্ব্ব-দুর্ব্বিনীতে দুর্গে ! তুমি গর্ব্ব করিও না,

দেব্যুবাচ ॥ ৪

একৈবাহং জগত্যত্র দ্বিতীয়া কা মমাপরা।
পশ্যৈতা দুষ্ট ময্যেব বিশন্ত্যো মদ্বিভূতয়ঃ ॥ ৫
ততঃ সমস্তাস্তা দেব্যো ব্রহ্মাণীপ্রমুখা লয়ম্।
তস্যা দেব্যাস্তনৌ জগ্মুরেকৈবাসীত্তদাম্বিকা ॥ ৬

যেহেতু তুমি অতি গর্ব্বিতা হইয়াও পরবল আশ্রয় করিয়া যুদ্ধ করিতেছ ॥ ৩

টীকা।—দেবী উবাচ ॥ ৪ ॥ অহম্ অত্র জগতি একৈব ( অদ্বিতীয়ৈব ), মম অপরা ( অন্যা, মম সহায়ভূতা ) দ্বিতীয়া কা? ( কাপি নাস্তীত্যর্থঃ ); [রে] দুষ্ট! পশ্য,—এতা বিভূতয়ঃ (মমাংশসম্ভূতাঃ) ময়ি এব বিশন্তি (লীনা ভবন্তি) [ তথাচ—"অহঞ্চ জগতী চৈকা জগতী মন্ময়ী যতঃ। দুগ্ধবৎ দধি চাপ্যেকং দধিদুগ্ধময়ং যতঃ" ইত্যাদ্যুক্তেঃ ] ॥ ৫

অনুবাদ।—দেবী কহিলেন,—রে দুষ্ট! এই জগতে আমি অদ্বিতীয়া; আমি ভিন্ন আমার সহায়ভূত দ্বিতীয় আর কে আছে? এই দেখ,—আমার বিভূতিরূপা (অংশরূপা) ইহারা আমাতেই বিলীন হইতেছেন ॥ ৪।৫

টীকা।—ততঃ ( তদনন্তরং ) তাঃ ব্রহ্মাণীপ্রমুখাঃ ( ব্রহ্মাণ্যাদ্যাঃ ) সমস্তাঃ দেব্যঃ তস্যাঃ দেব্যাঃ তনৌ ( শরীরে ) লয়ম্ ( ঐক্যং ) জগ্মুঃ ( প্রাপ্তবত্যঃ ) তদা অম্বিকা ( কৌষিকী ) একৈব ( অদ্বিতীয়ৈব ) আসীৎ ॥ ৬

অনুবাদ।—অনন্তর ব্রহ্মাণী প্রভৃতি দেবিগণ সেই দেবীর

দেব্যুবাচ ॥ ৭

অহং বিভূত্যা বহুভিরিহ রূপৈর্যদাস্থিতা।
তৎ সংহৃতং ময়ৈকৈব তিষ্ঠাম্যাজৌ স্থিরো ভব ॥ ৮

ঋষিরুবাচ ॥ ৯

ততঃ প্রববৃতে যুদ্ধং দেব্যাঃ শুম্ভস্য চোভয়োঃ।
পশ্যতাং সর্ব্বদেবানামসুরাণাঞ্চ দারুণম্ ॥ ১০

( কৌষিকীর ) শরীরে লীন হইলেন ; তখন একমাত্র দেবীই বিরাজ করিতে লাগিলেন ॥ ৬

টীকা ।— দেবী উবাচ ॥ ৭ ॥ অহং বিভূত্যা ( ঐশ্বর্য্যেণ ) ইহ ( যুদ্ধে ) বহুভিঃ রূপৈঃ ( মূর্ত্তিভিঃ ) যৎ আস্থিতা ( যদবস্থানং কৃতবতী ) ময়া তৎ (অবস্থানং) সংহৃতং ( সংগৃহ্য আত্মশরীরে প্রাপিতং ) [ তস্মাৎ ] অহম্ একৈব আজৌ ( যুদ্ধে ) [ অস্মি ] [ ত্বং ) স্থিরো ভব ॥ ৮

অনুবাদ ।—দেবী বলিলেন,—আমি আমার ঐশ্বর্য্য-প্রভাবে যে সমস্ত মূর্ত্তি ধারণ করিয়া অবস্থিতি করিতেছিলাম, সেই সমস্ত মূর্ত্তি সংহার ( নিজ শরীরে লীন ) করিলাম ; অতএব আমি একাকিনীই অবস্থান করিতেছি, তুমি যুদ্ধে স্থির হও ॥৭।৮

টীকা ।—ঋষি উবাচ ॥ ৯ ॥ ততঃ ( তদনন্তরং ) পশ্যতাং সর্ব্বদেবানাম্ [ সম্মুখে ] দেব্যাঃ শুম্ভস্য চ উভয়োঃ অসুরাণাঞ্চ দারুণং ( ভয়ানকং ) যুদ্ধং ( দ্বন্দ্বযুদ্ধমিতি যাবৎ ) প্রববৃতে ( প্রবৃত্তম্ ) ॥ ১০

অনুবাদ ।—ঋষি বলিলেন,—অনন্তর দেবাসুরগণের সম্মুখে দেবী ও শুম্ভাসুরের ভীষণ দ্বন্দ্বযুদ্ধ আরম্ভ হইল ॥ ৯।১০

শরবর্ষৈঃ শিতৈঃ শস্ত্রৈস্তথাস্ত্রৈশ্চৈব দারুণৈঃ।
তয়োর্যুদ্ধমভূদ্ভূয়ঃ সর্ব্বলোকভয়ঙ্করম্ ॥ ১১
দিব্যান্যস্ত্রাণি শতশো মুমুচে যান্যথাম্বিকা।
বভঞ্জ তানি দৈত্যেন্দ্রস্তৎপ্রতীঘাতকর্ত্তৃভিঃ ॥ ১২
মুক্তানি তেন চাস্ত্রাণি দিব্যানি পরমেশ্বরী।
বভঞ্জ লীলয়ৈবোগ্রহুঙ্কারোচ্চারণাদিভিঃ ॥ ১৩

টীকা।—ভূয়ঃ (পুনরপি) শরবর্ষৈঃ (বাণবর্ষণৈঃ) শিতৈঃ (তীক্ষ্ণৈঃ) শস্ত্রৈঃ (খড়্গাদিভিঃ) তথা দারুণৈঃ (ভীষণৈঃ) অস্ত্রৈঃ (শক্ত্যাদিভিঃ) তয়োঃ (দেবী-শুম্ভয়োঃ) সর্ব্বলোক-ভয়ঙ্করং (সর্ব্ব-লোকানাং ভয়ঙ্করং) যুদ্ধম্ অভূৎ ॥ ১১

অনুবাদ।—শরবর্ষণ, শাণিত খড়্গাদি শস্ত্র ও ভীষণ শক্ত্যাদি অস্ত্রদ্বারা পুনরায় তাঁহাদের লোক-ভয়ঙ্কর যুদ্ধ হইয়াছিল ॥ ১১

টীকা।—অম্বিকা যানি শতশঃ দিব্যানি (অলৌকিকানি আগ্নেয়াদীনি (অস্ত্রাণি) মুমুচে (ক্ষিপ্তবতী) অথ (অনন্তরং) দৈত্যেন্দ্রঃ (শুম্ভঃ) তৎপ্রতিঘাতকর্ত্তৃভিঃ (তেষাং দিব্যাস্ত্রাণাং প্রতিঘাতো নিরাকরণং তৎকারিভিঃ, প্রত্যস্ত্রৈরিতি যাবৎ) তানি (দেবীনিক্ষিপ্তানি) বভঞ্জ (নিরস্তবান্) ॥ ১২

অনুবাদ।—অনন্তর অম্বিকা যে সমস্ত দিব্যাস্ত্র নিক্ষেপ করিলেন, দৈত্যাধিপতি শুম্ভও তৎপ্রতিষেধক প্রত্যস্ত্রে তৎসমুদয় বিনষ্ট করিল ॥ ১২

টীকা।—পরমেশ্বরী তেন (শুম্ভেন) মুক্তানি (ক্ষিপ্তানি)

ততঃ শরশতৈর্দ্দেবীমাচ্ছাদয়ত সোঽসুরঃ।
সাপি তৎ কুপিতা দেবী ধনুশ্চিচ্ছেদ চেষুভিঃ ॥ ১৪
ছিন্নে ধনুষি দৈত্যেন্দ্রস্তথা শক্তিমথাদদে।
চিচ্ছেদ দেবী চক্রেণ তামপ্যস্য করস্থিতাম্ ॥ ১৫

দিব্যানি অস্ত্রাণি উগ্রহুঙ্কারোচ্চারণাদিভিঃ (প্রচণ্ড-হুঙ্কারধ্বনিভিঃ) 'লীলয়া ( অনায়াসেন ) এব বভঞ্জ ॥ ১৩

অনুবাদ।—পরমেশ্বরী কৌষিকী প্রচণ্ড-হুঙ্কারশব্দে শুম্ভনিক্ষিপ্ত দিব্যাস্ত্রসমূহ অবলীলাক্রমে ভগ্ন করিয়া দিলেন ॥ ১৩

টীকা।—ততঃ (অনন্তরং) সঃ অসুরঃ শরশতৈঃ ( বহুভির্বাণৈঃ ) দেবীম্ আচ্ছাদয়ত ( আচ্ছন্নবান্ ); সাপি দেবী ( কৌষিকী ) কুপিতা [ সতী ] ইষুভিঃ ( বাণৈঃ ) তৎ ( তানি শরশতানি ) ধনুশ্চ চিচ্ছেদ ॥ ১৪

অনুবাদ।—তৎপরে সেই অসুর শতশত বাণে দেবীকে আচ্ছন্ন করিয়া ফেলিল। দেবীও কুপিতা হইয়া বাণদ্বারা তাহার ধনুর্ব্বাণ ছিন্ন করিলেন ॥ ১৪

টীকা।—অথ ( অনন্তরং ) তথা ( তেন প্রকারেণ ) ধনুষি ছিন্নে [ সতি ] দৈত্যেন্দ্রঃ ( শুম্ভঃ ) শক্তিং ( তন্নামকাস্ত্রবিশেষম্ ) আদদে ( অগ্রহীৎ ); দেবী অস্য ( শুম্ভস্য ) করস্থিতাং ( হস্তস্থিতাং ) তামপি ( শক্তিং ) চক্রেণ চিচ্ছেদ ( ছিন্নবতী ) ॥ ১৫

অনুবাদ।—এইরূপে ধনুঃ ছিন্ন হইলে দৈত্যপতি শুম্ভ শক্তি অস্ত্র গ্রহণ করিল; দেবী চক্রদ্বারা শুম্ভের করস্থিত সেই শক্তি-অস্ত্র ছেদন করিলেন ॥ ১৫

ততঃ খড়্গমুপাদায় শতচন্দ্রঞ্চ ভানুমৎ।
অভ্যধাবত্তদা দেবীং দৈত্যানামধিপেশ্বরঃ ॥ ১৬
তস্যাপতত এবাশু খড়্গং চিচ্ছেদ চণ্ডিকা।
ধনুর্ম্মুক্তৈঃ শিতৈর্বাণৈশ্চর্ম্ম চার্ককরামলম্ ॥ ১৭
হতাশ্বঃ স তদা দৈত্যশ্ছিন্নধন্বা বিসারথিঃ।
জগ্রাহ মুদ্গরং ঘোরমম্বিকানিধনোদ্যতঃ ॥ ১৮

টীকা।—ততঃ দৈত্যানাম্ অধিপেশ্বরঃ (শুম্ভঃ) [যদ্বা, হে অধিপ! হে রাজন্! দৈত্যানাম ঈশ্বরঃ অধিপতিঃ শুম্ভঃ] খড়্গং ভানুমৎ (অতিকিরণশালি) শতচন্দ্রঞ্চ (শতচন্দ্রাখ্যং ফলকঞ্চ) উপাদায় (গৃহীত্বা) তাং দেবীম্ অভ্যধাবত (তদাভিমুখ্যেন ধাবিতবান্) ॥ ১৬

অনুবাদ।—অনন্তর দৈত্যেশ্বর শুম্ভ খড়্গ ও প্রভাশালী শতচন্দ্র নামক চর্ম্মফলক (ঢাল) গ্রহণ করিয়া দেবীর প্রতি ধাবিত হইল ॥ ১৬

টীকা।—চণ্ডিকা আশু এব (তৎক্ষণমেব) ধনুর্ম্মুক্তৈঃ (ধনুষা ক্ষিপ্তৈঃ, হস্তক্ষেপ্যশরনিরাসায় ধনুঃপদং) শিতৈঃ (তীক্ষ্ণৈঃ) বাণৈঃ আপততঃ (আগচ্ছতঃ) তস্য (শুম্ভস্য) অর্ককরামলং (সূর্য্যকিরণবদতি-নির্ম্মলং) খড়্গং চর্ম্ম চ (চকারাদশ্বসারথ্যোঃ সমুচ্চয়ঃ) চিচ্ছেদ (ছিন্নবতী) ॥ ১৭

অনুবাদ।—শুম্ভাসুর নিকটে আসিতে না আসিতেই চণ্ডিকা ধনুর্ম্মুক্ত তীক্ষ্ণবাণ দ্বারা সত্বর সূর্য্যকিরণতুল্য প্রভাবিশিষ্ট তদীয় খড়্গ ও চর্ম্মফলক (ঢাল) ছিন্ন করিয়া অশ্ব ও সারথিকে নিহত করিলেন ॥ ১৭

টীকা।—তদা (তস্মিন্নেবাবসরে) হতাশ্বঃ হততুরগঃ) ছিন্নধন্বা

চিচ্ছেদাপততস্তস্য মুদ্গরং নিশিতৈঃ শরৈঃ।
তথাপি সোঽভ্যধাবত্তাং মুষ্টিমুদ্যম্য বেগবান্ ॥ ১৯
স মুষ্টিং পাতয়ামাস হৃদয়ে দৈত্যপুঙ্গবঃ।
দেব্যাস্তঞ্চাপি সা দেবী তলেনোরস্যতাড়য়ৎ ॥ ২০

( নষ্টচাপঃ ) বিসারথিঃ ( বিনষ্টসারথিঃ ) সঃ দৈত্যঃ ( শুম্ভঃ ) অম্বিকা-নিধনোদ্যতঃ ( অম্বিকানিধনায় উদ্যতঃ সন্ ) ঘোরং ( ভয়ানকং ) মুদ্গরং ( লৌহলগুড়ং ) জগ্রাহ ( গৃহীতবান্ ) ॥ ১৮

অনুবাদ।—ইত্যবসরে সেই দৈত্য অশ্বহীন, ভগ্নচাপ ও সারথি-বিহীন হইয়া অম্বিকাকে নিহত করিবার জন্য ভীষণ মুদ্গর গ্রহণ করিল ॥ ১৮

টীকা।—[ চণ্ডিকা ] আপততঃ ( আগচ্ছতঃ ) তস্য ( শুম্ভস্য ) মুদ্গরং নিশিতৈঃ ( তীক্ষ্ণৈঃ ) শরৈঃ চিচ্ছেদ ( ছিন্নবতী ); তথাপি ( অশস্ত্রোঽপি ) সঃ ( দৈত্যঃ ) মুষ্টিম্ উদ্যম্য ( প্রসার্য্য ) বেগবান্ [সন্] তাং ( চণ্ডিকাং প্রতি ) অভ্যধাবৎ ॥ ১৯

অনুবাদ।—সেই শুম্ভাসুর আসিতে না আসিতেই চণ্ডিকা তাহার মুদ্গর তীক্ষ্ণবাণে ছিন্ন করিলেন। অস্ত্রহীন হইয়াও সেই দৈত্য অতিবেগে মুষ্টি উদ্যত করিয়া চণ্ডিকার দিকে ধাবিত হইল ॥ ১৯

টীকা।—সঃ দৈত্যপুঙ্গবঃ ( দৈত্যশ্রেষ্ঠঃ শুম্ভঃ ) দেব্যাঃ চণ্ডি-কায়াঃ হৃদয়ে [ তাং ] মুষ্টিং পাতয়ামাস ( মুষ্ট্যা তাড়িতবানিত্যর্থঃ ) সা তঞ্চাপি ( অসুরমপি ) তলেন ( চপেটাঘাতেন ) উরসি (বক্ষঃস্থলে) অতাড়য়ৎ ( প্রহৃতবান্ ) ॥ ২০

তলপ্রহারাভিহতো নিপপাত মহীতলে।
স দৈত্যরাজঃ সহসা পুনরেব তথোত্থিতঃ ॥ ২১
উৎপত্য চ প্রগৃহ্যোচ্চৈর্দেবীং গগনমাস্থিতঃ।
তত্রাপি সা নিরাধারা যুযুধে তেন চণ্ডিকা ॥ ২২
নিযুদ্ধং খে তদা দৈত্যশ্চণ্ডিকা চ পরস্পরম্।
চক্রতুঃ প্রথমং সিদ্ধ-মুনিবিস্ময়কারকম্ ॥ ২৩

অনুবাদ।—সেই দৈত্যপুঙ্গব শুম্ভ দেবীর হৃদয়ে মুষ্টিদ্বারা আঘাত করিল; দেবীও সেই অসুরের বক্ষঃস্থলে করতল দ্বারা প্রহার করিলেন ॥ ২০

টীকা—সঃ দৈত্যরাজঃ (শুম্ভঃ) তলপ্রহারাভিহতঃ (চপেটাঘাতেন মূর্চ্ছিতঃ সন্) মহীতলে (ভূমৌ) নিপপাত (পতিতবান্) তথা [সঃ] সহসা (তৎক্ষণমেব) পুনঃ উত্থিতঃ (উত্থিতবান্) ॥ ২১

অনুবাদ।—সেই দৈত্যরাজ চপেটাঘাতে মূর্চ্ছিত হইয়া ভূতলে পতিত হইল এবং তৎক্ষণাৎ আবার উত্থিত হইল ॥ ২১

টীকা।—[সঃ] দেবীং প্রগৃহ্য, উৎপত্য চ (ঊর্দ্ধং গত্বা চ) উচ্চৈঃ গগনম্ আস্থিতঃ (আশ্রিতবান্), সা চণ্ডিকা তত্রাপি (গগনেঽপি) নিরাধারা (নিরাশ্রয়া সতী) তেন (অসুরেণ সহ) যুযুধে (যুদ্ধং কৃতবতী ॥ ২২

অনুবাদ।—সেই দৈত্য দেবীকে গ্রহণ করিয়া লম্ফপ্রদান পূর্ব্বক আকাশে উত্থিত হইল; দেবী চণ্ডিকা সেখানেও (আকাশে) আশ্রয়-বিহীন অবস্থায় সেই অসুরের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥ ২২

ততো নিযুদ্ধং সুচিরং কৃত্বা তেনাম্বিকা সহ।
উৎপাত্য ভ্রাময়ামাস চিক্ষেপ ধরণীতলে ॥ ২৪
স ক্ষিপ্তো ধরণীং প্রাপ্য মুষ্টিমুদ্যম্য বেগিতঃ।
অভ্যধাবত দুষ্টাত্মা চণ্ডিকানিধনেচ্ছয়া ॥ ২৫

টীকা।—তদা দৈত্যঃ চণ্ডিকা চ পরস্পরম্ (অন্যোহন্যং) খে (আকাশে) প্রথমং (শ্রেষ্ঠম্, অভূতপূর্ব্বং) সিদ্ধ-মুনিবিস্ময়কারকং (সিদ্ধানাং দেবযোনিবিশেষাণাং মুনীনাঞ্চ বিস্ময়জনকং) নিযুদ্ধং (বাহু-যুদ্ধং, "নিযুদ্ধং বাহুযুদ্ধে স্যা"দিত্যমরঃ) চক্রতুঃ (কৃতবন্তৌ) ॥ ২৩

অনুবাদ।—তখন আকাশে দৈত্য ও চণ্ডিকা পরস্পর সিদ্ধ ও মুনিগণের বিস্ময়জনক অভূতপূর্ব্ব বাহুযুদ্ধ করিতে লাগিলেন ॥ ২৩

টীকা।—ততঃ (তদনন্তরং) অম্বিকা তেন (শুম্ভেন) সহ সুচিরং (বহুকালং ব্যাপ্য) নিযুদ্ধং (বাহুযুদ্ধং) কৃত্বা [তং] উৎপাত্য (উর্দ্ধীকৃত্য) ভ্রাময়ামাস, ধরণীতলে চিক্ষেপ (ক্ষিপ্তবতী চ) ॥ ২৪

অনুবাদ।—অনন্তর অম্বিকা তাহার সহিত বহুক্ষণ বাহুযুদ্ধ করিয়া তাহাকে উর্দ্ধে উত্তোলনপূর্ব্বক ঘূর্ণিত করিয়া ভূতলে নিক্ষেপ করিলেন ॥২৪

টীকা।—দুষ্টাত্মা সঃ (শুম্ভঃ) ক্ষিপ্তঃ [সন্] ধরণীং প্রাপ্য মুষ্টিম্ উদ্যম্য (উত্তোল্য) বেগিতঃ (জাতবেগঃ সন্) চণ্ডিকানিধনেচ্ছয়া [তাং প্রতি] অভ্যধাবৎ ॥ ২৫

অনুবাদ।—সেই দুষ্টাত্মা অসুর দেবী কর্তৃক নিক্ষিপ্ত হইয়া ভূমিতল প্রাপ্ত হইলে, মুষ্টি উত্তোলন করিয়া চণ্ডিকাকে নিহত করিবার জন্য [তাঁহার প্রতি] ধাবিত হইল ॥ ২৫

তমায়ান্তং ততো দেবী সর্ব্বদৈত্যজনেশ্বরম্ ।
জগত্যাং পাতয়ামাস ভিত্ত্বা শূলেন বক্ষসি ॥ ২৬
স গতাসুঃ পপাতোর্ব্ব্যাং দেবীশূলাগ্রবিক্ষতঃ ।
চালয়ন্ সকলাং পৃথ্বীং সাব্ধিদ্বীপাং সপর্ব্বতান্ ॥ ২৭
ততঃ প্রসন্নমখিলং হতে তস্মিন্ দুরাত্মনি ।
জগৎ স্বাস্থ্যমতীবাপ নির্ম্মলঞ্চাভবন্নভঃ ॥ ২৮

টীকা ।—ততঃ দেবী আয়ান্তম্ ( আগচ্ছন্তং ) সর্ব্বদৈত্যজনেশ্বরং ( সর্ব্বেষাং দৈত্যজনানামীশ্বরং ) তং ( শুম্ভং ) শূলেন বক্ষসি ভিত্ত্বা জগত্যাং ( ভূতলে ) পাতয়ামাস ॥ ২৬

অনুবাদ ।—অনন্তর দেবী আগমনকারী দৈত্যাধিপতি শুম্ভের বক্ষঃস্থলে শূল বিদ্ধ করিয়া তাহাকে ভূতলে নিপাতিত করিলেন ॥ ২৬

টীকা ।—দেবীশূলাগ্রবিক্ষতঃ ( দেব্যাঃ শূলাগ্রেণ বিদারিতঃ ) সঃ ( শুম্ভঃ ) গতাসুঃ ( গতপ্রাণঃ সন্ ) সাব্ধিদ্বীপাং ( দ্বীপসমুদ্রসহিতাং ) সপর্ব্বতাং ( পর্ব্বতৈঃ সহিতাং ) সমগ্রাং পৃথ্বীং চালয়ন্ ( চলয়ন্ কম্পয়ন্নিত্যর্থঃ, হ্রস্বাভাব আর্ষঃ ) উর্ব্ব্যাং (পৃথিব্যাং) পপাত ( পতিতবান্ ) ॥২৭

অনুবাদ ।—দেবীর শূলাগ্রের আঘাতে পঞ্চত্বপ্রাপ্ত সেই অসুর সমুদ্র, দ্বীপ ও পর্ব্বতের সহিত সমগ্র পৃথিবী কম্পিত করিয়া ভূতলে পতিত হইল ॥ ২৭

টীকা ।—ততঃ ( তদনন্তরং ) তস্মিন্ দুরাত্মনি (দুষ্টস্বভাবে শুম্ভে) হতে ( মৃতে সতি ) অখিলং জগৎ প্রসন্নং [ সৎ ] অতীব স্বাস্থ্যং

উৎপাতমেঘাঃ সোল্কা যে প্রাগাসংস্তে সমং যযুঃ
সরিতো মার্গবাহিন্যস্তথাসংস্তত্র পাতিতে ॥ ২৯
ততো দেবগণাঃ সর্ব্বে হর্ষনির্ভরমানসাঃ।
বভূবুর্নিহতে তস্মিন্ গন্ধর্ব্বা ললিতং জগুঃ ॥ ৩০

( স্বচ্ছন্দতাম্ ) আপ ( প্রাপ্তবৎ ); নভঃ ( আকাশং ) চ নির্ম্মলম্ অভবৎ ॥ ২৮

অনুবাদ।—তদনন্তর দুরাত্মা সেই অসুর শুম্ভ নিহত হইলে অখিল জগৎ প্রসন্ন ও অতীব সুস্থ হইল এবং আকাশও নির্ম্মল হইল ॥২৮

টীকা।—প্রাক্ (শুম্ভবধাৎ পূর্ব্বং) যে সোল্কাঃ (উল্কাভিঃ সহিতাঃ) উৎপাতমেঘাঃ ( উৎপাতসূচকাঃ মেঘাঃ ) আসন্ ( স্থিতাঃ ), তত্র ( তস্মিন্ শুম্ভে ) পাতিতে ( দেব্যা মারিতে সতি ) তে শমং ( শান্তিং সৌম্যরূপমিত্যর্থঃ ) যযুঃ ( প্রাপ্তবন্তঃ ); তথা সরিতঃ ( নদ্যঃ ) মার্গবাহিন্যঃ ( ন পূর্ব্ববৎ উৎপথগামিন্য ইত্যর্থঃ ) আসন্ ( জাতাঃ ) ॥ ২৯

অনুবাদ।—শুম্ভ-মরণের পূর্ব্বে, যে সকল উল্কাযুক্ত মেঘ উৎপাত সূচনা করিত, শুম্ভ নিহত হওয়ায় তাহারা সৌম্য ভাব ধারণ করিল এবং নদীসমূহ পূর্ব্ববৎ স্ব স্ব পথে প্রবাহিত হইতে লাগিল ॥ ২৯

টীকা।—ততঃ তস্মিন্ ( শুম্ভে ) নিহতে [ সতি ] সর্ব্বে দেবগণাঃ হর্ষনির্ভরমানসাঃ ( আনন্দপূর্ণচিত্তাঃ ) বভূবুঃ; গন্ধর্ব্বাঃ (বিশ্বাবসুপ্রভৃতয়ঃ) ললিতং ( মধুরং ) জগুঃ ( গীতবন্তঃ ) ॥ ৩০

অনুবাদ।—তদনন্তর, শুম্ভ নিহত হওয়ায় সমস্ত দেবগণ অতীব

অবাদয়ংস্তথৈবান্যে ননৃতুশ্চাপ্সরোগণাঃ।
ববুঃ পুণ্যাস্তথা বাতাঃ সুপ্রভোঽভূদ্দিবাকরঃ॥ ৩১
জজ্বলুশ্চাগ্নয়ঃ শান্তাঃ শান্তদিগ্‌জনিতস্বনাঃ॥ ৩২

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে
দেবীমাহাত্ম্যে শুম্ভবধঃ॥ ১০

আনন্দিত হইলেন। বিশ্বাবসু প্রভৃতি গন্ধর্ব্বগণ সুললিত গীত গাহিতে লাগিলেন॥ ৩০

টীকা।—তথৈব অন্যে (কেচিৎ গন্ধর্ব্বাঃ) [মৃদঙ্গাদীন্] অবাদয়ন্, অপ্সরোগণাঃ (উর্ব্বশ্যাদয়ঃ) ননৃতুঃ (নৃত্যং কৃতবন্তঃ); তথা পুণ্যাঃ (অনুকূলাঃ) বাতাঃ (বায়বঃ) ববুঃ (বান্তি স্ম); দিবাকরঃ সুপ্রভঃ (শোভনকিরণঃ) অভূৎ॥ ৩১

অনুবাদ।—গন্ধর্ব্বগণ মৃদঙ্গাদি বাজাইতে লাগিল; উর্ব্বশী প্রভৃতি অপ্সরোগণ নৃত্য করিতে লাগিল। অনুকূল বায়ু বহিতে লাগিল এবং দিবাকর উজ্জ্বল প্রভা ধারণ করিলেন॥ ৩১

টীকা।—শান্তদিগ্‌জনিতস্বনাঃ (শান্তাঃ দিক্ষু জনিতাঃ স্বনাঃ উৎপাতসূচকস্ফুরণাদিশব্দা যেষাং তে) অগ্নয়ঃ (আহবনীয়াদয়ঃ) শান্তাঃ (সৌম্যাঃ সন্তঃ) জজ্বলুঃ (জ্বলিতবন্তঃ)॥ ৩২

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে সুপ্রভাখ্যায়াং টীকায়াং শুম্ভবধো নাম দশমোঽধ্যায়ঃ॥ ১০

অনুবাদ।—পূর্ব্বে যাঁহারা চতুর্দ্দিকে উৎপাতসূচক স্ফুরণাদি শব্দ উৎপন্ন করিয়াছিলেন, এক্ষণে সেই আহবনীয়াদি অগ্নিসমূহ শব্দহীন হইয়া শান্তভাবে প্রজ্বলিত হইলেন ॥ ৩২

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যানুবাদে দশমাধ্যায়ে শুম্ভবধ ॥ ১০

# একাদশোঽধ্যায়ঃ

ঋষিরুবাচ ॥ ১

দেব্যা হতে তত্র মহাসুরেন্দ্রে,সেন্দ্রাঃ সুরা বহ্নিপুরোগমাস্তাম্
কাতায়নীং তুষ্টুবুরিষ্টলম্ভা,-দ্বিকাশিবক্ত্রাস্ত বিকাশিতাশাঃ ॥২
দেবি প্রপন্নার্ত্তিহরে প্রসীদ, প্রসীদ মাতর্জগতোঽখিলস্য।
প্রসীদ বিশ্বেশ্বরি পাহি বিশ্বং, ত্বমীশ্বরী দেবি চরাচরস্য ॥ ৩

টীকা।—ঋষিঃ উবাচ ॥ ১ ॥ তত্র ( তস্মিন্ যুদ্ধে ) মহাসুরেন্দ্রে ( মহাসুরাণাম্ অধিপতৌ শুম্ভে ) দেব্যা ( চণ্ডিকয়া ) হতে ( মারিতে সতি ) বহ্নিপুরোগমাঃ ( বহ্নিঃ পুরোগমঃ অগ্রগো যেষাং তে, বহ্নিপ্রমুখা ইত্যর্থঃ 'অগ্নির্বৈ দেবানাং মুখ'মিতি শ্রুতেঃ ) সেন্দ্রাঃ ( ইন্দ্রসহিতাঃ ) সুরাঃ ( দেবাঃ ) ইষ্টলম্ভাৎ ( ইষ্টলাভাৎ হেতোঃ ) বিকাশিবক্ত্রাঃ ( অন্তর্হর্ষাতিশয়াৎ উৎফুল্লবদনাঃ ) বিকাশিতাশাঃ ( বিকাশিতা আশা দিশো যৈঃ তে, উজ্জ্বলীকৃতদিশঃ ইত্যর্থঃ ) [ সন্তঃ ] তাং ( প্রসিদ্ধাং ) কাত্যায়নীং ( শুম্ভাদিমর্দ্দিনীং কৌষিকীং ) তুষ্টুবুঃ ( স্তুতবন্তঃ ) ॥ ২

অনুবাদ।—ঋষি কহিলেন,—যুদ্ধে দেবী কর্ত্তৃক মহাসুরাধিপতি শুম্ভ নিহত হইলে, বহ্নিপ্রমুখ ইন্দ্রাদি দেবগণ স্ব স্ব অভীষ্ট লাভ করায় প্রফুল্লবদনে দিঙ্মণ্ডল উদ্ভাসিত করিয়া দেবী কাত্যায়নীর স্তব করিতে লাগিলেন ॥ ১।২

আধারভূতা জগতস্ত্বমেকা, মহীস্বরূপেণ যতঃ স্থিতাসি।
অপাং স্বরূপস্থিতয়া ত্বয়ৈত,-দাপ্যায্যতে কৃৎস্নমলঙ্ঘ্যবীর্য্যে ॥৪

টীকা।—[ হে ] দেবি! [ ত্বং ] প্রসীদ ( প্রসন্না ভব )। [হে] প্রপন্নার্ত্তিহরে! ( হে শরণাগতানাং দুঃখহারিণি! ) [হে] অখিলস্য জগতঃ মাতঃ! [ ত্বং প্রসীদ; ] [ হে ] বিশ্বেশ্বরি! [ত্বং] প্রসীদ, বিশ্বং ( জগৎ ) পাহি ( রক্ষ ); [ হে ] দেবি! ত্বং (ত্বমেব) চরাচরস্য ( স্থাবরজঙ্গমাত্মকস্য জগতঃ ) ঈশ্বরী ( স্বামিনী ) [ অতঃ কমন্যং প্রার্থয়ামহে ইতি ভাবঃ। অত্র কৃতপরোপকারাং দেবীম্ অতিহর্ষেণ পুনঃ পুনঃ প্রার্থয়ন্তি ইতি ন পৌনরুক্ত্যম্ ] ॥ ৩

অনুবাদ।—হে দেবি! তুমি প্রসন্না হও; হে শরণাগত-দুঃখনিবারিণি! হে নিখিল জগতের জননি! তুমি প্রসন্না হও; হে বিশ্বেশ্বরি! তুমি প্রসন্না হও [এবং] চরাচর বিশ্বপালন কর; হে দেবি! তুমি চরাচর জগতের নিয়ন্ত্রী, [ অতএব আমরা তোমা ভিন্ন আর কাহার নিকট প্রর্থনা করিব? ] ॥ ৩

টীকা।—[ হে ] অলঙ্ঘ্যবীর্য্যে! হে অনতিক্রমণীয়শক্তে! ) ত্বম্ একা ( অদ্বিতীয়া ) জগতঃ আধারভূতা ( আশ্রয়রূপা ), যতঃ মহীস্বরূপেণ ( পৃথিবীরূপেণ ) স্থিতা অসি; অপাং স্বরূপস্থিতয়া ( জলস্বরূপেণ স্থিতয়া জলরূপয়েত্যর্থঃ ) ত্বয়া কৃৎস্নং ( সমগ্রম্ ) এতৎ জগৎ আপ্যায্যতে ( আপ্যায়িতং ক্রিয়তে, আনন্দ্যতে ইত্যর্থঃ ) ॥ ৪

অনুবাদ।—হে অনতিক্রমণীয়শক্তে! তুমিই জগতের এক মাত্র আশ্রয়, যেহেতু তুমি পৃথিবীরূপে অবস্থিতা, [ আবার ] তুমিই

ত্বং বৈষ্ণবীশক্তিরনন্তবীর্য্যা, বিশ্বস্য বীজং পরমাসি মায়া।
সম্মোহিতং দেবি সমস্তমেত,-ত্বং বৈ প্রসন্না ভুবি মুক্তিহেতুঃ ৫
বিদ্যাঃ সমস্তাস্তব দেবি ভেদাঃ, স্ত্রিয়ঃ সমস্তাঃ সকলা জগৎসু।
ত্বয়ৈকয়া পূরিতমম্বয়ৈতৎ,কা তে স্তুতিঃ স্তব্যপরাপরোক্তিঃ ৬

জলরূপে এই অখিল জগৎকে আপ্যায়িত করিতেছ; অতএব তোমার শক্তি অনতিক্রমণীয় ॥ ৪

টীকা।—[হে] দেবি! ত্বম্ অনন্তবীর্য্যা (অসীমসামর্থ্যা) বৈষ্ণবী (বিষ্ণুসম্বন্ধিনী) শক্তিঃ, [ত্বং] বিশ্বস্য বীজং (মূলকারণং), [ত্বং] পরমা (পরম্ ঈশ্বরং মাতি কর্ত্তৃভোক্তৃভাবেন বশয়তীতি পরমা) মায়া উক্তরূপা মহামায়া) অসি; [ত্বয়া] এতৎ সমস্তং [জগৎ] সম্মোহিতং (সংসারগর্ত্তে পাতিতম্), [কিন্তু] প্রসন্না [সতী] ত্বং বৈ (নূনং) ভুবি (সংসারে) মুক্তিহেতুঃ (মুক্তিকারণং, ভবসীতি শেষঃ) ॥ ৫

অনুবাদ।—হে দেবি! তুমিই অসীম সামর্থ্যসম্পন্না বিষ্ণুশক্তি, তুমিই চরাচর জগতের মূলকারণ, তুমিই পরমা মহামায়া, তুমিই এই নিখিল জগৎকে সংসারগর্ত্তে নিপাতিত করিতেছ। [আবার] প্রসন্ন হইলে তুমিই সংসারে মুক্তির কারণ হইয়া থাক, অর্থাৎ তুমি যার প্রতি প্রসন্না, সেই সংসারে মুক্তি লাভ করিয়া থাকে ॥ ৫

টীকা।—[হে দেবি! সমস্তাঃ (অষ্টাদশ) বিদ্যাঃ তব ভেদাঃ (অংশাঃ, মূর্ত্তয় ইতি যাবৎ); জগৎসু সকলাঃ (চতুঃষষ্টিকলোপেতাঃ পাতিব্রাত্যাদ্যুপেতাঃ সমস্তাঃ) স্ত্রিয়ঃ [অপি] [তবাংশাঃ], একয়া (অদ্বিতীয়য়া, (সজাতীয়-বিজাতীয়ভেদরহিতয়েত্যর্থঃ) অম্বয়া (জগজ্জনয়িত্র্যা)

সর্ব্বভূতা যদা দেবী স্বর্গমুক্তিপ্রদায়িনী।
ত্বং স্তুতা স্তুতয়ে কা বা ভবন্তু পরমোক্তয়ঃ ॥ ৭

ত্বয়া এতৎ ( জগৎ ) পূরিতং ( ব্যাপ্য স্থিতম্ ) ; তে ( তব ) স্তুতিঃ কা ? ( স্তুতিরেব ন সম্ভবতীত্যর্থঃ ) ; [ যতঃ, ইয়ং ] স্তব্যপরাপরোক্তিঃ ( স্তব্যং স্তুতিঃ ভাবে যৎ, স্তব্যাৎ স্তুতেঃ পরায়াঃ পারবর্ত্তিন্যাস্তব অপরোক্তিঃ অনুবাদমাত্রমিত্যর্থঃ ) ॥ ৬

অনুবাদ।—হে দেবি! বেদাদি অষ্টাদশ বিদ্যা তোমারই অংশ-স্বরূপা ; জগতে চতুঃষষ্টি কলা ও পাতিব্রাত্যাদি ধর্ম্মযুক্ত স্ত্রীসমূহও তোমা-রই অংশ স্বরূপ ; জগজ্জননী একা তুমিই অখিল জগৎ পরিব্যাপ্ত করিয়া রহিয়াছ ; সুতরাং তোমার আবার স্তব কি ? [ কেননা ] তুমি স্তুতির অবিষয় [ স্তুতিযোগ্য ব্যক্তিতে আরোপিত গুণবর্ণনার নাম স্তুতি ] সেই স্তুতি তোমাতে সম্ভব হয় না, যে হেতু তুমি সর্ব্বস্বরূপা, অতএব ইহা তোমার স্বরূপ-কথনমাত্র ॥ ৬

টীকা।—যদা ত্বং সর্ব্বভূতা ( সর্ব্বস্বরূপা ) [ তথাচ ] দেবী ( অবিলুপ্তচিদানন্দস্বরূপা ব্রহ্মরূপেত্যর্থঃ ) [ অতএব ] স্বর্গমুক্তিপ্রদায়িনী ( ভোগমোক্ষদাত্রী ); [ তদা ] ত্বং স্তুতা ( স্তোতুমারব্ধা সতী ) স্তুতয়ে ( স্তুত্যর্থং ) কাঃ বা পরমোক্তয়ঃ ( আরোপিতোৎকর্ষবোধিকা উক্তয়ঃ ) ভবন্তু ( ন কা অপীত্যর্থঃ ; আরোপিতগুণবর্ণনং স্তুতিরিতি স্তুতি-শব্দার্থানুপপত্তেঃ ) ॥ ৭

অনুবাদ।—হে দেবি! যেহেতু তুমি সর্ব্বস্বরূপা ব্রহ্মরূপা এবং স্বর্গ ও মুক্তিদায়িনী, অতএব তোমাকে স্তব করিতে আরম্ভ

সর্ব্বস্য বুদ্ধিরূপেণ জনস্য হৃদি সংস্থিতে।
স্বর্গাপবর্গদে দেবি নারায়ণি নমোঽস্তু তে ॥ ৮
কলাকাষ্ঠাদিরূপেণ পরিণামপ্রদায়িনি।
বিশ্বস্যোপরতৌ শক্তে নারায়ণি নমোঽস্তু তে ॥ ৯

করিলে কোন কথাই বা তোমার স্তুতির স্বরূপনির্ব্বাহক হইবে? কেননা আরোপিত গুণবর্ণনাই যদি স্তুতি হইল তখন আরোপ করি কিরূপে? সমস্তই যে তোমার স্বরূপ ॥ ৭

টীকা।—[ হে ] নারায়ণি! ( হে বিষ্ণুশক্তে! [ হে ] সর্ব্বস্য জনস্য হৃদি বুদ্ধিরূপেণ সংস্থিতে! [ হে ] স্বর্গাপবর্গদে! ( ভোগমোক্ষ-প্রদে! ) দেবি! তে ( তুভ্যং ) নমঃ অস্তু ॥ ৮

অনুবাদ।—হে দেবি নারায়ণি! তুমি সকল ব্যক্তির হৃদয়ে বুদ্ধি-রূপে অবস্থিতা, তুমি স্বর্গ ও মোক্ষদায়িনী, তোমাকে নমস্কার করি ॥ ৮

টীকা।—[ হে ] কলাকাষ্ঠাদিরূপেণ ( কাষ্ঠা অষ্টাদশনিমেষাত্মকঃ কালঃ, কলা ত্রিংশৎকাষ্ঠাত্মকঃ কালঃ, আদিনা ক্ষণমুহূর্ত্তাদীনাং গ্রহণং তেষাং রূপেণ ) পরিণামপ্রদায়িনি! ( পরিণামো রূপান্তরপ্রাপ্তিঃ, বিকার ইতি যাবৎ, তৎপ্রদায়িনি! ) [ হে ] বিশ্বস্য উপরতৌ (বিনাশে) শক্তে! ( নিপুণে! ) [ কালাদেব সর্ব্বেষাং বিনাশাৎ 'কালঃ সংহরতি প্রজাঃ' ইত্যুক্তত্বাৎ ] নারায়ণি! তে ( তুভ্যং ) নমঃ অস্তু ॥ ৯

অনুবাদ।—তুমি কলা কাষ্ঠা প্রভৃতি কালরূপে জগতের পরিণাম প্রদান করিতেছ; হে নারায়ণি! তুমিই এই বিশ্বের সংহারকর্ত্রী; ( কেননা—তুমি কালরূপা ), তোমায় নমস্কার করি ॥ ৯

সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তু তে ॥ ১০
সৃষ্টিস্থিতিবিনাশানাং শক্তিভূতে সনাতনি।
গুণাশ্রয়ে গুণময়ে নারায়ণি নমোঽস্তু তে ॥ ১১
শরণাগতদীনার্ত্ত-পরিত্রাণপরায়ণে।
সর্ব্বস্যার্ত্তিহরে দেবি নারায়ণি নমোঽস্তু তে ॥ ১২

টীকা।—[হে] সর্ব্বমঙ্গলমঙ্গল্যে! (সর্ব্বেভ্যো মঙ্গলেভ্যো মঙ্গল-হেতুভ্যো মঙ্গল্যে মঙ্গলকরে!) [হে] শিবে! (কল্যাণ-হেতো!) [হে] সর্ব্বার্থসাধিকে! (ধর্ম্মার্থকামমোক্ষদায়িকে!) [হে] শরণ্যে! (শরণার্হে) [হে] ত্র্যম্বকে! (ত্রিনেত্রে!) [হে] গৌরি! (গৌরবর্ণে!) নারায়ণি! তে নমঃ অস্তু ॥ ১০

অনুবাদ।—তুমি সকল মঙ্গলের মঙ্গলকারিণী, তুমি কল্যাণ-দায়িনী, তুমি ধর্ম্মার্থ-কাম-মোক্ষপ্রদায়িনী, তুমি শরণার্হা, তুমি ত্রিলোচনা গৌরী, হে নারায়ণি! তোমায় নমস্কার করি ॥ ১০

টীকা।—[হে] সৃষ্টিস্থিতিবিনাশানাং শক্তিভূতে! (শক্তিরূপে!) [হে] সনাতনি! (নিত্যে) [হে] গুণাশ্রয়ে (গুণাধারে!) [হে] গুণময়ে! (গুণস্বরূপে!) নারায়ণি! তে নমঃ অস্তু ॥ ১১

অনুবাদ।—হে সনাতনি! তুমি সৃষ্টিস্থিতিবিনাশকারিণী শক্তিরূপা, তুমি গুণত্রয়ের আশ্রয় [অথচ] স্বয়ং গুণময়ী, তোমাকে নমস্কার করি ॥ ১১

টীকা।—[হে] শরণাগতদীনার্ত্তপরিত্রাণ-পরায়ণে! (দীনাঃ

হংসযুক্তবিমানস্থে ব্রহ্মাণীরূপধারিণি।
কৌশাম্ভঃক্ষরিকে দেবি নারায়ণি নমোঽস্তু তে ॥ ১৩
ত্রিশূলচন্দ্রাহিধরে মহাবৃষভবাহিনি।
মাহেশ্বরীস্বরূপেণ নারায়ণি নমোঽস্তু তে ॥ ১৴

দারিদ্র্যাভিহতাঃ, আর্ত্তাঃ রোগাদ্যভিভূতাঃ শরণাগতাশ্চ তে চ তে চেতি, তেষাং পরিত্রাণং রক্ষণং, তদেব পরম্ অয়নম্ অভীষ্টং যস্যাঃ "পরায়ণমভীষ্টে স্যা"দিতি কোষাৎ, তৎসম্বুদ্ধৌ), [হে] সর্ব্বস্য (সর্ব্বজনস্য) আর্ত্তিহরে! (পীড়াহারিণি!) [হে] দেবি নারায়ণি! তে নমঃ অস্তু ॥ ১২

অনুবাদ।—হে দেবি নারায়ণি! তুমি শরণাগত, দারিদ্র্যগ্রস্ত ও রোগাদিপীড়িত ব্যক্তিদিগকে রক্ষা করিয়া থাক, তুমি সমস্ত লোকের দুঃখ দূর কর, তোমায় নমস্কার করি ॥ ১২

টীকা।—[হে] হংসযুক্তবিমনস্থে! (হংসযুক্তং যদ্‌বিমানং তত্র স্থিতে!) কৌশাম্ভঃক্ষরিকে! (কুশসম্বন্ধিজলক্ষরিকে!) ব্রহ্মাণীরূপধারিণি! (ব্রহ্মশক্তিরূপে!) দেবি! নারায়ণি তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ১৩

অনুবাদ।—হে দেবি নারায়ণি! তুমি ব্রহ্মাণী (ব্রহ্মশক্তি) রূপে হংসযুক্ত বিমানে অবস্থান করিয়া থাক, তুমি কুশ-পূত জল ক্ষরণ কর, তোমায় নমস্কার করি ॥ ১৩

টীকা।—[হে] মাহেশ্বরীস্বরূপেণ (মহেশ্বরশক্তিরূপেণ) ত্রিশূলচন্দ্রাহিধরে! (ত্রিশূলঞ্চ চন্দ্রশ্চ অহিঃ সর্পশ্চ তান্ ধরতীতি তস্যাঃ সম্বোধনং) [হে] মহাবৃষভবাহিনি! নারায়ণি! তে নমঃ অস্তু ॥ ১৪

ময়ূরকুক্কুটবৃতে মহাশক্তিধরেঽনঘে।
কৌমারীরূপসংস্থানে নারায়ণি নমোঽস্তু তে ॥ ১৫
শঙ্খচক্রগদাশার্ঙ্গ-গৃহীতপরমায়ুধে।
প্রসীদ বৈষ্ণবীরূপে নারায়ণি নমোঽস্তু তে ॥ ১৬
গৃহীতোগ্রমহাচক্রে দংষ্ট্রোদ্ধৃতবসুন্ধরে।
বরাহরূপিণি শিবে নারায়ণি নমোঽস্তু তে ॥ ১৭

অনুবাদ।—হে নারায়ণি! তুমি মাহেশ্বরীরূপে ত্রিশূল, অর্দ্ধ-চন্দ্র ও সর্প ধারণ করিয়া থাক; মহাবৃষভ তোমার বাহন; তোমায় নমস্কার করি ॥ ১৪

টীকা।—[হে] ময়ূরকুক্কুটবৃতে! (ময়ূরপুচ্ছাবৃতে! "কুক্কুটঃ কুক্কুভঃ পিচ্ছে" ইতি কোষাৎ) [হে] মহাশক্তিধরে! [হে] অনঘে! (নির্ম্মলে) [হে] কৌমারীরূপসংস্থানে! (কৌমারীরূপধারিণি!) নারায়ণি! তে নমঃ অস্তু ॥ ১৫

অনুবাদ।—হে ময়ূরপুচ্ছশোভিতে! মহাশক্তিধারিণি! নির্ম্মলে! হে কৌমারীরূপধারিণি! নারায়ণি! তোমাকে নমস্কার করি ॥ ১৫

টীকা।—[হে] শঙ্খচক্রগদাশার্ঙ্গগৃহীতপরমায়ুধে! (শঙ্খশ্চ চক্রঞ্চ গদা চ শার্ঙ্গঞ্চ শৃঙ্গময়মুষ্টিযুক্তঃ খড়্গশ্চ, তৈঃ সহ গৃহীতানি পরমায়ুধানি খড়্গাদীনি যয়া, তৎসম্বুদ্ধৌ) [হে] বৈষ্ণবীরূপে! নারায়ণি [ত্বং] প্রসীদ (প্রসন্না ভব); তে (তুভ্যং) নমঃ (নমস্কারঃ) অস্তু ॥ ১৬

অনুবাদ।—হে শঙ্খ-চক্র-গদা-শার্ঙ্গাদি-শ্রেষ্ঠায়ুধধারিণি! বৈষ্ণবী-

নৃসিংহরূপেণোগ্রেণ হন্তুং দৈত্যান্ কৃতোদ্যমে।
ত্রৈলোক্যত্রাণসহিতে নারায়ণি নমোঽস্তু তে ॥ ১৮
কিরীটিনি মহাবজ্রে সহস্রনয়নোজ্জ্বলে।
বৃত্রপ্রাণহরে চৈন্দ্রি নারায়ণি নমোঽস্তু তে ॥ ১৯

রূপধারিণি! হে নারায়ণি! প্রসন্না হও; তোমাকে নমস্কার করি ॥ ১৬

টীকা।—[ হে ] গৃহীতোগ্রমহাচক্রে! ( ভীষণমহাচক্রধারিণি! ) [হে] দংষ্ট্রোদ্ধৃতবসুন্ধরে! (দংষ্ট্রয়া উদ্ধৃতা বসুন্ধরা যয়া তথাভূতে!) বরাহরূপিণি! শিবে! ( মঙ্গলকরে। ) নারায়ণি! তে নমঃ অস্তু ॥ ১৭

অনুবাদ।—হে তীক্ষ্ণমহাচক্রধারিণি! হে কল্যাণি! হে বরাহরূপিণি! তুমি দশন দ্বারা সলিল হইতে পৃথিবীকে উদ্ধার করিয়াছ, হে নারায়ণি! তোমায় নমস্কার করি ॥ ১৭

টীকা।—[হে] উগ্রেণ ( ভয়ানকেন ) নৃসিংহরূপেণ দৈতান্ হন্তুং কৃতোদ্যমে! ত্রৈলোক্যত্রাণসহিতে! (ত্রৈলোক্যত্রাণকারিণি!) নারায়ণি! তে ( তুভ্যং ) নমঃ অস্তু ॥ ১৮

অনুবাদ।—হে নারায়ণি! তুমি ভীষণ নৃসিংহমূর্ত্তি ধারণ করিয়া দৈত্যগণকে বিনাশ করিতে উদ্যত হইয়াছিলে, তুমি ত্রৈলোক্যত্রাণকারিণী, তোমায় নমস্কার ॥ ১৮

টীকা।—[হে] কিরীটিনি! (কিরীটযুক্তে!) মহাবজ্রে! (মহাবজ্রধারিণি!) সহস্রনয়নোজ্জ্বলে! ( সহস্রনয়নৈঃ উজ্জ্বলে শোভিতে! ) বৃত্রপ্রাণহরে; ( বৃত্রহারিণি! ) ঐন্দ্রি! নারায়ণি! তে নমঃ অস্তু ॥ ১৯

শিবদূতীস্বরূপেণ হতদৈত্যমহাবলে।
ঘোররূপে মহারাবে নারায়ণি নমোঽস্তু তে ॥ ২০
দংষ্ট্রাকরালবদনে শিরোমালাবিভূষণে।
চামুণ্ডে মুণ্ডমথনে নারায়ণি নমোঽস্তু তে ॥ ২১

অনুবাদ।—তুমি কিরীটধারিণী, মহাবজ্রধারিণী, সহস্রনেত্র-শোভিতা, ঐন্দ্ররূপিণী; তুমি বৃত্রাসুরের প্রাণ হরণ করিয়াছ; হে নারায়ণি! তোমায় নমস্কার করি ॥ ১৯

টীকা।—[হে] শিবদূতিস্বরূপেণ হতদৈত্যমহাবলে! (হতং দৈত্যানাং মহাবলং মহাসৈন্যং যয়া তথাভূতে!) ঘোররূপে! (ঘোর-মুগ্রং রূপং যস্যাস্তথাভূতে!) মহারাবে! (ভীষণশব্দকারিণি!) নারায়ণি! তে নমঃ অস্তু ॥ ২০

অনুবাদ।—হে নারায়ণি! তুমি শিবদূতীরূপে দৈত্যগণের মহাসৈন্য বিনাশ করিয়াছ; তুমি ভীষণ-শব্দকারিণী, উগ্ররূপিণী; তোমায় নমস্কার করি ॥ ২০

টীকা।—[হে] দংষ্ট্রাকরালবদনে! [দংষ্ট্রাভিঃ করালং ভীষণং বদনং যস্যাস্তথাভূতে!] [হে] শিরোমালাবিভূষণে! (নৃমুণ্ডমালিনি) [হে] মুণ্ডমথনে! (মুণ্ডাসুরনাশিনি!) চামুণ্ডে! নারায়ণি! তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ২১

অনুবাদ।—হে চামুণ্ডে! দন্তপঙ্‌ক্তিদ্বারা তোমার বদনমণ্ডল ভীষণাকার ধারণ করিয়াছে; তুমি নৃমুণ্ডের মালা ধারণ করিয়াছ; তুমি যুদ্ধে মুণ্ডাসুরকে নিহত করিয়াছ; হে নারায়ণি! তোমায় নমস্কার করি ॥ ২১

লক্ষ্মি লজ্জে মহাবিদ্যে শ্রদ্ধে পুষ্টিস্বধে ধ্রুবে।
মহারাত্রি মহাবিদ্যে নারায়ণি নমোঽস্তু তে ॥ ২২
মেধে সরস্বতি বরে ভূতি বাভ্রবি তামসি।
নিয়তে ত্বং প্রসীদেশে নারায়ণি নমোঽস্তু তে ॥ ২৩

টীকা।—[হে] লক্ষ্মি! (সম্পদ্রূপে!) [হে] লজ্জে! (জুগুপ্সিত-করণে কুৎসারূপে! সন্মার্গপ্রবৃত্তিরূপে ইতি যাবৎ) [হে] মহাবিদ্যে! (হে উপনিষদ্রূপে!) [হে] শ্রদ্ধে! (বেদার্থে দৃঢ়প্রতীতিরূপে!) [হে] পুষ্টিস্বধে! (পুষ্টিসহিতস্বধে! পুষ্টিরুপচয়ঃ, স্বধা পিতৃতৃপ্তিহেতুমন্ত্রঃ; তৎস্বরূপে!) [হে] ধ্রুবে! (নিত্যে!) [হে] মহারাত্রি! (প্রলয়রাত্রি-রূপে!) [হে মহাবিদ্যে! (মহতী অবিদ্যা সর্ব্বাবরণসমর্থো মহামোহঃ; তদ্রূপে!] [হে] নারায়ণি! তে নমঃ অস্তু ॥ ২২

অনুবাদ।—হে নারায়ণি! তুমি লক্ষ্মী, তুমি লজ্জা, তুমি উপনিষদ্, তুমি শ্রদ্ধা. তুমি পুষ্টি, তুমি স্বধা, তুমি নিত্যা, তুমি প্রলয়-রাত্রি, তুমি মহতী অবিদ্যা, তোমায় নমস্কার করি ॥ ২২

টীকা।—[হে] মেধে! (সকলার্থাবধারণশক্তে!) [হে] সরস্বতি! [হে] বরে! (শ্রেষ্ঠে!) [হে] ভূতি! (ঐশ্বর্য্যরূপে!) [হে] বাভ্রবি! (বৈষ্ণবি! [হে] তামসি! (তমোময়ি!) [হে নিয়তে! (দৈবরূপিণি!) [হে] ঈশে! (সকলকরণসমর্থে! [হে] নারায়ণি! ত্বং প্রসীদ (প্রসন্না ভব), তে নমঃ অস্তু ॥ ২৩

অনুবাদ।—তুমি মেধা, তুমি বাগ্‌দেবী, তুমি সর্ব্বশ্রেষ্ঠা, তুমি ঐশ্বর্য্যরূপিণী, তুমি বৈষ্ণবী, তুমি তমোময়ী নিয়তি এবং

সর্ব্বস্বরূপে সর্ব্বেশে সর্ব্বশক্তিসমন্বিতে।
ভয়েভ্যস্ত্রাহি নো দেবি দুর্গে দেবি নমোঽস্তু তে ॥ ২৪
এতত্তে বদনং সৌম্যং লোচনত্রয়ভূষিতম্।
পাতু নঃ সর্ব্বভূতেভ্যঃ কাত্যায়নি নমোঽস্তু তে ॥ ২৫

তুমি ঈশ্বরী। হে নারায়ণি! তুমি প্রসন্না হও; তোমাকে নমস্কার করি ॥ ২৩

টীকা।—[হে] সর্ব্বস্বরূপে! নিখিলকার্য্যকারণরূপে!) [হে] সর্ব্বেশে! (সর্ব্বেশ্বরি!) [হে] সর্ব্বশক্তিসমন্বিতে! [হে] দেবি! (দুর্জ্জেয়ে! দুর্গে!) ভয়েভ্যঃ (সকলভয়হেতুভ্যঃ) নঃ (অস্মান্) ত্রাহি (পালয়, ত্বমিতি শেষঃ); তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ২৪

অনুবাদ।—তুমি সর্ব্বরূপিণী, তুমি সকলের ঈশ্বরী (নিয়ন্ত্রী), তুমি সর্ব্বশক্তিময়ী; হে দেবি! দুর্গে! আমাদিগকে এই ভীতিসমূহ হইতে রক্ষা কর; আমরা তোমাকে নমস্কার করি ॥ ২৪

টীকা।—[হে] কাত্যায়নি! তে (তব) এতৎ সৌম্যং (মনোরমং) লোচনত্রয়ভূষিতং (নয়নত্রয়শোভিতং) বদনং সর্ব্বভূতেভ্যঃ (সর্ব্বভূত-বিকারেভ্যঃ প্রাণিভ্যশ্চ) নঃ (অস্মান্) পাতু (রক্ষতু), তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ২৫

অনুবাদ।—হে ক্যাত্যায়নি! তোমার ত্রিনয়নশোভিত মনোহর এই বদনমণ্ডল সমস্ত প্রাণী এবং ভূতবিকার হইতে আমাদিগকে রক্ষা করুক, তোমাকে নমস্কার করি ॥ ২৫

জ্বালাকরালমত্যুগ্রমশেষাসুরসূদনম্ ॥ ।
ত্রিশূলং পাতু নো ভীতের্ভদ্রকালি নমোঽস্তু তে ॥২৬
হিনস্তি দৈত্যতেজাংসি স্বনেনাপূর্য্য যা জগৎ ।
সা ঘণ্টা পাতু নো দেবি পাপেভ্যোঽনঃ সুতানিব ॥২৭
অসুরাসৃগ্বসাপঙ্কচর্চ্চিতস্তে করোজ্জ্বলঃ ।
শুভায় খড়্গো ভবতু চণ্ডিকে ত্বাং নতা বয়ম্ ॥ ২৮

টীকা ।—[ হে ] ভদ্রকালি ! তে (তুভ্যং) নমঃ অস্তু, [ তব ] জ্বালাকরালং ( দীপ্ত্যা ভীষণং ) অত্যুগ্রম্ ( অতিতীক্ষ্ণম্ ) অশেষাসুরসূদনম্ ( অশেষাণাম্ অসুরাণাং নাশকং ) ত্রিশূলং ভীতেঃ (ভয়াৎ) নঃ ( অস্মান্ ) পাতু ( রক্ষতু ) ॥ ২৬

অনুবাদ ।—হে ভদ্রকালি ! তোমায় নমস্কার করি ; তোমার প্রচণ্ডদীপ্তিশালী অসুরকুলবিনাশী এই ভীষণ ত্রিশূল, আমাদিগকে ভয় হইতে রক্ষা করুক ॥ ২৬

টীকা ।—হে দেবি ! যা (ঘণ্টা) স্বনেন (শব্দেন) জগৎ আপূর্য্য ( পূরয়িত্বা ) দৈত্যতেজাংসি হিনস্তি ( নাশয়তি ), সা ঘণ্টা অনঃ (মাতা) সুতান্ ইব ( যথা মাতা বিবিধাক্রোশধ্বনিনা পুত্রক্লেশান্ নিরস্য স্বপুত্রান্ রক্ষতি, তদ্বৎ ) নঃ ( অস্মান্ ) পাপেভ্যঃ পাতু ( রক্ষতু ) ॥ ২৭

অনুবাদ ।—[ আপনার ] যে ঘণ্টা স্বীয় উগ্র ধ্বনি দ্বারা জগৎ পরিব্যাপ্ত করিয়া দৈত্যকুলের তেজ বিনষ্ট করে, মাতা যেরূপ বিবিধ আনন্দপ্রদ বাক্যে পুত্রক্লেশ নিরাকরণ করিয়া স্বকীয় পুত্রকে রক্ষা করেন, সেই ঘণ্টা,—সেইরূপ আমাদিগকে পাপ হইতে রক্ষা করুক ॥২৭

রোগানশেষানপহংসি তুষ্টা,
রুষ্টা তু কামান্ সকলানভীষ্টান্ ।
ত্বামাশ্রিতানাং ন বিপন্নরাণাং,
ত্বামাশ্রিতা হ্যাশ্রয়তাং প্রয়ান্তি ॥ ২৯

টীকা ।—[হে] চণ্ডিকে ! বয়ং ত্বাং নতাঃ (প্রণতাঃ স্ম), তে (তব) অসুরাসৃগ্ বসাপঙ্কচর্চ্চিতঃ ( অসুরাণাম্ ) অসৃক্ রক্তঞ্চ বসা মেদশ্চ ( তৈঃ এব পঙ্কঃ অতিবহুলত্বাৎ, তৈঃ চর্চ্চিতঃ লিপ্তঃ ) করোজ্জ্বলঃ ( করৈঃ কিরণৈঃ উজ্জ্বলঃ দীপ্তঃ ) খড়্গঃ ( অস্মাকং ) শুভায় ভবতু ॥ ২৮

অনুবাদ ।—অসুরগণের রক্ত ও মেদরূপ পঙ্কে পরিলিপ্ত কিরণোজ্জ্বল তোমার এই খড়্গ আমাদিগের মঙ্গল সম্পাদন করুক ; হে চণ্ডিকে ! আমরা নত হইয়া তোমাকে নমস্কার করি ॥ ২৮

টীকা ।—[ ত্বং ] তুষ্টা ( আরাধনেন প্রসন্না সতী ) অশেষান্ রোগান্ অপহংসি ( নাশয়সি ) ; তু (কিন্তু) রুষ্টা ( ক্রুদ্ধা সতী ) অভীষ্টান্ ( বাঞ্ছিতান্ ) সকলান্ কামান্ ( অর্থান্ ) [ বিনিহংসি ], ত্বাম্ আশ্রিতানাং ( ত্বদ্ভক্তানাং ) নরাণাং বিপৎ ন [ ভবতি ] হি ( যতঃ ) ত্বাম্ আশ্রিতাঃ (জনাঃ) আশ্রয়তাম্ ( অন্যেষামাশ্রয়যোগ্যতাং ) প্রয়ান্তি ( গচ্ছন্তি ) ॥ ২৯

অনুবাদ ।—হে দেবি ! তুমি পরিতুষ্টা হইলে সমস্ত রোগই বিনাশ করিয়া থাক, আবার ক্রুদ্ধা হইলে সকল অভীষ্টই বিনষ্ট কর। যে ভক্তগণ তোমাকে আশ্রয় করিতে পারে, তাহাদের আর বিপদ্ হয় না ; প্রত্যুত তাহারাই সকলের আশ্রয় হইয়া থাকে ॥ ২৯

এতৎ কৃতং যৎ কদনং ত্বয়াদ্য,
ধর্ম্মদ্বিষাং দেবি মহাসুরাণাম্।
রূপৈরনেকৈর্ব্বহুধাত্মমূর্ত্তিং,
কৃত্বাম্বিকে তৎ প্রকরোতি কান্যা ॥ ৩০
বিদ্যাসু শাস্ত্রেষু বিবেকদীপে,—
ষ্বাদ্যেষু বাক্যেষু চ কা ত্বদন্যা।
মমত্বগর্ত্তেঽতিমহান্ধকারে,
বিভ্রাময়ত্যেতদতীব বিশ্বম্ ॥ ৩১

টীকা।—[হে] অম্বিকে! [হে] দেবি! অনেকৈঃ রূপৈঃ (ব্রহ্মাণ্যাদিরূপৈঃ) আত্মমূর্ত্তিং (নিজদেহং) বহুধা (বহুপ্রকারং) কৃত্বা (ব্রহ্মাণ্যাদিরূপাং কৃত্বেত্যর্থঃ) ধর্ম্মদ্বিষাং (ধর্ম্মদ্বেষ্টৄণাং) মহাসুরাণাম্ অদ্য ত্বয়া যৎ এতৎ কদনং (ক্লেশঃ, নাশ ইতি যাবৎ) কৃতং, তৎ, অন্যা (ত্বাং বিনা) কা প্রকরোতি (ন কাপীত্যর্থঃ, সর্ব্বাসামশক্যত্বাদিতি ভাবঃ) ॥ ৩০

অনুবাদ।—হে অম্বিকে! হে দেবি! তুমি বহুপ্রকারে নিজমূর্ত্তিকে ব্রহ্মাণ্যাদিরূপে বিভক্ত করিয়া এই ধর্ম্মদ্বেষী অসুরগণকে যে আজ বিনাশ করিলে, ইহা তুমি ব্যতীত আর কে করিতে পারে? ॥ ৩০

টীকা।—বিদ্যাসু (উপবিদ্যাসু ইন্দ্রজাল-গারুড়কাদ্যাসু, যদ্বা ধনুর্বিদ্যাদিষু) শাস্ত্রেষু (তর্কমীমাংসাদিষু) বিবেকদীপেষু (উপনিষৎসু) আদ্যেষু বাক্যেষু (বেদবাক্যেষু) অতিমহান্ধকারে (অতিমহান্ অন্ধ-

রক্ষাংসি যত্রোগ্রবিষাশ্চ নাগা,
যত্রারয়ো দস্যুবলানি যত্র।
দাবানলো যত্র তথাব্ধিমধ্যে,
তত্র স্থিতা ত্বং পরিপাসি বিশ্বম্ ॥ ৩২

কারো যত্র, তত্র মহামোহময়ে ইতি যাবৎ ) মমত্বগর্ত্তে ( মমত্বম্ অস্বকীয়ে স্বকীয়ত্বাভিমানং, তদেব গর্ত্তঃ ইব গর্ত্তঃ তস্মিন্ সংসারে ইতি যাবৎ ) চ এতৎ বিশ্বং ত্বদন্যা কা অতীব বিভ্রাময়তি ( পুনঃপুনঃ প্রবর্ত্তয়তি, কিন্তু ত্বমেবেত্যর্থঃ ) ॥ ৩১

অনুবাদ।—হে দেবি! সমস্ত ইন্দ্রজালাদি বিদ্যা ( অথবা ধনুর্ব্বিদ্যা ) তর্কমীমাংসাদিশাস্ত্র, জ্ঞানবর্দ্ধক উপনিষৎ এবং আদ্য বেদ-বাক্যে এই জগৎকে পুনঃপুনঃ প্রবর্ত্তিত করিতে তুমি ব্যতীত আর কে আছে? আবার তুমিই এই মহামহোময় মমত্ব-গর্ত্তে ( সংসারে ) এই বিশ্বকে পুনঃপুনঃ পরিভ্রমণ করাইতেছ ॥ ৩১

টীকা।—যত্র রক্ষাংসি ( রাক্ষসাঃ ), [ যত্র ] উগ্রবিষাঃ ( তীক্ষ্ণবিষাঃ ) নাগাঃ ( সর্পাঃ ) যত্র চ অরয়ঃ ( শত্রবঃ ), যত্র চ দস্যু-বলানি ( চৌরসমূহাঃ ), যত্র চ দাবানলঃ ( বনাগ্নিঃ ) তত্র, তথা অব্ধিমধ্যে ( নদীসমুদ্রাদিমধ্যে ) ত্বং স্থিতা [ সতী ] বিশ্বং ( জগৎ ) পরিপাসি ( রক্ষসি ) ॥ ৩২

অনুবাদ।—যেখানে রাক্ষসগণ, তীব্রবিষধর সর্পগণ, শত্রুদল, দস্যুগণসমূহ এবং দাবানল অবস্থিত, সেখানে এবং সমুদ্রাদিমধ্যে অবস্থিত হইয়া তুমি এই বিশ্ব প্রতিপালন কর ॥ ৩২

বিশ্বেশ্বরী ত্বং পরিপাসি বিশ্বং,
বিশ্বাত্মিকা ধারয়সীতি বিশ্বম্।
বিশ্বেশবন্দ্যা ভবতী ভবন্তি,
বিশ্বাশ্রয়া যে ত্বয়ি ভক্তিনম্রাঃ ॥ ৩৩
দেবি প্রসীদ পরিপালয় নোঽরিভীতে-
র্নিত্যং যথাসুরবধাদধুনৈব সদ্যঃ।
পাপানি সর্ব্বজগতাঞ্চ শমং নয়াশু,
উৎপাতপাকজনিতাংশ্চ মহোপসর্গান্ ॥ ৩৪

টীকা।—[যতঃ] ত্বং বিশ্বেশ্বরী (সর্ব্বেষামীশ্বরী) [অতস্ত্বং] বিশ্বং পরিপাসি; [যতস্ত্বং] বিশ্বাত্মিকা (জগদ্রূপা), ইতি (অতঃ) বিশ্বং ধারয়সি; [যতঃ] ভবতী বিশ্বেশবন্দ্যা (ব্রহ্মেন্দ্রাদীনামপি বন্দ্যা পূজ্যা) [অতঃ] ত্বয়ি যে ভক্তিনম্রাঃ (ভক্ত্যা প্রণামশীলাঃ), তে বিশ্বাশ্রয়াঃ (বিশ্বৈরাশ্রীয়তে সেব্যতে ইতি বিশ্বাশ্রয়াঃ, সর্ব্বোপাস্যা ইত্যর্থঃ) ভবন্তি ॥ ৩৩

অনুবাদ।—তুমি বিশ্বেশ্বরী বলিয়া সমস্ত বিশ্ব পরিপালন করিতেছ; তুমি জগদ্রূপা; সুতরাং সমস্ত জগৎকে ধারণ করিতেছ। তুমি ব্রহ্মা প্রভৃতির বন্দনীয়া; যাঁহারা তোমার প্রতি ভক্তি-নম্র, তাঁহারা বিশ্বের আশ্রয় অর্থাৎ সকলের উপাস্য হইয়া থাকেন ॥ ৩৩

টীকা।—[হে] দেবি! প্রসীদ (প্রসন্না ভব); যথা [ত্বম্] অধুনৈব সদ্যঃ (স্মরণকাল এব) অসুরবধাৎ (অসুরান্ নিহত্য) নঃ (অস্মান্)

প্রণতানাং প্রসীদ ত্বং দেবি বিশ্বার্ত্তিহারিণি।
ত্রৈলোক্যবাসিনামীড্যে লোকানাং বরদা ভব ॥ ৩৫

দেব্যুবাচ ॥ ৩৬

বরদাহং সুরগণা বরং যং মনসেচ্ছথ।
তং বৃণুধ্বং প্রযচ্ছামি জগতামুপকারকম্ ॥ ৩৭

[ পালিতবতী ] তথা [ ইতঃপরমপি ] নিত্যম্ অরিভীতেঃ (শত্রুভয়াৎ) [ অস্মান্ ] পরিপালয়; সর্ব্বজগতাঞ্চ পাপানি উৎপাতপাকজনিতান্ (উৎপাতানাং পাকঃ ফলদানকাল-স্তেন জনিতান্) মহোপসর্গাংশ্চ (দুর্ভিক্ষ-মরকাদিলক্ষণাংশ্চ ) আশু ( শীঘ্রমেব ) শমং নয় ( নেষ্যসি ) ॥ ৩৪

অনুবাদ।—হে দেবি! প্রসন্না হও। তুমি এখন যেরূপ শত্রু-দিগকে নিহত করিয়া আমাদিগকে রক্ষা করিলে, সেইরূপ ইহার পরেও আমাদিগকে অরিভয় হইতে সর্ব্বদা রক্ষা করিও; জগতের সমস্ত পাপ এবং উৎপাতজনিত দুর্ভিক্ষ, মহামারী প্রভৃতি শীঘ্র বিনষ্ট কর ॥ ৩৪

টীকা।—[ হে ] দেবি! [ হে ] বিশ্বার্ত্তিহারিণি! [জগদ্দুঃখ-নিবারিণি]! [ হে ] ত্রৈলোক্যবাসিনাম্ ঈড্যে! ( স্বর্গমর্ত্ত্যপাতালস্থানাং জনানাং স্তুত্যে!) ত্বং প্রসীদ; প্রণতানাং [ ত্বয়ি প্রণামশীলানাং ] লোকানাং [ সম্বন্ধে ] বরদা ( অভীষ্টদাত্রী ) ভব ॥ ৩৫

অনুবাদ।—হে দেবি! হে জগদ্দুঃখনিবারিণি! হে ত্রিলোক-বন্দ্যে! তুমি প্রসন্না হও; প্রণত জনগণের প্রতি বরদায়িনী হও ॥ ৩৫

টীকা।—দেবী উবাচ ॥ ৩৬ ॥ [হে] সুরগণাঃ অহং বরদা ( বরং

দেবা ঊচুঃ ॥ ৩৮

সর্ব্বাবাধাপ্রশমনং ত্রৈলোক্যস্যাখিলেশ্বরি ।
এবমেব ত্বয়া কার্য্যমস্মদ্বৈরিবিনাশনম্ ॥ ৩৯

দেব্যুবাচ ॥ ৪০

বৈবস্বতেঽন্তরে প্রাপ্তে অষ্টাবিংশতিমে যুগে ।
শুম্ভো নিশুম্ভশ্চৈবান্যাবুৎপৎস্যেতে মহাসুরৌ ॥ ৪১

দদামি ) ; [ যূয়ং ] জগতাম্ উপকারকং যং বরং মনসা ইচ্ছথ তং (বরং) বৃণুধ্বং ; [ অহং ] প্রযচ্ছামি ( দদামি ) ॥ ৩৭

অনুবাদ ।—দেবী কহিলেন,—হে সুরগণ ! আমি বরদানে উদ্যত হইয়াছি ; জগতের উপকারক যে বর তোমরা মনে মনে ইচ্ছা করিতেছ, তাহা প্রার্থনা কর, আমি তাহাই প্রদান করিতেছি ॥ ৩৬।৩৭

টীকা ।—দেবাঃ ঊচুঃ ॥ ৩৮ ॥ [হে] অখিলেশ্বরি ! এবমেব (যথা) অস্মদ্বৈরিবিনাশনং ত্বয়া [ কৃতমিতি শেষঃ ] এবং ( তথা ) ত্রৈলোক্যস্য সর্ব্বাবাধা-প্রশমনং (আ সর্ব্বতো বাধা আবাধা, সর্ব্বা চাসৌ আবাধা চেতি তস্যাঃ প্রশমনং ) ত্বয়া কার্য্যং ( কর্ত্তব্যম্ ) ॥ ৩৯

অনুবাদ ।—দেবগণ বলিলেন,—হে অখিলেশ্বরি ! তুমি যেরূপ এখন অরিকুল বিনাশ করিয়া আমাদিগকে রক্ষা করিলে, সেইরূপ ত্রিলোকের সমস্ত বিঘ্ন নষ্ট করিবে ॥ ৩৮।৩৯

টীকা ।—দেবী উবাচ ॥ ৪০ ॥ বৈবস্বতে অন্তরে ( বৈবস্বতমনোঃ অন্তরে তদধিকারোপলক্ষিতে কালে সপ্তমমন্বন্তরে ইত্যর্থঃ ) [ তত্রাপি অষ্টাবিংশতিমে ( অষ্টাবিংশতিসংখ্যকে ) যুগে ( চতুর্যুগে) প্রাপ্তে

নন্দগোপগৃহে জাতা যশোদাগর্ভসম্ভবা।
ততস্তৌ নাশয়িষ্যামি বিন্ধ্যাচলনিবাসিনী ॥ ৪২

[ সতি ] শুম্ভঃ নিশুম্ভশ্চ অন্যৌ মহাসুরৌ উৎপৎস্যেতে ( উৎপন্নে ভবিষ্যতঃ ) ॥ ৪১

অনুবাদ।—দেবী বলিলেন,—বৈবস্বত মন্বন্তরের অষ্টাবিংশতিতম যুগে শুম্ভ ও নিশুম্ভ নামক অন্য মহাসুরদ্বয় উৎপন্ন হইবে * ৪০।৪১।

টীকা।—নন্দগোপগৃহে যশোদাগর্ভসম্ভবা [ সতী ] জাতা (প্রাদুর্ভূতা ) বিন্ধ্যাচলনিবাসিনী [অহং] ততঃ ( তদা ) তৌ ( শুম্ভ-নিশুম্ভৌ ) নাশয়িষ্যামি ॥ ৪২

অনুবাদ।—আমি নন্দগোপের গৃহে যশোদার গর্ভে উৎপন্ন হইয়া বিন্ধ্যপর্ব্বতে অবস্থানপূর্ব্বক অসুরদ্বয়কে নিহত করিব ॥ ৪২

যে সময়ে মেধস মুনি সুরথকে এই দেবীমাহাত্ম্য উপদেশ করিতেছিলেন, তখন দ্বিতীয় মনু স্বারোচিষের অধিকার কাল, তৎকালে দেবীর এই উক্তি ভবিষ্যদ্বাক্যরূপে পর্য্যবসিত ছিল। সম্প্রতি সপ্তম মনু বৈবস্বতের অষ্টাবিংশ যুগের শেষ কলিযুগ চলিতেছে, এই যুগেই "শুম্ভ-নিশুম্ভের উৎপত্তি হইবে" ইহাই দেবীর উক্তি।

পূর্ব্বে বিন্ধ্যাচলে প্রচণ্ড বলদৃপ্ত শুম্ভনিশুম্ভের সম্মুখে জগদম্বিকা মনোহর মূর্ত্তিতে সহসা আবির্ভূত হইলে, তাঁহাকে দেখিয়া কামমত্ত অসুরদ্বয় দেবীর পাণিগ্রহণ কামনা করিল। দেবী বলিলেন,—"উভয়ের মধ্যে যে অধিক বলশালী হইবে, আমি তাহার পত্নী হইব।" দেবী এই কথা বলিলে অসুরদ্বয় পরস্পর সৌভ্রাত্র পরিত্যাগ করিয়া যুদ্ধ করিয়া উভয়েই পঞ্চত্ব প্রাপ্ত হইল। ইহাও পৌরাণিকী গাথা।

পুনরপ্যতিরৌদ্রেণ রূপেণ পৃথিবীতলে।
অবতীর্য্য হনিষ্যামি বৈপ্রচিত্তাংস্তু দানবান্ ॥৪৩
ভক্ষয়ন্ত্যাশ্চ তানুগ্রান্ বৈপ্রচিত্তান্মহাসুরান্।
রক্তা দন্তা ভবিষ্যন্তি দাড়িমীকুসুমোপমাঃ ॥ ৪৪
ততো মাং দেবতাঃ স্বর্গে মর্ত্ত্যলোকে চ মানবাঃ।
স্তুবন্তো ব্যাহরিষ্যন্তি সততং রক্তদন্তিকাম্ ॥ ৪৫

টীকা।—পুনরপি অতিরৌদ্রেণ (অতিভীষণেন) রূপেণ পৃথিবীতলে অবতীর্য্য বৈপ্রচিত্তান্ (বিপ্রচিত্তেরপত্যানি) দানবাংশ্চ হনিষ্যামি ॥ ৪৩

অনুবাদ।—পুনরায় আমি অতিভীষণরূপে এই পৃথিবীতলে অবতীর্ণ হইয়া বিপ্রচিত্তিবংশসম্ভূত দানবগণকে সংহার করিব ॥ ৪৩

টীকা।—তান্ উগ্রান্ (ঘোরান্) বৈপ্রচিত্তান্ মহাসুরান ভক্ষয়ন্ত্যাঃ [মম] দন্তাঃ দাড়িমীকুসুমোপমাঃ (দাড়িমীপুষ্পতুল্যাঃ) রক্তাঃ (রক্তবর্ণাঃ) ভবিষ্যন্তি ॥ ৪৪

অনুবাদ।—তখন ঐ ভীষণ বৈপ্রচিত্ত দানবগণকে ভক্ষণ করায় আমার দন্তসমূহ দাড়িমী-পুষ্পের ন্যায় রক্ত বর্ণ হইবে ॥ ৪৪

টীকা।—ততঃ (তস্মাদ্ধেতোঃ) স্বর্গে দেবতাঃ মর্ত্ত্যলোকে মানবাশ্চ সততং স্তুবন্তঃ [সন্তঃ] মাং রক্তদন্তিকাং ব্যাহরিষ্যন্তি (রক্তদন্তিকেতি নাম্না কথয়িষ্যন্তি) ॥ ৪৫

অনুবাদ।—তজ্জন্য স্বর্গে দেবগণ এবং মর্ত্ত্যলোকে মানবগণ

ভূয়শ্চ শতবার্ষিক্যামনাবৃষ্ট্যামনম্ভসি।
মুনিভিঃ সংস্তুতা ভূমৌ সম্ভবিষাম্যযোনিজা ॥ ৪৬
ততঃ শতেন নেত্রাণাং নিরীক্ষিষ্যামি যন্মুনীম্।
কীর্ত্তয়িষ্যন্তি মনুজাঃ শতাক্ষীমিতি মাং ততঃ ॥ ৪৭
ততোঽহমখিলং লোকমাত্মদেহসমুদ্ভবৈঃ।
ভরিষ্যামি সুরাঃ শাকৈরাবৃষ্টেঃ প্রাণধারকৈঃ ॥ ৪৮

সতত আমার স্তব করিবে এবং আমাকে 'রক্তদন্তিকা' বলিয়া কীর্ত্তন করিবে ॥ ৪৫

টীকা।—ভূয়শ্চ (পুনরপি) শতবার্ষিক্যাং (শতবর্ষং পরিমাণং যস্যাঃ তস্যাঃ শতবর্ষব্যাপিন্যামিত্যর্থঃ) অনাবৃষ্ট্যাম্ (অনাবৃষ্টৌ সত্যাং) মুনিভিঃ সংস্তুতা [সতী অহং] অনম্ভসি (জলসম্পর্কবর্জ্জিতায়াং) ভূমৌ অযোনিজা (অকস্মাদেব) সম্ভবিষ্যামি (প্রাদুর্ভবিষ্যামি) ॥ ৪৬

অনুবাদ।—আবার শতবর্ষব্যাপী অনাবৃষ্টি বশতঃ পৃথিবী জলশূন্যা হইলে মুনিগণ আমাকে স্তব করিবেন; তখন আমি সেই জলশূন্যা পৃথিবীতে আযোনিজারূপে প্রাদুর্ভূতা হইব ॥ ৪৬

টীকা।—ততঃ (তদা) নেত্রাণাং শতেন যৎ (যস্মাৎ) মুনীন্ নিরীক্ষিষ্যামি (নিরীক্ষিষ্যে, দ্রক্ষ্যামীতি যাবৎ) ততঃ (তস্মাৎ কারণাৎ) মনুজাঃ (মানবাঃ, দেবাদীনামপি উপলক্ষণম্) শতাক্ষীম্ ইতি মাং কীর্ত্তয়িষ্যন্তি ॥ ৪৭

অনুবাদ।—তৎকালে শতনেত্রে আমি মুনিগণকে দর্শন করিব, তজ্জন্য দেব ও মানবগণ আমাকে 'শতাক্ষী' বলিয়া কীর্ত্তন করিবে ॥ ৪৭

শাকম্ভরীতি বিখ্যাতিং তদা যাস্যাম্যহং ভুবি। ৪৯
তত্রৈব চ বধিষ্যামি দুর্গমাখ্যং মহাসুরম্ ॥ ৫০
[ দুর্গাদেবীতি বিখ্যাতং তন্মে নাম ভবিষ্যতি ] ॥

টীকা।—ততঃ (তদনন্তরং) [হে] সুরাঃ! (হে দেবাঃ!) অহম্ আত্মদেহসমুদ্ভবৈঃ (জলাভাবেন ভূমৌ উৎপত্ত্যভাবাৎ নিজদেহজাতৈঃ) প্রাণধারকৈঃ শাকৈঃ (পত্রাদ্যৈঃ) আবৃষ্টেঃ (বৃষ্টিপর্য্যন্তম্) অখিলং (সমগ্রং) লোকং ভরিষ্যামি (পালয়িষ্যামি) ॥ ৪৮

অনুবাদ।—হে দেবগণ! অনন্তর আমি স্বদেহজাত প্রাণরক্ষক শাকদ্বারা যতদিন পর্য্যন্ত বৃষ্টি না হয়, ততদিন পর্য্যন্ত লোকগণকে পালন করিব ॥ ৪৮

টীকা।—তদা (তস্মিন্ কালে) ভুবি (পৃথিব্যাং অহং শাকম্ভরী শাকেন বিভর্ত্তি পুষ্ণাতীতি) ইতি বিখ্যাতিং যাস্যামি। তত্রৈব চ (শাকম্ভর্য্যাবতার এব) দুর্গমাখ্যং (দুর্গমনামানং) মহাসুরং বধিষ্যামি ॥ ৪৯।৫০

অনুবাদ।—এই জন্য তৎকালে আমি শাকম্ভরী নামে বিখ্যাতা হইব এবং এই অবতারেই দুর্গম নামক এক মহাসুরকে বিনাশ করিব ॥ ৪৯।৫০ ‡

---

* এতদনন্তরং "দুর্গাদেবীতি বিখ্যাতং তন্মে নাম ভবিষ্যতী"তি অর্দ্ধপদ্যমধিকং কেচিৎ পঠন্তি, তদযুক্তং, মূলসংহিতায়ামদৃষ্টত্বাৎ, প্রাচীনৈঃ টীকাকৃদ্ভিরব্যাখ্যাতত্বাচ্চ।

‡ বৈবস্বত মন্বন্তরের ৪০শ যুগ শতাক্ষী ও শাকম্ভরীর অবতার-

পুনশ্চাহং যদা ভীমং রূপং কৃত্বা হিমাচলে।
রক্ষাংসি ক্ষয়য়িষ্যামি মুনীনাং ত্রাণকারণাৎ ॥ ৫১
তদা মাং মুনয়ঃ সর্ব্বে স্তোষ্যন্ত্যানম্রমূর্ত্তয়ঃ।
ভীমাদেবীতি বিখ্যাতং তন্মে নাম ভবিষ্যতি ॥ ৫২
যদারুণাখ্যস্ত্রৈলোক্যে মহাবাধাং করিষ্যতি।
তদাহং ভ্রামরং রূপং কৃত্বাঽসংখ্যেয়ষট্‌পদম্ ॥ ৫৩

টীকা।—অহং পুনশ্চ (পুনরপি) যদা হিমাচলে ভীমং (ভয়ানকং) রূপং কৃত্বা মুনীনাং ত্রাণকারণাৎ (রক্ষণহেতোঃ) রক্ষাংসি ক্ষয়য়িষ্যামি (নাশয়িষ্যামি) তদা সর্ব্বে মুনয়ঃ আনম্রমূর্ত্তয়ঃ (নম্রদেহাঃ সন্তঃ) মাং স্তোষ্যন্তি, তৎ (তস্মাৎ কারণাৎ) মে [মম] নাম ভীমাদেবী ইতি বিখ্যাতং (প্রসিদ্ধং) ভবিষ্যতি ॥ ৫১।৫২

অনুবাদ।—পুনরায় যখন আমি অতি ভীষণরূপে হিমালয়ে অবতীর্ণ হইয়া মুনিগণের রক্ষার নিমিত্ত রাক্ষসগণকে নিহত করিব, তখন সমস্ত মুনিগণ নম্রদেহে আমার স্তব করিবেন এবং আমি "ভীমাদেবী" বলিয়া খ্যাতিলাভ করিব * ॥ ৫১।৫২

---

কাল; সে কাল এখনও উপস্থিত হয় নাই। লক্ষ্মীতন্ত্রে উক্ত হইয়াছে—"তস্মিন্নেবান্তরে শক্র চত্বারিংশত্তমে যুগে"। তস্মিন্নেবান্তরে বৈবস্বতেঽন্তরে ইত্যর্থঃ।

* অদ্যাপি ইনি আবির্ভূতা হন নাই; বৈবস্বত মন্বন্তরের পঞ্চাশত্তম চতুর্যুগে অবতীর্ণ হইবেন; ইহাই লক্ষ্মীতন্ত্রে উক্ত হইয়াছে।

ত্রৈলোক্যস্য হিতার্থায় বধিষ্যামি মহাসুরম্ ।
ভ্রামরীতি চ মাং লোকাস্তদা স্তোষ্যন্তি সর্ব্বতঃ ॥ ৫৪
ইত্থং যদা যদা বাধা দানবোত্থা ভবিষ্যতি ।
তদা তদাবতীর্য্যাহং করিষ্যাম্যরিসংক্ষয়ম্ ॥ ৫৫

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে
দেবীমাহাত্ম্যে দেব্যাঃ স্তুতিঃ ॥ ১১

টীকা ।—ত্রৈলোক্যে অরুণাখ্যঃ ( অরুণসজ্ঞোঽসুরঃ ) যদা মহাবাধাং ( মহাপীড়াং করিষ্যতি, তদা অহম্ অসংখ্যেয়ষট্‌পদম্ ( অসংখ্যেয়াঃ ষট্‌পদা যত্র, এবম্ভূতং ) ভ্রামরং ( ভ্রমরময়ং ) রূপং কৃত্বা ত্রৈলোক্যস্য হিতার্থায় ( ত্রিলোকহিতনিমিত্তং, হিতরূপম্ অর্থং মনসি কৃত্বা বা ইত্যর্থঃ ) তং মহাসুরং বধিষ্যামি ; তদা চ লোকাঃ সর্ব্বতঃ ( সর্ব্বে সর্ব্বত্র বা ) ভ্রামরী ইতি মাং স্তোষ্যন্তি ( ভ্রামরীতি মম নাম্না স্তুতিং করিষ্যন্তি ) ॥ ৫৩।৫৪

অনুবাদ ।—যখন অরুণ নামক অসুর ত্রিলোকের অতিশয় পীড়া উৎপাদন করিবে, তখন আমি ত্রৈলোক্যের মঙ্গলের জন্য অসংখ্য ষট্‌পদ বিশিষ্ট ভ্রমর-মূর্ত্তি ধারণ করিয়া ঐ মহাসুরকে নিহত করিব। তৎকালে সকলেই আমাকে 'ভ্রামরী' বলিয়া স্তব করিবে ॥ * ৫৩।৫৪

টীকা ।—যদা যদা ইত্থম্ (অনেন প্রকারেণ) দানবোত্থা (অসুরো-

---

* বৈবস্বত মন্বন্তরের ষষ্টিতম যুগে ভ্রামরী অবতীর্ণা হইবেন, ইহা লক্ষ্মীতন্ত্রে স্পষ্ট উক্ত হইয়াছে।

স্তবা ) বাধা ( পীড়া ) ভবিষ্যতি, তদা তদা অহম্ অবতীর্য্য অরিসংক্ষয়ং ( রিপুনাশং ) করিষ্যামি ॥ ৫৫

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে সুপ্রভাখ্যায়াং টীকায়াং দেব্যাঃ স্তুতির্নাম একাদশোঽধ্যায়ঃ ॥ ১১

অনুবাদ।—এইরূপে যখন যখন দানবকৃত উৎপাত সংঘটিত হইবে, তত্তৎ কালেই আমি অবতীর্ণ হইয়া শত্রুগণকে নিহত করিব ॥ ৫৫

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যানুবাদে একাদশাধ্যায়ে দেবীস্তুতি ॥ ১১

# দ্বাদশোঽধ্যায়ঃ

দেব্যুবাচ ॥ ১

এভিস্তবৈশ্চ মাং নিত্যং স্তোষ্যতে যঃ সমাহিতঃ ।
তস্যাহং সকলাং বাধাং শময়িষ্যাম্যসংশয়ম্ ॥ ২
মধুকৈটভনাশঞ্চ মহিষাসুরঘাতনম্ ।
কীর্ত্তয়িষ্যন্তি যে তদ্বদ্বধং শুম্ভ-নিশুম্ভয়োঃ ॥ ৩
অষ্টম্যাঞ্চ চতুর্দ্দশ্যাং নবম্যাঞ্চৈকচেতসঃ ।
শ্রোষ্যন্তি চৈব যে ভক্ত্যা মম মাহাত্ম্যমুত্তমম্ ॥ ৪

টীকা ।—দেবী উবাচ ॥১॥ যঃ (জনঃ) সমাহিতঃ (একচিত্তঃ সন্) স্তবৈঃ (মধুকৈটভবধাদিলক্ষণৈঃ সপ্তশতীস্তবৈরিত্যর্থঃ) মাং নিত্যং স্তোষ্যতে, তস্য (জনস্য) [অহং] সকলাম্ (অখিলাং) বাধাম্ (আধ্যাত্মিকাদিবাধাং পীড়ামিত্যর্থঃ) অসংশয়ং (অসন্দিগ্ধং যথা স্যাৎ তথা) শময়িষ্যামি (নাশয়িষ্যামি) ॥ ২

অনুবাদ ।—দেবী বলিলেন,—যে ব্যক্তি অনন্যমনে এই সপ্তশতী স্তব দ্বারা নিত্য আমাকে স্তব করিবে, আমি তাহার ঐহিক ও পারলৌকিক সর্ব্ববিধ পীড়া বিনষ্ট করিব, ইহাতে সন্দেহ নাই ॥ ১।২

টীকা ।—মধুকৈটভনাশং (মধুকৈটভয়োর্নাশো যত্র চরিতে তৎ) মহিষাসুরঘাতনং (মহিষাসুরঘাতোপলক্ষিতং চরিতং) তদ্বৎ (তথৈব)

ন তেষাং দুষ্কৃতং কিঞ্চিৎ দুষ্কৃতোত্থা ন চাপদঃ।
ভবিষ্যতি ন দারিদ্র্যং ন চৈবেষ্টবিয়োজনম্ ॥ ৫
শত্রুতো ন ভয়ং তস্য দস্যুতো বা ন রাজতঃ।
ন শস্ত্রানলতোয়ৌঘাৎ কদাচিৎ সংভবিষ্যতি ॥ ৬

শুম্ভ-নিশুম্ভয়োঃ বধঞ্চ (বধমিত্যনেন উত্তরচরিতগ্রহণম্) অষ্টম্যাং চতুর্দ্দশ্যাং নবম্যাঞ্চ একচেতসঃ (তদেকতানচিত্তাঃ সন্তঃ) যে কীর্ত্তয়িষ্যন্তি (ভক্ত্যা পঠিষ্যন্তি), [ন কেবলমেতাবৎ, যে চৈব পাঠেঽসমর্থাঃ জনাঃ] ভক্ত্যা মম উত্তমং মাহাত্ম্যং শ্রোষ্যন্তি, তেষাং (পাঠকানাং শ্রোতৄণাঞ্চ) কিঞ্চিৎ [অপি] দুষ্কৃতং (পাপং) ন ভবিষ্যতি, দুষ্কৃতোত্থাঃ (পাপজনিতাঃ) আপদঃ ন [ভবিষ্যন্তি], দারিদ্র্যং ন [ভবিষ্যতি], ইষ্ট-বিয়োজনঞ্চ (প্রিয়বিয়োগশ্চ) নৈব [ভবিষ্যতি] ॥ ৩—৫

অনুবাদ।—যাহারা অষ্টমী, চতুর্দ্দশী ও নবমী তিথিতে একাগ্র-চিত্তে মধুকৈটভ মহিষাসুর ও শুম্ভ-নিশুম্ভাদি-বধবিষয়ক এই সপ্তশতী স্তোত্র পাঠ করিবে এবং যাহারা ভক্তির সহিত একাগ্রমনে আমার এই উৎকৃষ্ট মাহাত্ম্য শ্রবণ করিবে, তাহাদের কিছুমাত্র পাপ, পাপজনিত আপদ্, দারিদ্র্য এবং প্রিয়বিয়োগ হইবে না ॥ ৩—৫

টীকা।—তস্য (অধ্যেতুঃ শ্রোতুশ্চ জনস্য) শত্রুতঃ (শত্রুভ্যঃ) ভয়ং ন সম্ভবিষ্যতি, দস্যুতঃ (দস্যুভ্যঃ) রাজতঃ বা (রাজভ্যশ্চ) [ভয়ং ন ভবিষ্যতি] শস্ত্রানলতোয়ৌঘাৎ (শস্ত্রাগ্নিজলবেগাৎ) [ভয়ং] কদাচিৎ [অপি ন সম্ভবিষ্যতি] ॥ ৬

অনুবাদ।—তাহাদের (পাঠক ও শ্রোতার) শত্রু, দস্যু,

তস্মান্মমৈতন্মাহাত্ম্যং পঠিতব্যং সমাহিতৈঃ।
শ্রোতব্যঞ্চ সদা ভক্ত্যা পরং স্বস্ত্যয়নং হি তৎ ॥ ৭
উপসর্গানশেষাংস্তু মহামারীসমুদ্ভবান্।
তথা ত্রিবিধমুৎপাতং মাহাত্ম্যং শময়েন্মম ॥ ৮

রাজা, শস্ত্র, অগ্নি ও জলবেগ হইতে কখনও কোন ভীতি উৎপন্ন হইবে না ॥ ৬

টীকা।—তস্মাৎ (যতো মমৈতন্মাহাত্ম্যমেবংবিধাশ্চর্য্যফলদং তস্মাৎ) এতৎ মম মাহাত্ম্যং সমাহিতৈঃ (একচিত্তৈঃ) সদা ভক্ত্যা পঠিতব্যং শ্রোতব্যঞ্চ, হি (যতঃ) তৎ (পঠনং শ্রবণঞ্চ) পরম্ (অতিশয়ং) স্বস্ত্যয়নং (কল্যাণজনকং, ভবতীতি শেষঃ) ॥ ৭

অনুবাদ।—আমার এই মাহাত্ম্য এবম্বিধ (উক্তরূপ) ফলদায়ক, অতএব সর্ব্বদাই আমার এই মাহাত্ম্য একাগ্রচিত্তে ভক্তিপূর্ব্বক পাঠ ও শ্রবণ করা কর্ত্তব্য, যেহেতু ইহা অতিশয় মঙ্গলজনক ॥ ৭

টীকা।—মম মাহাত্ম্যং মহামারীসমুদ্ভবান্ (মহামারী দেশোৎসাদকো ব্যাধিঃ, তৎসমুদ্ভবান্) অশেষান্ (বিবিধান্) উপসর্গাংস্তু (আকস্মিকপ্রাণহারি-রোগানপি) তথা ত্রিবিধং (ব্যাধিরাগদ্বেষাদিরূপম্ আধ্যাত্মিকম্, ভূতপ্রেতাদিজং ভয়মাধিভৌতিকং, দৈবকৃতবজ্রপাতাদ্যাধিদৈবিকম্, এতত্ত্রিতয়ম্) উৎপাতং শময়েৎ ॥ ৮

অনুবাদ।—আমার এই মাহাত্ম্য (পাঠ কিম্বা শ্রবণ করিলে) মহামারী, নানাপ্রকার আকস্মিক প্রাণনাশক উপসর্গ (রোগাদি) এবং আধ্যাত্মিক, আধিভৌতিক এবং আধিদৈবিক এই ত্রিবিধ উৎপাৎ বিনষ্ট

যত্রৈতৎ পঠ্যতে সম্যঙ্ নিত্যমায়তনে মম।
সদা ন তদ্বিমোক্ষ্যামি সান্নিধ্যং তত্র মে স্থিতম্ ॥ ৯
বলিপ্রদানে পূজায়ামগ্নিকার্য্যে মহোৎসবে।
সর্ব্বং মমৈতচ্চরিতমুচ্চার্য্যং শ্রাব্যমেব তৎ ॥ ১০

হয় [ ব্যাধিরাগদ্বেষ প্রভৃতি আধ্যাত্মিক, ভূতপ্রেতাদিজনিত ভয়ভ্রমাদি আধিভৌতিক এবং দৈবকৃত বজ্রপাতাদি আধিদৈবিক উৎপাত বলিয়া শাস্ত্রে কীর্ত্তিত ] ॥ ৮

টীকা।—যত্র ( যস্মিন্ ) আয়তনে ( গৃহে ) মম এতৎ ( চরিত-ত্রয়োপেতং মাহাত্ম্যং ) সম্যক্ ( সমীচীনং যথা স্যাত্তথা সমগ্রং বা) নিত্যং ( প্রত্যহং ) পঠ্যতে তৎ ( আয়তনং গৃহম্ ) [ অহং ] ন বিমোক্ষ্যামি ( ন ত্যক্ষ্যামি ) [ অতঃ ] তত্র ( তস্মিন্ গৃহে ) মে ( মম ) সান্নিধ্যং স্থিতম্ [ ভবতি ] ॥ ৯

অনুবাদ।—যে গৃহে আমার এই মাহাত্ম্য অর্থাবধারণ পূর্ব্বক বিশুদ্ধভাবে প্রত্যহ পঠিত হয়, আমি সেই গৃহ কখনও ত্যাগ করিব না; পরন্তু সেই গৃহে আমি সর্ব্বদাই অবস্থান করিয়া থাকি ॥ ৯

টীকা।—বলি প্রদানে (দেবোদ্দেশেন পশুঘাতাদৌ ) পূজায়াং ( গন্ধাদিনার্চ্চনে ) অগ্নিকার্য্যে ( হোমাদৌ ) মহোৎসবে ( গীতনৃত্যাদৌ পুত্রাদিবিবাহাদৌ বা ) এতৎ মম চরিতং ( মাহাত্ম্যং ) সর্ব্বং ( সমগ্রম্ ) উচ্চার্য্যং ( পঠনীয়ং ) শ্রাব্যমেব ( অবশ্যং শ্রোতব্যঞ্চ, এবকারেণাবশ্যকং দ্যোত্যতে ) ॥ ১০

অনুবাদ।—বলিদান, পূজা, হোম-যজ্ঞাদি এবং পুত্রবিবাহাদি

জানতাজানতা বাপি বলিপূজাং তথা কৃতাম্ ।
প্রতীচ্ছিষ্যাম্যহং প্রীত্যা বহ্নিহোমং তথা কৃতম্ ॥ ১১
শরৎকালে মহাপূজা ক্রিয়তে যা চ বার্ষিকী ।
তস্যাং মমৈতন্মাহাত্ম্যং শ্রুত্বা ভক্তিসমন্বিতঃ ॥ ১২
সর্ব্বাবাধাবিনির্ম্মুক্তো ধনধান্যসুতান্বিতঃ ।
মনুষ্যো মৎপ্রসাদেন ভবিষ্যতি ন সংশয়ঃ ॥ ১৩

মহোৎসবে আমার এই মাহাত্ম্য সম্যক্‌রূপে পাঠ ও শ্রবণ করা অবশ্য কর্ত্তব্য ॥ ১০

টীকা ।— জানতা ( বিধিজ্ঞেন ) তথা ( তাবৎ ) অজানতা বাপি ( অবিধিজ্ঞেনাপি ) [ মন্মাহাত্ম্যমুদীর্য্য ) কৃতাং (সম্পাদিতাং) বলিপূজাং ( বলিসহিতাং পূজাং ) তথা [ জানতা অজানতা চ যথাকথঞ্চিদপি ] কৃতং বহ্নিহোমম্ অহং প্রীত্যা প্রতীচ্ছিষ্যামি ( গ্রহীষ্যামি ) ॥ ১১

অনুবাদ ।—বিধিজ্ঞ বা অবিধিজ্ঞ যে কোন ব্যক্তি, আমার এই মাহাত্ম্য পাঠ পূর্ব্বক বলি, পূজা বা হোমাদি করিলে, তাহা আমি প্রীতির সহিত গ্রহণ করিয়া থাকি ॥ ১১

টীকা ।—শরৎকালে ( আশ্বিনশুক্লপ্রতিপদমারভ্য ) বার্ষিকী প্রতিবর্ষকর্ত্তব্যা, বর্ষশব্দোঽত্র বর্ষাদৌ লাক্ষণিকঃ ; তেন চৈত্র-শুক্লপ্রতিপদমারাভ্য ক্রিয়মাণা অপি ইত্যর্থঃ) যা মহাপূজা (দুর্গোৎসবরূপা) ক্রিয়তে তস্যাং ( মহাপূজায়াং ) ভক্তিসমন্বিতঃ ( ভক্ত্যা যুক্তঃ (সন্) মম এতৎ মাহাত্ম্যং শ্রুত্বা ( চকারাৎ পঠিত্বা চ ) মনুষ্যঃ মৎপ্রসাদেন সর্ব্বাবাধাবিনির্ম্মুক্তঃ ( সর্ব্বোপদ্রবরহিতঃ ধনধান্যসুতান্বিতশ্চ ভবিষ্যতি, [ অত্র ] সংশয়ঃ

শ্রুত্বা মমৈতন্মাহাত্ম্যং তথা চোৎপত্তয়ঃ শুভাঃ।
পরাক্রমঞ্চ যুদ্ধেষু জায়তে নির্ভয়ঃ পুমান্ ॥ ১৪

( সন্দেহঃ ) ন ( নাস্তীত্যর্থঃ ) [ অত্র মনুষ্য ইত্যুক্তত্বাৎ শ্রবণে সর্ব্বেষামধিকারঃ, পাঠে তু ব্রাহ্মণ-ক্ষত্রিয়য়োরধিকার এব ; তদুক্তং—"অধ্যেতব্যং ন চান্যেন ব্রাহ্মণং ক্ষত্রিয়ং বিনা। শ্রোতব্যমিহ শূদ্রেণ নাধ্যেতব্যং কদাচনে"তি ॥ ১২।১৩*

অনুবাদ।—শরৎকালে বর্ষে বর্ষে যে আমার দুর্গোৎসবরূপ মহাপূজা হইয়া থাকে, তাহাতে ভক্তিসম্পন্ন হইয়া আমার এই মাহাত্ম্য পাঠ কিম্বা শ্রবণ করিলে মানবগণ আমার কৃপায় সমস্ত বিঘ্ন-বিরহিত, ধন-ধান্য ও পুত্র-পৌত্রাদিগণে পরিবেষ্টিত হইয়া সুখে কালযাপন করে, ইহাতে সন্দেহ নাই ॥ ১২।১৩

টীকা।—মম এতৎ মাহাত্ম্যং তথা শুভাঃ ( শুভহেতুভূতাঃ ) উৎপত্তয়ঃ ( উৎপত্তীঃ প্রাদুর্ভাবানিতি যাবৎ ) যুদ্ধেষু পরাক্রমঞ্চ শ্রুত্বা পুমান্ ( মনুষ্যঃ ) নির্ভয়ঃ ( ভয়রহিতঃ ) জায়তে ( ভবতি ) ॥ ১৪

অনুবাদ।—আমার এই মাহাত্ম্য এবং মঙ্গলজনক উৎপত্তি

---

* মূলে "মনুষ্য" পদ উক্ত হইলেও সর্ব্বসাধারণের ( মূল ) চণ্ডীপাঠে অধিকার নাই ; ব্রাহ্মণ ও ক্ষত্রিয়েরই কেবল ( মূল ) চণ্ডীপাঠে অধিকার আছে ; বৈশ্য কিম্বা শূদ্রের পাঠে অধিকার নাই, তাঁহারা কেবল শ্রবণ করিবেন। পুরাণান্তরে উক্ত হইয়াছে যথা—"অধ্যেতব্যং ন চান্যেন ব্রাহ্মনং ক্ষত্রিয়ং বিনা। শ্রোতব্যমিহ শূদ্রেণ নাধ্যেতব্যং কদাচন"।

রিপবঃ সংক্ষয়ং যান্তি কল্যাণঞ্চোপপদ্যতে।
নন্দতে চ কুলং পুংসাং মাহাত্ম্যং মম শৃণ্বতাম্ ॥ ১৫
শান্তিকর্ম্মণি সর্ব্বত্র তথা দুঃস্বপ্নদর্শনে।
গ্রহপীড়াসু চোগ্রাসু মাহাত্ম্যং শৃণুয়ান্মম ॥ ১৬

বিবরণ ও মদীয় যুদ্ধবিষয়ক পরাক্রম বৃত্তান্ত শ্রবণ করিলে মনুষ্যগণ নির্ভয় হইতে পারে ॥ ১৪

টীকা।—[ভক্ত্যা] মম মাহাত্ম্যং শৃণ্বতাঞ্চ (চকারাৎ পঠতামপি গ্রহণম্) পুংসাং (জনানাং) রিপবঃ (শত্রবঃ) সংক্ষয়ং যান্তি (সম্যক্ ক্ষয়ং প্রাপ্নুবন্তি), কল্যাণঞ্চ (মঙ্গলঞ্চ) উপপদ্যতে (প্রাপ্যতে), কুলং (বংশঃ) নন্দতে (বর্দ্ধতে) ॥ ১৫

অনুবাদ।—ভক্তিপূর্ব্বক আমার এই মাহাত্ম্য পাঠ কিম্বা শ্রবণ করিলে শ্রোতা ও পাঠক উভয়েরই শত্রুগণ সম্যক্‌রূপে ক্ষয়প্রাপ্ত হয়, কল্যাণলাভ হয় এবং কুলের উন্নতি হইয়া থাকে ॥ ১৫

টীকা।—সর্ব্বত্র (সর্ব্বস্মিন্) শান্তিকর্ম্মণি (রোগাদিনিবর্ত্তক-স্বস্ত্যয়নাদৌ) তথা দুঃস্বপ্নদর্শনে (অনিষ্টসূচকস্বপ্নদর্শনে) উগ্রাসু (অতিকষ্টাসু) গ্রহপীড়াসু চ মম মাহাত্ম্যং শৃণুয়াৎ (চকারাৎ পঠেচ্চে-ত্যর্থঃ; তথোক্তং বারাহী-তন্ত্রে—"গ্রহোপশান্ত্যৈ কর্ত্তব্যং পঞ্চাবৃত্তং বরাননে" ইত্যাদি) ॥ ১৬

অনুবাদ।—সর্ব্বপ্রকার শান্তিকর্ম্মে, দুঃস্বপ্নদর্শনে এবং অতি কষ্টদায়ক গ্রহ-পীড়াদিতে আমার এই মাহাত্ম্য শ্রবণ ও পাঠ করিবে ॥ ১৬

উপসর্গাঃ শমং যান্তি গ্রহপীড়াশ্চ দারুণাঃ।
দুঃস্বপ্নঞ্চ নৃভির্দ্দৃষ্টং সুস্বপ্নমুপজায়তে ॥ ১৭
বালগ্রহাভিভূতানাং বালানাং শান্তিকারকম্।
সঙ্ঘাতভেদে চ নৃণাং মৈত্রীকরণমুত্তমম্ ॥ ১৮

টীকা।—[ মম মাহাত্ম্যশ্রবণাৎ ] দারুণাঃ ( ভয়াবহাঃ ) উপসর্গাঃ ( উৎপাতসূচিতদোষাঃ ) [ দারুণাঃ ] গ্রহপীড়াশ্চ শমং যান্তি ( নাশং প্রাপ্নুবন্তি ) নৃভিঃ ( মানবৈঃ ) দৃষ্টং দুঃস্বপ্নং চ সুস্বপ্নং জায়তে ( শুভং ফলং জনয়তীত্যর্থঃ ) ॥ ১৭

অনুবাদ।—[ আমার মাহাত্ম্য শ্রবণ ও পাঠ করিলে ] মহা উপসর্গ সকল বিনষ্ট হয়, ভয়াবহ গ্রহপীড়াও বিদূরিত হয় এবং মানবগণ যে সমস্ত দুঃস্বপ্ন দর্শন করে, তাহাও সুস্বপ্নে পরিণত হয় অর্থাৎ শুভফল প্রদান করিয়া থাকে ॥ ১৭

টীকা।—[ মমৈতন্মাহাত্ম্যম্ ] বালগ্রহাভিভূতানাং ( বালগ্রহাঃ পূতনাদয়ঃ কুমারতন্ত্রপ্রসিদ্ধাঃ, তৈরভিভূতানাং ধর্ষিতানাং ) বালানাং ( শিশূনাং ) শান্তিকারকং ( রক্ষাকারকম্ ) ; নৃণাং (মানবানাং) সংঘাতভেদে ( ঐক্যভঙ্গে, পরস্পরবিরোধে ইত্যর্থঃ ) উত্তমং মৈত্রীকরণং ( মিত্রত্বসাধকং, ভবতীতি শেষঃ ) ॥ ১৮

অনুবাদ।—আমার এই মাহাত্ম্য ( কুমারতন্ত্র প্রসিদ্ধ ) পূতনাদি বালগ্রহ দ্বারা অভিভূত বালকগণের রক্ষাবিধান করে এবং মানবগণের মধ্যে পরস্পর বিবাদ উপস্থিত হইলে ( বিবাদ ভঞ্জন করিয়া ) মিত্রতা সংস্থাপন করিয়া থাকে ॥ ১৮

দুর্ব্বৃত্তানামশেষাণাং বলহানিকরং পরম্ ।
রক্ষোভূতপিশাচানাং পঠনাদেব নাশনম্ ॥ ১৯
সর্ব্বং মমৈতন্মাহাত্ম্যং মম সন্নিধিকারকম্ ॥ ২০
পশুপুষ্পার্ঘ্যধূপৈশ্চ গন্ধদীপৈস্তথোত্তমৈঃ ।
বিপ্রাণাং ভোজনৈর্হোমৈঃ প্রোক্ষণীয়ৈরহর্নিশম্ ॥ ২১
অন্যৈশ্চ বিবিধৈর্ভোগৈঃ প্রদানৈর্ব্বৎসরেণ যা ।
প্রীতির্মে ক্রিয়তে সাস্মিন্ সকৃৎ সুচরিতে শ্রুতে ॥ ২২

টীকা ।—অশেষাণাং দুর্ব্বৃত্তানাং ( দুশ্চরিতানাং ) পরম্ (অত্যন্তং) বলহানিকরং ( শক্তিসংহারকম্ ), [ ন কেবলমেতাবৎ কিন্তু ] পঠনাদেব ( পঠনমাত্রাদেব ) রক্ষোভূতপিশাচানাং নাশনং [ ভবতি ] ॥ ১৯

অনুবাদ ।—[ এই মাহাত্ম্য ] দুর্ব্বৃত্তগণের অতিশয় সামর্থ্যনাশক এবং ইহার পাঠ মাত্র রক্ষঃ, ভূত ও পিশাচগণ বিনষ্ট হইয়া থাকে ॥ ১৯

টীকা ।—সর্ব্বং (সমগ্রম্) এতৎ মম মাহাত্ম্যং (মাহাত্ম্যপ্রতিপাদকো গ্রন্থঃ ) মম সন্নিধিকারকং ( সাম্মুখ্যসম্পাদকম্ ) [ অর্দ্ধপদ্যমেতৎ ] ॥ ২০

অনুবাদ ।—আমার এই সমস্ত মাহাত্ম্য পাঠ করিলে, আমার সন্নিধি হইয়া থাকে ॥ ২০

টীকা ।—অহর্নিশং ( দিবারাত্রং ব্যাপ্য ) উত্তমৈঃ পশুপুষ্পার্ঘ্যধূপৈঃ ( পশবশ্ছাগাদয়ঃ, পুষ্পাণি, অর্ঘ্যো দূর্ব্বাক্ষতাদিঃ, ধূপাশ্চ তৈঃ ) গন্ধদীপৈঃ ( গন্ধাশ্চ দীপাশ্চ তৈঃ ) বিপ্রাণাং ভোজনৈঃ হোমৈঃ তথা প্রোক্ষণীয়ৈঃ ( পঞ্চামৃতাভিষেকাদিভিঃ ) অন্যৈঃ বিবিধৈঃ ভোগৈঃ

শ্রুতং হরতি পাপানি তথারোগ্যং প্রযচ্ছতি।
রক্ষাং করোতি ভূতেভ্যো জন্মনাং কীর্ত্তনং মম ॥ ২৩
যুদ্ধেষু চরিতং যন্মে দুষ্ট-দৈত্যনিবর্হণং।
তস্মিন্ শ্রুতে বৈরিকৃতং ভয়ং পুংসাং ন জায়তে ॥ ২৪

( ভোগসাধনদ্রব্যৈঃ ) প্রদানৈঃ ( মদুদ্দেশ্যকস্বর্ণাদিত্যাগৈশ্চ ) বৎসরেণ মে ( মম ) যা প্রীতিঃ ক্রিয়তে ( উৎপাদ্যতে ) সা (তাদৃশী প্রীতিঃ) অস্মিন্ সুচরিতে ( মাহাত্ম্যে ) সকৃৎ ( একবারং ) শ্রুতে [ সতি ] [ ভবতীত্যর্থঃ ] ২১।২২

অনুবাদ।—উত্তম উত্তম পশু, পুষ্প, অর্ঘ্য, ধূপ, গন্ধ, দীপ, ব্রাহ্মণভোজন, হোম এবং পঞ্চামৃতাদি দ্বারা অভিষেকে, অন্যান্য বহুবিধ ভোগদ্রব্য ও সুবর্ণাদি প্রদান দ্বারা একবৎসর পর্য্যন্ত প্রতিদিন যথাবিধি পূজা করিলে আমার যাদৃশ প্রীতি জন্মে, একবারমাত্র আমার এই মাহাত্ম্য শ্রবণ করিলে ( শ্রোতার প্রতি ) আমার তাদৃশী প্রীতি হইয়া থাকে ॥ ২১।২২

টীকা।—মম জন্মনাং ( প্রাদুর্ভাবাণাম্, অবতারাণামিত্যর্থঃ ) কীর্ত্তনং শ্রুতং [ সৎ ] পাপানি হরতি, তথা আরোগ্যং [ চ ] প্রযচ্ছতি ( দদাতি ); ভূতেভ্যঃ ( অনিষ্টজনকপ্রাণিভ্যঃ ) রক্ষাং করোতি ॥ ২৩

অনুবাদ।—আমার উৎপত্তি-বিষয়ক এই চরিত্র শ্রবণ করিলে ( শ্রোতার ) সর্ব্ববিধ পাপ বিনষ্ট হইয়া থাকে, আরোগ্য লাভ হয় এবং অনিষ্টজনক ভূতবর্গ হইতে রক্ষা হইয়া থাকে ॥ ২৩ ॥

টীকা।—যুদ্ধেষু ( সংগ্রামেষু ) দুষ্টদৈত্যনিবর্হণং ( দুষ্টদৈত্য-

যুষ্মাভিঃ স্তুতয়ো যাশ্চ যাশ্চ ব্রহ্মর্ষিভিঃ কৃতাঃ।
ব্রহ্মণা চ কৃতাস্তাস্তু প্রযচ্ছন্তি শুভাং মতিম্ ॥ ২৫
অরণ্যে প্রান্তরে বাপি দাবাগ্নিপরিবারিতঃ।
দস্যুভির্ব্বা বৃতঃ শূন্যে গৃহীতো বাপি শত্রুভিঃ ॥ ২৬

নাশকং ) মে ( মম ) যৎ চরিতং ( চেষ্টিতং ); তস্মিন্ ( চরিতে, তচ্চরিত-প্রতিপাদকগ্রন্থে ইত্যর্থঃ ) শ্রুতে [ সতি ] পুংসাং ( শৃণ্বতাং মানবানাং ) বৈরিকৃতং ( শত্রুজনিতং ) ভয়ং ন জায়তে ॥ ২৪

অনুবাদ।—সংগ্রামে দুষ্টদৈত্যবিনাশক মদীয় যে সমস্ত কার্য্য-কলাপ, তদ্ঘটিত আমার এই চরিত্র শ্রবণ করিলে ( শ্রোতার ) কদাচ শত্রুজনিত ভয় হয় না ॥ ২৪

টীকা।—[ হে দেবাঃ ! ] যুষ্মাভিঃ ( দেবৈঃ ) যাঃ স্তুতয়ঃ ( মহিষাসুরবধানন্তরং "দেব্যা যয়া ততমিদ" মিত্যাদিনা, শুম্ভ-নিশুম্ভ-বধানন্তরং "দেবি প্রপন্নার্ত্তিহরে প্রসীদে" ত্যাদিনা চ ) কৃতাঃ, ব্রহ্মর্ষিভিশ্চ ( ভৃগ্বাদিভিশ্চ ) যাঃ [ "তুষ্টুবুর্মুনয়শ্চৈনা" মিত্যাদিনা ] [ স্তুতয়ঃ কৃতাঃ ] ব্রহ্মণা চ (মধুকৈটভ-ভীতেন বেধসা চ).["ত্বং স্বাহে" ত্যাদিনা যাঃ স্তুতয়ঃ] কৃতাঃ, তাঃ তু (স্তুতয়ঃ) [ শ্রুতাঃ সত্যঃ ] শুভাং ( তত্ত্বজ্ঞানসাধনলক্ষণাং ) মতিং ( বুদ্ধিং ) প্রযচ্ছন্তি ॥ ২৫

অনুবাদ।—হে দেবগণ ! ব্রহ্মা, ভৃগু প্রভৃতি ব্রহ্মর্ষিগণ এবং তোমরা, আমার যে সমস্ত স্তুতি করিয়াছ তাহা শ্রবণ করিলে (শ্রোতৃবর্গ) তত্ত্বজ্ঞানসাধিকা বুদ্ধি লাভ করিতে পারে ॥ ২৫

টীকা।—অরণ্যে দাবাগ্নিপরিবারিতঃ ( দাবাগ্নিনা পরিবেষ্টিতঃ )

সিংহব্যাঘ্রানুযাতো বা বনে বা বনহস্তিভিঃ।
রাজ্ঞা ক্রুদ্ধেন বাজ্ঞপ্তো বধ্যো বন্ধগতোঽপি বা॥ ২৭
আঘূর্ণিতো বা বাতেন স্থিতঃ পোতে মহার্ণবে।
পতৎসু বাপি শস্ত্রেষু সংগ্রামে ভৃশদারুণে॥ ২৮
সর্ব্বাবাধাসু ঘোরাসু বেদনাভ্যর্দ্দিতোঽপি বা।
স্মরন্মমৈতচ্চরিতং নরো মুচ্যেত সঙ্কটাৎ॥ ২৯

প্রান্তরে দস্যুভিঃ বা বৃতঃ (বেষ্টিতঃ), শূন্যে (নির্জ্জনস্থানে সহায়শূন্যে ইতি যাবৎ) শত্রুভিঃ গৃহীতঃ বা অপি (আক্রান্তোঽপি), [নরো মমৈতচ্চরিতং স্মরন্ সঙ্কটাৎ মুচ্যেত ইতি চতুর্থেনান্বয়ঃ] বনে সিংহব্যাঘ্রানুযাতঃ (সিংহব্যাঘ্রৈরনুযাতঃ হন্তুং ধাবিতঃ), বা (তথা) [বনে] বনহস্তিভির্ব্বা [অনুযাতঃ], ক্রুদ্ধেন রাজ্ঞা (নৃপতিনা) [অয়ং] বধ্যঃ (বধার্হঃ ইতি) বা আজ্ঞপ্তঃ (আদিষ্টঃ), বন্ধগতঃ (কারাস্থিতঃ), অপি বা মহার্ণবে (জলধৌ) পোতে (নৌকায়াং) স্থিতঃ [সন্] বাতেন (মহাবায়ুনা) আঘূর্ণিতঃ (আ সর্ব্বতঃ সম্যক্ বা আকুলিতঃ), ভৃশদারুণে (অতিভয়ঙ্করে) সংগ্রামে শস্ত্রেষু পতৎসু [সৎসু] বাপি, ঘোরাসু (অত্যুৎকটাসু) সর্ব্বাবাধাসু (মহাপীড়াসু), বেদনাভ্যর্দ্দিতোঽপি বা (বেদনাভির্ব্রণাদিজনিতাভিঃ অর্দ্দিতঃ পীড়িতোঽপি) নরঃ মম এতৎ চরিতং (মাহাত্ম্যং) স্মরন্ সঙ্কটাৎ (দাবাগ্ন্যাদেঃ সকাশাৎ) মুচ্যেত (মুক্তো ভবতি)॥ ২৬—২৯

অনুবাদ।—অরণ্যে দাবাগ্নিপরিবেষ্টিত, অথবা নির্জ্জন প্রান্তরে দস্যুপরিবৃত, কিম্বা জনশূন্যস্থানে শত্রুকর্ত্তৃক (অসহায়ভাবে) আক্রান্ত,

মম প্রভাবাৎ সিংহাদ্যা দস্যবো বৈরিণস্তথা।
দূরাদেব পলায়ন্তে স্মরতশ্চরিতং মম ॥ ৩০
ঋষিরুবাচ ॥ ৩১
ইত্যুক্ত্বা সা ভগবতী চণ্ডিকা চণ্ডবিক্রমা।
পশ্যতামেব দেবানাং তত্রৈবান্তরধীয়ত। ৩২

বনে সিংহ, ব্যাঘ্র ও বনহস্তী কর্ত্তৃক অনুধাবিত, কিংবা ক্রুদ্ধ নৃপতি কর্ত্তৃক প্রাণদণ্ডাজ্ঞাপ্রাপ্ত বা কারাগারে নিক্ষিপ্ত, অথবা মহাসাগরে নৌকামধ্যে বায়ুদ্বারা বিঘূর্ণিত, কিংবা অতিভীষণ যুদ্ধক্ষেত্রে শস্ত্রপাতে পতিত অথবা অন্যান্য সর্ব্ববিধ ভয়ঙ্কর বিপদ্ উপস্থিত হইলে দুঃখক্লিষ্ট ব্যক্তি যদি আমার এই মাহাত্ম্য স্মরণ করে, তাহা হইলে সেই ব্যক্তি সর্ব্ববিধ দুঃখ হইতে মুক্ত হয় ॥ ২৬—২৯

টীকা।—মম প্রভাবাৎ ( তেজসা ইতি যাবৎ ) সিংহাদ্যাঃ (হিংস্রা জন্তবঃ ) দস্যবঃ ( তস্করাদ্যাঃ ) তথা বৈরিণঃ ( রিপবঃ ) মম চরিতং স্মরতঃ ( চিন্তয়তো জনাৎ ) দূরাদেব পলায়ন্তে ॥ ৩০

অনুবাদ।—যে ব্যক্তি আমার এই মাহাত্ম্য ( প্রত্যহ ) স্মরণ করে, সিংহাদি হিংস্রজন্তু, তস্করগণ ও শত্রুবর্গ আমার প্রভাবে তাদৃশ ব্যক্তির নিকট হইতে দূরে পলায়ন করে ॥ ৩০

টীকা।—ঋষিঃ উবাচ ॥ ৩১ ॥ ভগবতী ( অচিন্ত্যৈশ্বর্য্যা ) চণ্ড-বিক্রমা ( প্রচণ্ডপ্রতাপা ) সা চণ্ডিকা ইতি ( ইত্থং পূর্ব্বোক্তমিত্যর্থঃ ) উক্ত্বা ( কথয়িত্বা ) পশ্যতাং দেবানাং [ মধ্যে ] এব তত্রৈব ( তস্মিন্ স্থানে এব ) অন্তরধীয়ত ( অন্তর্হিতা বভূব ) ॥ ৩২

তেঽপি দেবা নিরাতঙ্কাঃ স্বাধিকারান্ যথা পুরা।
যজ্ঞভাগভুজঃ সর্ব্বে চক্রুর্বিহিনতারয়ঃ ॥ ৩৩
দৈত্যাশ্চ দেব্যা নিহতে শুম্ভে দেবরিপৌ যুধি।
জগদ্বিধ্বংসিনি তস্মিন্মহোগ্রেঽতুলবিক্রমে ॥ ৩৪
নিশুম্ভে চ মহাবীর্য্যে শেষাঃ পাতালমাযযুঃ ॥ ৩৫

অনুবাদ।—ঋষি বলিলেন,—প্রচণ্ডবিক্রমা ভগবতী চণ্ডিকা এই প্রকার (এই সকল কথা) বলিয়াই দেবগণের মধ্যে সেই স্থানেই অন্তর্হিতা হইলেন॥ ৩১।৩২

টীকা।—বিনিহতারয়ঃ (বিনাশিতশত্রবঃ) তেঽপি দেবাঃ (ইন্দ্রাদ্যাঃ) নিরাতঙ্কাঃ (নির্ভয়াঃ) যজ্ঞভাগভুজঃ (যজ্ঞাংশান্ ভুঞ্জানাঃ সন্তঃ) যথা পুরা (যথা পূর্ব্বং তথা) স্বাধিকারান্ (স্বস্ববিষয়ান্) চক্রুঃ (স্বস্বভোগবিষয়ীভূতান্ কৃতবন্তঃ)॥ ৩৩

অনুবাদ।—শত্রুগণ নিহত হইলে ইন্দ্রাদিদেবগণ নির্ভয়ে পূর্ব্বের ন্যায় স্ব স্ব যজ্ঞভাগ গ্রহণ পূর্ব্বক নিজ নিজ অধিকার ভোগ করিতে লাগিলেন॥ ৩৩

টীকা।—যুধি (যুদ্ধে) অতুলবিক্রমে (মহাপরাক্রমে) মহাবীর্য্যে (অত্যুৎসাহশালিনি) জগদ্বিধ্বংসিনি (জগতাং বিনাশশীলে) মহোগ্রে অত্যুদ্ধতে) তস্মিন্ দেবরিপৌ শুম্ভে নিশুম্ভে চ দেব্যা নিহতে [ সতি ] শেষাঃ (অবশিষ্টাঃ) দৈত্যাঃ পাতালম্ আযযুঃ (সকুটুম্বাঃ পাতালং গতবন্ত ইত্যর্থঃ॥ ৩৪।৩৫

অনুবাদ।—অমিততেজা, জগদ্বিধ্বংসী, মহাবীর, অত্যুদ্ধত

এবং ভগবতী দেবী সা নিত্যাপি পুনঃ পুনঃ।
সম্ভূয় কুরুতে ভূপ জগতঃ পরিপালনম্ ॥ ৩৬
তয়ৈতন্মোহ্যতে বিশ্বং সৈব বিশ্বং প্রসূয়তে।
সা যাচিতা চ বিজ্ঞানং তুষ্টা ঋদ্ধিং প্রযচ্ছতি ॥ ৩৭

দেবরিপু শুম্ভ ও নিশুম্ভ দেবী কর্ত্তৃক যুদ্ধে নিহত হইলে, হতাবশিষ্ট অন্যান্য অসুরগণ ( ভয়ে ) পাতালে গমন করিল ॥ ৩৪।৩৫

টীকা।—[ হে ] ভূপ! ( রাজন্ সুরথ! ) সা ভগবতী দেবী ( চণ্ডিকা ) নিত্যা অপি ( জন্মাদিষড়্‌বিকাররহিতাপি ) এবম্ ( ইত্থং ) পুনঃ পুনঃ সম্ভূয় ( আবির্ভূয় ) জগতঃ পরিপালনং কুরুতে ॥ ৩৬

অনুবাদ।—হে রাজন্! (সুরথ!) দেবী ভগবতী নিত্যা হইয়াও এইরূপে পুনঃ পুনঃ জগতে আবির্ভূতা হইয়া জগতের পালন করেন ॥ ৩৬

টীকা।—তয়া (দেব্যা) এতৎ বিশ্বং মোহ্যতে সৈব (দেবী ) বিশ্বং প্রসূয়তে (আদিপ্রকৃতিত্বাৎ) বিশ্বং জনয়তীতি ভাবঃ), সা চ (সৈব) অযাচিতা ( অপ্রার্থিতা সতী ) তুষ্টা ( উপাসনেন প্রসাদিতা ), বিজ্ঞানম্ ( অপরোক্ষাত্মজ্ঞানম্, আত্মসাক্ষাৎকারমিতি যাবৎ ) প্রযচ্ছতি (দদাতি), [ সৈব ] যাচিতা ( সকামৈঃ প্রার্থিতা সতী ) ঋদ্ধিম্ ( ঐশ্বর্য্যং ) প্রযচ্ছতি ( দদাতীতি ব্যত্যয়েনান্বয়ঃ ) ॥ ৩৭

অনুবাদ।—তিনি এই বিশ্বকে মায়া-মুগ্ধ করিতেছেন, আবার তিনি এই বিশ্বের সৃষ্টি করেন। ইনি ভক্তগণের প্রার্থনায় তুষ্ট হইয়া তাহাদের আশানুরূপ তত্ত্বজ্ঞান ও ঐশ্বর্য্য প্রদান করিয়া থাকেন অর্থাৎ মুমুক্ষুগণকে মোক্ষ ও ঐশ্বর্য্যকামীকে ঐশ্বর্য্য প্রদান করিয়া থাকেন ॥ ৩৭

ব্যাপ্তং তয়ৈতৎ সকলং ব্রহ্মাণ্ডং মনুজেশ্বর।
মহাকাল্যা মহাকালে মহামারীস্বরূপয়া ॥ ৩৮
সৈব কালে মহামারী সৈব সৃষ্টির্ভবত্যজা।
স্থিতিং করোতি ভূতানাং সৈব কালে সনাতনী ॥ ৩৯
ভবকালে নৃণাং সৈব লক্ষ্মীর্ব্বৃদ্ধিপ্রদা গৃহে।
সৈবাভাবে তথালক্ষ্মীর্ব্বিনাশায়োপজায়তে ॥ ৪০

টীকা।—[ হে ] মনুজেশ্বর! ( রাজন্! ) মহাকালে (প্রলয়ে) মহামারীস্বরূপয়া ( সংহারশক্তিস্বরূপয়া ) তয়া মহাকাল্যা ( মহতো ব্রহ্মাদীনপি কলয়তি অধিকারে বর্ত্তয়তীতি মহাকালী, তয়া ) এতৎ সকলং ব্রহ্মাণ্ডং ব্যাপ্তম্ ॥ ৩৮

অনুবাদ।—হে রাজন্! ইনি প্রলয়কালে সংহারশক্তি মহাকালীরূপে এই বিশ্বব্রহ্মাণ্ড ব্যাপিয়া অবস্থান করেন ॥ ৩৮

টীকা।— সৈব (মহাকালী এব) কালে (দ্বিপরার্দ্ধাবসানে প্রলয়ে ইতি যাবৎ ) মহামারী (ত্রিলোকসংহন্ত্রী) ভবতি; অজা (নিত্যা) সৈব কালে ( সৃষ্টিসময়ে ) সৃষ্টিঃ (সৃজ্যরূপা) [ভবতি]! সনাতনী ( নিত্যা) সা এব কালে (স্থিতিকালে) ভূতানাং স্থিতিং ( রক্ষাং ) করোতি ॥ ৩৯

অনুবাদ।—ইনি প্রলয়কালে লোকসংহন্ত্রী, সৃষ্টিকালে সৃষ্টিরূপা হইয়া থাকেন। স্থিতিকালে ইনিই প্রাণীদিগকে রক্ষা করিয়া থাকেন, যেহেতু তিনি সনাতনী নিত্যা ॥ ৩৯

টীকা।—সৈব নৃণাং ভবকালে ( উদ্ভবকালে, সম্পদ্বৃদ্ধিসময়ে

স্তুতা সম্পূজিতা পুষ্পৈর্ধূপগন্ধাদিভিস্তথা।
দদাতি বিত্তং পুত্রাংশ্চ মতিং ধর্ম্মে তথা শুভাম্ ॥ ৪১

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে
শুম্ভ-নিশুম্ভবধঃ সমাপ্তঃ ॥ ১২

ইত্যর্থঃ) গৃহে বৃদ্ধিপ্রদা (অভ্যুদয়দায়িনী) লক্ষ্মীঃ [ভবতি] তথা সৈব অভাবে (বিপৎকালে) বিনাশায় (বিনাশার্থম্) অলক্ষ্মীঃ (অলক্ষ্মীরূপা) উপজায়তে [ভবতি] ॥ ৪০

অনুবাদ।—অভ্যুদয়সময়ে মানবগণের গৃহে ইনিই অভ্যুদয়-দায়িনী লক্ষ্মীঃ; আবার বিপৎকালে অলক্ষ্মীরূপে ইনি লোকের বিনাশ সাধন করিয়া থাকেন ॥ ৪০

টীকা।—স্তুতা ধূপগন্ধাদিভিঃ তথা পুষ্পৈঃ সংপূজিতা [সতী সা] বিত্তং (ধনং) পুত্রান্ চ [চকারাৎ কলত্রাদীংশ্চ] তথা ধর্ম্মে (ধর্ম্মবিষয়ে) শুভাং (শ্রদ্ধাভক্তিযুক্তাং) মতিং [চ] দদাতি ॥ ৪১

ইতি শ্রীমার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে সুপ্রভাখ্যায়াং
টীকায়াং শুম্ভ-নিশুম্ভবধসমাপ্তো নাম দ্বাদশোঽধ্যায়ঃ ॥ ১২

অনুবাদ।—ইঁহার স্তব করিয়া গন্ধ, পুষ্প ও ধূপাদির দ্বারা পূজা করিলে, ইনি (সন্তুষ্টা হইয়া ধনার্থীকে) ধন (পুত্রার্থীকে) পুত্র ও (ধর্ম্মার্থীর) ধর্ম্মে মতি প্রদান করিয়া থাকেন ॥ ৪১

ইতি মার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যানুবাদে
দ্বাদশাধ্যায়ে শুম্ভ-নিশুম্ভবধ সমাপ্ত ॥ ১২

# ত্রয়োদশোঽধ্যায়ঃ

ঋষিরুবাচ ॥ ১ ॥

এতত্তে কথিতং ভূপ দেবীমাহাত্ম্যমুত্তমম্ ।
এবং প্রভাবা সা দেবী যয়েদং ধার্য্যতে জগৎ ॥ ২
বিদ্যা তথৈব ক্রিয়তে ভগবদ্বিষ্ণুমায়য়া ॥ ৩

টীকা। – ঋষিঃ উবাচ ॥ ১ ॥ [ হে ] ভূপ ! এতৎ উত্তমং শ্রেষ্ঠং সর্ব্বার্থসাধকত্বাৎ ) দেবীমাহাত্ম্যং তে ( তুভ্যং ) কথিতম্, সা দেবী ( ভগবতী ) এবংপ্রভাবা ( এবং এবংবিধঃ প্রভাবো যস্যাঃ সা ), যয়া ( দেব্যা ) ইদং জগৎ ধার্য্যতে ( ধার্য্যতে ইতি সৃষ্টিপ্রলয়য়োরুপলক্ষণং, তেন সৃজ্যতে, পাল্যতে, বিনাশ্যতে চ ) ॥ ২

অনুবাদ।—ঋষি বলিলেন,—হে সুরথ ! এই সমস্ত সর্ব্বশ্রেষ্ঠ দেবীমাহাত্ম্য তোমার নিকট বর্ণনা করিলাম। সেই দেবী ভগবতী ঈদৃশ প্রভাবসম্পন্না যে তিনিই নিখিল ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি ও লয় করিয়া থাকেন ॥ ১।২

টীকা।—ভগবদ্‌বিষ্ণুমায়য়া ( ভগবত্যা বিষ্ণোর্মায়য়া ) তথৈব ( সমুচ্চয়ে ) বিদ্যা (তত্ত্বজ্ঞানং) ক্রিয়তে ( উৎপাদ্যতে ) ॥ ৩

অনুবাদ।—ভগবতী বিষ্ণুমায়ারূপিণী এই দেবীই বিদ্যা ( তত্ত্ব-জ্ঞান ) উৎপাদন করেন ॥ ৩

তয়া ত্বমেষ বৈশ্যশ্চ তথৈবান্যে বিবেকিনঃ।
মোহ্যন্তে মোহিতাশ্চৈব মোহমেষ্যন্তি চাপরে ॥ ৪
তামুপৈহি মহারাজ শরণং পরমেশ্বরীম্।
আরাধিতা সৈব নৃণাং ভোগস্বর্গাপবর্গদা ॥ ৫

মার্কণ্ডেয় উবাচ ॥ ৬

ইতি তস্য বচঃ শ্রুত্বা সুরথঃ স নরাধিপঃ।
প্রণিপত্য মহাভাগং তমৃষিং শংসিতব্রতম্ ॥ ৭

টীকা।—তয়া (বিষ্ণুমায়য়া দেব্যা) ত্বম্ এব বৈশ্যশ্চ (সমাধিনামা) তথৈব অন্যে বিবেকিনঃ (অধিগতলোকশাস্ত্রাঃ) অপরে চ [সম্প্রতি] মোহ্যন্তে, [পূর্ব্বং] মোহিতাঃ, [ভাবিনি] মোহম্ এষ্যন্তি (যাস্যন্তি) চ ॥ ৪

